
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

## শিক্ষক সংস্করণ

# বাংলা

## তৃতীয় শ্রেণি



**লেখক ও সম্পাদক**

শফিউল আলম
নূরজাহান বেগম
ড. শোয়াইব জিবরান
শামীম জাহান আহসান

**পরিমার্জন**

শফিক আহমেদ শিবলী
গৌরাঙ্গ লাল সরকার
মোঃ তৈয়বুর রহমান
ড. নাছিমা বেগম
উত্তম কুমার ধর

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

**জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড**

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১৬

ডিজাইন

**জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ**

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য**

---

মুদ্রণে: হুনান তিয়ানওয়েন জিনহুয়া প্রিন্টিং কো. লি. হুনান প্রভিন্স, চায়না

# প্রসঙ্গ-কথা

প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯২ সালে প্রবর্তন করা হয়। শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এ পরিপ্রেক্ষিতে ২০০২ সালে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রথম বারের মতো পরিমার্জন করা হয়। 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১১ সালে প্রাথমিক শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয়। প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নতুনভাবে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের বিষয়টিকে এক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে ২০১৩ সালে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সারা দেশে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিখন-শেখানো কার্যক্রমের আধুনিকায়নের লক্ষ্যে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু উপস্থাপনে সাম্প্রতিক আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে। শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে একই সঙ্গে যেসব বিষয়ের জন্য পাঠ্যপুস্তক রয়েছে সেগুলোর জন্য শিক্ষক সংস্করণ, যেসব বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই সেগুলোর জন্য শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়।

প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বাংলা ভাষায় শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন অপরিহার্য। তাই বাংলা ভাষা শেখার ক্ষেত্রে শিক্ষার্থী যেন শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা আনন্দময় পরিবেশে অর্জন করতে পারে সেদিকে লক্ষ রেখেই ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত **বাংলা** বিষয়ের শিক্ষক সংস্করণ প্রণয়ন করা হয়েছে। শিক্ষক সংস্করণে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু, প্রতিটি বিষয়বস্তুর জন্য অর্জন উপযোগী যোগ্যতা, পাঠসংশ্লিষ্ট শিখনফল, শিক্ষা উপকরণ, পাঠের আলোচ্য বিষয়, শিখন-শেখানো কার্যাবলি, ধারাবাহিক মূল্যায়ন নির্দেশনা, পাঠের সারসংক্ষেপ, সামষ্টিক মূল্যায়নের নমুনা প্রশ্ন এবং সামগ্রিক মূল্যায়নের জন্য নমুনা প্রশ্ন প্রতিটি বিষয়বস্তুর শেষে সংযোজিত হয়েছে। শিক্ষক সংস্করণের শুরুতে রয়েছে শিক্ষকের জন্য সাধারণ নির্দেশনা। এই নির্দেশনা অনুসরণ করে শিখন-শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করে শিক্ষক শ্রেণি কার্যক্রম পরিচালনা করবেন। শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার ৪টি দক্ষতা অর্জনের বিষয়টি শিক্ষক গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। প্রত্যেক শিক্ষকেরই নিজস্ব শিক্ষণ পদ্ধতি ও পাঠ উপস্থাপনের কৌশল রয়েছে। শিক্ষক তাঁর নিজস্ব চিন্তা-ভাবনার সঙ্গে শিক্ষক সংস্করণে বর্ণিত নির্দেশনার সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন-এমনটাই প্রত্যাশা করছি।

উল্লেখ্য, শিক্ষক সংস্করণ, শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকাসমূহ শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী হয়েছে কিনা তা যাচাই করার জন্য ২০১৩ শিক্ষাবর্ষে দেশের সাতটি বিভাগের মোট ৩২টি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাই আউট করা হয়। ট্রাই আউট থেকে প্রাপ্ত ফলাফল ও বিশেষজ্ঞ দ্বারা ক্রিটিক্যাল রিভিউ এর ভিত্তিতে 'শিক্ষক সংস্করণ'সমূহ পরিমার্জন করা হয়। সমগ্র কার্যক্রমটি বেশ জটিল এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন পর্যায়ে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞগণের সহযোগিতা নেওয়া হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক সংস্করণটি প্রণীত হয়েছে। এটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন ও পরিমার্জন থেকে মুদ্রণ পর্যন্ত যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। যাঁদের জন্য এটি প্রণীত ও প্রকাশিত হলো, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ ও প্রয়াস সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিখন-শেখানো কার্যক্রমের এই মহৎ আয়োজন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# নির্দেশনা

প্রাথমিক পর্যায়ে শিশুর ভাষাদক্ষতা ও সাক্ষরতা তথা পড়া ও লেখার দক্ষতা অর্জনের জন্য শোনা ও বলার দক্ষতা অর্জন পূর্বশর্ত ও বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আর শোনা ও বলার মাধ্যম হিসাবে ধ্বনিচর্চা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ধ্বনিচর্চার পাশাপাশি বাংলা ভাষার জন্য নির্ধারিত ধ্বনির প্রতীক সংশ্লিষ্ট বর্ণ চিনতে পারা প্রয়োজন। তাই পড়া ও লেখার পর্যায়ক্রমে শিশুকে শব্দ পর্যায়ে ধ্বনি ও বর্ণ শনাক্ত করার সক্ষমতা অর্জন করতে হয়।

শিশুরা বাংলা ভাষার জন্য নির্ধারিত স্বরধ্বনি ও স্বরবর্ণ এবং ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ শনাক্ত করে তা সঠিক ধ্বনিতে উচ্চারণ করতে ও সঠিক আকৃতিতে এবং সঠিক নির্দেশনায় লিখতে সমর্থ হবে।

পর্যায়ক্রমে শিশুরা ছোট ছোট বাক্য পড়তে ও লিখতে সক্ষম হবে। শিশুরা কিছু যুক্তবর্ণও অনুশীলন করবে। ধ্বনির সঠিক উচ্চারণ, স্বাধীনভাবে বর্ণের পাঠ ও সঠিক আকৃতিতে লেখার দক্ষতা অর্জনের জন্য শিক্ষক পর্যাপ্ত চর্চার সুযোগ সৃষ্টি করবেন। এই চর্চা কার্যকর ও সঠিকভাবে করানোর জন্য শিক্ষকের সহায়ক হিসাবে প্রণীত হলো এই শিক্ষক সংস্করণ।

এবারের তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নের সময় শিশুর ভাষা শিখন প্রক্রিয়াকে তাদের জীবন-ঘনিষ্ঠ করার জন্য ভাষাসমগ্র পদ্ধতিকে (Whole language approach) ভাষা শিখনের ভিত্তি হিসাবে বিবেচনা করা হয়েছে। সে লক্ষ্যে বর্ণ, শব্দ ও বাক্যসমূহ শিখনের ক্ষেত্রে একটি অর্থপূর্ণ ভাষিক বিবেচনা করা হয়েছে। এই যে পদ্ধতিগত বিবেচনা তাকে মিটানোর জন্য পাঠ্যপুস্তকে যেমন নতুন উপস্থাপন রীতি অনুসরণ করা হয়েছে তেমনি শিক্ষক সংস্করণেও শিখন-শেখানো কার্যাবলিতে যথোপযুক্ত কৌশল ও কার্যাবলি সংযোজনের ক্ষেত্রে নতুনত্ব এসেছে।

শিক্ষক সংস্করণে প্রতিটি পাঠের সাথে পাঠের জন্য নির্ধারিত অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও নির্ধারিত শিখন-শেখানো কার্যাবলিসহ প্রয়োজনীয় উপকরণের তালিকা, পাঠের আলোচ্য বিষয় ইত্যাদি দেওয়া হয়েছে। তবে সবার আগে শিক্ষক পিরিয়ডের শিখনফল দেখবেন। সেই সাথে প্রয়োজনীয় উপকরণের তালিকাটিও দেখবেন। পাঠের মূল ফোকাসেও চোখ বুলাবেন। তাহলে শিক্ষক সংস্করণ শিক্ষকের সহায়ক হিসাবে ভূমিকা রাখতে সক্ষম হবে।

শিক্ষক সংস্করণে সংযোজিত উল্লেখযোগ্য শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি সম্পর্কে নিচে আলোকপাত করা হলো:

### প্রাসঙ্গিক আলোচনা:

প্রতিদিন শিখন-শেখানো কার্যাবলির শুরুতে শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় ও পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন। পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য প্রাসঙ্গিক আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ, যার মাধ্যমে শিক্ষার্থীরা মানসিকভাবে প্রস্তুত হয়। নির্দিষ্ট পাঠের প্রতি শিশুরা আগ্রহী হয়ে ওঠে ও মনোযোগী হয়।
প্রতিদিনের পাঠ শুরুর আগে শিক্ষক পাঠের সাথে মিল রেখে প্রশ্ন-উত্তরের মাধ্যমে প্রাসঙ্গিক আলোচনা করবেন। প্রাসঙ্গিক আলোচনা নানাভাবে করা যেতে পারে। যেমন শিক্ষক পাঠ/বিষয়ের সঙ্গে শিশুদের জীবন-ঘনিষ্ঠ বাস্তব অভিজ্ঞতা, সংশ্লিষ্ট বাস্তব উপকরণ, ছবি বিশ্লেষণ করার মাধ্যমে করতে পারেন। তিনি প্রাসঙ্গিক আলোচনা মৌখিকভাবেও করতে পারেন। তবে এতে শিশুদের সক্রিয় ও অধিক অংশগ্রহণের প্রতি খেয়াল রাখতে হবে।

**ছবি বিশ্লেষণ:** কোনো পাঠ বা বিষয় বোঝার ক্ষেত্রে ছবি বিশ্লেষণ খুবই গুরুত্বপূর্ণ। ছবি বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা কী বিষয়ে পড়তে যাচ্ছে তা অনুমান করতে পারে। পাঠের বিষয়ে শিক্ষার্থীদের আগ্রহ জাগিয়ে তোলে। শিশুরা ছবির মাধ্যমে সহজেই যেকোনো বিষয় বুঝতে পারে। এতে করে পাঠটি পড়ার সময় সহজ মনে হয়। তাছাড়া ছবি বিশ্লেষণ প্রাসঙ্গিক আলোচনার একটি অন্যতম অংশ। পাঠের ছবি বিশ্লেষণের সময় যা মনে রাখতে হবে:

- শিক্ষক বড় করে আঁকা পাঠসংশ্লিষ্ট ছবি দেখাবেন বা আমার বাংলা বইয়ের নির্ধারিত পৃষ্ঠা খুলবেন এবং শিক্ষার্থীদের খুলতে বলবেন। শিক্ষার্থীরা ঠিকমতো খুলতে পারল কিনা তা দেখবেন।
- শিক্ষক প্রথমে ছবিগুলো দেখতে বলবেন।
- এরপর একটি একটি ছবি দেখিয়ে জানতে চাইবেন, ছবিতে কী দেখা যাচ্ছে? কে কী করছেন? ছবিতে আর কী দেখা যায়? এভাবে প্রশ্নোত্তর পদ্ধতিতে আলোচনা করার মাধ্যমে ছবির পুঙ্খানুপঙ্খ দেখা ও বিশ্লেষণ নিশ্চিত করবেন।
- শিশুরা প্রত্যেকে আলোচনায় অংশগ্রহণ করছে কিনা এবং আনন্দ লাভ করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন ও তাদের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## পূর্ববর্তী পিরিয়ডের পর্যালোচনা:

শিক্ষক পূর্ববর্তী পিরিয়ড/পাঠের পর্যালোচনা ও যাচাই করবেন। যেমন: শিক্ষক পূর্ববর্তী পিরিয়ডে/পাঠে করানো কিছু শিখন-শেখানো কাজ শিশুদের করতে দেবেন। তবে এই কাজগুলো খুবই সংক্ষিপ্ত সময়ের জন্য হওয়া উচিত। যাতে পূর্ববর্তী পিরিয়ডে/পাঠের সাথে চলমান পাঠের সংযোগ ঘটে। এ ধরনের সংক্ষিপ্ত সংযোগমূলক পূর্ববর্তী পিরিয়ড/পাঠ পর্যালোচনা ও যাচাইয়ের কাজ শিখন-শেখানো কার্যাবলির প্রথম দিকে করাবেন। পূর্ববর্তী পিরিয়ড/পাঠ পর্যালোচনা ও যাচাইয়ের সংক্ষিপ্ত সংযোগমূলক কাজের মাধ্যমে যেন ধারাবাহিক পিরিয়ড/পাঠ পরিচালনা করা হয় সেদিকে শিক্ষককে বিশেষ খেয়াল রাখতে হবে।

## গদ্য/গল্পের পাঠ পরিচালনা:

সংক্ষেপে প্রাসঙ্গিক আলোচনা, ছবি বিশ্লেষণ, বিষয়বস্তু সম্পর্কে ধারণা প্রদানের মাধ্যমে শিক্ষক গদ্যের পাঠের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করবেন। শিক্ষক নিজে শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে পড়াবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। পড়াশেষে শিক্ষার্থীদের নির্দিষ্ট অনুশীলন করাবেন।

শিশুর পড়ার দক্ষতা বিকাশের জন্য নির্ধারিত কোনো পাঠ পরিচালনার ক্ষেত্রে শিক্ষক সাধারণভাবে নিচে উল্লিখিত তিনটি ধাপ অনুসরণ করবেন:

*পড়ার আগে*

- পূর্বজ্ঞান যাচাই করবেন।
- শিক্ষক গল্পের সঙ্গে মিল রেখে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রাসঙ্গিক আলোচনা করবেন।
- সংশ্লিষ্ট পাঠের ছবি বিশ্লেষণ করবেন।

- এরপর পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।

*পড়ার সময়*

- শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে স্বরভঙ্গির ওঠানামা বজায় রেখে সম্পূর্ণ গল্প বা পাঠের অংশটুকু সরবে পড়বেন। শিশুরা মনোযোগ সহকারে শুনবে ও শব্দে শব্দে আঙুল নির্দেশ করে নীরবে পড়বে।
- পাঠের বিষয়বস্তু বোঝার জন্য আবার পাঠ্যাংশটুকু পড়বেন। পড়ার ফাঁকে ফাঁকে যেখানে প্রয়োজন সহজ বর্ণনা বা ব্যাখ্যা করবেন। শিশুদের প্রশ্ন করার মাধ্যমে তাদের পাঠের সঙ্গে সংশ্লিষ্ট করে পড়া চালিয়ে যেতে হবে। যেমন পাঠের সঙ্গে মিল রেখে/পাঠের সূত্র ধরে প্রয়োজনে প্রশ্ন করতে পারেন - এরপর কী হবে? এ অবস্থায় তুমি হলে কী করতে? পাঠ্যাংশে প্রতিটি ধাপে যাচাই করে করে সামনে এগিয়ে যেতে ও শিশুকে পাঠের সঙ্গে মিল রেখে উচ্চমানের চিন্তা করার উপযোগী প্রশ্ন (বিশ্লেষণাত্মক, সংশ্লেষণাত্মক ও প্রায়োগিক প্রশ্ন) করা যেতে পারে। যেমন- কেন এটা/এসব হলো? বা কীভাবে হলো?
- তারপর শিক্ষার্থীরা শিক্ষকের সঙ্গে সমস্বরে পড়বে। শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে ঐ দিনের পাঠের জন্য গল্পের নির্ধারিত অংশটুকু কয়েকবার (৪/৫ বার) পড়বেন। এ সময় শিক্ষক খেয়াল রাখবেন, শিশুরা শব্দের নিচে আঙুল নির্দেশ করে সঠিক উচ্চারণে পড়ছে কিনা।
- শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া ২/৩ জন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে আবার পড়বেন, অন্যরা শুনবে ও বইয়ে আঙুল নির্দেশপূর্বক পড়া মেলাবে।
- এরপর শিক্ষক পারগ শিক্ষার্থীদের মধ্য থেকে ২/৩ জনকে দিয়ে পড়াবেন, অন্যরা তা শুনবে এবং বইয়ে আঙুল নির্দেশপূর্বক পড়া মেলাবে।
- এবার শিক্ষক সবাইকে নিয়ে গল্পটি আবার পড়বেন।
- এরপর শিক্ষক দল গঠন করে পারগ শিশুর সহযোগিতায় দলীয়ভাবে শিক্ষার্থীরা বই খুলে শব্দের নিচে আঙুল নির্দেশ করে কয়েকবার সরবে পড়বে।
- শ্রবণযোগ্য স্বরে ও প্রমিত উচ্চারণে এককভাবে পাঠের অংশবিশেষ পর্যায়ক্রমে সবাইকে পড়তে বলবেন। অন্য শিশুরা মনোযোগ সহকারে শুনবে ও শব্দে আঙুল দিয়ে নির্দেশ করে পড়া অনুসরণ করবে।

*পড়ার পরে*

- শিক্ষক সহায়ক শিখন-অনুশীলনী চর্চা করা ও সবশেষে আজকের পাঠের সার-সংক্ষেপ শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন।

## ছড়া/কবিতা:

ছড়া/কবিতা শিখন-শেখানোর ক্ষেত্রে শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছন্দ তাল ঠিক রেখে শিশুদের ছড়া/কবিতা শোনাবেন। শিশুরা মনোযোগ সহকারে শুনবে ও বলবে। শিক্ষার্থীরা অঙ্গভঙ্গি সহকারে আনন্দের সাথে ছড়া/কবিতা বলবে। প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষক কবিতা পড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ করাবেন। শিক্ষক কবিতা পড়ে শোনাবেন ও শিক্ষার্থীদের দিয়ে পড়াবেন।

অংশগ্রহণমূলক পদ্ধতিতে কবিতা পঠন সুনির্দিষ্টভাবে পাঁচটি ধাপে সম্পন্ন হয়ে থাকে। নিচে পাঁচটি ধাপ দেওয়া হলো:

ধাপ ১: শিক্ষক যতি ও ছন্দ বজায় রেখে প্রমিত উচ্চারণে কবিতাটি একবার (প্রয়োজনে একাধিকবার) প্রতিটি শব্দ নির্দেশ করে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে।

ধাপ ২: শিক্ষক প্রতিটি শব্দ আঙুল নির্দেশ করে পড়বেন। সঙ্গে সঙ্গে শিক্ষার্থীরাও সরবে পড়বে। এই ধাপে শিক্ষক প্রয়োজনে ২/৩ বার শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে এভাবে পড়বেন। এ সময় তিনি লক্ষ রাখবেন, সকল শিক্ষার্থী অংশগ্রহণ করছে কিনা। কোনো শব্দ বা বাক্যের ক্ষেত্রে শিক্ষার্থীরা সঙ্গে সঙ্গে পড়তে না পারলে শিক্ষক ঐ শব্দ বা বাক্যটি আবার পড়বেন।
ধাপ ৩: শিক্ষক নির্দিষ্ট একজন শিক্ষার্থীকে তার সঙ্গে নিয়ে পড়বেন। শিক্ষক এই ধাপে বেশি করে তুলনামূলকভাবে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সঙ্গে পড়বেন। এভাবে এক এক করে ২/৩ জন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে পড়বেন।
ধাপ ৪: উৎসাহী শিক্ষার্থীকে দিয়ে একা পড়াবেন। কিন্তু কেউ একা পড়তে উৎসাহী না হলে জোর করার দরকার নেই। এক্ষেত্রে শিক্ষক একজন শিক্ষার্থীকে দিয়ে পুরো কবিতাটি পড়াবেন। এভাবে কয়েকজনকে দিয়ে এককভাবে পড়াবেন।
ধাপ ৫: একজন শিক্ষার্থীকে পড়তে বলবেন। তার সঙ্গে সব শিক্ষার্থীকে সরবে পড়তে বলবেন।

## সহায়ক শিখন-অনুশীলনী বা কাজ:

পাঠ্যপুস্তকে পাঠশেষে সহায়ক শিখন-অনুশীলনী বা কাজ দেওয়া হয়েছে। এগুলো পাঠের সাথে সংশ্লিষ্ট ও পাঠের শিখনফল অর্জনের জন্য এ অনুশীলন করানো জরুরি।

পাঠ্যপুস্তকের পাঠশেষে দেওয়া সহায়ক শিখন-অনুশীলনী বা কাজের ওপর শিক্ষক সংস্করণে শিখন-শেখানো কৌশল সম্পর্কে বিস্তারিত বর্ণনার সাথে সাথে শিখনফলের ভিত্তিতে প্রয়োজনীয় বিবেচনায় বাড়তি কিছু প্রাসঙ্গিক সহায়ক শিখন-অনুশীলন সংযোজন করা হয়েছে। সংযোজিত মজার খেলা বা ক্রীড়ামূলক কাজ করানোর জন্য শিক্ষকের পূর্বপ্রস্তুতি হিসাবে উপকরণ প্রস্তুত করা ও খেলা বা ক্রীড়ামূলক কাজের নিয়ম ও ধাপসমূহ পড়ে বুঝে আত্মস্থ করে নেওয়া প্রয়োজন হবে। তবে এক্ষেত্রে উল্লেখ্য যে, মজার খেলা বা ক্রীড়ামূলক কাজ বা এক্টিভিটি সংযোজনের সময় প্রয়োজনীয় উপকরণের সহজলভ্যতা ও শিক্ষকের পক্ষে সম্ভাব্যতা, সেই সাথে শিশুর বয়স ও সামর্থ্য বিবেচনা করা হয়েছে।

## শিখন মূল্যায়ন নীতিমালা:

শিখন পরিচালনার ক্ষেত্রে শিক্ষক শিশুর অবস্থা ও শিখন-শেখানো কৌশলের কার্যকারিতা নিরূপণের জন্য নিয়মিত শিখন মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে যে নীতিমালা অনুসরণ করা হয়েছে তা হলো, চলমান বা ধারাবাহিক মূল্যায়নকে আলাদাভাবে বিবেচনা না করে শিখন-শেখানো কৌশলের অন্তর্ভুক্ত শিখন-শেখানো প্রক্রিয়ার অংশ হিসাবে পরিকল্পিতভাবে সংযোজন করা হয়েছে। প্রতিটি পাঠের শেষে সমাপনী মূল্যায়নের ব্যবস্থা না করে একই ধরনের কয়েকটি পাঠ শেষে সামগ্রিক মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে।

শিশুর সক্রিয় অংশগ্রহণ ও সৃজনশীলতাকে উৎসাহিত ও উদ্দীপ্ত করে এমন শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি এই শিক্ষক সংস্করণে পরিকল্পিতভাবে সংযোজনের চেষ্টা করা হয়েছে। এর শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি প্রণয়নে পাঠের শিখনফল অর্জনকে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে। তাই পাঠ্যপুস্তকের বাইরেও অনেক সম্পূরক ও নতুন শিখন-শেখানো কৌশল কার্যাবলিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সুতরাং কার্যকর পাঠ-পরিচালনার জন্য শুধু পাঠ্যপুস্তক ও এতে প্রদত্ত সংক্ষিপ্ত নির্দেশনা অনুসরণ শিক্ষকের জন্য যথেষ্ট নয়। শিক্ষক নিয়মিত শিক্ষক সংস্করণ অনুসরণে ও নিজের অভিজ্ঞতার নিরিখে পরবর্তী পিরিয়ডের/ পাঠের প্রস্তুতি নেবেন।


# সূচিপত্র


| পাঠ | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | ছবি ও কথা | ১ |
| ২ | আমাদের এই বাংলাদেশ | ১৬ |
| ৩ | রাজা ও তাঁর তিন কন্যা | ৩০ |
| ৪ | হাটে যাব | ৪৬ |
| ৫ | ভাষাশহিদদের কথা | ৫৩ |
| ৬ | চল্ চল্ চল্ | ৭১ |
| ৭ | স্বাধীনতা দিবসকে ঘিরে | ৮২ |
| ৮ | কুঁজো বুড়ির গল্প | ১০২ |
| ৯ | তালগাছ | ১১৮ |
| ১০ | একাই একটি দুর্গ | ১৩৩ |
| ১১ | আমার পণ | ১৫৪ |
| ১২ | পাখিদের কথা | ১৬৬ |
| ১৩ | আমাদের গ্রাম | ১৮৮ |
| ১৪ | কানামাছি ভোঁ ভোঁ | ২০০ |
| ১৫ | আদর্শ ছেলে | ২১৬ |
| ১৬ | একজন পটুয়ার কথা | ২৩০ |
| ১৭ | ঘুড়ি | ২৪৭ |
| ১৮ | স্টিমারের সিটি | ২৬১ |
| ১৯ | পাল্লা দেওয়ার খবর | ২৮১ |
| ২০ | বড় কে? | ২৯৩ |
| ২১ | নিরাপদে চলাচল | ৩০৪ |

# ছবি ও কথা
# আমাদের বন্ধুরা



ঐশী আর ওমর এসেছে খালুর বাড়িতে। খালু ওদেরকে তার সবজি ও ফল বাগান দেখাবেন। খালাতো বোন সীমা আপাও সাথে আছে।



বাড়ির পাশের সবজি বাগানের একদিকে আছে লাউ। লাউয়ের মাচায় ঝুলছে লাউ। সবুজ পাতার মধ্যে দুলছে সাদা ফুল।




শিমের মাচার ওপর শিম। শিমের অপরূপ সুন্দর সাদা ও বেগুনি ফুল। চড়ুই, শালিক মাচার ওপর উড়ছে।



মাচার পাশের বেগুনখেতও ফুলে ভরা। টুনটুনি পাখি ফুলের ওপর উড়ছে। হলুদ সাদা প্রজাপতি আর লাল ফড়িং ওড়াউড়ি করছে।



ঐশী আর ওমর যেমন অবাক, তেমনি খুশি। খালু বললেন, পাখিরা কীটপতঙ্গ খায়। অনেক পাখি আবার মধুও ভালোবাসে।



ওরা দেখল একটা আমগাছের ডালে বড় একটা মৌচাক। খালুর কাছে শুনল মৌমাছি, পিঁপড়ে ও পাখিরা গাছের অনেক উপকার করে।




পাখি, পিঁপড়ে ও মৌমাছিরা ফুলে ফুলে ঘোরে। মধু খাওয়ার সময় এক ফুলের রেণু অন্য ফুলের রেণুর সঙ্গে মিলে যায়। তাই গাছে ফল ধরে।



আমগাছ দেখিয়ে খালু বললেন, এখন গাছে মুকুল হয়েছে। কিছুদিন পর এগুলো আমের গুটিতে পরিণত হবে।



ফল বাগানের কাছে গিয়ে সীমা আপা বলল, গাছ আমাদের উপকার করে। একটু ভেবে বলো তো কীভাবে?



ঐশী খুশিতে হাততালি দিল। বলল আমি জানি, আমরা তো গাছ থেকে কত রকমের খাবার পাই। খড়ি আর কাঠও পাই।



খালু বললেন, ঠিক তাই। তবে গাছ আমাদের বেশি উপকার করে অক্সিজেন দিয়ে। অক্সিজেন ছাড়া আমরা বাঁচতে পারি না।



ওরা সবাই বাগানের দিকে তাকাল। দেখল, বাতাসে গাছের ডাল দুলছে। পাখি, মৌমাছি উড়ছে বসছে। সবাই যেন সবার কত আপনজন।

## ছবি দেখি। ছবি নিয়ে ভাবি। বাক্য বলি ও খাতায় লিখি।







# ছবি ও কথা
## আমাদের বন্ধুরা
## পৃষ্ঠা (১- ৪)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ-সহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>৩.১.১ পরিচিত বিষয়ে কথোপকথন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে।<br>২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে।<br>৩.১ শ্রেণিকক্ষে নিজের ও সহপাঠীদের পরিচয় নিতে পারবে। | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধ ভাবে বলতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে।<br>২.৫.১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে।<br>২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে।<br>৩.১.১ শ্রেণিকক্ষে নিজের পরিচয় দিতে পারবে।<br>৩.১.২ সহপাঠীদের পরিচয় নিতে পারবে। |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে।<br>৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিমুতোষ বই পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ উচ্চারণে পড়তে পারবে।<br>২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৫.১ কথোপকথনের আকারে লেখা প্রমিত উচ্চারনে পড়তে পারবে।<br>২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.৩.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে।<br>৩.৩.২ অন্যের (শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জন সহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-৯**

# পিরিয়ড-১
## পৃষ্ঠা: ১ (ঐশী আর..........ওড়াউড়ি করছে ।)

শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪,৩.১.১, ৩.১.২
বলা : ১.৩.২, ২.৫.১, ২.৫.২
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ৩.৩.১, ৩.৩.২
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, সহজে বর্ণনা করা যায় এমন একটি দৃশ্যের আঁকা ছবি/সংগৃহীত ছবি ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন শব্দের অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দ লেখা ।

শিখন শেখানো কার্যাবলি

- বাংলা প্রথম ক্লাস কেমন লাগছে জিজ্ঞাসা করবেন । তাদের সাথে অভিজ্ঞতা বিনিময় করবেন ।
- সরাসরি পাঠ শুরু না করে কোনো প্রশ্ন কিংবা গল্প করার মধ্য দিয়ে অথবা কুশলাদি জিজ্ঞাসা করার মাধ্যমে পাঠের প্রতি শিশুদের মনোযোগ আকর্ষণ করবেন ।
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন । যেমন– আজকে আমরা মজার একটি বিষয় পড়ব । শিক্ষক আগে থেকেই সহজে বর্ণনা করা যায় এমন একটি দৃশ্যের আঁকা ছবি/সংগৃহীত ছবি সংগ্রহ করে রাখবেন । শিক্ষক শিশুদের জিজ্ঞাসা করবেন, কাগজে আঁকা ছবি দেখতে তোমাদের কেমন লাগে?
- শিক্ষক ছবিটি দেয়ালে বা বোর্ডে টাঙাবেন । ছবিতে কী কী আছে ছোট ছোট প্রশ্নের মাধ্যমে শিশুদের জিজ্ঞাসা করবেন । আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, বন্ধুরা আজ আমরা পাঠ্যপুস্তকের ‘ছবি ও কথা’ গল্পটির (‘ঐশী আর..........ওড়াউড়ি করছে’ ।) অংশটুকু পড়ব ।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । শুরুতে কী কী ছবি আছে তা জানতে চাইবেন । *শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন ।*
- এরপর শিক্ষক প্রথম ছবিটি সম্পর্কে শিশুদের প্রশ্ন করে উত্তর জানতে চাইবেন । যেমন- প্রথম ছবিতে কী কী দেখা যাচ্ছে? তারা দাঁড়িয়ে কী আলাপ করছে? দ্বিতীয় ছবিতে তারা কী করছে? ছবিতে সাদা ফুলগুলো কিসের? মাচায় কী ঝুলছে? ইত্যাদি । এভাবে শিক্ষক ১ নম্বর পৃষ্ঠার বাকি ছবিগুলো সম্পর্কে প্রশ্নোত্তরের মাধ্যমে জানতে চাইবেন । প্রয়োজনে সহায়তা করবেন ।
- এরপর শিক্ষক নির্ধারিত অংশটুকু প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । *এই সময় শিশুদের পাঠ্যপুস্তকে নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে পারছে কিনা তা শিক্ষক লক্ষ করবেন ।*
- শিক্ষক অজানা /নতুন শব্দের অর্থ শিশুদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন । যেমন: মাচা- বাঁশ বা কাঠ দিয়ে তৈরি উঁচু জায়গা । শব্দের অর্থ (৯৯-১০২) ‘জেনে নিই অংশে’ থেকে প্রয়োজনে দেখে নিতে বলবেন এবং কীভাবে দেখবে তা সহায়তা করবেন । শিশুদের শব্দগুলো পড়াবেন, প্রয়োজনে বোর্ডে লিখে দিবেন ।
- শিক্ষক যুক্তবর্ণগুলো ভেঙে বোর্ডে লিখবেন । যেমন: খাচ্ছে- চ্ছ= চ+ছ ইত্যাদি । শিশুরা মুখে মুখে বলবে ।
  শিক্ষক শিশুদের শব্দগুলো দিয়ে মুখে মুখে অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন ।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।** *প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন ।* যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি ।

## পিরিয়ড- ২
## পৃষ্ঠা: ১ (ঐশী আর ..........ওড়াউড়ি করছে।)

শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪,৩.১.১, ৩.১.২
বলা : ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১

উপকরণ: পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি।

পাঠের আলোচ্য বিষয়: পড়া, শব্দের অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন।
  যেমন:
  - *ঐশী ও ওমর কোথায় বেড়াতে গেছে?*
  - *লাউ, শিম ও বেগুনের ফুল দেখতে রঙের?*
  - *ঐশী আর ওমরের খালাতো বোনের নাম কী?* ইত্যাদি। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ছবি ও কথা' গল্পটির ('ঐশী আর..........ওড়াউড়ি করছে')। অংশটুকু পড়ব।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রয়োজনে গত দিনের মতো ছবি নিয়ে আলাপ করবেন। *শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদেরকে পাঠ্যপুস্তকে নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে পারছে কিনা তা শিক্ষক লক্ষ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দিবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৪-৬ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা ভালোভাবে বুঝিয়ে দেবেন। যেমন- দলে বসে প্রত্যেকে ২ (দুই) লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পঠিত অংশে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে আলোচনা করে খাতায় লিখতে বলবেন।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- শিক্ষক শিশুদের অজানা/নতুন শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন ও পড়াবেন। যেমন- মাচা, অপরূপ, সুন্দর, খাচ্ছে, খেত ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমন: খাচ্ছে - চ্ছ= চ+ছ, ইত্যাদি। শিশুরা বোর্ড দেখে খাতায় লিখে নেবে। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠা: ২ (ঐশী আর..........পরিণত হবে।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়তে পারা, নতুন শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:
  - *গত ক্লাসে যতটুকু পড়েছিলাম সেখানে খালাতো বোনের নাম কী ছিল?*
  - *খালু কিসের বাগান দেখাতে নিয়ে গেলেন?*
  - *টুনটুনি পাখিরা কোথায় মধু খাচ্ছে?* ইত্যাদি। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, বন্ধুরা, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ছবি ও কথা' গল্পটির (ঐশী আর..........পরিণত হবে।) অংশটুকু পড়ব।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়াশেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। জোড়ায় শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- জোড়ার একজন ২ (দুই) লাইন করে পড়বে, অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়তে সাহায্য করবেন। পঠিত অংশে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে আলোচনা করে খাতায় লিখতে বলবেন।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। শিশুরা পড়ে বুঝতে পারল কি না তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন। যেমন- ১. পাখিরা কী খায়? ২. মৌচাকটি কোথায় ছিল? ৩. কারা গাছের অনেক উপকার করে? ইত্যাদি। আবার কাউকে ছবির বর্ণনা করতে দিবেন।
- শিক্ষক শিশুদের লেখা অজানা এবং নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন ও পড়াবেন। যেমন- পতঙ্গ, মৌচাক, সঙ্গে ইত্যাদি। কীট–যে পোকা উড়তে পারে না। যেমন- শুঁয়োপোকা, উকুন। পতঙ্গ- যে পোকা উড়তে পারে। যেমন- মাছি, মৌমাছি, ফড়িং। শব্দগুলো দিয়ে মুখে মুখে বাক্য জিজ্ঞেস করবেন।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমন: পতঙ্গ- ঙ্গ = ঙ+গ, সঙ্গে ঙ্গ = ঙ+গ। ইত্যাদি। শিশুরা বোর্ড দেখে খাতায় লিখে নেবে। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পুনরায় পড়াবেন ও লেখাবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি । গল্পটি থেকে নতুন শব্দগুলোর অর্থ ও বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং প্রশ্নের উত্তর শিখেছি ।

## পিরিয়ড- ৪

## পৃষ্ঠা: ২ (ঐশী আর..........পরিণত হবে।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪,৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৫.১, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন শব্দের অর্থ, বাক্য এবং ছোট প্রশ্ন ।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন । *যেমন:*
    - *পাখিরা কী খায়?*
    - *মৌচাকটি কোথায় ছিল?*
    - *কারা গাছের অনেক উপকার করে?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বলবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘ছবি ও কথা’ গল্পটির (‘ঐশী আর..........পরিণত হবে।) অংশটুকু পড়ব ।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
  শিশুরা পড়ে বুঝেছে কিনা জানার জন্য প্রশ্ন করবেন । যেমন- ১. কীট ও পতঙ্গ বলতে কী বোঝায়? ২. কয়েকটি কীট ও পতঙ্গের নাম বল? ৩. আমগাছ দেখে খালু কী বললেন? ইত্যাদি । আবার কাউকে ছবির বর্ণনা করতে দিবেন ।
- শিক্ষক অজানা/নতুন শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং লিখতে দেবেন । যেমন: মুকুল, গুটি ইত্যাদি ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং প্রশ্নের উত্তর শিখেছি ।

## পিরিয়ড -৫

## পৃষ্ঠা: ৩ (ফল বাগানের কাছে ..........আপনজন।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪,৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৫.১, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, নতুন শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:
  - *আগের দিনের পাঠে কোথায় মুকুল ধরেছে?*
  - *মৌমাছি মধু খাওয়র সময় কী ঘটে?*
  - *পাঠে কাদের উপকারের কথা খালু বলেছিল?* ইত্যাদি। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বলবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- এরপর শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ছবি ও কথা' গল্পটির ('ফল বাগানের কাছে ..........আপনজন') অংশটুকু পড়ব ।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শুরুতে ছবিতে কী কী আছে ছোট ছোট প্রশ্নের মাধ্যমে জিজ্ঞাসা করবেন। যেমন: ফল বাগানের কাছে কে কে দাঁড়িয়ে আছে? তারা নিজেদের মধ্যে কী আলাপ করছে? পরের ছবিতে সবাই কী করছে? গাছে গাছে কী কী দেখা যাচ্ছে? এভাবে ৩ নম্বর পৃষ্ঠার বাকি ছবিগুলো নিয়ে শিক্ষক আলাপ করবেন।
- *এরপর শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। *আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন। জোড়ায়* কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- শিশুরা পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছবি দেখিয়ে প্রশ্ন করবেন। যেমন- ১. গাছ আমাদের কীভাবে উপকার করে? ২. গাছ থেকে আমরা কী কী পাই? ৩. গাছ আমাদের কী দিয়ে সবচেয়ে বেশি উপকার করে? ৩. আমরা কোথা থেকে অক্সিজেন পাই? ইত্যাদি।
- শিক্ষক অজানা/নতুন শব্দের অর্থ তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- অক্সিজেন, খড়ি। ইত্যাদি। খড়ি= লাকড়ি/জ্বালানি, অক্সিজেন= এক ধরনের গ্যাস, যা আমরা প্রশ্বাসের সাথে গ্রহণ করি। শিক্ষক নতুন শব্দগুলো পড়াবেন ও লিখাবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।** প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৩ (ফল বাগানের কাছে..........আপনজন।)

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪,৩.১.১, ৩.১.২**
**বলা** : **১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৫.১, ২.৫.২**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২**
**লেখা** : **১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১**

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, শব্দের অর্থ, বাক্য, ছবির বর্ণনা লেখা এবং ছোট প্রশ্ন। |
|---|

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:
  - *সীমা আপা ফল বাগানের কাছে যেয়ে কী বলেছিল?*
  - *গাছ থেকে আমরা কীভাবে খাবার পাই?*
  - *কয়েকজনকে ছবির বর্ণনা করতে বলবেন। ইত্যাদি।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘ছবি ও কথা’ গল্পটির (‘ফল বাগানের কাছে ..........আপনজন’) অংশটুকু পড়ব।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *এরপর শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিশুরা পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছবি দেখিয়ে ছোট ছোট প্রশ্ন করবেন। যেমন- ১. ঐশী কেন খুশিতে হাততালি দিল? ২. গাছ থেকে আমরা কী কী পাই? ৩. গাছ অক্সিজেন না দিলে আমাদের কী হতো? ৪. খাবার ছাড়া গাছ আমাদের আর কী কী দেয়? ইত্যাদি।
- শিক্ষক অজানা/নতুন শব্দগুলোর অর্থ ও বাক্য আগের দিনের মতো জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন: খড়ি, অক্সিজেন, খাবার ইত্যাদি। এরপর শিশুদের শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।
- পৃষ্ঠা ৩ এর একটি করে ছবির বর্ণনা শিশুদের লিখতে দেবেন এবং উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবির বর্ণনা লেখা ও উপস্থাপন শিখেছি। গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ৪ (ছবি দেখি। ছবি নিয়ে ভাবি।)

**শিখনফল**

**শোনা** : **১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২**
**বলা** : **১.৩.২, ২.৫.১, ২.৫.২**
**পড়া** : **১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২**
**লেখা** : **১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১**

উপকরণ : পাঠ্যপুস্তক ।

| পাঠের আলোচ্য বিষয় : ছবি দেখে গল্প বলা, লেখা ও উপস্থাপন । |
|---|

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন । যেমন:
    - *'সবাই যেন সবার কত আপনজন' বলতে এখানে কাদের বোঝানো হয়েছে?*
    - *গাছ আমাদের অনেক উপকার করে -এ সম্পর্কে ৩টি বাক্য বল? ইত্যাদি* /উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন । প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- ছবি দেখি ছবি নিয়ে ভাবি । পাঠ্যপুস্তকের ৪ পৃষ্ঠা খুলতে বলবেন । শিক্ষক শিশুদের ছবিগুলো মনোযোগ দিয়ে দেখতে বলবেন । প্রথম ছবিতে কী কী দেখা যাচ্ছে কয়েকজনকে বলতে বলবেন । শিক্ষক সহায়তা করার জন্য বলবেন, ছবিতে বিলের পানিতে অনেক ফুল, কী রঙের ফুল, কী ফুল লক্ষ কর ।
- শিক্ষক ঠিক একইভাবে দ্বিতীয় ছবিতে একটি মেয়ে ও একটি ছেলে, দেখ ওরা কী করছে । এভাবে তৃতীয় ছবির ওরা সবাই কী করছে, বলতে বলবেন । এভাবে প্রতিটি ছবির বর্ণনা ছোট ছোট প্রশ্নের মাধ্যমে জেনে নেবেন ।
- এরপর শিশুকে ছবির দৃশ্য অনুযায়ী ১০ লাইন বর্ণনা লিখতে ও উপস্থাপন করতে বলবেন । শিক্ষক প্রশংসা করবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা ছবি নিয়ে আলোচনা করেছি, ছবি দেখে গল্প বলা ও লেখা শিখেছি এবং গল্পটি উপস্থাপন করেছি ।

## পিরিয়ড - ৮
## পৃষ্ঠা: ৪ (ছবি দেখি । ছবি নিয়ে ভাবি । )

### শিখনফল

শোনা : ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
বলা : ১.৩.২, ২.৫.১, ২.৫.২
পড়া : ১.৫.১, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১, ৩.৩.২
লেখা : ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ৩.১.১

উপকরণ: পাঠ্যপুস্তক ।

| পাঠের আলোচ্য বিষয়: ছবি দেখে গল্প বলা, লেখা এবং উপস্থাপন । |
|---|

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন । যেমন:
    - *গাছ আমাদের কী দিয়ে বেশি উপকার করে?*
    - *গাছ থেকে আমরা কী কী পাই?*
    - *গাছ অক্সিজেন না দিলে আমাদের কী হতো?*
    - *খাবার ছাড়া গাছ আমাদের আর কী কী দেয়?*
    - *গাছ আমাদের কীভাবে উপকার করে? ইত্যাদি ।*

- শিশুদের নিজের গ্রামের দৃশ্যের বর্ণনা নিজের ভাষায় লিখতে ও উপস্থাপন করতে বলবেন। প্রথমে কয়েকজনের কাছে মৌখিকভাবে শুনবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।** প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা নিজের গ্রামের দৃশ্যের বর্ণনা লেখা এবং উপস্থাপন করা শিখেছি।

## পিরিয়ড-৯
### পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. নিচের ছবি দেখে তিনটি বাক্য লেখ।



২. তোমার দেখা মেলা সম্পর্কে তিনটি বাক্য লেখ।

৩. বাক্য রচনা কর।

ক. মাচা ..........................................................................................................

খ. মৌচাক ..........................................................................................................

গ. কীট-পতঙ্গ ..........................................................................................................

ঘ. অক্সিজেন ..........................................................................................................

৪. গাছ আমাদের অনেক উপকার করে– এ সম্পর্কে তিনটি বাক্য লেখ।





# আমাদের এই বাংলাদেশ

সৈয়দ শামসুল হক

সূর্য ওঠার পূর্বদেশ
বাংলাদেশ।
আমার প্রিয় আপন দেশ
বাংলাদেশ।
আমাদের এই বাংলাদেশ।

কবির দেশ বীরের দেশ
আমার দেশ স্বাধীন দেশ
বাংলাদেশ।
ধানের দেশ গানের দেশ
তেরো শত নদীর দেশ
বাংলাদেশ।
আমার ভাষা বাংলা ভাষা
মা শেখালেন মাতৃভাষা
মিষ্টি বেশ।
মনের ভাষা জনের ভাষা
এই ভাষাতে ভালোবাসা
মায়ের দেশ।
বাংলাদেশ
আমাদের এই বাংলাদেশ।

# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

পূর্বদেশ প্রিয় আপন কবি বীর স্বাধীন জন

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| আপন | কবি | পূর্বদেশে | বীরের | স্বাধীন |
|---|---|---|---|---|

ক. সৈয়দ শামসুল হক একজন................................।

খ. ........................................... সূর্য ওঠে।

গ. আমরা ................................ দেশের মানুষ।

ঘ. আমরা সবাই ................................ কাজ করি।

ঙ. বাংলাদেশ অনেক ................................ জন্মভূমি।



## ৩. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. সূর্য ওঠার পূর্বদেশ কোনটি?

খ. কোন দেশ নদীর দেশ?

গ. কে মাতৃভাষা শেখালেন?

ঘ. মায়ের ভাষাকে মিষ্টি বলা হয়েছে কেন?



## ৪. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সূর্য | র্য | ´ | য | | কার্য, ধৈর্য |
| পূর্ব | র্ব | ´ | ব | | গর্ব, সর্ব |
| স্বাধীন | স্ব | স | ব | (ব–ফলা) | স্বর, স্বদেশ |
| মিষ্টি | ষ্ট | ষ | ট | | কষ্ট, চেষ্টা |

জেনে রাখি।

ব্যঞ্জনবর্ণের যুক্ত হলে তা রেফ ( ´ ) চিহ্ন হয়ে যায়। রেফ পরবর্তী বর্ণের মাথায় বসে।

## ৫. ডান দিক থেকে কবিতায় ব্যবহৃত ঠিক কথাটি নিয়ে খালি জায়গায় বসাই।

| | |
|---|---|
| ক. আমার প্রিয় ...................... ......................। | স্বাধীন দেশ / আপন দেশ |
| খ. কবির দেশ ..................... .....................। | বীরের দেশ / নদীর দেশ |
| গ. সূর্য ওঠার ...................................। | বাংলাদেশ / পূর্বদেশ |
| ঘ. মনের ভাষা .................... ....................। | বাংলা ভাষা / জনের ভাষা |
| ঙ. মা শেখালেন ................................। | মাতৃভাষা / ভালোবাসা |

## ৬. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. বাংলাদেশ কতশত নদীর দেশ?

১. এগারো ২. বারো

৩. তেরো ৪. চৌদ্দ

খ. জনের ভাষা বলতে কবি কোনটিকে বুঝিয়েছেন?

১. মিষ্টি বাংলা ভাষা ২. মায়ের মুখের ভাষা

৩. সাধারণ মানুষের ভাষা ৪. মানুষের মনের ভাষা

গ. বাংলা কাদের মাতৃভাষা?

১. দেশবাসীর ২. মায়ের

৩. কবির ৪. বাঙালির

## ৭. কবিতাটি সবাই মিলে একসঙ্গে পড়ি।

## ৮. কবিতাটি না দেখে লিখি।

## ৯. বাংলাদেশ সম্পর্কে দুটি বাক্য লিখি।

# আমাদের এই বাংলাদেশ
পৃষ্ঠা (৫- ৭)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| শোনা<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ-সহকারে শুনবে ।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে ।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে ।<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে ।<br>২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে । | শোনা<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে ।<br>১.৩.৫ প্রশংসা শুনে বুঝতে পারবে ।<br>১.৩.৯ অনুরোধ শুনে বুঝতে পারবে ।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে ।<br>২.১.৩ কবিতার মূলভাব শুনে বুঝতে পারবে ।<br>২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে । |
| বলা<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে ।<br>২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে ।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে । | বলা<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩.১ অনুরোধ করতে পারবে ।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে ।<br>২.১.৩ পাঠ্য বইয়ের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.১.৪ পাঠ-বহির্ভূত কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে ।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে । |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে । | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ ও শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে ।<br>৩.২.২ অন্যের (শিক্ষক ও সহপাঠিদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে । |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে ।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে ।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে ।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে ।<br>২.৩ ছড়া কবিতা রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে । | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে ।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে ।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে ।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে ।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে ।<br>২.৩.২ কবিতা সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে । |

**পাঠ বিভাজন: পিরিয়ড - ১০**

## পিরিয়ড - ১

### পৃষ্ঠা: ৫ (চরণ-১-৫, সূর্য ওঠার.........এই বাংলাদেশ ।)

**শিখনফল**

শোনা : **১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩**

বলা : **১.১.১, ১.৩.২, ২.১.৩, ২.২.২**

উপকরণ : পাঠ্যপুস্তক, বাংলাদেশের সূর্যোদয়ের ছবি (সংগৃহীত), পাঠ্যপুস্তকের ছবি, পাঠের যুক্তবর্ণযুক্ত (রেফ ও র-ফলা) শব্দগুলোর তালিকা।

| পাঠের আলোচ্য বিষয় : কবিতা পড়া, শব্দের অর্থ, যুক্তবর্ণযুক্ত শব্দ, বাক্য এবং পঠিত অংশের মূলভাব। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতাসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন।* যেমন-
  - শিক্ষক সূর্যোদয়ের ছবিটি দেখিয়ে বলবেন, এটি কিসের ছবি? শিশুরা বলবে। শিক্ষক সাহায্য করবেন।
  - শিক্ষক পাঠ্যপুস্তকের ছবিটি দেখিয়ে বলবেন, এ ছবিটি কোন দেশের হতে পারে। শিশুরা বলবে, বাংলাদেশের। শিশুদের প্রশংসা করবেন। শিক্ষক বলবেন, হ্যাঁ, এটি আমাদের প্রিয় বাংলাদেশের ছবি।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ 'আমাদের এই বাংলাদেশ' কবিতাটি পড়ব। শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও *শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।*
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার ('সূর্য ওঠার.........এই বাংলাদেশ'।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৫ পৃষ্ঠা খুলতে বলবেন। শুরুতে কী কী ছবি আছে তা জানতে চাইবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করে শোনাবেন। এরপর কবিতাটির নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা লক্ষ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। জোড়ায় কবিতাটির চরণ (১-৫) কীভাবে পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন পড়বে। জোড়ার অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়াবেন।
- পড়া শেষে সবাইকে আগের মতো বসতে বলবেন। কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি (চরণ ১-৫) আবৃত্তি করতে বলবেন।
- এরপর শিক্ষক অজানা/নতুন শব্দের অর্থ ও বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- সূর্য, পূর্বদেশ, প্রিয়, আপন ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমনঃ সূর্য– র্য য-রেফ। তিনি যুক্তাক্ষরগুলো দিয়ে তৈরি আরও কয়েকটি শব্দ বলবেন। যেমন– গর্ব, প্রতি ইত্যাদি। শিক্ষক শিশুদের শব্দগুলো পড়াবেন। অর্থ ও বাক্য মুখে মুখে জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং অংশটুকুর মূলভাব শিখেছি।

## পিরিয়ড- ২

### পৃষ্ঠাঃ ৫ (চরণ : ১-৫, সূর্য ওঠার .......... এই বাংলাদেশ।)

শিখনফল

শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩

বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২

পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২

লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

উপকরণ : পাঠ্যপুস্তক, কবিতাটির সাথে দেয়া পাঠ্যপুস্তকের ছবি।

| পাঠের আলোচ্য বিষয় : কবিতা পড়া ও লেখা, শব্দের অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দ লেখা। |
|---|

শিখন শেখানো কার্যাবলি

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমনঃ
    - *গত দিনের পড়া কবিতাটির প্রথম পাঁচটি চরণ কয়েকজনকে জিজ্ঞাসা করবেন।*
    - *কবিতার নাম ও কবির নাম কয়েকজনকে বলতে বলবেন।*
    - *সূর্যোদয়ের পূর্বদেশ কোনটি? ইত্যাদি।* উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এরপর শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা কবিতার ('সূর্য ওঠার..........এই বাংলাদেশ') অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (১-৫) পড়াবেন।*
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- শিশুদের কবিতার অংশটি পড়তে ও দেখে দেখে লিখতে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- এরপর শিক্ষক আগের দিনের শব্দগুলোর অর্থ ও বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। যেমন- পূর্বদেশ=পুব দিকে আছে এমন দেশ, প্রিয়=পছন্দ করা হয় এমন, আপন=নিজ ইত্যাদি।
- শিক্ষক শিশুদের শব্দগুলো লেখাবেন ও পড়াবেন। এরপর শব্দগুলো দিয়ে বাক্য লিখতে দিবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং কবিতাটির অংশবিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড-৩

### পৃষ্ঠাঃ ৫ (চরণ : ৬-৮, কবির দেশ..............বাংলাদেশ।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩

বলা : ১.৩.২, ২.১.৩, ২.২.২

পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক, কবি ও বীরদের ছবি।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়তে পাড়া, শব্দের অর্থ, যুক্তবর্ণগুলো ভেঙে লেখা, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য/মূলভাব এবং ছোট প্রশ্ন। |

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
    - *কবির আপন দেশ কোনটি?*
    - *গত দিনের পড়া কবিতাটির প্রথম পাঁচ চরণ কয়েকজনকে জিজ্ঞাসা করবেন।*
    - *কবিতার নাম ও কবির নাম কয়েকজনকে বলতে বলবেন।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজও আমরা 'আমাদের এই বাংলাদেশ' কবিতার ('কবির দেশ..........বাংলাদেশ'।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- সবাইকে পাঠ্যপুস্তকের ৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (৬-৮) পড়াবেন।*
- শিক্ষক পঠিত অংশটুকুর বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। দলে কীভাবে কবিতাটির চরণ (৬- ৮) পড়তে হবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এরপরের জন ৩য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। দলের মধ্যে পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়তে বলবেন। দলের পারগ শিশুকে প্রয়োজনে সংশোধন করতে বলবেন।
- দলের কাজ শেষে সবাইকে আগের মতো বসতে বলবেন। কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- এরপর শিক্ষক অজানা/ নতুন শব্দের অর্থ ও বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- কবি, বীর, স্বাধীন ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমনঃ স্বাধীন– স্ব= স+ব এবং যুক্তাক্ষরটি দিয়ে আরও কয়েকটি শব্দ বলবেন। যেমন- স্বর, স্বীকার ইত্যাদি। শিশুদের শব্দগুলো লিখাবেন ও পড়াবেন এবং প্রয়োজন অনুযায়ী শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং কবিতাটির অংশ বিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড- ৪

## পৃষ্ঠাঃ ৫ (চরণ : ৬-৮, কবির দেশ....................বাংলাদেশ।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩
বলা : ১.১.৩, ১.২.৪, ১.৩.২, ২.১.৩, ২.২.২
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

উপকরণ : পাঠ্যপুস্তক।

| পাঠের আলোচ্য বিষয় : কবিতাটি মুখস্থ বলা ও লেখা, অর্থ ও বাক্য এবং যতিচিহ্নের ব্যবহার। |
|---|

শিখন শেখানো কার্যাবলি

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
    - *বীরের দেশ কোনটি?*
    - *বাংলাদেশকে কেন কবির ও বীরের দেশ বলা হয়েছে?*
    - *স্বাধীন দেশ কোনটি?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা 'আমাদের এই বাংলাদেশ' কবিতার (কবির দেশ.........বাংলাদেশ।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (৬-৮) পড়াবেন।*
- *পড়া শেষে শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। আগের পাঠেরমতো জোড়ায় কাজগুলো করাবেন।*
- জোড়ায় কাজ শেষে কবিতার অংশ না দেখে অর্থাৎ মুখস্থ লিখতে বলবেন। কবিতা মুখস্থ ও যতিচিহ্ন সঠিকভাবে কবিতায় ব্যবহার হয়েছে কিনা তা দেখবেন। খাতায় সংশোধন করার পরও ভুলগুলো বোর্ডে সংশোধন করে দিবেন।
- এরপর শিক্ষক শব্দ গুলোর অর্থ ও বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- কবি= যিনি কবিতা লেখেন, বীর=বলবান, সাহসী, স্বাধীন=মুক্ত ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং কবিতাটির অংশবিশেষ যতিচিহ্ন ব্যবহার করে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৫

### পৃষ্ঠা: ৫, (চরণ : ৯-১৪, ধানের দেশ.............মিষ্টি বেশ।)

শিখনফল

শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩
বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

উপকরণ : পাঠ্যপুস্তক, বাংলাদেশের নদ-নদীর নামসহ মানচিত্র ইত্যাদি।

| পাঠের আলোচ্য বিষয় : কবিতা পড়া, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন। |
|---|

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
    - *কবি বাংলাদেশকে কিসের কিসের সাথে তুলনা করেছেন?*
    - *কবিতাটির ৬-৮ নম্বর চরণ মুখে মুখে কয়েকজনকে বলতে বলবেন।*

- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ,'আমাদের এই বাংলাদেশ' কবিতাটি পড়ব। শিক্ষক ছবিটি দেখিয়ে বলবেন, এটি কিসের ছবি? শিশুরা বলবে। শিক্ষক সাহায্য করবেন। শিক্ষক বলবেন, এটি বাংলাদেশের নদ-নদীর মানচিত্র। দেখ, বাংলাদেশের নদীগুলো জালের মতো ছড়িয়ে আছে। কবি বলেছেন, এ দেশ তেরো শত নদীর দেশ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বলবেন এবং শিশুদের বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার (ধানের দেশ..........মিষ্টি বেশ।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৫ পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (৯-১৪) পড়াবেন।*
- কবিতার নির্ধারিত অংশের মূলভাব আলোচনা করবেন।
- কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতার নির্ধারিত অংশটুকু আবৃত্তি করতে বলবেন।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমন: মিষ্টি– ষ্ট= ষ+ট এবং যুক্তাক্ষরটি দিয়ে আরও কয়েকটি শব্দ বলবেন। শিক্ষক শিশুদের যুক্তবর্ণ ও নতুন/অজানা শব্দগুলো লেখাবেন ও পড়াবেন। শিক্ষক প্রয়োজন অনুযায়ী শিশুদের শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৬

## পৃষ্ঠা: ৫, (চরণ : ৯-১৪, ধানের দেশ.............মিষ্টি বেশ ও অনুশীলনী ৩, ৬।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া, প্রশ্নের উত্তর লেখা।

শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
  - *মাতৃভাষা আমরা কার কাছ থেকে শিখেছি?*
  - *বাংলাদেশ কত নদীর দেশ?*
  - *গত দিনের পড়া কবিতাটির ৯-১৪ নম্বর চরণ কয়েকজনকে বলতে বলবেন।*
- এরপর শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা 'আমাদের এই বাংলাদেশ' কবিতার (ধানের দেশ..........মিষ্টি বেশ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (৯-১৪) পড়াবেন।*
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- এরপর শিশুদের বইয়ের ৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। অনুশীলনীর ৩ ও ৬ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।

- এ সময় শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের খাতা যাচাই করবেন। পরে উত্তরগুলো সবার উদ্দেশে বলে দিবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড- ৭

## পৃষ্ঠা: ৫ ( চরণ : ১৫-১৯, মনের ভাষা...........এই বাংলাদেশ ও অনুশীলনী ৫)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩**
**বলা :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২**
**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২**
**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২**

**উপকরণ :** পাঠ্যপুস্তকের ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
  - *বাংলাদেশকে তেরো শত নদীর দেশ বলা হয়েছে কেন?*
  - *গত দিনের পড়া কবিতাটির ৯-১৪ নম্বর চরণ কয়েকজনকে বলতে বলবেন।*
  - *কবিতা ও কবির নাম কয়েকজনকে জিজ্ঞাসা করবেন।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বলবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার (‘মনের ভাষা..........এই বাংলাদেশ’) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (১৫-১৯) পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- *শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।*
- জোড়ায় পড়া শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। বড় দলে কয়েকজনকে কবিতাটি মুখস্থ বলতে বলবেন।
- *এরপর শিক্ষক প্রয়োজন অনুযায়ী শিশুদের শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।*
- এরপর শিক্ষক ৫ নম্বর অনুশীলনীর উত্তর লেখার কৌশল শেখাবেন। শিশুরা খাতায় উত্তর লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড- ৮
## পৃষ্ঠা: ৬ (অনুশীলনী ১, ২, ৪ )

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং অনুশীলনীর প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
  - *শিক্ষক কবিতাটি কয়েকজনকে মুখস্থ বলতে বলবেন।*
  - *কয়েকজনকে দেখে দেখে আবৃত্তি করতে বলবেন।*
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক এরপর ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। এরপর শিক্ষক শব্দের অর্থ ও বাক্য প্রয়োজন অনুযায়ী লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন।
- এরপর ৪ নম্বর অনুশীলনী করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।' শিশুদের বলতে সহায়তা করবেন। এরপর 'যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন। কয়েকজনকে সূর্য, পূর্ব, স্বাধীন, মিষ্টি শব্দগুলোর বানান এবং বাক্য জিজ্ঞাসা করবেন ও বোর্ডে লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড - ৯
## পৃষ্ঠা: ৭ (অনুশীলনী- ৭, ৮, ৯)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১, ১.৩.৪, ১.৩.৫, ১.৩.৯, ২.১.২, ২.১.৩
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং অনুশীলনীর প্রশ্ন।

## শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। তারা কেমন আছে, আসতে কোনো অসুবিধা হয়েছে কিনা জানবেন।
  - *গত দিনের পাঠে তারা কী পড়েছে জিজ্ঞাসা করবেন। তারা বলবে, আপনি শুনবেন।*
  - *শিক্ষক কবিতাটি কয়েকজনকে মুখস্থ বলতে বলবেন।*
- শিক্ষক শিশুদের আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। এরপর বইয়ের ৭ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৭ নম্বর প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'কবিতাটি সবাই মিলে একসঙ্গে জোরে জোরে পড়ি।'
- একজন শিশু এসে কবিতাটি সমস্বরে পড়বে, অন্যরা তার সাথে সাথে সমস্বরে পড়বে। এভাবে শিক্ষক কয়েকজনকে দিয়ে কাজটি করাবেন।
- এরপর ৮ নম্বর অনুশীলনী অনুযায়ী শিশুদের কবিতাটি যতিচিহ্নের ব্যবহার করে না দেখে লিখতে বলবেন।
- সবশেষে ৯ নম্বর অনুশীলনীর 'বাংলাদেশ সম্পর্কে দুটি বাক্য লিখি' কাজটি করাবেন। শিক্ষক ঘুরে ঘুরে লেখা দেখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড - ১০
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. বাংলাদেশ সম্পর্কে চারটি বাক্য লেখ ।

২. বাংলাদেশের ৫টি নদীর নাম লেখ?

৩. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ লিখি ।

ক. ষ্ট........................... ...........................................................................................

খ. স্ব........................... ...........................................................................................

৪. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি ।

| পছন্দ করা হয় এমন, মুক্ত, সাধারণ মানুষ, যিনি কবিতা লেখেন |
|---|

ক. কবি ...........................................................................................................

খ. স্বাধীন ...........................................................................................................

গ. জন ...........................................................................................................

ঘ. প্রিয় ...........................................................................................................

# রাজা ও তাঁর তিন কন্যা



অনেক অনেক দিন আগের কথা।

এক ছিল রাজা। রাজার ছিল এক রানি। আর ছিল তিন কন্যা। শিমুল, বকুল ও পারুল।

তিন কন্যাকে নিয়ে রাজা–রানির বেশ সুখেই দিন কাটছিল। রাজ্যেও ছিল সুখ আর শান্তি।

রাজা একদিন গল্প করছিলেন। সঙ্গে ছিল রানি আর তিন কন্যা। রাজা তাঁর কন্যাদের জিজ্ঞেস করলেন এক সহজ প্রশ্ন।

কে তাঁকে কী রকম ভালোবাসে?
বড় কন্যা শিমুল। সে জবাব দিল প্রথমে। বলল, বাবা আমি তোমাকে চিনির মতো ভালোবাসি। রাজা একটু মুচকি হাসলেন।

মেঝো কন্যা বকুল বলল, বাবা আমি তোমাকে মিষ্টির মতো ভালোবাসি। রাজার মুখে আবার দেখা গেল হাসির রেখা।




ছোট কন্যা পারুল। বলল, বাবা আমি তোমাকে নুনের মতো ভালোবাসি। সঙ্গে সঙ্গে রাজার মুখ হয়ে গেল কালো। রানিও শুনে অবাক। এ কেমন কথা। রাজা বেশ অস্থির। ডাকলেন উজির,নাজির,সেনাপতিকে।

হুকুম দিলেন, ছোট কন্যা পারুলকে বনবাসে দাও। তাকে গভীর জঙ্গলে ফেলে দিয়ে এসো।

রাজার হুকুম বলে কথা। না মেনে উপায় নেই। পরদিন পারুলকে পাঠানো হলো বনবাসে। গভীর অরণ্য। জন-প্রাণী নেই। পারুল একা বসে আছে। এমন সময় কয়েকজন পরি এলো। পরিরা বলল, গভীর অরণ্যে তুমি একা কেন? পারুল সব ঘটনা খুলে বলল। পারুলের দুঃখের কথা পরিরা বুঝতে পারল। রাজার মেয়ে পারুলের জন্য তারা সুন্দর একটা বাড়ি তৈরি করল। পরিরা নানা ফুলের চারা এনে একটা বাগান বানাল। বনের পশুপাখি এলো রাজার মেয়েকে দেখতে। হরিণ এলো, খরগোশ এলো, ময়ূর এলো। তারাও রাজার ছোট মেয়ে পারুলের দুঃখ বুঝতে পারল। তারা পারুলের জন্য এনে দিল নানা ফলমূল। পরিরা এনে দিল মজার মজার খাবার।

গভীর অরণ্যে পারুলের দিন কাটতে লাগল একা একা। মনে তার অনেক দুঃখ। মা নেই। বাবা নেই। বোনেরা নেই।



একদিন রাজার খেয়াল হলো শিকারে যাবেন। রাজার খেয়াল মানে সহজ কথা নয়। উজির নাজির পাইক বরকন্দাজ নিয়ে বেরোলেন শিকারে। শিকারের খোঁজে ঘুরতে ঘুরতে পৌঁছলেন সেই গভীর অরণ্যে। রাজা তখন খুবই ক্ষুধার্ত।

সবাই দূরে দেখতে পেল একটা সুন্দর কুটির। সেই কুটিরে বাস করে এক সুন্দরী কন্যা। রাজার লোকেরা তাকে বলল, রাজা খুব ক্ষুধার্ত। তিনি খাবার ইচ্ছা জানিয়েছেন। পারুল বলল, আপনারা একটু জিরিয়ে নিন। সে রান্না করল পোলাও, কোরমা ও মাংস। নানা রকমের তরকারি। কিন্তু কোনো কিছুতে একটুও নুন দিল না।

এত রকমের সাজানো খাবার দেখে রাজা খুব খুশি হলেন। তাঁর জিভে এলো জল। রাজা খেতে বসলেন। খাওয়া শুরু করলেন। এটা নেন ওটা নেন। মুখে দিয়ে ফেলে দেন। সুন্দর রান্না তবে বেজায় বিস্বাদ। একটুও নুন নেই কোনো খাবারে। রাজা খুব বিরক্ত হলেন। নুন ছাড়া কি কিছু খাওয়া যায়? পারুল ছিল কাছেই। সে এগিয়ে এলো। বলল, বাবা আমাকে চিনতে পেরেছেন? আমার নাম পারুল। আপনার ছোট কন্যা। আপনি যাকে বনবাসে পাঠিয়েছিলেন।

রাজা নিজের ভুল বুঝতে পারলেন। নিজের আদরের মেয়েকে বুকে জড়িয়ে ধরলেন। তারপর নুন দিয়ে রাঁধা হলো সব খাবার। রাজা মজা করে খেলেন।

এবার ফেরার পালা।

রাজা তাঁর ছোট কন্যা পারুল আর হাতিঘোড়া নিয়ে রওয়ানা হলেন। পারুল ফিরে আসায় রাজ্যে সবার মুখে হাসি ফুটল। রানি খুশি হলেন। শিমুল, বকুল তারদের বোন পারুলকে ফিরে পেল। রাজ্যে সুখের সীমা রইল না।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

জবাব হাসির রেখা অস্থির হুকুম বনবাসে অরণ্য জন-প্রাণী খেয়াল
উজির নাজির পাইক বরকন্দাজ জিরিয়ে বেজায় বিস্বাদ

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

হুকুম অস্থির বেজায় জন-প্রাণী বরকন্দাজ বিস্বাদ বনবাসে

ক. বিপদে ..................................... হওয়া ভালো নয়।

খ. বাবা কাজটা করতে ................................ দিলেন।

গ. এ বছর .................................. শীত পড়েছে।

ঘ. চাঁদে কোনো ........................... নেই।

ঙ. এ খাবার খেতে একেবারে ..................................।

চ. রাজা মেয়েকে .................................. পাঠালেন।

ছ. ............................ জমিদার বাড়ি পাহারা দিত।



## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কন্যা | ন্য | ন | ্য | (য–ফলা ) | বন্যা, বন্য |
| বরকন্দাজ | ন্দ | ন | দ | | ছন্দ, খন্দ |
| প্রাণী | প্র | প | ্র | (র–ফলা) | প্রথম, প্রাণ |
| ক্ষুধার্ত | ক্ষ | ক | ষ | | ক্ষমা, ক্ষণ |
| রান্না | ন্ন | ন | ন | | কান্না, পান্না |

## ৪. শূন্যস্থান পূরণ করি।

ক. বকুল বলল, আমি তোমাকে ............................ মতো ভালোবাসি।

খ. রাজা একটু ............................ হাসলেন।

গ. পারুলকে পাঠানো হলো ............................।

ঘ. পারুল ফিরে আসায় রাজ্যে সবার মুখে ............................ ফুটল।

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. রাজাকে কে কী রকম ভালোবাসে – সে প্রশ্নের উত্তরে প্রথম কন্যা কী বলল?

১. আমি তোমাকে নুনের মতো ভালোবাসি।

২. আমি তোমাকে মিষ্টির মতো ভালোবাসি।

৩. আমি তোমাকে চিনির মতো ভালোবাসি।

৪. আমি তোমাকে গুড়ের মতো ভালোবাসি।

খ. রাজার ছোট মেয়েকে বনের মধ্যে কারা বাড়ি বানিয়ে দিল?

১. রাজার লোকেরা    ২. বনের পরিরা

৩. বনের পশুরা    ৪. বনের পাখিরা

গ. আমাকে চিনতে পেরেছেন? রাজাকে এ প্রশ্ন কে করল?

১. শিমুল    ২. বকুল

৩. পারুল    ৪. রানি

ঘ. রাজা খুব খুশি হলেন কেন?

১. সাজানো খাবার দেখে    ২. ছোট মেয়েকে দেখে

৩. শিকার করতে এসে    ৪. নানা ফলমূল খেয়ে

## ৬. মুখে মুখে উত্তর বলি।

ক. শিমুল বকুল পারুল –এদের পরিচয় কী?
খ. মেয়েদের কাছে রাজার প্রশ্নটা কী ছিল?
গ. শিমুল ও বকুলের উত্তর শুনে রাজার কেমন লাগল?
ঘ. তোমাকে আমি নুনের মতো ভালোবাসি–এ কথা কে বলেছিল?
ঙ. রাজা ছোট কন্যাকে কী করলেন?
চ. বনে রাজার মেয়েকে কারা ফলমূল এনে দিল?
ছ. খাবার মুখে দিয়ে রাজা বিরক্ত হলেন কেন?
জ. তিনি কীভাবে নিজের ভুল বুঝতে পারলেন?
ঝ. রাজার রাজ্যে আবার সুখ এলো কেন?



## ৭. উত্তরগুলো লিখি।

ক. কার উত্তর শুনে রাজার মুখ কালো হয়ে গেল?
খ. বনবাস বলতে কী বোঝায়?
গ. পারুলের সঙ্গে দেখা করতে কারা এলো?
ঘ. পারুল রাজ্যে ফিরে আসায় কারা খুশি হলো?
ঙ. কী না দেওয়ায় খাবার বিস্বাদ হয়েছিল?
চ. পারুল রান্নার সময় কোনো কিছুতে নুন দিল না কেন?
ছ. রাজা মেয়েকে বুকে জড়িয়ে ধরলেন কেন?

## ৮. কথাগুলোর উত্তর জেনে নিই।

ক. উজির শব্দের বদলে আমরা এখন কোন শব্দ ব্যবহার করি? **মন্ত্রী**
খ. পাইক শব্দের বদলে আমরা এখন কী বলি? **সৈন্য**
গ. হুকুম শব্দের মতো একই রকম আর কী কী শব্দ আছে? **আদেশ, নির্দেশ**

## ৯. গল্পটি মুখে মুখে বলি।

# রাজা ও তাঁর তিন কন্যা

## পৃষ্ঠা ( ৮- ১৩)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে ।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে ।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে ।<br>২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে ।<br>৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে । | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে ।<br>২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে ।<br>৩.১.১ পরিচিত বিষয়ে কথোপকথন শুনে বুঝতে পারবে ।<br>৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে ।<br>২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে ।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩.১ অনুরোধ করতে পারবে ।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে ।<br>২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে ।<br>২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে । |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে ।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে । | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীল ভাবে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে ।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে ।<br>২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে । |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ ককরতে পারবে ।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে পারবে ।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে ।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে । | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে ।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে ।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে ।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে ।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে ।<br>২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে ।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে । |

**পাঠ বিভাজন: পিরিয়ড- ১০**

## পিরিয়ড- ১
## পৃষ্ঠাঃ ৮ (অনেক অনেক.......... ফেলে দিয়ে এসো।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক এবং পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন তৈরি।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুরা কোনো রাজা-রানির গল্প জানে কিনা জিজ্ঞাসা করবেন।*
  - *গল্পে কে কে ছিল জিজ্ঞেস করবেন।*
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন- এক দেশে এক রাজা ও রানি ছিল। তাঁদের ছিল তিন কন্যা। ইত্যাদি।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। ছবিতে কী কী দেখছে তা ছোট ছোট প্রশ্ন করে জেনে নেবেন। প্রয়োজনে সহায়তা করবেন। ছবি দেখে গল্পটি কী হতে পারে শিশুদের জিজ্ঞাসা করবেন। শিক্ষক বলবেন, আজকে ছবিতে যে রাজা, রানি এবং রাজার তিন কন্যা দেখতে পাচ্ছি তাদের গল্প জানব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'রাজা ও তাঁর তিন কন্যা' গল্পটির (অনেক অনেক............ ফেলে দিয়ে এসো।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। এবার শিক্ষক নির্ধারিত অংশটুকু প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে *শোনাবেন*। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন।
- এরপর পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো খুঁজে বের করে খাতায় লিখবে এবং পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে। শিক্ষক ফলাবর্তন দেবেন।
- শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন- শান্তি- ন্ত = ন+ত, গল্প- ল্প = ল+প, প্রশ্ন- শ্ন = শ + ন ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও খাতায় লিখতে বলবেন।
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দগুলোর অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- শান্তি, প্রশ্ন, গল্প, মিষ্টি, জবাব, হাসির রেখা, উজির, নাজির, হুকুম, অস্থির, বনবাসে ইত্যাদি। শিশুদের শব্দগুলোর অর্থ বলে দিবেন ও লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড- ২
### পৃষ্ঠাঃ ৯ (রাজার হুকুম..........বোনেরা নেই।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক এবং পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন তৈরি।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *রাজা তাঁর কন্যাদের কী প্রশ্ন জিজ্ঞেস করেছিলেন?*
  - *রাজা-রানির কয় মেয়ে? তাদের নাম কী কী?*
  - *কোন মেয়ের উত্তর শুনে রাজার মুখে হাসির রেখা ফুটে উঠল? ইত্যাদি।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'রাজা ও তাঁর তিন কন্যা' গল্পটির ('রাজার হুকুম..........বোনেরা নেই) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং জোড়ায় কী করবে তা বুঝিয়ে দিবেন। যেমন- প্রথমে একজন শিশু ২ লাইন পড়বে অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের পড়তে সহায়তা করবেন এবং দলে পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমনঃ সুন্দর- ন্দ = ন+দ। ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- অরণ্য, জনপ্রাণী ইত্যাদি। শিশুদের শব্দগুলো অর্থ পড়তে বলবেন ও লেখাবেন। গল্পটিতে কী কী পড়েছে তাও শিশুকে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-৩
### পৃষ্ঠাঃ ১০ (একদিন রাজার..........নুন দিল না।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক এবং পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *পারুলকে কোথায় পাঠানো হলো?*
  - *রাজার মেয়ের জন্য পরিরা কী কী করল?*
  - *বনে পারুলের দিন কেমন কাটতে লাগল?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'রাজা ও তাঁর তিন কন্যা' গল্পটির (একদিন রাজার...........নুন দিল না।) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু / মূলভাব আলোচনা করবেন।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: বরকন্দাজ-ন্দ = ন+দ, ক্ষুধার্ত-ক্ষ = ক+ষ, রান্না-ন্ন = ন+ন ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন এবং শিশুদের লেখা প্রশ্নসহ উত্তর শুনবেন।
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- পাইক, বরকন্দাজ, উজির, নাজির, ক্ষুধার্ত। *শিশুদের শব্দগুলোর অর্থ পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৪

## পৃষ্ঠা: ১০ (এত রকমের ..........সীমা রইল না।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক এবং পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন । |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব *জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *রাজা কাদের নিয়ে শিকারে গেলেন?*
    - *রান্নার সময় পারুল তরকারিতে নুন দিল না কেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'রাজা ও তাঁর তিন কন্যা' গল্পটির (এত রকমের ..........সীমা রইল ন।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্য পুস্তকের ১০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- যুক্তবর্ণযুক্ত শব্দ বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: বিস্বাদ– স্ব = স+ব, বিরক্ত-ক্ত = ক+ত ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।
- শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- বেজায়, বিস্বাদ। শিশুদের শব্দগুলো অর্থ পড়তে বলবেন ও লেখাবেন।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন। যেমন- রাজা কিসের ইচ্ছা জানিয়েছিলেন? রাজা খাবার খেতে বসে কেন বিরক্ত হয়েছিলেন? রাজা কীভাবে নিজের ভুল বুঝতে পারলেন? ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ১১ (অনুশীলনী– ১ ও ২)

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১**
**বলা** : **১.১.১, ১.৩.২, ২.৫.২**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.৩**
**লেখা** : **১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক এবং শব্দের অর্থের চার্ট।

| **পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ এবং বাক্য তৈরি। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। গত দিনের পাঠ থেকে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
    - *রাজা খেতে বসে কিছুই মুখে নিতে পারছিলেন না কেন?*
    - *এত ভালো রান্না অথচ রাজার কাছে কেমন লাগছিল?*
    - *বনের মেয়েটি কীভাবে নিজের পরিচয় দিল?*
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ১১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন ।

- শিক্ষক শব্দের অর্থ প্রয়োজন অনুযায়ী শিশুদের লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. বিপদে .............হওয়া ভালো নয়। খলি জায়গায় কোন সঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ১১-১২ (অনুশীলনী - ৩, ৪)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.১, ১.৩.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.৩
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬
**উপকরণ** : পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** যুক্তবর্ণ, শূন্যস্থান।

**শিখন শেখানো কার্যাবলি**

- শুরুতেই গত দিনের পাঠ থেকে যাচাই করবেন।
- প্রথমে অনুশীলনী ৩ নম্বর প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- ৩ নম্বর অনুশীলনীর 'যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দিবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে কন্যা, বরকন্দাজ যুক্তবর্ণযুক্ত শব্দ দুটি লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন। যেমন: প্রাণী, ক্ষুধার্ত, রান্না ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন। যেমন: ক্ষ = ক্ষতি, ন্দ = পছন্দ, স্ত = ফুটন্ত, ন্ন = কান্না, স্ত = মস্ত ইত্যাদি।
- শিক্ষক হাতে বর্ণ কার্ড নিয়ে কীভাবে যুক্তবর্ণ তৈরি করা যায় দেখাবেন। যেমন: ক+ষ যোগ করলে হবে ক্ষ। এ রকমভাবে তিনি ্য (য-ফলা) যোগ করে কন্যা– ন্য ন ্য (য-ফলা) দেখাবেন।
- এরপর শিক্ষক ৪ নম্বর অনুশীলনীর কাজ করাবেন। শিক্ষক বোর্ডে বাক্যের ফাঁকা জায়গা রেখে একটি বাক্য লিখবেন। যেমন- রাজার ছিল এক ...........। আর ছিল তিন........... । প্রথম বাক্যে ফাঁকা জায়গায় কী হবে তা জিজ্ঞাসা করবেন। শিক্ষক সহায়তাদানের জন্য বলবেন, রাজার ছিল এক রানি। আর ছিল তিন কন্যা।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে যুক্তবর্ণ ভেঙে লেখা, যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করা এবং শূন্যস্থান পূরণ করা শিখেছি।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ১২-১৩ (অনুশীলনী - ৫, ৬)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.১, ১.৩.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয় :** ঠিক উত্তর বাছাই করে বলা ও লেখা, ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা।

**শিখন শেখানো কার্যাবলি**

- গত দিনের পাঠ থেকে যাচাই করবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ১২ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৫ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: ক. রাজার কয় মেয়ে ছিল-
  ১. দুই মেয়ে ২. এক মেয়ে
  ৩. চার মেয়ে ৪. তিন মেয়ে
- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন তার উত্তর বলবে।
- শিক্ষক এভাবে ৫ নম্বর অনুশীলনীর ক - ঘ প্রশ্নগুলো করাবেন।
- শিশুরা প্রতিটি প্রশ্নের উত্তর বাছাই করে প্রথমে মুখে মুখে বলবে। তারপর খাতায় লিখতে দিবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৬ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের মুখে মুখে প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে, তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ১৩ (অনুশীলনী - ৭)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.১, ১.৩.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** প্রশ্নের উত্তর বলা ও লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। এরপর গত দিনের পাঠ থেকে যাচাই করবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ১৩ পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৭ নম্বর অনুশীলনীর (ক-ছ) পর্যন্ত প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্প থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর বলা ও লেখা শিখেছি।

## পিরিয়ড– ৯
## পৃষ্ঠা: ১৩ (অনুশীলনী– ৮, ৯)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬
**উপকরণ** : পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ জানা এবং গল্প নিজের ভাষায় বলা।

**শিখন শেখানো কার্যাবলি**

- গত দিনের পাঠ থেকে যাচাই করবেন-
- শিক্ষক শিশুদের বইয়ের ১৩ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৮ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক উজির, বরকন্দাজ, পাইক বোর্ডে লিখবেন এবং বলবেন-এসব শব্দ গল্পে পাওয়া গেলেও আমরা প্রতিদিনের কাজে এসব শব্দ এখন আর ব্যবহার করি না।
    - উজির শব্দের বদলে ব্যবহার করি মন্ত্রী।
    - পাইক শব্দের বদলে ব্যবহার করি সৈন্য।
    - হুকুম শব্দের মতো আছে আদেশ, নির্দেশ।
    - বরকন্দাজ শব্দের পরিবর্তে ব্যবহার করি বন্দুকধারী সেপাই।
- শিশুরা বোর্ড দেখে খাতায় লিখবে।
- এরপর শিক্ষক অনুশীলনী ৯ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- 'গল্পটি মুখে মুখে বলি'। গল্পটি শিশুদের নিজের ভাষায় বলতে বলবেন। শিশুদের বলতে সহায়তা করবেন। শিক্ষক খেয়াল রাখবেন শিশুরা যেন মুখস্থ না বলে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্প থেকে কিছু শব্দের অর্থ এবং এবং গল্পটি নিজের ভাষায় বলতে শিখেছি।

## পিরিয়ড–১০
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ লিখি ।

ক. ক্ষ ....................................... .......................................................................

খ. দ্ব ....................................... .......................................................................

গ. ন্ন........................................... .......................................................................

ঘ. ন্ত ........................................... .......................................................................

২. নিচের অনুচ্ছেদটির সঠিক স্থানে দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন বসাই ।

রাসেল সপ্তম শ্রেণিতে পড়ে সে তার মাকে কাজে সাহায্য করে মা বললেন তুমি কখন স্কুলে যাবে সে মাকে বলে আমি ১০টার সময় স্কুলে যাব শুক্রবার সাপ্তাহিক ছুটির দিন ছুটির দিনে রাসেল অনেক মজা করে

৩. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি ।

| |
|---|
| হাসির চিহ্ন, গাছপালায় ভরা বন জঙ্গল, রাজার কর্মচারী, উত্তর |

ক. জবাব .......................................................................................................

খ. অরণ্য .......................................................................................................

গ. নাজির .......................................................................................................

ঘ. হাসির রেখা .......................................................................................................

৪. গল্পের কোন অংশটুকু পড়ে তোমার খুব ভালো লেগেছে, সে সম্পর্কে তিনটি বাক্য লেখ ।

শিক্ষক সংস্করণ



ছড়া

# হাটে যাব

আহসান হাবীব

হাটে যাব  হাটে যাব  ঘাটে নেই নাও
নি-ঘাটা নায়ের মাঝি আমায় নিয়ে যাও।
নিয়ে যা  নিয়ে যা কত কড়ি দেবে?
কড়ি নেই কড়া নেই আর কিবা নেবে?

সোনামুখে সোনা হাসি তার কিছু দিও।
হাসিটুকু নিও আর খুশিটুকু নিও।







# অনুশীলনী



১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

নি-ঘাটা কড়ি নেই কড়া নেই

২. ছড়াটি মুখে মুখে বলি।

৩. আমার জানা আর একটি ছড়া বলি।

৪. ছবি দেখি। ছবিতে কে কী করছে তা মুখে মুখে বলি ও লিখি।



.....................................................................................................

.....................................................................................................

.....................................................................................................

# হাটে যাব
## পৃষ্ঠা (১৪ - ১৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | **শোনা**<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>২.১.১ ছড়া শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে। | **বলা**<br>২.১.১ পাঠবইয়ের ছড়া শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.২ পাঠ-বহির্ভূত ছড়া শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২.১ পাঠ্য ছড়ার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে। |
| **পড়া**<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | **পড়া**<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ ও শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবনযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২.১ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |
| **লেখা**<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া,কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নেরউত্তর শুদ্ধভাবে লিখতে পারবে।<br>৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | **লেখা**<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে।<br>২.১.১ পাঠ্যপুস্তকের ছড়া লিখতে পারবে।<br>২.৩.১ ছড়াসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-৪**

## পিরিয়ড - ১
## পৃষ্ঠাঃ ১৪ (হাটে যাব..........খুশিটুকু নিও।)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ২.১.১
**বলা** : ২.১.১, ২.১.২, ২.২.১
**পড়া** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ২.২.১
**লেখা** : ১.৫.১, ২.৩.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক ও পাঠসংশ্লিষ্ট ছবি।

| পাঠের আলোচ্য বিষয় : ছড়া, শব্দের অর্থ, বাক্য এবং পঠিত অংশের মূলভাব। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক ছড়াটি সম্পর্কে প্রাথমিক ধারণা দেবেন। যেমন-
    - শিক্ষক শিশুদের বলবেন, আমরা ছবিতে একটি নৌকা, একজন শিশুর সঙ্গে তার বাবা বা অভিভাবক, দূরে নদী, গ্রাম, গ্রাম্য হাট, লোকজন দেখতে পাচ্ছি। শিক্ষক শিশুদের নদী বা গ্রামের হাট-বাজার কেমন জিজ্ঞাসা করবেন। হাটে বা বাজারে যেয়ে থাকলে তাদের অভিজ্ঞতা শুনবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ 'হাটে যাব' ছড়াটি পড়ব। শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার ('হাটে যাব..........খুশিটুকু নিও'।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ১৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক পাঠের ছবিগুলো শিক্ষার্থীদের দেখতে বলবেন। *শিশুরা প্রশ্ন, আদেশ, ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ ছড়াটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা লক্ষ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় বসতে বলবেন। এরপর জোড়ায় কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতাটি পড়তে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- পড়া শেষে সবাইকে আগের মতো বসতে বলবেন। কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- নি-ঘাটা, কড়ি নেই কড়া নেই শব্দগুলোর অর্থ মুখে মুখে জিজ্ঞাসা করবেন। শব্দগুলো অর্থসহ বোর্ডে লিখবেন এবং শিশুদের শব্দগুলো দিয়ে বাক্য রচনা করে খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য লেখা শিখেছি।

## পিরিয়ড - ২
## পৃষ্ঠা: ১৫ (অনুশীলনী - ১, ২)

### শিখনফল

**শোনা** : ২.১.১
**বলা** : ২.১.১, ২.১.২, ২.২.১
**পড়া** : ১.৪.১, ১.৪.২, ২.২.১
**লেখা** : ২.১.১, ২.৩.১, ১.৬.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ, বাক্য, যতিচিহ্নের ব্যবহার এবং ছোট প্রশ্ন ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *ঘাটে কী নেই?*
  - *কেন কড়ি লাগবে? ইত্যাদি ।*
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন এবং অনুশীলনী ১ নম্বর প্রশ্নের শব্দগুলো যেমন: নিঘাটা, কড়ি নেই কড়া নেই পাঠ থেকে খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন ।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কি না । পারগ শিশুরা অপারগ শিশুদের সাহায্য করবে ।
- শিক্ষক নিঘাটা, কড়ি নেই কড়া নেই শব্দগুলোর অর্থ মুখে মুখে ধরবেন এবং লিখিত যাচাই করবেন ।
- এরপর ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন । শিক্ষক কয়েকজন শিশুকে মুখে মুখে ছড়াটি জিজ্ঞাসা করবেন ।
- ছড়াটি বই দেখে লিখতে দেবেন । শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন । শিশুরা যতিচিহ্নের ব্যবহার ঠিক রেখে ছড়াটি লিখছে কিনা তা দেখবেন এবং সহায়তা করবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে শব্দগুলোর অর্থ এবং কবিতাটি যতিচিহ্নের ব্যবহার করে লেখা শিখেছি ।

## পিরিয়ড - ৩
## পৃষ্ঠা: ১৫ (অনুশীলনী - ৩, ৪)

### শিখনফল

**শোনা** : ১.২.১, ২.১.১
**বলা** : ২.১.১, ২.১.২, ২.২.১
**পড়া** : ১.৪.১, ১.৪.২, ২.২.১
**লেখা** : ২.৩.১, ৩.১.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** ছড়া, ছবি দেখে বাক্য লেখা ।

### শিখন শেখানো কার্যাবলি

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । এরপর গত দিনের পাঠ থেকে যাচাই করবেন । যেমন: 'হাটে যাব' ছড়াটি মুখস্থ বলতে বলবেন ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন এবং ৩ নম্বর অনুশীলনীর কাজ করাবেন ।

- শিশুদের জানা অন্য যেকোনো একটি ছড়া বলতে বলবেন। বলা শেষ হলে অন্য শিশুরা হাততালি দিয়ে উৎসাহিত করবে। শিক্ষক বলার জন্য শিশুদের উৎসাহিত করবেন।
- এরপর অনুশীলনীর- ৪ নম্বর প্রশ্ন বোর্ডে লিখবেন– 'ছবি দেখি। ছবিতে কে কী করছে তা মুখে মুখে বলি ও লিখি।' শিশুদের কয়েকজনকে প্রথমে মৌখিকভাবে জিজ্ঞাসা করবেন। এরপর লিখতে দেবেন।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন। লেখা শেষে হলে সবাইকে সামনে এসে লেখাটি পড়তে বলবেন। শিক্ষক প্রশংসা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা অনুশীলনী থেকে ছবির বর্ণনা মুখে মুখে বলা এবং লেখা শিখেছি।

## পিরিয়ড - ৪
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. হাটে বা বাজারে গেলে তুমি কী কী করবে তা চারটি বাক্যে লেখ।

২. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি।

| |
|---|
| নৌকা, যেখানে ঘাট নেই, টাকাপয়সা নেই |

ক. নি-ঘাটা:..........................................................................................................

খ. কড়ি নেই কড়া নেই:...........................................................................................

গ. নাও:..................................................................................................................

# ভাষাশহিদদের কথা

ফেব্রুয়ারি মাসের ২১ তারিখ। ১৯৫২ সাল। ফাল্গুন মাস। কোনো কোনো গাছ থেকে পাতা ঝরে পড়ছে। কিছু কিছু গাছে নতুন পাতা গজিয়েছে। পলাশ ফুল ফুটেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা। চারদিকে থমথমে ভাব। পুলিশ মিছিল করতে নিষেধ করেছে। বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি ছাত্রদের। পাকিস্তান সরকার চায় উর্দুকে রাষ্ট্রভাষা করতে। বাঙালির মুখের ভাষাকে কেড়ে নিতে চায়। কিন্তু ছাত্র-জনতা তা মানবে না। তারা মিছিল করবে। টগবগে তরুণরা বেপরোয়া। প্রয়োজনে তারা জীবন দেবে। মায়ের ভাষার দাবি ছাড়বে না।

মিছিল বের হলো। পুলিশ গুলি করল। গুলিতে নিহত হলেন রফিক, সালাম, বরকত, জব্বারসহ নাম না জানা অনেকে। তাঁরা আমাদের ভাষাশহিদ।



আবুল বরকত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র। ওই দিন পড়ার টেবিল ছেড়ে ভাষার দাবিতে তিনি ছুটে এসেছিলেন। যোগ দিয়েছিলেন মিছিলে। একসময় মিছিলে গুলি হলো। গুলি এসে লাগল তাঁর গায়ে। বন্ধুরা তাঁকে হাসপাতালে ভর্তি করালেন। কিন্তু তাঁকে বাঁচানো সম্ভব হলো না। রাতেই তিনি মারা গেলেন।



রফিকউদ্দিন আহমদ। বাড়ি মানিকগঞ্জে। কলেজের পড়া শেষ না করে এসেছিলেন ঢাকায়। ঢাকার বাদামতলীতে ছিল তাঁর বাবার ব্যবসায়। কিন্তু ওই দিন তাঁর মন ব্যবসায়ে আটকে থাকে নি। তিনিও ভাষার দাবিতে ছুটে এসেছিলেন মিছিলে। পুলিশের গুলি এসে তাঁর মাথায় লাগে। সঙ্গে সঙ্গে তিনি মারা যান।



আবদুল জব্বার। ময়মনসিংহের গফরগাঁওয়ে তাঁর বাড়ি। গরিব পরিবারের সন্তান তিনি। লেখাপড়ায় বেশি এগোতে পারেন নি। একসময় চাকরি নিয়ে চলে যান বিদেশে। অনেক দিন পর দেশে ফেরেন। ঢাকা এসেছিলেন অসুস্থ শাশুড়ির চিকিৎসার জন্য। ভাষার জন্য তাঁরও প্রাণ কেঁদেছিল। বাংলা ভাষার জন্য তিনিও মিছিলে যোগ দিয়েছিলেন। পুলিশের গুলি এসে লেগেছিল তাঁর শরীরে। তাঁকে নিয়ে যাওয়া হলো হাসপাতালে। কিন্তু ডাক্তাররা তাঁকে বাঁচাতে পারেন নি। রাতেই তিনি মারা গেলেন।



আরেক ভাষাশহিদের নাম আবদুস সালাম। ফেনী জেলায় তাঁর বাড়ি। তিনি ঢাকায় চাকরি করতেন। ভাষার টানে তিনিও গেলেন মিছিলে। একসময় পুলিশের গুলি এসে লাগল তাঁর শরীরে। তাঁকে হাসপাতালে ভর্তি করা হলো। দেড় মাসেরও বেশি সময় ধরে চিকিৎসা চলল। তাঁকেও বাঁচানো গেল না।

এই ভাষাশহিদেরা মাতৃভাষাকে ভালোবাসতেন। তাঁরা জীবন দিয়ে বাংলা ভাষার সম্মান রক্ষা করেছেন। তাঁদের আত্মত্যাগের ফলে বাংলা রাষ্ট্রভাষা হয়েছে। তাঁদের ত্যাগের কথা ভুলে যাওয়ার নয়। তাঁরা অমর। আমরা কখনো তাঁদের ভুলব না।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

থমথমে মিছিল টগবগে বেপরোয়া হাসপাতাল ব্যবসায়
অসুস্থ মাতৃভাষা আত্মত্যাগ অমর

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| মিছিলে | টগবগে | হাসপাতালে | মাতৃভাষা | অমর | বেপরোয়া |
|---|---|---|---|---|---|

ক. তরুণদের মধ্যে সব সময় .................................... ভাব।

খ. একুশে ফেব্রুয়ারির .................................... খালি পায়ে যেতে হয়।

গ. অসুস্থ মানুষ .................................... ভর্তি হয়।

ঘ. বাংলা আমাদের .................................... ।

ঙ. সবকিছুতে তার .................................... ভাব।

চ. দেশের জন্য যাঁরা প্রাণ দেন তাঁরা .................................... ।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ফাল্গুন | ল্গ | ল | গ | | বল্গা |
| অসুস্থ | স্থ | স | থ | | মুখস্থ, দুস্থ |
| সম্মান | ম্ম | ম | ম | | আম্মা |
| রাষ্ট্রভাষা | ষ্ট্র | ষ | ট | ্র (র-ফলা) | উষ্ট্র, রাষ্ট্র |

## ৪. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।



ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন –

১. রফিক ২. সালাম

৩. বরকত ৪. জব্বার

খ. রফিকের বাবা কী করতেন?

১. শিক্ষকতা ২. ব্যবসায়

৩. চাকরি ৪. কৃষিকাজ

গ. আবদুস সালামের বাড়ি কোন জেলায়?

১. মানিকগঞ্জ ২. ঢাকা

৩. ময়মনসিংহ ৪. ফেনী

## ৫. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

ক. কিছু কিছু গাছে নতুন ............................ গজিয়েছে।

খ. পুলিশ ................................... করতে নিষেধ করেছে।

গ. টগবগে তরুণরা ...................................... ।

ঘ. এই ভাষাশহিদেরা ............................ ভালোবাসতেন।

| |
|---|
| মাতৃভাষাকে |
| পাতা |
| বেপরোয়া |
| মিছিল |

## ৬. নাম বোঝায় এমন শব্দ লিখি।

মাসের নাম ফেব্রুয়ারি, ফাল্গুন

ফুলের নাম ..........................................................

জায়গার নাম ..........................................................

## ৭. বিপরীত শব্দ জেনে নিই। খালি জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| সম্ভব | অসম্ভব |
|---|---|

| জীবন | মরণ |
|---|---|

| নতুন | পুরনো |
|---|---|


ক. ভাষার দাবিতে ছাত্ররা ........................ দিয়েছিলেন।

খ. লেখাপড়া না করে ভালো ফলাফল করা .............................. ।

গ. বসন্তকালে গাছে ........................ পাতা গজায়।

## ৮. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. ছাত্র-জনতা কী দাবি জানিয়েছিল?
খ. পাকিস্তানিরা কী চেয়েছিল?
গ. ১৯৫২ সালের ২১ এ ফেব্রুয়ারি কে কে শহিদ হয়েছিলেন?
ঘ. ভাষার জন্য যাঁরা প্রাণ দিয়েছেন তাঁদের আমরা কী নামে ডাকি?
ঙ. রফিকউদ্দিন আহমদ কেন ঢাকায় এসেছিলেন?
চ. আবদুল জব্বারের বাড়ি কোথায়?
ছ. ভাষাশহিদেরা কিসের জন্য জীবন দিয়েছিলেন?
জ. ফেব্রুয়ারি মাসে ফোটে এমন কয়েকটি ফুলের নাম কী?
ঝ. ভাষাশহিদেরা কেন অমর?







## ৯. নিচের শব্দগুলো দিয়ে মুখে মুখে বাক্য বলি ও লিখি।

পাতা – বসন্তকালে গাছে গাছে নতুন পাতা গজায়।

ভাষা – ..............................................................................

ডাক্তার – ..............................................................................

গুলি – ..............................................................................

ত্যাগ – ..............................................................................

## ১০. ছবি দেখি। ছবি নিয়ে ভাবি। বাক্য বলি ও লিখি।



..............................................................................

..............................................................................

..............................................................................

# ভাষাশহিদদের কথা
## পৃষ্ঠা (১৬-২১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে।<br>৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে।<br>২.২.৩ গল্পের মূল বিষয় বুঝতে পারবে।<br>৩.১.১ পরিচিত বিষয়ে কথোপকথন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে।<br>২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে।<br>২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |

| | |
|---|---|
| পড়া<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | পড়া<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে।<br>২.৫.১ কথোপকথনের আকারে লেখা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে।<br>৩.১.২ অন্যের ( শিক্ষক ও সহপাঠিদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে। |
| লেখা<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | লেখা<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |

পাঠ বিভাজন: পিরিয়ড- ১১

## পিরিয়ড সংখ্যা- ১
## পৃষ্ঠাঃ ১৬ (ফেব্রুয়ারি মাসের..........পলাশ ফুল ফুটেছে ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, শহিদ মিনারের ছবি, যুক্তাক্ষরের তালিকা ও যুক্তাক্ষর দিয়ে তৈরি শব্দ ।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক গল্পটি সম্পর্কে প্রাথমিক ধারণা দেবেন । যেমন-
  - শিক্ষক বলবেন, আজ আমরা আমাদের মায়ের ভাষা নিয়ে কথা বলব । শিশুদের জিজ্ঞাসা করবেন, তোমরা কি জান আমাদের মায়ের ভাষা কী? শিশুরা বলবে, শিক্ষক সহায়তা করবেন । আমার মায়ের ভাষা হলো বাংলা । আর যাঁদের জন্য আমরা এই মায়ের ভাষায় কথা বলতে পারছি তাঁদের কথায় জানব ।
  - শিক্ষক শহিদ মিনারের ছবি দেখিয়ে বলবেন, এটি কিসের ছবি? শিশুরা বলবে । শিক্ষক সাহায্য করবেন । নিজের জীবনের বিনিময়ে যারা আমাদের এই ভাষার সম্মান রক্ষা করেছেন তাঁদের স্মৃতির জন্যই এই শহিদ মিনার । আজ আমরা সে সম্পর্কে পড়ব এবং জানব ।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন । ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করবেন । প্রয়োজনে সহায়তা করবেন । ছবি দেখে গল্পটি কী হতে পারে শিশুদের জিজ্ঞাসা করবেন ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আমরা পাঠ্যপুস্তকের 'ভাষাশহিদদের কথা' গল্পটির (ফেব্রুয়ারি মাসের...........পলাশ ফুল ফুটেছে।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন । *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন ।* যেমন- দলে প্রথমে পড়ার কাজ, যুক্তবর্ণযুক্ত শব্দ বের করে খাতায় লেখা এবং প্রশ্ন তৈরি করে উত্তর বলা ।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন । শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন । যেমনঃ ফাল্গুন-ল্গ= ল+গ । শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দ পড়তে বলবেন ও লেখাবেন ।
- এরপর শিশুদের লেখা প্রশ্নসহ উত্তর শুনবেন এবং প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি ।

## পিরিয়ড - ২
## পৃষ্ঠা: ১৬ ( ঢাকা বিশ্ববিদ্যালয়...........দাবি ছাড়বে না। )

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২**
**বলা** : **১.১.১, ১.১.২, ২.৪.১**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,**
**লেখা** : **১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক, ভাষা আন্দোলনের মিছিলের ছবি, যুক্তবর্ণযুক্ত শব্দের তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *গাছে কী ফুল ফুটেছিল?*
    - *আমাদের ভাষা দিবস কত তারিখে?*
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ভাষাশহিদদের কথা' গল্পটির ('ঢাকা বিশ্ববিদ্যালয়..........দাবি ছাড়বে না') অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন।
- শিশুরা পঠিত অংশটুকু বুঝেছে কিনা তা ছোট ছোট প্রশ্ন করে জেনে নেবেন। যেমন: ১. পাকিস্তান সরকার কোন ভাষাকে রাষ্ট্রভাষা করতে চেয়েছিল? ২. কোন ভাষার দাবিতে ছাত্ররা মিছিল করেছিল? ইত্যাদি।প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুদের সহায়তা করবেন এবং উৎসাহিত করবেন।
- *পড়া শেষে শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন। জোড়ায়* পড়া শেষে অজানা/নতুন শব্দগুলো খুঁজে বের করে খাতায় লিখবে। পঠিত অংশ থেকে ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন।* যেমন: বিশ্ববিদ্যালয়, রাষ্ট্রভাষা, উর্দু, পাকিস্তান ইত্যাদি। তিনি যুক্তবর্ণগুলো দিয়ে তৈরি আরও কয়েকটি শব্দ বলবেন। যেমন: উষ্ট্র, অস্ত, গর্ব, অন্ত। *শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে, বাক্য তৈরি করতে বলবেন ও লেখাবেন।*
- এরপর শিক্ষক অজানা/নতুন শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- থমথমে, মিছিল, টগবগে, বেপরোয়া ইত্যাদি। *শিশুদের শব্দগুলো অর্থ পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড - ৩
## পৃষ্ঠা: ১৬ (মিছিল বের হলো..........মারা গেলেন ।)

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২**
**বলা** : **১.১.১, ১.১.২, ২.৪.১**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,**
**লেখা** : **১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *কারা ভাষার জন্য মিছিল করেছিল?*
  - *কারা বাঙালির মুখের ভাষাকে কেড়ে নিতে চেয়েছিল?*
- শিক্ষক শহিদ বরকতের ছবি দেখিয়ে বলবেন, এটি কার ছবি? শিশুরা বললে তাদের প্রশংসা করবেন। ভাষার জন্য শহিদ বরকতের আত্মদানের কথা আজ আমরা পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ভাষাশহিদদের কথা' গল্পটির (মিছিল বের হলো..........মারা গেলেন।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- পঠিত অংশটুকু থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ ও নতুন শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুরা কী কী শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন। যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে দেখাবেন। শিশুদের শব্দগুলো অর্থ পড়তে বলবেন ও লিখাবেন। যেমন: বন্ধু- ন্ধ = ন+ধ, সম্ভব - ম্ভ = ম+ভ, ভাষাশহিদ, হাসপাতাল। ইত্যাদি।
- *প্রয়োজন অনুযায়ী শব্দগুলো দিয়ে বাক্য লিখতে দিবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৪
## পৃষ্ঠা: ১৬ (রফিকউদ্দিন............তিনি মারা যান।)

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২**
**বলা** : **১.১.১, ১.১.২, ২.৪.১**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ১.৫.১**
**লেখা** : **১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *গুলিতে কে কে নিহত হয়েছিল?*
  - *ভাষাশহিদ আবুল বরকত কীভাবে নিহত হয়েছিলেন?*
  - *ভাষাশহিদ আবুল বরকত কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?* উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিক্ষক রফিকউদ্দিন আহমদের ছবি দেখিয়ে বলবেন, এটি কার ছবি? শিশুরা বলবে শিক্ষক সাহায্য করবেন। ভাষার জন্য শহিদ রফিকউদ্দিন আহমদের আত্মদানের কথা আজ আমরা পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, 'ভাষাশহিদদের কথা' গল্পটির ('রফিকউদ্দিন..........তিনি মারা যান') অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে শিক্ষক পাঠের বিষয়বস্তু /মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন।*
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন:* রঙ্গা– ঙ্গ = ঙ+গ, আচ্ছা– চ্ছ = চ+ছ। *ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- মানিকগঞ্জ, ব্যবসায়, বাদামতলী। ইত্যাদি।
- শিশুদের অনুরূপ তিনটি বাক্য লিখতে বলবেন। লেখা শেষ হলে একটি শিশুকে পাশের শিশুর লেখা পড়ে শোনাতে বলবেন। শিক্ষক প্রয়োজনীয় সহায়তা দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৫
## পৃষ্ঠা: ১৭ (আবদুল জব্বার..........তিনি মারা গেলেন।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *শহিদ রফিকউদ্দিন আহমদের মন কেন ব্যবসায়ে আটকে থাকে নি?*
    - *ভাষার দাবিতে কেন তিনি মিছিলে ছুটে গিয়েছিলেন?*
    - *পুলিশের গুলি রফিকউদ্দিন আহমদের কোথায় লেগেছিল?*
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিক্ষক আবদুল জব্বারের ছবি দেখিয়ে বলবেন, এটি কার ছবি? শিশুরা বলবে শিক্ষক সাহায্য করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ভাষাশহিদদের কথা' গল্পটির ('আবদুল জব্বার..........তিনি মারা গেলেন') অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর পঠিত অংশ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- এরপর পঠিত অংশ থেকে নিজেরা ৩টি শব্দ দিয়ে বাক্য তৈরি করবে ও বলবে।
- *প্রথমে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন:* সন্তান-ন্ত = ন+ত, অসুস্থ-স্থ = স+থ, ডাক্তার-ক্ত = ক+ত *ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন- সন্তান, অসুস্থ চিকিৎসা, প্রাণ, শরীর, ডাক্তার ইত্যাদি। *শিশুদের শব্দগুলো অর্থ পড়তে বলবেন ও লেখাবেন।*
- *শিশুরা শব্দ দিয়ে কী কী বাক্য তৈরি করেছে তা শুনবেন। প্রয়োজনে ফলাবর্তন দিবেন।*
- *এরপর পাঠটি পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন। যেমন-* শহিদ আবদুল জব্বার কেন ঢাকায় এসেছিলেন? শহিদ আবদুল জব্বার কেন মিছিলে যোগ দিয়েছিলেন? ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড - ৬
## পৃষ্ঠা:১৭ (আরেক ভাষাশহিদের নাম ..........বাঁচানো গেল না।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য, ছোট প্রশ্ন এবং অন্যের লেখা পড়তে পাড়া।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শহিদ আবদুল জব্বারের মন কেন কেঁদেছিল?*
  - *শহিদ আবদুল জব্বার সম্পর্কে তুমি কী জান তা সংক্ষেপে বল?*
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিক্ষক আবদুস সালামের ছবি দেখিয়ে বলবেন, এটি কার ছবি? শিশুরা বলবে শিক্ষক সাহায্য করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ভাষাশহিদদের কথা' গল্পটির (আরেক ভাষাশহিদের নাম ..........বাঁচানো গেল না') অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৪টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। এ ছাড়া ভাষাশহিদ আবদুস সালাম সম্পর্কে তিনটি বাক্য লিখতে দেবেন। লেখা শেষে শিক্ষার্থীরা একে অপরের খাতা দেখবে ও যাচাই করবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্যসহ প্রশ্ন তৈরি ও উত্তর শিখেছি।

## পিরিয়ড - ৭

## পৃষ্ঠা: ১৭ (এই ভাষাশহিদেরা..........তাঁদের ভুলব না।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ভাষাশহিদ আবদুস সালামের বাড়ি কোথায়?
  - তিনি কেন মিছিলে গিয়েছিলেন?
  - ভাষাশহিদ আবদুস সালাম কী করতেন?
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলি শিশুদের দেখাবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ভাষাশহিদদের কথা' গল্পটির ('এই ভাষাশহিদেরা..........তাঁদের ভুলব না') অংশটুকু পড়ব ।

- শিশুদের পাঠ্যপুস্তকের ১৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৩-৪ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন।* দলে পঠিত অংশ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে। শিশুরা একে অন্যের খাতা যাচাই করবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন:* সম্মান- ম্ম = ম+ম, রক্ষা -ক্ষ = ক+ষ, আত্মত্যাগ -ত্ম = ত+ম, রাষ্ট্রভাষা *ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।* এরপর শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি ও উত্তর শিখেছি।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ১৮ (অনুশীলনী-১, ২, ৩)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ** : পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পূর্ব *জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *কাদের আত্মত্যাগের ফলে বাংলা রাষ্ট্রভাষা হয়েছে?*
  - *আমরা কেন তাঁদের কখনো ভুলব না? ইত্যাদি।* উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এবার শিশুদের বইয়ের ১৮ পৃষ্ঠার অনুশীলনী অংশ খুলতে বলবেন।
- শিক্ষক ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর শব্দগুলোর অর্থ ও বাক্য সকলের উদ্দেশে জিজ্ঞাসা করবেন। শিশুরা সমস্বরে বলবে। *এরপর শিক্ষক প্রয়োজন অনুযায়ী শিশুদের শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।*
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।
- প্রথমে শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। যেমন: ক. তরুণদের মধ্যে সব সময়................ভাব। শিশুদের উদ্দেশে জিজ্ঞাসা করবেন, ওপরের শব্দগুলো থেকে খালি জায়গায় কোন শব্দটি বসবে। শিশুরা বলবে শিক্ষক খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুদের খাতায় করতে দেবেন।

- এরপর অনুশীলনী ৩ এর 'যুক্তবর্ণগুলো চিনে নিই' শিশুদের পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির অনুশীলনী থেকে শব্দের অর্থ, বাক্য তৈরি এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লিখেছি।

## পিরিয়ড ৯
## পৃষ্ঠা: ১৯-২০ (অনুশীলনী- ৪, ৫, ৬, ৭)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে বিগত পাঠ থেকে প্রশ্ন করবেন।*
- এবার শিশুদের বইয়ের ১৯ পৃষ্ঠার অনুশীলনী অংশ খুলতে বলবেন।
- পাঠের শিরোনাম অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন বোর্ডে লিখবেন 'ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। এরপর শিশুদের উদ্দেশে জিজ্ঞাসা করবেন। তাদের দেওয়া ঠিক উত্তরটি লিখবেন।
- শিশুরা প্রতিটি প্রশ্নের উত্তর বাছাই করে প্রথমে মুখে মুখে বলবে। তারপর খাতায় লিখতে দেবেন।
- শিক্ষক এভাবে ৪ নম্বর অনুশীলনীর ক-গ প্রশ্নগুলো করাবেন।
- এরপর শিক্ষক ৫ নম্বর অনুশীলনীর 'ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। শিশুদের খাতায় কাজটি করতে বলবেন। এরপর শিক্ষক একটি করে বলবেন শিশুরা মিলিয়ে নেবে। শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের খাতা দেখবেন।
- এরপর শিক্ষক ৬ নম্বর অনুশীলনীর কাজ করাবেন 'নাম বোঝায় এমন শব্দ লিখি।' প্রথমে শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। শিক্ষক শিশুদের কাছে প্রথমে মাসের নাম জানতে চাইবেন। যেমন: মাসের নাম ..........ফেব্রুয়ারি, ফাল্গুন। শিশুরা বলবে শিক্ষক লিখবেন।
- এরপর শিক্ষক ৭ নম্বর অনুশীলনীর 'বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা ঘরে ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক প্রথমে বিপরীত শব্দ কী তা শিশুদের বুঝিয়ে দেবেন।
- শিক্ষক ৭ নম্বর অনুশীলনীর একটি করে শব্দ বলবেন, শিশুরা এর বিপরীত শব্দটি মুখে মুখে বলবে। শিক্ষক মাঝে মাঝে সবার উদ্দেশে আবার এককভাবে জিজ্ঞাসা করবেন। এভাবে শিক্ষক প্রত্যেকটি বিপরীত শব্দ মুখে মুখে করাবেন। এরপর শিশুদের খাতায় কাজটি করতে বলবেন। একটি বোর্ডে দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক একটি করে বলবেন শিশুরা মিলিয়ে নেবে। শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের খাতা দেখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পের অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে বলা, ডান দিক থেকে ঠিক শব্দ নিয়ে খালি জায়গায় বসানো, নাম বোঝায় এমন শব্দ লেখা এবং বিপরীত শব্দ লেখার কাজ করেছি।

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ২০ - ২১ (অনুশীলনী - ৮, ৯, ১০)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১,

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। গত দিনের পাঠ থেকে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
- এরপর শিশুদের বইয়ের ২০ পৃষ্ঠার অনুশীলনী অংশ খুলতে বলবেন।
- প্রথমে ৮ নম্বর অনুশীলনীর (ক-ঝ) পর্যন্ত প্রশ্নগুলো করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন 'মুখে মুখে উত্তর বলি ও লিখি।' শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন। শিক্ষক কিছু সময় শিশুদের দলে প্রশ্নগুলোর উত্তর কী হবে আলাপ করতে বলবেন।
- আলাপ শেষে শিক্ষক প্রথমে সবার উদ্দেশে প্রশ্ন করবেন। যেমন: প্রশ্ন- আমাদের শহিদ দিবস কবে? মাতৃভাষা কেন আমাদের এত প্রিয়? শিক্ষার্থীরা বলবে। এরপর শিক্ষক প্রশ্নগুলোর উত্তর লিখতে দেবেন।
- শিক্ষক ৯ নম্বর অনুশীলনীর 'নিচের শব্দগুলো দিয়ে মুখে মুখে বাক্য বলি ও লিখি' কাজটি করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। শিশুদের খাতায় কাজটি করতে বলবেন। এরপর শিক্ষক একটি করে বলবেন শিশুরা মিলিয়ে নেবে। শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের খাতা দেখবেন।
- এরপর শিক্ষক ১০ নম্বর অনুশীলনীর 'ছবি দেখি। ছবি নিয়ে ভাবি। বাক্য বলি ও লিখি' কাজটি করাবেন।
- এ ক্ষেত্রে শিক্ষক নির্দেশনাটি শিশুদের ভালোভাবে বুঝিয়ে দেবেন। বাক্যগুলো যাতে অর্থপূর্ণ হয় সেদিকে খেয়াল রাখবেন।
- লেখা শেষে প্রয়োজনে সামনে এসে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পের অনুশীলনী থেকে প্রশ্নের উত্তর বলা ও লেখা, শব্দ দিয়ে বাক্য লেখা এবং ছবি দেখে বাক্য লিখেছি।

## পিরিয়ড-১১
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. প্রশ্নগুলোর উত্তর লেখ ।

ক. রফিক, সালাম, বরকত এবং জব্বার এই নামগুলো তোমাকে কিসের কথা মনে করিয়ে দেয়?
খ. বাংলা কাদের রাষ্ট্রভাষা?
গ. বাঙালির মুখের ভাষা কী?
ঘ. মাতৃভাষার জন্য কারা জীবন দিয়েছেন?

২. বিপরীত শব্দ দাগ টেনে মিলাই ।

| | |
|---|---|
| সম্ভব | অসম্ভব |
| দিন | মরণ |
| জীবন | পুরনো |
| নতুন | রাত |

৩. দাগ টেনে অর্থ মিলাই ।

| | |
|---|---|
| থমথমে | সুস্থ নয় |
| মিছিল | নিজের প্রাণ উৎসর্গ করা |
| আত্মত্যাগ | বিপদের ভয়ে নীরব যাত্রা |
| অসুস্থ | শোভাযাত্রা |

৪. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ লিখি ।

ক. দ্ধ .............................................. ..............................................................

খ. ষ্ট্র .............................................. ..............................................................

গ. ম্ম .............................................. ..............................................................

ঘ. ল্প .............................................. ..............................................................




# চল্ চল্ চল্

কাজী নজরুল ইসলাম

চল্ চল্ চল্!
ঊর্ধ্ব গগনে বাজে মাদল
নিম্নে উতলা ধরণি তল,
অরুণ প্রাতের তরুণ দল
চল রে চল রে চল
চল্ চল্ চল্ ॥

উষার দুয়ারে হানি আঘাত
আমরা আনিব রাঙা প্রভাত,
আমরা টুটাব তিমির রাত,
বাধার বিন্ধ্যাচল।

নব নবীনের গাহিয়া গান
সজীব করিব মহাশ্মশান,
আমরা দানিব নতুন প্রাণ
বাহুতে নবীন বল।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

ঊর্ধ্ব গগন মাদল নিম্নে উতলা ধরণি অরুণ প্রাতে
ঊষা প্রভাত টুটাব তিমির বিন্ধ্যাচল নবীন সজীব শ্মশান

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| নবীনদের | ধরণি | প্রভাতে | উতলা | বিন্ধ্যাচল | মাদল | সজীব |
|---|---|---|---|---|---|---|

ক. তিনি ............................... বই পড়েন।

খ. সাঁওতালরা নাচের সময় ............................... বাজায়।

গ. আমরা ............................... বরণ করি।

ঘ. তরুণটি সব সময় ............................... ।

ঙ. ............................... খুবই সুন্দর ।



চ. মা সন্তানের জন্য ............................ হয়েছেন।

ছ. .................................... একটি পর্বতের নাম।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ঊর্ধ্ব | র্ধ্ব | র্ধ | ব | | | |
| নিম্নে | ম্ন | ম | ন | | | |
| বিন্ধ্যাচল | ন্ধ্য | ন | ধ | ্য | (য–ফলা) | অন্ধ, বন্ধ |
| মহাশ্মশান | শ্ম | শ | ম | | (্ম –ফলা) | রশ্মি |

## ৪. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. মাদল বাজে কোথায়?

১. উর্ধ্ব গগনে ২. ধরণি তলে

৩. উষার দুয়ারে ৪. মহাশ্মশানে

খ. অরুণ প্রাতের দলে কারা আছে?

১. শিশুরা ২. কিশোরেরা

৩. তরুণেরা ৪. প্রবীণেরা

## ৫. কথাগুলো বুঝে নিই এবং লিখি?

ক. আমরা টুটাব তিমির রাত
বাধার বিন্ধ্যাচল।

তরুণেরা সজীব প্রাণের অধিকারী। তারা সব সময় অন্ধকার দূর করতে চায়। তারা এ জন্য সব বাধা ডিঙিয়ে যাবে।

খ. নব নবীনের গাহিয়া গান
সজীব করিব মহাশ্মশান

মহাশ্মশানে প্রাণের আনন্দ নেই। তরুণেরা নতুনের গান গেয়ে মহাশ্মশানকে সজীব করে তুলবে।

## ৬. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. সারি বেঁধে কারা চলেছে?

খ. কারা তিমির দূর করবে?

গ. বিন্ধ্যাচল কী?



## ৭. আগের চরণটি বলি ও লিখি।

ক. ..........................................................


নিম্নে উতলা ধরণি তল

খ. ..........................................................

আমরা আনিব রাঙা প্রভাত

গ. ..........................................................

সজীব করিব মহাশ্মশান



## ৮. একই অর্থের শব্দ জেনে নিই।

| | |
|---|---|
| গগন – | আকাশ, আসমান, নভ। |
| ধরণি – | পৃথিবী, অবনী, জগৎ। |

## ৯. তালে তালে পা ফেলে আমরা কবিতাটি আবৃত্তি করি।

## ১০. কবিতাটি লিখি।

## ১১. সবাই মিলে কবিতাটি সুর করে গাই।

# চল্ চল্ চল্

## কাজী নজরুল ইসলাম

## পৃষ্ঠা ( ২২ - ২৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে।<br>২.১.৩ কবিতার মূলভাব শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে। | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.১.৩ পাঠবইয়ের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৪ পাঠ বহির্ভূত কবিতা শ্রবনযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.৩ পাঠ্যপুস্তকের মানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের মানসম্পন্ন শিশুতোষ পাঠসমগ্রী পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জন সহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরাম চিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে।<br>২.৩.২ কবিতাসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড- ৭**

## পিরিয়ড-১

## পৃষ্ঠা : ২২, প্রথম স্তবক (চল্ চল্ চল্..........চল্ চল্ চল্ ।)

### শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১
বলা : ১.১.১, ১.১.২, ২.১.৩, ২.২.২
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক, জতীয় কবি কাজী নজরুল ইসলামের বড় ছবি, পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন ।
- শিক্ষক কবিতাটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন । যেমন-
  - আজকের পাঠের যে কবিতা সেটা কী ধরনের (মার্চ সংগীত) কবিতা বলবেন। এ কবিতার রচয়িতা যে আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, সে কথা উল্লেখ করে দুয়েকটি কথা বলবেন ।
- শিক্ষক পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি দেখাবেন । ছবিতে কী আছে তা শিশুরা চিনতে পারছে কিনা জিজ্ঞাসা করবেন ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম 'চল্ চল্ চল্' ও কবির নাম 'কাজী নজরুল ইসলাম' বোর্ডে লিখবেন । *প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন ।*
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ২২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন ।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি প্রমিত উচ্চারণে ছন্দ ছন্দে তালে তালে কবিতা ও কবির নামসহ পড়বেন ।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা 'চল্ চল্ চল্' কবিতার ('চল্ চল্ চল..........চল্ চল্ চল্'। ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়বেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন ।
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের ৫-৬ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন । *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন ।* প্রথমে দলে পড়ার কাজ করাবেন । শিশুদের কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন অথবা যারা মুখস্থ বলতে পারবে তাদের না দেখে লিখতে বলবেন । পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক পড়াবেন ।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন ।
- এরপর শিক্ষক নতুন/আজানা শব্দের অর্থ ও বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন । যেমন- ঊর্ধ্ব, গগন, মাদল, নিম্নে, উতলা, ধরণী, অরুণ, প্রাতে ইত্যাদি ।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন । প্রথমে শিশুদের যুক্তবর্ণটি ভেঙে লিখলে কী হবে তা জিজ্ঞাসা করে বোর্ডে লিখবেন । যেমন: ঊর্ধ্ব-ধ্ব = ধ+ব, নিম্নে -ম্ন = ম+ন । তিনি যুক্তাক্ষরগুলো দিয়ে তৈরি আরও কয়েকটি শব্দ বলবেন ।
- শিক্ষক শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও খাতায় লেখাবেন । *এরপর প্রয়োজন অনুযায়ী শিশুদের শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন ।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি । কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং কবিতার অংশবিশেষ লেখা শিখেছি ।

## পিরিয়ড - ২

## পৃষ্ঠা: ২২, দ্বিতীয় স্তবক (উষার দুয়ারে..........বিন্ধ্যাচল ।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ২.১.২, ২.১.৩**
**বলা : ১.১.১, ১.১.২, ২.১.৩, ২.২.২**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২**
**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- কুশল বিনিময় করবেন। *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *মাদল কোথায় বাজে?*
  - *সারি বেঁধে কারা যাচ্ছে?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ 'চল্ চল্ চল্' কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লেখবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার ('উষার দুয়ারে...........বাধার বিন্ধ্যাচল'।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ২২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন অথবা যারা মুখস্থ বলতে পারবে তাদেরকে না দেখে লিখতে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক পড়াবেন।
- এরপর কবিতার অজানা বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন ও অর্থ শেখাবেন যেমন- বিন্ধ্যাচল, উষা, প্রভাত, টুটাব, তিমির। ইত্যাদি। যুক্তবর্ণযুক্ত শব্দ বোর্ডে ভেঙে দেখাবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: বিন্ধ্যাচল− ন্ধ = ন+ধ। বিন্ধ্যাচল = উঁচু পর্বত। তিনি যুক্তাক্ষরগুলো দিয়ে তৈরি আরও কয়েকটি শব্দ বলবেন। শিশুরা বোর্ড দেখে খাতায় লিখে নেবে। শিক্ষক নতুন শব্দ ও যুক্তবর্ণযুক্ত শব্দ শিশুদের পড়াবেন ও লেখাবেন। পঠিত অংশ থেকে প্রয়োজন অনুযায়ী বাক্য লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং এবং কবিতার অংশবিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড -৩

## পৃষ্ঠা - ২২, তৃতীয় স্তবক (নব নবীনের..........নবীন বল।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ২.১.২, ২.১.৩**
**বলা : ১.১.১, ১.১.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২**

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া, শব্দের অর্থ, বাক্য, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *তরুণরা কী নিয়ে আসবে?*
  - *তরুণরা কিসের বাধা পার হবে?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বলবেন *এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।*
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার ('নব নবীনের..........নবীন বল'।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ২২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি বসতে বলবেন। *আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।* জোড়ায় কবিতার অংশবিশেষ দেখে দেখে লিখতে বলবেন।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুদের আগের মতো ঘুরে বসতে বলবেন।
- এরপর কবিতার নতুন/অজানা শব্দগুলো যেমন- নবীন, সজীব, মহাশ্মশান বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন।
- শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দ বোর্ডে ভেঙে দেখাবেন। প্রথমে শিশুদের যুক্তবর্ণটি ভেঙে লিখলে কী হবে তা জিজ্ঞাসা করে বোর্ডে লিখবেন। যেমন: মহাশ্মশান- শ+ম = শ্ম। তিনি যুক্তাক্ষরগুলো দিয়ে তৈরি আরও কয়েকটি শব্দ বলবেন। শিক্ষক নতুন শব্দ ও যুক্তবর্ণযুক্ত শব্দ শিশুদের পড়াবেন ও লেখাবেন। প্রয়োজন অনুযায়ী শব্দ দিয়ে বাক্য লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং এবং কবিতার অংশবিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ২৩ (অনুশীলনী- ১ ও ২)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ২.১.২, ২.১.৩
**বলা** : ১.১.১, ১.১.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ এবং বাক্য।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *কারা নব নবীনের গান গাইবে?*
  - *তরুণরা কী সবুজ করবে?*
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ২৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন এবং ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো কবিতার মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।

- শিক্ষক শিশুদের উদ্দেশে ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। লক্ষ রাখবেন সব শিশুই যেন অংশগ্রহণ করে।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি কাজ করাবেন।
- শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। শিশুদের খাতায় কাজটি করতে বলবেন। এরপর শিক্ষক একটি করে বলবেন শিশুরা মিলিয়ে নেবে। শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের কয়েকজনের খাতা দেখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতার অনুশীলনী থেকে শব্দের অর্থ এবং বাক্য লিখেছি।

## পিরিয়ড - ৫
## পৃষ্ঠা: ২৩-২৪ ( অনুশীলনী- ৩, ৪, ৫ )

### শিখনফল

**শোনা** : ১.১.১, ১.১.২, ২.১.২, ২.১.৩
**বলা** : ১.১.১, ১.১.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** বাক্য, যুক্তবর্ণ, ছোট প্রশ্ন এবং চরণের মূলভাব

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিক্ষক কবিতাটি কয়েকজনকে মুখস্থ বলতে বলবেন।*
  - *বাংলাদেশের জাতীয় কবি কে? ইত্যাদি।*
- শিক্ষক পাঠ্যপুস্তকের ২৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৩ নম্বর প্রশ্নের উত্তর করাবেন। ৩ নম্বর অনুশীলনীর 'যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন। কয়েকজনকে ঊর্ধ্ব, নিম্নে, বিন্ধ্যাচল, মহাশ্মশান যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে নতুন আরেকটি শব্দ বলতে বলবেন। এরপর ৩ নম্বর অনুশীলনীর শব্দগুলো দেখে এবং না দেখে লিখতে দেবেন।
- এরপর শিক্ষক অনুশীলনীর ৪ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন। ৪ নম্বর প্রশ্নের উত্তর মুখে মুখে জিজ্ঞাসা করবেন। শিশুরা খাতায় উত্তর লিখবে।
- শিক্ষক এবার ৫ নম্বর প্রশ্নের ক এবং খ কবিতাংশ দুটি বুঝিয়ে দেবেন। কবিতাংশ দুটি সম্পর্কে তাদের অনুভূতি ও ধারণা বলতে বলবেন। পরে ক এবং খ কবিতাংশ দুটিতে কী বোঝানো হয়েছে তা বই দেখে প্রথমে পড়তে এবং পরে লিখতে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং প্রয়োজনে শিশুদের সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতার অনুশীলনী থেকে 'যুক্তবর্ণগুলো ভেঙে লিখেছি, ঠিক উত্তর বাছাই করে লেখাসহ কবিতার অংশবিশেষের মূলভাব বুঝেছি এবং লিখেছি।

## পিরিয়ড - ৬
## পৃষ্ঠা: ২৪-২৫ (অনুশীলনী- ৬, ৭, ৮, ৯, ১০, ১১)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ২.১.২, ২.১.৩
**বলা** : ১.১.১, ১.১.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া, ছোট প্রশ্ন, শূন্যস্থান, একই অর্থের শব্দ বলা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে বিগত পাঠ যাচাই করবেন।*
- এরপর শিশুদের পাঠ্যপুস্তকের ২৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ৬ নম্বর অনুশীলনীর (ক-গ) পর্যন্ত প্রশ্নগুলো করাবেন। শিশুরা উত্তর বলবে ও খাতায় লিখবে।
- এরপর ৭ নম্বর অনুশীলনীর 'আগের চরণটি বলি ও লিখি' (ক-গ) পর্যন্ত এবং অনুশীলনী ৮, ৯, ১০, ১১ নম্বর প্রশ্নগুলো করাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনী থেকে প্রশ্নের উত্তর, শূন্যস্থান, একই অর্থের শব্দ বলা, কবিতা আবৃত্তি ও লেখার কাজগুলো করেছি।

## পিরিয়ড - ৭
## পাঠ শেষে সামগ্রিক মুল্যায়ন

১. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি ।

| |
|---|
| তিমির, গগনে, সজীব, টুটাব |

ক. তরুণটি সব সময় ........................................ ।

খ. ........................................রাত ঘনিয়ে আসছে ।

গ. আমরা সব বাধা ............................................ ।

ঘ. ........................................ মেঘ ভেসে বেড়াচ্ছে ।

২. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ লিখি ।

ক. ম্ন ........................................ ................................................................

খ. ন্ধ ........................................ ................................................................


গ. শ্ম ........................................ ................................................................

৩. দাগ টেনে অর্থ মিলাই ।

| | |
|---|---|
| উষা | ব্যাকুল |
| উতলা | ওপরের দিকে |
| নবীন | ভোরবেলা |
| ঊর্ধ্ব | নতুন |

৪. কবি কাজী নজরুল ইসলাম সম্পর্কে তিনটি বাক্য লেখ ।





# স্বাধীনতা দিবসকে ঘিরে

আজ বৃহস্পতিবার। এই দিন শেষের দুই পিরিয়ডে অন্য রকমের কাজ হয়। আনন্দে ভরে ওঠে আমাদের মন। হাসি আনন্দে ভরে থাকে পুরো সময়টা। তাই সবাই আমরা বৃহস্পতিবারের অপেক্ষায় থাকি।

আজ ছবি আঁকার শিক্ষক রূপা আপা তাড়াতাড়ি চলে এলেন।

রূপা : তোমরা তো জানোই আগামী রবিবার আমাদের স্বাধীনতা দিবস। তাই তোমাদের আজই শ্রেণিকক্ষ সাজিয়ে ফেলতে হবে।

তিথি: হ্যাঁ, সাজাব আপামণি।

রূপা : রুনু ও আনিস এখানে চলে এসো।





রুনু ও আনিস তাঁর টেবিলের কাছে চলে গেল।


রূপা আপামণির হাতে একটি ডালা। তাতে কত রকমের জিনিস।

রূপা : এগুলো নাও। পাঁচ মিনিট দুজনে পরামর্শ করো। কী কী তৈরি করবে, কোথায় কোথায় সেগুলো লাগাবে। আমি সাহায্য করব। প্রয়োজনে আমাকে জিজ্ঞেস করো।

রুনু ও আনিস নিজেদের মধ্যে কথা বলল। তারপর দুটি দলে ভাগ করে দিল সবাইকে। দুটি দল দুই দিকে বসে কাজ শুরু করে দিল। একটু গল্প হাসিও চলতে লাগল।



দুই দল মিলে নানা রকমের কাজ করল। লম্বা লম্বা শিকল বানালো রঙিন কাগজ দিয়ে। আর্টবোর্ডে ফুল পাতা এঁকে রং করে নিল। তাতে রাংতার ফিতে দিয়ে কারুকাজ করল। রুপা আপামণি ঘুরে ঘুরে দেখছিলেন। একটু দেখিয়ে দিচ্ছিলেন মাঝে মাঝে। তারপর গিয়ে বসলেন নিজের চেয়ারে। একটু পরে রুনু ও আনিস এলো তাঁর কাছে।

আনিস: আপামণি, আমাদের একটা অনুরোধ আছে।

রুপা : হ্যাঁ, বলো।

রুনু : আমরা একটা দৃশ্য তৈরি করেছি। সেটা পিছনের দেয়ালে লাগাতে হবে। আমরা দেয়ালটা ব্যবহার করতে চাই।


রুপা : তা করতে পারো।

আনিস: আপনি দয়া করে একটু উঠে দাঁড়ান। তা হলে আমরা দেয়ালে কাজ করতে পারব।

রুপা : ঠিক আছে।



ওরা প্রথমে সাদা আর্টবোর্ড আঠা দিয়ে দেয়ালে লাগাল। রং করা লম্বা গাছটি সেঁটে দিল বাঁ দিকে। গাছের নিচে সবুজ ঝোপে লাল হলুদ কাগজের ফুল লাগাল। চার পাঁচটি গামছাবাঁধা মাথা দেখা যাচ্ছে সেখানে। শক্ত আর্টবোর্ড দিয়ে বানানো হাতে ধরা রাইফেল। দেয়ালের ডান দিকে বালির বস্তা আঁকা কাগজ লাগাল। সেখানে পাকিস্তানি সেনাদের ছবি। পুরো দৃশ্যটায় যেন যুদ্ধ লেগে গেছে।



নীলার হাতে শক্ত কাগজে বানানো জাতীয় পতাকা।

রূপা : দাও, আমি ওটা লাগিয়ে দিচ্ছি। ওটা লাগাতে হবে গাছের মগডালে।

রবি : (হেসে) ধন্যবাদ, আপামণি।

রঙিন কাগজের শিকল, ফুল আর পাতা বানানো ছিল। শ্রেণিকক্ষের চারদিকে মালার মতো সেগুলো ঝুলিয়ে দিল রবি ও পারুল। নীল সাদা রাংতার ফিতে মালার মাঝে মাঝে ঝুলিয়ে দিল। চারদিকটা তখন ঝলমল করে উঠল।

রূপা : খুব সুন্দর কাজ হয়েছে তোমাদের। ২৬ এ মার্চ স্বাধীনতা দিবসে তোমাদের কাজের জন্য পুরস্কার দেওয়া হবে।

খুশিতে সকলে হাততালি দিল।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

স্বাধীনতা পিরিয়ড অপেক্ষা আর্টবোর্ড রাংতা কারুকাজ সাঁটা

রাইফেল যুদ্ধ মগডাল পুরস্কার

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

যুদ্ধ কারুকাজ স্বাধীনতা আর্টবোর্ডে অপেক্ষা পুরস্কার

ক. গরমের ছুটির .................................. করছি।

খ. ২৬ এ মার্চ বাংলাদেশের .................................. দিবস।

গ. ছবি এঁকে শাকিল .................................. পেয়েছে।

ঘ. আমরা ............................ করে স্বাধীনতা লাভ করেছি।

ঙ. শাড়িতে মা সুতার ................................ করেছেন।

চ. রাকিব ...................................... প্রজাপতি এঁকেছে।



## ৩. বাম পাশের দুটি শব্দ জোড়া দিয়ে একটি শব্দ তৈরি করি।

| | | |
|---|---|---|
| ছাত্র | ছাত্রী | ছাত্রছাত্রী |
| আপা | মণি | |
| দল | নেতা | |
| আর্ট | বোর্ড | |
| ফুল | পাতা | |

## ৪. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | |
|---|---|---|---|---|
| বৃহস্পতিবার | স্প | স | প | স্পষ্ট, স্পর্শ |
| আর্টবোর্ড | র্ট | ´ | ট | শার্ট, চার্ট |
| পুরস্কার | স্ক | স | ক | তিরস্কার, ভাস্কর |
| পরামর্শ | র্শ | ´ | শ | বর্শা, দর্শক |

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. সবাই বৃহস্পতিবারের অপেক্ষায় থাকে কেন?

১. কোনো ক্লাস থাকে না

২. তাড়াতাড়ি ছুটি হয়ে যায়

৩. শেষের দুই পিরিয়ডে অন্য রকমের কাজ হয়

৪. বিদ্যালয় বন্ধ থাকে

খ. আমাদের স্বাধীনতা দিবস কবে?

১. ২১ এ ফেব্রুয়ারি ২. ২৫ এ মার্চ

৩. ২৬ এ মার্চ ৪. ১৬ ই ডিসেম্বর


গ. ছাত্রছাত্রীরা মুক্তিযুদ্ধের ছবিটি তৈরি করল কেন?

১. স্বাধীনতা দিবসের অনুষ্ঠান ছিল

২. নিজেরা মুক্তিযোদ্ধা সাজতে চেয়েছিল

৩. মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জানাবে

৪. সবাই মিলে আনন্দ করবে



**৬. বাম দিকের বাক্য খেয়াল করি। বাক্য দিয়ে কী বোঝানো হয়েছে ডান দিকের শব্দের সঙ্গে মিলিয়ে বুঝি ও বলি।**

| | | |
|---|---|---|
| ক. তোমাদের শ্রেণিকক্ষ পরিষ্কার রাখা উচিত। | আদেশ | উপদেশ |
| খ. রুনু ও আনিস, এদিকে এসো। | আদেশ | অনুরোধ |
| গ. আমাকে একটু তুলে ধরো না ভাই। | অনুরোধ | আদেশ |
| ঘ. কোথায় লাগাব পতাকাটা? | প্রশ্ন | অনুরোধ |
| ঙ. খুব সুন্দর কাজ হয়েছে তোমাদের। | উপদেশ | প্রশংসা |

**৭. বাক্যগুলো পড়ি। বৈশিষ্ট্য বোঝানো শব্দ জেনে নিই।**



এটা কাগজ। এটা রঙিন কাগজ।

ওটা শিকল। ওটা লম্বা শিকল।

আর্টবোর্ড আনো। সাদা আর্টবোর্ড আনো।

গাছের নিচে ঝোপ। গাছের নিচে সবুজ ঝোপ।

এসব বাক্যে রঙিন, লম্বা, সাদা, সবুজ হচ্ছে বৈশিষ্ট্য বোঝানো শব্দ।

এবার ঘরের ভিতরের বৈশিষ্ট্য বোঝানো শব্দ নিয়ে খালি জায়গায় বসাই।

| | | | | |
|---|---|---|---|---|
| সবুজ | চমৎকার | হলুদ | নীল | সাদা |

রুনু ........................................ কাগজে একটা ........................................

........................................ দৃশ্য আঁকল। সে তাতে ........................................

গাছ, ........................................ গাঁদা ফুল, ........................................ আকাশ

আঁকল।

**৮. শ্রেণিকক্ষ সাজানোর বিষয়টি নিজের ভাষায় বলি।**

# স্বাধীনতা দিবসকে ঘিরে
## পৃষ্ঠা (২৬-৩১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>১.৩.৫ প্রশংসা শুনে বুঝতে পারবে।<br>১.৩.৬ ঘোষণা শুনে বুঝতে পারবে।<br>১.৩.৯ অনুরোধ শুনে বুঝতে পারবে। |
| ৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.১ পরিচিত বিষয়ে কথোপকথন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা** | **বলা** |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.৩ যুক্তবর্ণ দিয়ে শব্দ যুক্ত বাক্য ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.১ অনুরোধ করতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | ২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে। |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | ২.৫.১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে।<br>২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| ৩.২ বিনয়ের সঙ্গে সম্বোধন করে অনুমতি চাইতে ও কথা বলতে পারবে। | ৩.২.১ বিনয়ের সঙ্গে সম্মোধন করবে।<br>৩.২.২ বিনয়ের সঙ্গে অনুমতি চাইবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে। | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| | |
|---|---|
| পড়া<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে।<br>৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | পড়া<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৫.১ কথোপকথনের আকারে লেখা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.২ কথোপকথনের আকারে লেখা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে।<br>৩.১.২ অন্যের (শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| লেখা<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে।<br>৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | লেখা<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৫ কথোপকথন-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |

পাঠ বিভাজন: পিরিয়ড-১১

## পিরিয়ড-১
## পৃষ্ঠা: ২৬ (আজ বৃহস্পতিবার---------------জিজ্ঞেস কর।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২,

**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৫,

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা স্বাধীনতাযুদ্ধের ছবি, শিখন-উপকরণ

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে পড়া, প্রশ্ন-উত্তর

শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, বৃহস্পতিবার, প্রতিদিনের মতো আজও আমাদের ক্লাস হবে কিন্তু একটু অন্য রকম। কেন বৃহস্পতিবার অন্য রকম তা কি বলতে পারবে? বলবেন, আমাদের যেমন ঐদিন একটু অন্য রকম ক্লাস ঠিক সে রকম একটি গল্প আজ আমরা পড়ব।
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
    - শিক্ষক স্বাধীনতা দিবস উদযাপনের বিষয়ে কীভাবে সবাইকে নিয়ে শ্রেণিকক্ষ সাজাবেন তা আলোচনা করবেন।
    - এখানে গল্পের শ্রেণিতে একজন আপামণি ও কয়েকজন শিশু কাজ করছে তা বলবেন।
    - এভাবে সম্পূর্ণ গল্পের ওপর সংক্ষেপে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথন নিয়ে আলোচনা করব এবং এর প্রথম অংশ পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পেটির নির্ধারিত অংশ (আজ বৃহস্পতিবার---------জিজ্ঞেস করো) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শুরুতেই ছবিতে কী দেখা যাচ্ছে তা জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন।ঘুরে ঘুরে ফলাবর্তন দেবেন।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: বৃহস্পতিবার–স্প = স+প, জিজ্ঞেস–জ্ঞ=জ+ঞইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড-২
## পৃষ্ঠা: ২৬ (আজ বৃহস্পতিবার----------------জিজ্ঞেস কর।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা স্বাধীনতা দিবসের ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত, নতুন শব্দ, আদেশ নির্দেশ ও নিষেধ বাক্য, বাক্য তৈরি করা

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  যেমন:
  - *কেন শ্রেণিকক্ষ সাজাতে হবে?*
  - *কোন দিন শেষের দুই পিরিয়ড একটু অন্য রকম হয়?*
  - *আপামণির নাম কি?*
  - *আপামণি এসে কাদেরকে ডাকলেন?*
  - *রূপা ও আনিস কাজটি শুরু করার আগে কি করল?*
- *শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথন নিয়ে আলোচনা করব এবং পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পেটির নির্ধারিত অংশ (আজ বৃহস্পতিবার---------জিজ্ঞেস কর) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এবার শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং জোড়ায় কী করবে তা বুঝিয়ে দিবেন। যেমন-
- প্রথমে একজন শিশু ২ লাইন করে পড়বে অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের পড়তে সহায়তা করবেন এবং দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে তৈরি যুক্তবর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।

- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: স্বাধীনতা = বাধাহীনতা বা মুক্ত, পিরিয়ড = বেঁধে দেওয়া সময়, অপেক্ষা = প্রতীক্ষা বা সবুর, পরামর্শ = আলোচনা ইত্যাদি। শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও উক্ত শব্দ দিয়ে বাক্য লেখাবেন।
- আজ পাঠের যে সকল বাক্যে আদেশ নির্দেশ আছে তা উল্লেখ করে দেখাবেন। যেমন–তোমাদের আজই শ্রেণিকক্ষ সাজিয়ে ফেলতে হবে। = আদেশ। হ্যাঁ করব আপামণি। = সম্মানসূচক। আজ দুইজন দলনেত থাকবে। = আদেশ। রুনু ও আনিস এখানে চলে এসো। = আদেশ। এগুলো নাও। = অনুরোধ। প্রয়েজনে আমাকে জিজ্ঞেস করো। = পরামর্শ। শিশুদের আদেশ নির্দেশ বাক্যগুলো পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য শিখেছি।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠা: ২৬-২৭ (রুনু ও আনিস---------------করতে চাই।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.২**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫**

**উপকরণ:** পাঠ্যপুস্তক , পোস্টারে আঁকা স্বাধীনতা দিবসের ছবি।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙ্গে পড়া, প্রশ্ন-উত্তর, নতুন শব্দের অর্থ |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
  - *এ গল্পে স্বাধীনতা দিবস ছিল কী বারে?*
  - *বৃহস্পতিবার কেন মনটা আনন্দে ভরে ওঠে?*
  - *তোমাদের ক্লাসে কোন দিন আছে যেদিন তোমাদের খুশি লাগে?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথন নিয়ে আলোচনা করব এবং পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পটির নির্ধারিত অংশ (রুনু ও আনিস---------------করতে চাই) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৬ ও ২৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।

- পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর লিখবে। শিশুরা একে অন্যের খাতা দেখে সংশোধন করবে।।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: লম্বা–ম্ব=ম+ব, ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিক্ষক শিশুদের দিয়ে বোর্ডে নতুন বা বিশেষ শব্দ লিখবেন এবং পড়াবেন। যেমনঃ আর্টবোর্ড= ছবি আঁকার শক্ত কাগজ, রাংতা= ধাতুর খুব পাতলা পাত, কারুকাজ= সুন্দর কাজ, অনুরোধ= মিনতি, শিকল= চেইন, ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠাঃ ২৬-২৭ (রুনু ও আনিস---------------করতে চাই।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫

**উপকরণ:** পাঠ্যপুস্তক , পোস্টারে আঁকা স্বাধীনতার ছবি

**পাঠের আলোচ্য বিষয়** : পড়া, নতুন শব্দ, আদেশ নির্দেশ ও নিষেধ বাক্য, বাক্য তৈরি করা, SRM বই

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ

*যেমন:*

  - *রুনু ও আনিস শিশুদের কয়টি দলে ভাগ করল?*
  - *আপামণির কাছে ওরা কিসের অনুমতি চাইছিল?*
  - *রূপা আপা ক্লাসে ঢুকে কাদেরকে ডাকলেন?*
  - *হাসি আনন্দে ভরে থাকে পুরো সময়টা- কবে?*

- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথন নিয়ে আলোচনা করবো এবং পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পেটির নির্ধারিত অংশ (রুনু ও আনিস---------------করতে চাই।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৬ ও ২৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।

- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমনঃ
- দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে, অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পাঠ্যাংশের যেকোনো ৫টি শব্দ লিখে তা দিয়ে বাক্য তৈরি করে খাতায় লিখবে।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমনঃ স্বাধীনতা = বাধাহীনতা বা মুক্ত, পিরিয়ড = বেঁধে দেওয়া সময়, অপেক্ষা = প্রতীক্ষা বা সবুর, পরামর্শ = আলোচনা ইত্যাদি। শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক পাঠের যে সকল বাক্যে আদেশ নির্দেশ আছে তা শিশুদের পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্যসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৫

## পৃষ্ঠাঃ ২৭-২৮ (রুপাঃ তা করতে--------------- লেগে গেছে।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫

**উপকরণ:** পাঠ্যপুস্তক , পোস্টারে আঁকা স্বাধীনতা দিবসের ছবি।

| **পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন-উত্তর, জোড়া শব্দ। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
  - *গল্পে স্বাধীনতা দিবস ছিল কী বারে?*
  - *বৃহস্পতিবার কেন মনটা আনন্দে ভরে ওঠে?*
  - *ক্লাসে কয়টি দলকাজ করছে?*
  - *ওরা আর্টবোর্ডে কী করল?*
  - *শিশুরা দলে কাজ করার সময় কী করছিল?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথন নিয়ে আলোচনা করব এবং পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পেটির নির্ধারিত অংশ (রুপাঃ তা করতে--------------- লেগে গেছে।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৭-২৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*

- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের পড়তে সহায়তা করবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। পড়া শেষ হলে একটি কাগজে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: পাকিস্তানি–স্ত = স+ত (বস্তা, মস্ত,), যুদ্ধ–দ্ধ = দ+ধ (শুদ্ধ, বদ্ধ ) ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিক্ষক পাঠশিখি অংশের ৩ নম্বর প্রশ্নের উত্তর শিখাবেন। যেমন: ছাত্র ছাত্রী = ছাত্রছাত্রী, আপা মণি = আপামণি, মগ ডাল = মগডাল, চক বোর্ড = চকবোর্ড, হাত তালি = হাততালি ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-৬

## পৃষ্ঠা: ২৭-২৮ (রুপা: তা করতে-------------- লেগে গেছে। অনুশীলনী– ১)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা স্বাধীনতার ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, নতুন শব্দ, আদেশ নির্দেশ ও নিষেধ বাক্য, বাক্য তৈরি করা, অনুশীলনী ১।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
  - *আর্টবোর্ড, স্বাধীনতা, পিরিয়ড, অপেক্ষা শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করবেন*
  - *একটি করে বাক্য তৈরি করতে বলবেন।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে ‘স্বাধীনতা দিবসকে ঘিরে’ কথোপকথনের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘স্বাধীনতা দিবসকে ঘিরে’ গল্পটির নির্ধারিত অংশ (রুপা: তা করতে--------------- লেগে গেছে।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৭ ও ২৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*

- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন: দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবেন। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পাঠ্যাংশের যেকোনো ৫টি শব্দ লিখে তা দিয়ে বাক্য তৈরি করে খাতায় লিখবে।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শব্দের অর্থ প্রয়োজন অনুযায়ী শিশুদের লিখতে দেবেন।
- শিক্ষক আজকের পাঠ থেকে যে সকল বাক্য আদেশ অনুরোধ ইত্যাদি তা উল্লেখ করে গলার স্বরে ওঠা-নামার মাধ্যমে দেখাবেন। যেমন: নীলা, পতাকাটা ওখানে লাগিও না = নিষেধ। গাছের মগডালে লাগাও = অনুরোধ। আমাকে একটু তুলে ধরো না ভাই = অনুরোধ। দাও ওটা লাগিয়ে দিচ্ছি = ভদ্রতামূলক। ধন্যবাদ আপামণি = ভদ্রতামূলক। শিশুদেরকে আদেশ নির্দেশ বাক্যগুলো পড়াবেন ও লেখাবেন।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে তৈরি যুক্তবর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নতুন বা বিশেষ শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: রাইফেল = , যুদ্ধ = , মগডাল = , পুরস্কার = ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-৭

## পৃষ্ঠা: ২৮ (নীলার হাতে--------------- হাততালি দিল, অনুশীলনী– ২)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫

উপকরণ: পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা স্বাধীনতা দিবসের ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে পড়া, প্রশ্ন-উত্তর, অনুশীলনী ২।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
    - *গল্পে স্বাধীনতা দিবস ছিল কী বারে?*
    - *বৃহস্পতিবার কেন মনটা আনন্দে ভরে উঠে?*
    - *তোমাদের ক্লাসে কোন দিন আছে যেদিন তোমাদের খুশি লাগে?*

- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথন নিয়ে আলোচনা করব এবং পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পেটির নির্ধারিত অংশ (নীলার হাতে--------------- হাততালি দিল।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন:* পুরস্কার–স্ক = স+ক *ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিক্ষক পাঠ শিখি অংশের ২ নম্বর প্রশ্নের উত্তর কীভাবে পূরণ করতে হবে তা শিখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. গরমের ছুটির ...........করছি। খালি জায়গায় কোন সঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড -৮

## পৃষ্ঠা: ২৮ (নীলার হাতে--------------- হাততালি দিল।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৪, ৩.১.১, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১

**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.২, ৩.৩.১,

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৫, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক পোস্টারে আঁকা স্বাধীনতার ছবি(নতুন ছবি হবে)।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন শব্দ, আদেশ নির্দেশ ও নিষেধ বাক্য, বাক্য তৈরি করা ছবিতে দেখা ঘটনা, সহজ বর্ণনায় লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*

যেমন:

- *কার হাতে পতাকা ধরা ছিল?*
- *পতাকাটা কোথায় লাগিয়ে দিল?*
- *কী রঙের ফিতে মালার মাঝে মাঝে ঝুলিয়ে দিল?*
- *রাইফেল কী দিয়ে বানানো হয়েছিল?*

- শিক্ষক 'স্বাধীনতা দিবসকে ঘিরে' কথোপকথনের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।

  শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্বাধীনতা দিবসকে ঘিরে' গল্পেটির নির্ধারিত অংশ (নীলার হাতে--------------- হাততালি দিল।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ২ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন: দলে বসে ২ জনে মিলে পোস্টারের ছবির বিষয়বস্তু আলোচনা করবে। শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের আলোচনায় সহায়তা করবেন। পোস্টারের ছবি দিয়ে ৫ টি বাক্য তৈরি করে খাতায় লিখবে।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: রাইফেল, যুদ্ধ, মগডাল, পুরস্কার ইত্যাদি। শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক আজকের পাঠ থেকে যে সকল বাক্য আদেশ, অনুরোধ, পরামর্শ ইত্যাদি উল্লেখ করতে হবে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন: নীলা, পতাকাটা ওখানে লাগিও না। গাছের মগডালে লাগাও। আমাকে একটু তুলে ধরো না ভাই। দাও ওটা লাগিয়ে দিচ্ছি। ধন্যবাদ আপামণি। শিশুদের আদেশ নির্দেশ বাক্যগুলো পড়াবেন ও লেখাবেন।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে তৈরি যুক্তবর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ২৯ ও ৩০ (অনুশীলনী ৩, ৪ ও ৫)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪
**বলা** : ১.৩.২, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ৩.৩.১,
**লেখা** : ২.৩.৪,২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী ৩, ৪ ও ৫।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের স্বাধীনতা দিবসের ওপর ছবি এঁকে নিজের ভাষায় গল্প লিখতে বলবেন।
- প্রথমে অনুশীলনী ৩ নম্বর দেখাবেন ।শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- ৩ নম্বর অনুশীলনীর 'বাম পাশের দুটি শব্দ জোড়া দিয়ে একটি শব্দ তৈরি করে দেখাবেন।

- এরপর অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন এবং যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে বৃহস্পতিবার, আর্টবোর্ডে যুক্তবর্ণযুক্ত শব্দ দুটি লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক তাঁর প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন। যেমন: পুরস্কার, পরামর্শ ইত্যাদি।
- শিক্ষক অনুশীলনী ৫ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: ক. সবাই বৃহস্পতিবারের অপেক্ষায় থাকে কেন?
  ১. কোনো ক্লাস থাকে না বলে ২. তাড়াতাড়ি ছুটি যায় বলে
  ৩. শেষের দুই পিরিয়ডে অন্য রকমের কাজ হয় বলে ৪. বিদ্যালয় বন্ধ থাকে বলে
- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন তার উত্তর বলবে।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের প্রশ্ন করতে সহায়তা করবেন।
- শিক্ষক বোর্ডে উত্তর লিখে দিবেন। বোর্ড দেখে একে অন্যের খাতা সংশোধন করবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ অনুশীলনী থেকে শব্দ জোড়া দিয়ে নতুন একটি শব্দ তৈরি করা, যুক্তবর্ণ ভেঙে লেখা, যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করা এবং ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ৩০ ও ৩১ ( অনুশীলনী ৬, ৭, ৮)

**শিখনফল**

**শোনা** : ১.৩.৪
**বলা** : ১.৩.২, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ৩.৩.১,
**লেখা** : ২.৩.৪,২.৩.৬, ৩.১.১

**উপকরণ**: পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী ৬, ৭, ৮।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের শ্রেণিকক্ষ সাজানোর বিষয়টি নিজের ভাষায় বলবেন।
- এরপর শিক্ষক অনুশীলনীর ৬ নম্বর প্রশ্ন করাবেন। শিক্ষক বাম দিকের বাক্যগুলোর সাথে ডান দিকের শব্দগুলো কীভাবে শিশুরা মেলাবে, তা দেখিয়ে দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬ নম্বর প্রশ্নের উত্তরগুলো খাতায় লিখতে বলবেন।
- ৭ নম্বর অনুশীলনীর উত্তর মুখে মুখে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের প্রশ্ন করতে সহায়তা করবেন।
- ৮ নম্বর অনুশীলনীর উত্তর মুখে মুখে জিজ্ঞেস করবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে বাম দিকের বাক্যের সাথে ডান দিকের শব্দের মিল খুজেছি, বাক্যের বৈশিষ্ট্য দেখেছি, শ্রেনিকক্ষ কীভাবে সাজায় বলেছি ।

## পিরিয়ড-১১
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. স্বাধীনতা দিবসে তোমরা তোমাদের স্কুলে অথবা স্কুলের বাইরে কী কর চারটি বাক্যে লেখ?

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি ।

| |
|---|
| মগডালে, রাংতা, সাঁটা, রাইফেল |

ক. বিয়েবাড়ি সাজাতে.......................................কাজে লাগে ।
খ. মুক্তিসেনাদের হাতে ছিল............................................ ।
গ. কোকিলটি ............................................বসে ডাকছে ।
ঘ. দেয়ালে ছবি................................................আছে ।

৩. নিচের ঘর থেকে সঠিক অর্থ নিয়ে শব্দের পাশে লিখি ও বাক্য তৈরি করি ।

| |
|---|
| সুন্দর কাজ, মুক্তি, বকশিশ, লড়াই |

গ. পুরস্কার................................. ................................................................
খ. স্বাধীনতা.............................. ................................................................

ঘ. যুদ্ধ..................................... ................................................................
ক. কারুকাজ.............................. ................................................................

৪. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ লিখি ।
ক. স্প ...................................... ..............................................................
খ. ন্ত ......................................... ..............................................................
গ. স্ক.......................................... ..............................................................

# কুঁজো বুড়ির গল্প



এক ছিল কুঁজো বুড়ি। বুড়ির ছিল তিনটি কুকুর। রঙ্গা, বঙ্গা আর ভুতু। বুড়ি ঠিক করল নাতনির বাড়ি যাবে। তাই রঙ্গা, বঙ্গা আর ভুতুকে ডাকল। বলল, তোরা বাড়ি পাহারা দে। আমি নাতনিকে দেখে আসি।

কুকুর তিনটা বলল, আচ্ছা।



বুড়ি রওয়ানা হলো। লাঠি ঠুক ঠুক করে কুঁজো বুড়ি চলল। খানিক দূরে যেতেই এক শিয়ালের সঙ্গে বুড়ির দেখা। শিয়াল বলল, আমার খুব খিদে। বুড়ি, তোমাকে আমি খাব। বুড়ি বুদ্ধি করে বলল, আমাকে এখন খেয়ো না। আমার গায়ে কি মাংস আছে? আগে নাতনির বাড়ি যাই। খেয়েদেয়ে মোটাতাজা হয়ে আসি। তখন বরং খেয়ো। শিয়াল বলল, ঠিক আছে। তবে তাই যাও, মোটাতাজা হয়ে এসো।

বুড়ি সামনে এগিয়ে চলে। সে লাঠি ঠুক ঠুক করে যায় আর যায়। হঠাৎ এক বাঘ সামনে এসে বলল, হালুম! বুড়ি, তোমাকে আমি খাব। আমার খুব খিদে। বুড়ি দেখে, এ তো মহা মুশকিল। বাঘকে একই কথা বলে সে। বাঘ দেখল বুড়ির কথা মিছে নয়। বলল, তবে যাও। কিন্তু ফিরে আসতে হবে, হ্যাঁ।

আবার কুঁজো বুড়ি পথ চলে। আস্তে আস্তে লাঠিতে ভর দিয়ে। একসময় নাতনির বাড়ি পৌঁছে গেল বুড়ি। নাতনির বাড়িতে কদিন মজার মজার খাবার খেল। তাতে বুড়ি অনেক মোটা হলো। বুড়ি মহাচিন্তায় পড়ল। এবার ফিরবে কীভাবে? বুড়ি নাতনিকে সব কথা খুলে বলল। নাতনি বলল, চিন্তার কিছু নেই। আমি সব ব্যবস্থা করে দিচ্ছি।

নাতনি একটা মস্ত লাউয়ের খোল জোগাড় করল। তার ভিতরে ঢুকিয়ে দিল বুড়িকে। সঙ্গে দিল কিছু চিঁড়ে আর গুড়। এবার খোলটাকে দিল জোরে এক ধাক্কা। গড়িয়ে চলল সেই লাউয়ের খোল। খোল গড়াতে গড়াতে চলে এলো বাঘের কাছে। বাঘ গর গর করে খোলে দিল এক ধাক্কা। আবার গড়িয়ে চলল লাউয়ের খোল। বুড়ি ছড়া কাটে –

লাউ গুড় গুড় লাউ গুড় গুড়
চিঁড়ে খায় আর খায় গুড়
বুড়ি গেল অনেক দূর।





খোল গড়াতে গড়াতে এলো শিয়ালের কাছে। শিয়াল দেখল খোলের ভিতরে বুড়ি। বলল, বুড়ি এবার তোমাকে এক্ষুনি খাব। বুড়ি বলল, খাবি তো খুব ভালো কথা। কিন্তু আমারও তো কিছু ইচ্ছে আছে। আমি যে তোর গান শুনতে চাই। শিয়াল তক্ষুনি গান ধরল, হুক্কা হুয়া। হুক্কা হুয়া। বুড়ি গিয়ে দাঁড়াল একটা উঁচু ঢিবির ওপর। বুড়ি গানের সুরে ডাকল –

আয় আয় তু তু
রঙ্গা বঙ্গা ভুতু
আয় আয় আয়
জলদি চলে আয়

নিমেষেই ছুটে এলো বুড়ির কুকুর তিনটি। শিয়ালকে ঘিরে ফেলল তারা। একটা কামড় দিল শিয়ালের কানে, আরেকটা দিল ঘাড়ে, একটা পায়ে। বাছা এবার যাবে কোথায়? শিয়াল তখন নাস্তানাবুদ, মরমর দশা।



কুঁজো বুড়ি মহানন্দে চলল তার বাড়ির দিকে। সঙ্গে রঙ্গা, বঙ্গা আর ভুতু।

## অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

কুঁজো খিদে মুশকিল এক্ষুনি তক্ষুনি নাস্তানাবুদ

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| নাস্তানাবুদ | এক্ষুনি | তক্ষুনি | মুশকিল | খিদে |
|---|---|---|---|---|

ক. ফুলির খুব ..................................... পেয়েছে।

খ. আমাকে ..................................... যেতে হবে।

গ. কাজটা করতে গেলে ..................................... হবে।

ঘ. ..................................... কাজটা করে ফেললে ভালো হতো।

ঙ. কুকুরগুলো শিয়ালটাকে ..................................... করে ছাড়ল।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | |
|---|---|---|---|---|
| আচ্ছা | চ্ছ | চ | ছ | খাচ্ছে, ইচ্ছা |
| ধাক্কা | ক্ক | ক | ক | ছক্কা, একা |

## ৪. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. কুঁজো বুড়ি বাড়ি পাহারা দিতে কাদের বলল?

১. দারোয়ানদের ২. পাহারাদারদের

৩. কুকুর তিনটিকে ৪. নাতনিকে

খ. বিপদ দেখে বুড়ি শিয়ালকে বলেছিল – " আগে নাতনির বাড়ি যাই। খেয়ে দেয়ে মোটাতাজা হয়ে আসি।" এ কথায় বুড়ির কিসের পরিচয় পাওয়া যায়?

১. বুদ্ধির ২. বোকামির

৩. রসিকতার ৪. রাগের



গ. নিমেষেই ছুটে এলো বুড়ির কুকুর তিনটি। কেন?

১. শিয়ালের ডাক শুনে

২. গানের সুরে বুড়ির চিৎকার শুনে

৩. শিয়ালের গান শুনে

৪. বুড়ির খোঁজ পেয়ে

ঘ. নাতনি বুড়িকে লাউয়ের খোলে ঢুকিয়ে সঙ্গে কী কী খাবার দিল?

১. চিঁড়ে আর দই ২. চিঁড়ে আর গুড়

৩. গুড় আর মুড়ি ৪. গুড় আর খই

## ৫. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. বুড়ির কয়টি কুকুর ছিল? তাদের নাম কী?

খ. বুড়ি কোথায় যাচ্ছিল?

গ. কুকুর তিনটিকে সে কী বলে গেল?

ঘ. বুড়ি শিয়ালকে কী বলল?

ঙ. বুড়ি বাঘকে কী বলল?

চ. নাতনির বাড়িতে গিয়ে বুড়ি মোটা হলো কীভাবে?

ছ. নাতনি বুড়িকে কী রকম করে পাঠাল?

জ. বাড়ি ফেরার পথে কার কার সঙ্গে বুড়ির দেখা হলো?

ঝ. বুড়ি কীভাবে বাঁচল?

## ৬. বাক্যগুলো পড়ি। বাক্যের শেষে দাড়ি এবং প্রশ্নচিহ্ন বসাই?

| | |
|---|---|
| ক. আমার গায়ে কি মাংস আছে | ? |
| খ. সে আজ বাড়ি যাবে | । |
| গ. সে ফিরবে কীভাবে | |
| ঘ. ঢাকা বাংলাদেশের রাজধানী | |
| ঙ. ভিতরে কী আছে | |
| চ. আমরা আমাদের দেশকে ভালোবাসি | |
| ছ. কুকুর তিনটি কী করল | |

প্রশ্নচিহ্ন বাক্যে কিছু জানার ভাব বা জানার ইচ্ছে বোঝায়। এগুলোকে বলে প্রশ্নবাক্য। এ ধরনের বাক্যের শেষে প্রশ্নচিহ্ন (?) বসে।

## ৭. কুঁজো বুড়ির গল্পটা মুখে মুখে বলি।

## ৮. গল্পটি দলে অভিনয় করি। [শিক্ষক সহায়তা করবেন]

## ৯. পোষা প্রাণী সম্পর্কে তিনটি বাক্য লিখি।

..........................................................................................

..........................................................................................

..........................................................................................

## ১০. ছবি দেখে গল্প বলি ও লিখি।



..........................................................................................

..........................................................................................

..........................................................................................

# কুঁজো বুড়ির গল্প
## পৃষ্ঠা (৩২- ৩৭)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে।<br>৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>৩.১.১ পরিচিত বিষয়ে কথোপকথন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে।<br>২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.১ অনুরোধ করতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে।<br>২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৪ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলিলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে।<br>২.৫.১ কথোপকথনের আকারে লেখা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে। |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ ককরতে পারবে। <br> ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। <br> ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। <br> ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে। <br> ১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে। <br> ১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। <br> ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। <br> ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে। <br> ২.৩.৪ গল্পসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। <br> ২.৩.৬ বর্ণনাসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড সংখ্যা - ১০**

## পিরিয়ড- ১
## পৃষ্ঠা: ৩২ (এক ছিল .........হয়ে এসো।)

### শিখনফল

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক গল্পটি সম্পর্কে প্রাথমিক ধারণা দেবেন। যেমন-শিক্ষক জানা লোককাহিনীর কোনো গল্প সংক্ষেপে বলে ক্লাসে গল্প শোনার পরিবেশ তৈরি করবেন।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিশুরা বলবে শিক্ষক সাহায্য করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কুঁজো বুড়ির গল্প' গল্পটির ('এক ছিল..........হয়ে এসো') অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শুরুতে কী কী ছবি আছে তা জানতে চাইবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- এপর শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা লক্ষ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে। শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন। কয়েকজন শিশুকে গল্পটি নিজের ভাষায় বলতে বলবেন।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন।* যেমন- দলে প্রথমে পড়ার কাজ, যুক্তবর্ণযুক্ত এবং নতুন শব্দ খুঁজে খাতায় লেখা এবং প্রশ্ন তৈরি ও উত্তর বলা।
- দলের কাজ শেষ হলে আগের মতো বসতে বলবেন। শিক্ষক যুক্তবর্ণসহ নতুন/অজানা শব্দ বোর্ডে লিখবেন। যেমন- কুঁজো, রঙ্গা, বঙ্গা, আচ্ছা, সঙ্গে, বুদ্ধি, খিদে। ইত্যাদি। যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। শিক্ষক শব্দগুলো দিয়ে অর্থ ও বাক্য তৈরি করে শিশুদের মুখে মুখে বলতে বলবেন। শিশুদের যুক্তবর্ণসহ শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, প্রশ্ন তৈরি ও উত্তর বলা, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং গল্পটি নিজের ভাষায় বলতে শিখেছি।

## পিরিয়ড-২
## পৃষ্ঠা: ৩২ (বুড়ি সামনে..........ব্যবস্থা করে দিচ্ছি।)

### শিখনফল

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১ ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *- বুড়ি কার সঙ্গে দেখা করতে গেল?*
  *- শিয়ালকে বুড়ি কী বলেছিল?*
  *- বুড়ি কেন কুকুর তিনটাকে ডাকল?* ইত্যাদি। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিক্ষক ছবিতে কী হচ্ছে তা জিজ্ঞেস করবেন। শিশুরা বলবে শিক্ষক সাহায্য করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কুঁজো বুড়ির গল্প' গল্পটির ('বুড়ি সামনে ..........ব্যবস্থা করে দিচ্ছি'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন। জোড়ায় শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- পড়া, নতুন শব্দ খুঁজে বের করা, প্রশ্ন তৈরি করা।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- এরপর শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমন: আস্তে, মহাচিন্তায়, ব্যবস্থা, দিচ্ছি ইত্যাদি। শিক্ষার্থীদের বোর্ড দেখে খাতায় লিখতে বলবেন। যেমন: আস্তে− স্ত = স+ত, মহাচিন্তায়− ন্ত = ন+ত, ব্যবস্থা।
- যুক্তবর্ণ দিয়ে বাক্য তৈরি করে শিশুদের মুখে মুখে বলতে বলবেন।
- শিক্ষক শব্দগুলোর অর্থ বলে দেবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক তাঁর প্রয়োজন অনুযায়ী শব্দের অর্থ এবং বাক্য শেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৩
## পৃষ্ঠা: ৩৩ (নাতনি একটা ...........অনেক দূর)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬
**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন। |

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *- বাঘ এসে বুড়িকে কী বলল?*
  *- নাতনির বাড়ি গিয়ে বুড়ি এত মোটা হলো কীভাবে?*
  *- বুড়ির কথা শুনে বাঘ কী বলল? ইত্যাদি।*
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিক্ষক ছবিতে কী দেখছে তা জিজ্ঞাসা করবেন। শিশুরা বলবে শিক্ষক সাহায্য করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কুঁজো বুড়ির গল্প' গল্পটির (নাতনি একটা ..........অনেক দূর।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর পঠিত অংশ থেকে ৪টি প্রশ্ন তৈরি করবে এবং উত্তর লিখবে। লেখা শেষে শিশুদের কাছে শুনবেন। লক্ষ করবেন সবাই যেন অংশগ্রহণ করে।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমন: মস্ত- স্ত = স+ত, ধাক্কা- ক্ক = ক+ক ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দ পড়াবেন ও লেখাবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন। যুক্তবর্ণ দিয়ে বাক্য তৈরি করে শিশুদের মুখে মুখে বলতে বলবেন।
- আজকের অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ নিজের ভাষায় বলতে শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৩৩ (খোল গড়াতে গড়াতে..........আর ভুতু ।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন। |

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *- বুড়ির নাতনি কী জোগাড় করল?*
  *- নাতনি পথে খাওয়ার জন্য বুড়িকে কী দিল?*
  *- বাঘ গর গর করে কী করল?*
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন। শিক্ষক ছবিতে কী হচ্ছে তা জিজ্ঞেস করবেন। পরের ঘটনা কী হতে পারে তা শিশুরা বলবে, শিক্ষক সাহায্য করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কুঁজো বুড়ির গল্প' গল্পটির (খোল গড়াতে গড়াতে..........আর ভুতু) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক বুড়ির ছড়াটি মজা করে পড়বেন। শিশুরা সাথে সাথে ছড়াটি বলবে। এরপর শিক্ষক দুজন শিশুকে বোর্ডের সামনে এসে জোরে জোরে ছড়াটি পড়তে বলবেন। বাকি শিশুরা সমস্বরে তার সাথে পড়বে।
- এরপর শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। যেমন: এক্ষুনি-ক্ষ = ক+ষ, ইচ্ছে-চ্ছ = চ+ছ, তক্ষুনি, মহানন্দে-ন্দ = ন+দ, নাস্তানাবুদ-স্ত = স+ত ইত্যাদি। শব্দগুলোর অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যুক্তবর্ণ দিয়ে বাক্য তৈরি করে শিশুদের মুখে মুখে বলতে বলবেন।
- এরপর পঠিত অংশ থেকে ছোট প্রশ্ন করবেন। যেমন- বুড়ি শিয়ালকে তার কী ইচ্ছার কথা জানাল? শিয়াল তখন কী করল? বুড়ি গানের সুরে কাদের ডাকল এবং কেন ডাকল? শিয়ালের কী অবস্থা হলো? শিশুদের প্রশ্নগুলো লিখতে দেবেন।
- শিক্ষক কয়েকজনকে গল্পটি নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা, শব্দগুলোর অর্থ এবং প্রশ্নের উত্তর বলা ও লেখা শিখেছি।

## পিরিয়ড - ৫
## পৃষ্ঠা: ৩৪ (অনুশীলনী- ১ ও ২)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫ .৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *- বুড়ি শিয়ালকে কী বলল?*
  *- শিয়াল কী বলে গান ধরল?*
  *- বুড়ি কী বলে গান ধরল?*
  *- বুড়ি কী বলে চিৎকার দিল?*

*- কে শিয়ালের গান শুনতে চাইল?*

- এবার শিশুদের পাঠ্যপুস্তকের ৩৪ পৃষ্ঠা খুলতে বলবেন এবং আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন।
- পাঠের শিরোনাম অনুশীলনী ১ নম্বর প্রশ্ন বোর্ডে লিখবেন। শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ প্রথমে মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজন অনুযায়ী শব্দের অর্থ লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন। প্রথমে শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। যেমনঃ ক. ফুলির খুব ......................পেয়েছে।
- শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন ওপরের শব্দগুলো থেকে খালি জায়গায় কোন শব্দটি বসবে। শিশুরা বলবে আপনি লিখবেন।
- তারপর শিশুদের খাতায় লিখতে দেবেন। প্রয়োজনে শিক্ষক জোড়ায় দেখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির অনুশীলনী থেকে শব্দের অর্থ এবং বাক্য তৈরি করে লিখেছি।

## পিরিয়ড - ৬
## পৃষ্ঠা: ৩৫ (অনুশীলনী-৩ ও ৪)

### শিখনফল

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

### শিখন শেখানো কার্যাবলি

- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। এরপর শিশুদের বইয়ের ৩৫ পৃষ্ঠা খুলতে বলবেন।
- শিক্ষক ৩ নম্বর অনুশীলনী করাবেন। প্রথমে কয়েকজন শিক্ষার্থীকে যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে দেবেন। এরপর লিখতে দেবেন
- এরপর অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন 'ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।' শিশুদের বলতে সহায়তা করবেন। শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন- কুঁজো বুড়ি পাহারা দিতে কাদের বলল-

  ১. দারোয়ানদের ২. পাহারাদারদের
  ৩. কুকুর তিনটিকে ৪. নাতনিকে

- শিশুদের উদ্দেশে জিজ্ঞাসা করবেন। তাদের দেয়া ঠিক উত্তরটি লিখবেন। সঠিক উত্তর-১. কুকুর তিনটিকে। এরপর শিশুদের লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির অনুশীলনী থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ঠিক উত্তররটি বাছাই করে লিখেছি।

## পিরিয়ড - ৭
## পৃষ্ঠা: ৩৫ (অনুশীলনী - ৫)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে প্রথমে কুশল বিনিময় করবেন। আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। এরপর শিশুদের বইয়ের ৩৫ পৃষ্ঠা খুলতে বলবেন।
- এরপর শিক্ষক ৫ নম্বর অনুশীলনীর কাজ করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক প্রথমে মুখে মুখে জিজ্ঞাসা করবেন। শিশুরা মুখে মুখে উত্তর বলবে। যেমন: প্রশ্ন- ক. বুড়ির কয়টি কুকুর ছিল? তাদের নাম কী কী? এরপর জোড়ায় আলোচনা করে প্রশ্নগুলোর উত্তর লিখতে দেবেন। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুকে সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির অনুশীলনী থেকে প্রশ্নের উত্তর বলেছি ও লিখেছি।

## পিরিয়ড - ৮
## পৃষ্ঠা: ৩৬ (অনুশীলনী- ৬, ৭, ৮)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ সংশ্লিষ্ট ছবি

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী- ৬, ৭, ৮।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে প্রথমে কুশল বিনিময় করবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। এরপর শিশুদের বইয়ের ৩৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন।

- এরপর শিক্ষক ৬ নম্বর অনুশীলনীর কাজ করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'বাক্যগুলো পড়ি। বাক্যের শেষে দাঁড়ি এবং প্রশ্নচিহ্ন বসাই'। শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন। প্রশ্নচিহ্ন কী, শিক্ষক ভালোভাবে শিশুদের উদাহরণ দিয়ে বুঝিয়ে দেবেন।
- এরপর শিক্ষক পাঠ থেকে সকলের উদ্দেশে প্রশ্ন করবেন- বুড়ি বাঘকে কী বলল? বুড়ি কীভাবে বাঁচল? শিক্ষক বলবেন, এই যে কথাগুলো জিজ্ঞাসা করলাম, এগুলোর অন্য নাম প্রশ্ন করা। শিক্ষক বলবেন, প্রশ্নচিহ্ন বাক্যে কিছু জানার ভাব বা জানার ইচ্ছে বোঝায়। এগুলোকে বলে প্রশ্নবাক্য। এ ধরনের বাক্যের শেষে প্রশ্নচিহ্ন (?) বসে। শিশুদের খাতায় লিখতে বলবেন।
- এরপর শিক্ষক ৭ নম্বর অনুশীলনীর কাজ করাবেন শিরোনাম বোর্ডে লিখবেন 'কুঁজো বুড়ির গল্পটা মুখে মুখে বলি।' শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন। শিক্ষক গল্পটি শিশুদের নিজের ভাষায় বলতে বলবেন।
- এরপর শিক্ষক দলভিত্তিক গল্পটি উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষক সহায়তা করবেন এবং উৎসাহিত করবেন। এরপর শিক্ষক ৮ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- শিরোনাম বোর্ডে লিখবেন- 'গল্পটি দলে অভিনয় করি' শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক গল্পটি শিশুদের দিয়ে অভিনয় করাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির অনুশীলনী থেকে যতিচিহ্নের ব্যবহার, গল্পটি মুখে মুখে বলা এবং গল্পটি সকলে মিলে অভিনয় করেছি।

## পিরিয়ড - ৯
## পৃষ্ঠা: ৩৭ (অনুশীলনী– ৯ ও ১০)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.১, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি

**পাঠের আলোচ্য বিষয় :** পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে প্রথমে কুশল বিনিময় করবেন। আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের ৩৭ পৃষ্ঠা খুলতে বলবেন।
- এরপর শিক্ষক ৯ নম্বর অনুশীলনীর কাজ করাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের তিনটি বাক্য লিখতে দেবেন। শিশুরা লিখবে শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহযোগিতা করবেন। প্রত্যেকে কী লিখেছে জিজ্ঞাসা করবেন।
- এরপর শিক্ষক ১০ নম্বর অনুশীলনীর কাজ করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন 'ছবি দেখে গল্প বলি ও লিখি'। শিশুদের বলতে সহায়তা করবেন।
- এরপর শিশুদের ছবিটি দেখে একটি গল্প লিখতে বলবেন। লেখা শেষে প্রত্যেককে সামনে এসে উপস্থাপন করতে বলবেন।
- শেষে শিক্ষক নিজেও ছবি দেখে একটা গল্প বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে বাক্য এবং ছবি দেখে গল্প লিখেছি।

## পিরিয়ড - ১০
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. কুঁজো বুড়ির গল্পটি পড়ে তোমার কেমন লেগেছে, তিনটি বাক্যে লেখ।

২. কুঁজো বুড়ির গল্পে বুড়ি, শিয়াল এবং বাঘ- এই তিনজনের মধ্যে কাকে তোমার বেশি চালক মনে হয়, কেন? চারটি বাক্যে লেখ।

৩. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি।

| | | | |
|---|---|---|---|
| অসুবিধা, | নাজেহাল, | তখনই, | খিদে |

ক. তক্ষুনি: ....................................................................................................................

খ. নাস্তানাবুদ: ...............................................................................................................

গ. মুশকিল :....................................................................................................................

ঘ. ক্ষুধা: .......................................................................................................................

৪. নিচের অনুচ্ছেদটির সঠিক স্থানে দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন বসাই।

ঢাকা বাংলাদেশের রাজধানী এখানে অনেক স্কুল কলেজ এবং বিশ্ববিদ্যালয় আছে তুমি কি কখনো ঢাকা চিড়িয়াখানায় গিয়েছ এখানে বাঘ হাতি সিংহ হরিণ এবং নানা জাতের পশুপাখি আছে ঢাকা চিড়িয়াখানা খুব সুন্দর

# তালগাছ

রবীন্দ্রনাথ ঠাকুর



তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ছাড়িয়ে
উঁকি মারে আকাশে।
মনে সাধ, কালো মেঘ ফুঁড়ে যায়
একেবারে উড়ে যায়
কোথা পাবে পাখা সে?

তাই তো সে ঠিক তার মাথাতে
গোল গোল পাতাতে
ইচ্ছাটি মেলে তার,
মনে মনে ভাবে, বুঝি ডানা এই,
উড়ে যেতে মানা নেই
বাসাখানি ফেলে তার।
সারাদিন ঝরঝর থত্থর
কাঁপে-পাতা পত্তর
ওড়ে যেন ভাবে ও,
মনে মনে আকাশেতে বেড়িয়ে
তারাদের এড়িয়ে
যেন কোথা যাবে ও।

তারপরে হাওয়া যেই নেমে যায়
পাতা-কাঁপা থেমে যায়,
ফেরে তার মনটি-
যেই ভাবে মা যে হয় মাটি তার,
ভালো লাগে আরবার
পৃথিবীর কোণটি।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

সাধ থৎথর

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

থৎথর সাধ

ক. দীপুর পাখির মতো ওড়ার ............................ হয়েছে।

খ. শীলা শীতে ............................ করে কাঁপছে।



## ৩. কথাগুলো বুঝে নিই।

পত্তর – পাতা।

ফেরে – ফিরে আসে।

ফেরে তার মনটি – তার ইচ্ছে বদলে যায়।

আরবার – আরেক বার।

## ৪. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

ক. তালগাছ এক পায়ে দাঁড়িয়ে
সব গাছ ..................................

খ. তারপরে হাওয়া যেই নেমে যায়
.................................... থেমে যায়,

গ. যেই ভাবে মা যে হয় মাটি তার
ভালো লাগে ..................................
...................... কোণটি ।

আরবার

কাঁপা

ছাড়িয়ে

পৃথিবীর

পাতা

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. তালগাছ মনে মনে কাকে মা বলে ভাবে?

১. মেঘকে ২. আকাশকে

৩. মাটিকে ৪. পৃথিবীকে

খ. তালগাছের মনে কী ইচ্ছে জাগে?

১. সব গাছের চেয়ে উঁচু হবে ২. পাতায় ভর করে ভাসবে

৩. আকাশে উঁকি মেরে দেখবে ৪. কালো মেঘ ফুঁড়ে উড়ে যাবে

গ. তালগাছের ইচ্ছে কখন বদলায়?

১. মায়ের কথা মনে হলে ২. দিন শেষ হলে

৩. বাতাস থেমে গেলে ৪. বেড়ানো শেষ হলে

## ৬. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. তালগাছকে দেখে কী মনে হয়?

খ. 'মনে সাধ কালো মেঘ ফুঁড়ে যায়' কথাটির অর্থ কী?

গ. তালগাছ কীভাবে তার ইচ্ছেকে ছড়িয়ে দেয়?

ঘ. তালগাছ পাখা চায় কেন?

## ৭. গাছের যত্ন নেওয়া সম্পর্কে তিনটি বাক্য মুখে মুখে বলি ও লিখি।

....................................................................................................

....................................................................................................

....................................................................................................

৮. নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করি।

| | |
|---|---|
| পৃথিবী | ........................................ |
| সাধ | ........................................ |
| মনে মনে | ........................................ |
| ডানা | ........................................ |
| মাটি | ........................................ |

৯. 'তালগাছ' কবিতার প্রথম বারো লাইন মুখস্থ লিখি।

১০. কবিতাটি আবৃত্তি করি।

১১. ছবি দেখি এবং ইচ্ছেমতো বাক্য লিখি।



........................................

........................................

........................................

........................................

........................................

# তালগাছ
## পৃষ্ঠা (৩৮-৪১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে।<br>২.১.৩ কবিতার মূলভাব বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ্য ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | **বলা**<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.১.১ পাঠ্যপুস্তকের ছড়া/কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.২ পাঠ-বহির্ভূত ছড়া শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৩ পাঠ্যপুস্তকের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৪ পাঠ-বহির্ভূত কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২.১ পাঠ্য ছড়ার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে ।<br>৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে । | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>২.৫.৫ পাঠ ও পাঠ-বহির্ভূত পাঠসামগ্রী পড়ে মূল ভাব বুঝতে পারেবে<br>৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে ।<br>৩.১.২ অন্যের (শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে ।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমান সম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে । |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে ।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে ।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে ।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে ।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে ।<br>৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে । | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে ।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে ।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে ।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে ।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে ।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে কবিতার চরণ লিখতে পারবে ।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে ।<br>২.৩.২ কবিতা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে ।<br>৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে । |

**পাঠ বিভাজন: পিরিয়ড - ৯**

## পিরিয়ড-১

## পৃষ্ঠাঃ ৩৮ (তালগাছ----------------------------পাখা সে। )

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ২.১.২, ২.১.৩
**বলা** : ১.৩.২, ২.২.১, ২.২.২
**পড়া** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, কবিতার বাক্যাংশের মূলভাব

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের জীবন অভিজ্ঞতা সংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন। যেমন-
  - শিক্ষক শিশুরা কী কী গাছ চেনে তা জানতে চাইবেন।
  - সব থেকে লম্বা গাছ কোনটি? তালগাছ সম্পর্কে শিশুদের ধারণা দেবেন।
  - তিনি বলবেন, অন্যান্য সব ধরনের গাছের মধ্যে তালগাছকে খুব সহজেই আলাদা করে চেনা যায়।
- শিক্ষক পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবিটি দেখাবেন। ছবিতে কী আছে তা শিশুরা চিনতে পারছে কিনা জিজ্ঞেস করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ "তালগাছ" কবিতাটি পড়ব । আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। কী কী ছবি আছে তা জানতে চাইবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন, প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন- এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। এ সময় শিক্ষক যেসব শিশু পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন।
- এরপর সবাইকে সমবেত ভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি (চরণ ১-৫) আবৃত্তি করতে বলবেন। *সবাই মনোযোগসহকারে শুনছে কিনা, তা লক্ষ করবেন।*
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ ফুঁড়ে- ফুটো করে, ভেদ করে; পাখা- ডানা, পাখনা, উঁকি- মুখ বের করে দেখা ইত্যাদি। এরপর পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- উঁকি মারে আকাশে = মুখ বাড়িয়ে আকাশ দেখে; মেঘ ফুঁড়ে যায় = মেঘ ফুটো করে ওপরে উঠে যায়। *শিশুদের শব্দ ও বাক্যাংশগুলো পড়াবেন ও লেখাবেন।*

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং অংশটুকুর মূলভাব শিখেছি।

## পিরিয়ড-২

## পৃষ্ঠা: ৩৮ (তালগাছ---------------------------------------------পাখা সে।)

**শিখনফল**

**শোনা** : ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.৩.২ , ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১,
**লেখা** : ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, প্রশ্ন তৈরি করা, কবিতা লেখা

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  যেমন:
  - *তালগাছ কীভাবে দাঁড়িয়ে আছে?*
  - *কোথায় উঁকি মারে?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ "তালগাছ" কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (তালগাছ--------------------পাখা সে) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণগুলো পড়াবেন।
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- এরপর কয়েকজন শিশুর কাছ থেকে কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতাংশটুকু না দেখে লিখতে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন, শব্দ লিখবেন। শিশুরা প্রশ্নের উত্তর ও বাক্য গঠন বলবে ও লিখবে।
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশের ওপর ব্যাখ্যা জিজ্ঞেস করবেন। যেমন- উঁকি মারে আকাশে বলতে কী বুঝায়? মেঘ ফুঁড়ে যায় বলতে কী বোঝায়? ইত্যাদি।
- শিক্ষক পাঠ্যপুস্তক থেকে সমমানের কবিতা পড়ে শোনাবেন ও শিক্ষার্থীদের পড়তে দিবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ লেখা এবং কবিতাটির অংশবিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড -৩

## পৃষ্ঠাঃ ৩৮ (তাই তো ----------------------- ফেলে তার ।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.২, ১.৩.২, ২.২.১, ২.২.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), নতুন বা বিশেষ শব্দের চার্ট ।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা । |

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  যেমন:
  - *তালগাছ কেন মেঘ ফুঁড়ে যাবে?*
  - *তালগাছ কীভাবে দাঁড়িয়ে আছে?*
  - *শিশুদের মনে এধরনের কী ইচ্ছা আছে তা জিজ্ঞেস করবেন ।*
  - *তালগাছের মনে কী ইচ্ছা ছিল?*
  - *বাতাস হলে তালগাছের পাখা কেমন করে?*
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (তাই তো -------------- ফেলে তার। ) পড়ব , আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন ।
- শিক্ষক পঠিত অংশটুকুর বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন । দলে কীভাবে কবিতাটির চরণ পড়তে হবে তা বুঝিয়ে দেবেন । যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এরপরের জন ৩য় লাইন পড়বে । এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন । পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। দলের মধ্যে পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়তে বলবেন । দলের পারগ শিশুকে প্রয়োজনে সংশোধন করতে বলবেন ।
- দলের কাজ শেষে সবাইকে আগের মতো বসতে বলবেন । কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন ।
- এরপর কবিতার যে শব্দগুলো শিশুরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন । শিশুরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন । যেমনঃ মেলে- ছড়িয়ে, খুলে মানা- বারণ ইত্যাদি ।
- *শিশুদের কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন । এ সময় শিক্ষক যেসব শিশু পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন । যেসব শিশু পড়তে পারে তাদের পড়া শুনবেন ।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ এবং কবিতাটির অংশবিশেষ লেখা শিখেছি ।

## পিরিয়ড-৪

## পৃষ্ঠা: ৩৮ (তাই তো ------------------------- ফেলে তার ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ২.১.২

**বলা** : ১.১.২,১.৩.২, ২.২.১, ২.২.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১, ৩.৩.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), নতুন বা বিশেষ শব্দের চার্ট ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণ ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা, কবিতা মুখস্ত লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  যেমন:
  - *মেঘ ফুঁড়ে কে বের হয়ে যাবে?*
  - *বাতাস হলে তালগাছের পাখা কেমন করে?*
  - *তালগাছ কীভাবে দাঁড়িয়ে আছে?*
  - *শিশুদের মনে এ ধরনের কী ইচ্ছা আছে তা জিজ্ঞেস করবেন ।*
- *শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (তাই তো ----------------------- ফেলে তার ।) পড়বো, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব ।*
- *এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন ।*
- *পড়া শেষে শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন ।*
- *এরপর কয়েকজন শিশুর কাছ থেকে কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে লিখতে বলবেন। শিক্ষার্থীদের লেখা অংশটুকু বইয়ের সাথে মেলাতে বলবেন ।*
- *এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন, শব্দ লিখবেন। শিশুরা প্রশ্নের উত্তর ও বাক্য গঠন বলবে ও লিখবে ।*
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশের ওপর ব্যাখ্যা জিজ্ঞেস করবেন। যেমন- উঁকি মারে আকাশে বলতে কী বোঝায়? মেঘ ফুঁড়ে যায় বলতে কী বোঝায়? ইত্যাদি ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ এবং বাক্য লেখা শিখেছি ।

## পিরিয়ড-৫

## পৃষ্ঠা: ৩৮ (সারাদিন-----------------------------------যাবে ও ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ২.১.২

**বলা** : ১.১.২, ২.২.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.৩.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *তালগাছ দেখতে কেমন?*
    - *তালগাছের মনে কী ইচ্ছা ছিল?*
    - *বাতাস হলে তালগাছের পাখা কেমন করে?*
- *শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (সারাদিন------------------যাবে ও) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব ।*
- *এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন ।*
- *শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন । এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন ।*
- *কবিতার নির্ধারিত অংশের মূলভাব আলোচনা করবেন ।*
- *কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতার নির্ধারিত অংশটুকু আবৃত্তি করতে বলবেন ।*
- *এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন । যেমন: ঝরঝর- বাতাসে পাতা নড়ার আওয়াজ, এড়িয়ে-পাশ কাটিয়ে, থত্থর থর থর করে , পত্তর- গাছের পাতা, বইয়ের পাতা ইত্যাদি ।*
- *শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দটি স্পষ্টভাবে উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন । বোর্ডে শব্দটি ভেঙে দেখাবেন । যেমন- থত্থর- ত্থ = ত+থ; পত্তর -ত্ত=ত+ত । এরপর পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন । যেমন- ওড়ে যেন= বাতাসে পাতা নড়লে তালগাছ ভাবে সে উড়ছে; তারাদের এড়িয়ে = আকাশের তারাদের পাশ কাটিয়ে তালগাছ উড়ে যায় ইত্যাদি । শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দ ও বাক্যাংশগুলো পড়াবেন ও লেখাবেন ।*
- *শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি । কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি ।*

## পিরিয়ড-৬

### পৃষ্ঠা: ৩৮ (সারা দিন---------------------------যাবে ও। অনুশীলনী ২, ৬)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২
**বলা** :১.১.২, ১.৩.২, ২.২.১, ২.২.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করাও মুখস্ত লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *তালগাছ দেখতে কেমন?*
  - *তালগাছের মনে কী ইচ্ছা ছিল?*
  - *বাতাস হলে তালগাছের পাখা কেমন করে?*
- *শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (সারাদিন-------------------যাবে ও) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।*
- *এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন।*
- *কবিতার নির্ধারিত অংশের মূলভাব আলোচনা করবেন।*
- *এরপর কয়েকজন শিশুর কাছ থেকে কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে লিখতে বলবেন।*
- *এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন।*
- *এরপর শিশুদের বইয়ের ৪০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। অনুশীলনীর ৬ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।*
- *শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে ২ এবং ৬ নম্বর অনুশীলনী শিখেছি।*

## পিরিয়ড-৭

### পৃষ্ঠা: ৩৮-৩৯ (তারপরে--------------------কোণটি। অনুশীলনী ১, ৪, ৫)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ২.১.২
**বলা** :১.১.২, ১.৩.২, ২.২.১, ২.২.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  যেমন:
  - *কবিতা ও কবির নাম কী?,*
  - *কবি তাঁর কবিতায় কোন গাছের কথা বলেছেন?*
  - *তালগাছের পাতা কীভাবে কাঁপে? ইত্যাদি।*
- *শিক্ষক গত ৬ দিনের পাঠ থেকে সংক্ষেপে আলোচনা করবেন। যেকোনো একজন শিশুকে ডেকে বোর্ডে কবিতা ও কবির নাম লিখতে বলবেন।*
- *শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (তারপরে-------------কোণটি।) পড়ব, আবৃত্তি করা শিখব এবং মূলভাব আলোচনা করব।*
- *এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩৮ পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (১৫-১৯) পড়াবেন।*
- *শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।*
- *এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। সবাই মনোযোগসহকারে শুনছে কিনা তা লক্ষ করবেন।*
- *শিক্ষক এরপর পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- হাওয়া যেই নেমে যায় = বাতাসের গতি যখন কমে যায়; ফেরে তার মনটি = মন ফিরে আসে; মা যে হয় মাটি = মাটিকে মা মনে হয়। শিশুদের বাক্যাংশগুলো পড়াবেন ও লেখাবেন।*
- *শিক্ষক শিশুদের পাঠশিখি অংশের ১, ৪, ৫ প্রশ্নের উত্তর কীভাবে লিখতে হবে তা বুঝিয়ে দেবেন। অনুশীলনী ১-এর সাথে আরও কয়েকটি শব্দ বলবেন। এরপর শিক্ষক ৫ নম্বর অনুশীলনীর উত্তর লেখার কৌশল শেখাবেন। শিশুরা খাতায় উত্তর লিখবে।*
- *শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দার্থ, খালি জায়গায় ঠিক শব্দ বসানো এবং সঠিক উত্তর বাছাই শিখেছি।*

### পিরিয়ড-৮
### পৃষ্ঠা: ৪০-৪১ (অনুশীলনী ৭, ৮, ৯, ১০, ১১)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.৪, ২.১.২
**বলা** : ২.১.৩
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১,
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন উত্তর।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের উদ্দেশে তালগাছ কবিতার ওপর ছোট ছোট প্রশ্ন করে পূর্বজ্ঞান যাচাই করবেন।
- শিশুদের তালগাছ কবিতাটি ২ বার পড়তে বলুন।
- পাঠ্যপুস্তকের পাঠ শিখি এরপর ৭ নম্বর অনুশীলনী করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'গাছের যত্ন নেওয়া' শিশুদের বলতে সহায়তা করবেন। তাদের কাছ থেকে গাছ সম্পর্কে তারা কী জানে তা জিজ্ঞাসা করবেন এবং শেষে তাদের কাছ থেকে নেওয়া তিনটি বাক্য বোর্ডে লিখতে দেবেন।
- এরপর ৮ নম্বর অনুশীলনীর - নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করি কাজটি করাবেন। শিক্ষক ঘুরে ঘুরে লেখা দেখবেন।
- এরপর ৯ নম্বর এবং ১০ নম্বর অনুশীলনী অনুযায়ী শিশুদের কবিতাটির প্রথম বারো লাইন মুখস্থ লিখতে বলবেন।
- সবশেষে ১১ নম্বর অনুশীলনীর ছবি বুঝিয়ে দেবেন ও বাড়ি থেকে লিখে নিয়ে আসতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর উত্তর লেখা শিখেছি।

পিরিয়ড- ৯

পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

- দাগ টেনে অর্থ মিলাই ।

| | |
|---|---|
| ডানা | বায়ু |
| হাওয়া | দুনিয়া |
| গোল | পাখা |
| পৃথিবী | বৃত্তাকার |

- যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ তৈরি করে বাক্য লিখি ঃ

| | |
|---|---|
| চ্ছ | ত্ত |

- ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি ঃ

| |
|---|
| তার পত্তর মানা মনটি |

ক. ইচ্ছাটি মেলে................................ ।
খ. উড়ে যেতে................................ ।
গ. কাঁপে পাতা ................................ ।
ঘ. ফেরে তার ................................ ।

- "তালগাছ" কবিতাটি তোমার কাছে কেন ভালো লেগেছে? তিনটি বাক্যে লেখ ।

- পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন ।

- শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন ।

# একাই একটি দুর্গ



এপ্রিল ১৯৭১।
পাকিস্তানি হানাদার বাহিনী এগিয়ে আসছে ব্রাহ্মণবাড়িয়ার দিকে। তাদের ঠেকানোর জন্য মুক্তিযোদ্ধারা অবস্থান নিয়েছেন দরুইন গ্রামে। দলে মাত্র দশ জন সৈন্য। অধিনায়ক সিপাহি মোহাম্মদ মোস্তফা কামাল।

৭ই মার্চ ভাষণ দেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। ওই ভাষণে তিনি স্বাধীনতা-সংগ্রামের ডাক দেন। মোস্তফা কামাল তখন চব্বিশ বছরের যুবক। বঙ্গবন্ধুর ভাষণ শুনে তাঁর বুক ফুলে ওঠে।

১৬ই এপ্রিল ১৯৭১।
মোস্তফা কামাল খবর পেলেন পাকিস্তানি বাহিনী কুমিল্লার আখাউড়া রেললাইন ধরে এগিয়ে আসছে। চাইছে ব্রাহ্মণবাড়িয়া দখল করতে।

১৭ই এপ্রিল ১৯৭১।
ভোর থেকেই পাকিস্তানি বাহিনী মুক্তিযোদ্ধাদের ওপর গোলাবর্ষণ শুরু করল। মোস্তফা কামাল ভাবতে লাগলেন। এত কম শক্তি নিয়ে ওদের মোকাবিলা করা যাবে না। খবর পাঠালেন জরুরি সেনা সহায়তার জন্য।

কিন্তু বাড়তি সেনা এলো না। এমনকি দুই দিন ধরে নিয়মিত খাবারও বন্ধ। চিন্তায় অস্থির হয়ে উঠলেন তিনি। সকলে মিলে আত্মরক্ষা করলেন পরিখার মধ্যে।

দুপুরের দিকে বাড়তি কয়েকজন সেনা দরুইনে এসে পৌঁছালেন। সেই সঙ্গে খাবারও এলো। পাকিস্তানি ঘাঁটি থেকে গোলাবর্ষণও হলো বন্ধ।



১৮ই এপ্রিল ১৯৭১।

সকালবেলা সারা আকাশ কালো মেঘে ছেয়ে গেল। মুক্তিযোদ্ধারা ভাবলেন, বৃষ্টি এলে দুশমনদের হামলা থেকে কিছুটা রেহাই মিলবে।

সারা সকাল নির্বিঘ্নে কাটল। পাকিস্তানি বাহিনীর কোনো রকম গোলাবর্ষণ হলো না।

বেলা এগারোটা। শুরু হলো প্রচণ্ড বৃষ্টি। আর সেই সঙ্গে শত্রুর গোলাবর্ষণ। এগিয়ে আসতে লাগল পাকিস্তানি বাহিনী। বেলা বারোটা। আক্রমণ হলো আরও তীব্র। মুক্তিযোদ্ধাদের পালটা গুলি তার সামনে কিছুই না।

হঠাৎ একটা গুলি এসে বিঁধল এক মুক্তিযোদ্ধার বুকে। তিনি মেশিনগান চালাচ্ছিলেন। সঙ্গে সঙ্গে বন্ধ হয়ে গেল মেশিনগান। মোস্তফা কামাল পাশেই ছিলেন। তিনি এক মুহূর্তও দেরি না করে চালাতে লাগলেন মেশিনগান।



পাকিস্তানি সৈন্যরা সংখ্যায় অনেক। সঙ্গে ভারী অস্ত্রশস্ত্র। মুক্তিযোদ্ধারা সংখ্যায় কম। ভারী অস্ত্রশস্ত্র তাঁদের তেমন নেই। তাঁদের হয় সামনাসামনি যুদ্ধ করতে হবে,না হয় পিছু হটতে হবে।

কিন্তু পিছু হটতে চাইলেও কিছুটা সময় দরকার। ততক্ষণ অবিরাম গুলি চালিয়ে ঠেকিয়ে রাখতে হবে দুশমনদের। এ দায়িত্ব কে নেবে?

এ সময় আরও একজন ঢলে পড়লেন শত্রুর গুলিতে। মোস্তফা কামাল পরিখার মধ্যে সোজা হয়ে দাঁড়িয়ে চালাতে লাগলেন গুলি। নয়জন মুক্তিযোদ্ধা এর মধ্যেই শহিদ হয়েছেন। পিছু না হটলে সবার মৃত্যু অবধারিত।

মোস্তফা কামাল সবাইকে সরে যেতে বললেন। তিনি একা গুলি চালিয়ে যাবেন। মোস্তফা কামাল জোর দিয়ে বললেন, আপনাদের পিছু হটতেই হবে। তা না হলে দুশমনরা সবাইকে শেষ করে দেবে। তিনি আবার আদেশ দিলেন, সবাই দ্রুত সরে যান।

শেষ পর্যন্ত মোস্তফা কামালকে রেখে সবাই খুব সাবধানে পিছু হটলেন।

অনবরত গুলি চালিয়ে যাচ্ছেন মোস্তফা কামাল। তিনি একাই যেন মুক্তিবাহিনীর একটা দুর্গ। একসময় গুলি শেষ হয়ে গেল। হঠাৎ একটা গোলা এসে পড়ল পরিখার মধ্যে। গোলার আঘাতে তাঁর শরীর ঝাঁঝরা হয়ে গেল। তিনি মৃত্যুবরণ করলেন।

দরুইনের মাটিতে সমাহিত হয়ে আছে মোস্তফা কামালের ক্ষতবিক্ষত দেহ। তাঁর আত্মদানের কথা আমরা কোনো দিন ভুলব না।

তিনি আমাদের গৌরব। তিনি আমাদের অকুতোভয় বীর। বাংলাদেশ সরকার তাঁকে সর্বোচ্চ ‘বীরশ্রেষ্ঠ’ খেতাবে ভূষিত করে।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

অধিনায়ক পরিখা নির্বিঘ্নে অকুতোভয় বীরশ্রেষ্ঠ সমাহিত

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| পরিখার | বীরশ্রেষ্ঠ | অধিনায়ক | অকুতোভয় | সমাহিত | নির্বিঘ্নে |
|---|---|---|---|---|---|

ক. যাত্রীরা ...................................... নদী পার হলো।

খ. ................................ লড়াই চালিয়ে যেতে বললেন।

গ. মোস্তফা কামাল একজন ................................... ।

ঘ. সৈন্যরা ................................... ভিতর থেকে গুলি ছুড়ছে।

ঙ. মোস্তফা কামালকে দরুইনে ................................... করা হয়।

চ. তিনি একজন .................................. মুক্তিযোদ্ধা।

## ৩. পাঠ অনুসরণ করে নিচের ঘটনার পাশে তারিখবাচক শব্দ লিখি।

ক. পাকিস্তানি বাহিনী আখাউড়া রেললাইন ধরে এগোয়–১৬ই এপ্রিল

খ. দরুইন গ্রামে মুক্তিযোদ্ধাদের ওপর গোলাবর্ষণ হয়–

গ. মোস্তফা কামাল শহিদ হলেন–

## ৪. আমাদের জাতীয় দিবসগুলোর পাশে তারিখবাচক শব্দ লিখি।

ক. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ................................................................

খ. স্বাধীনতা দিবস ................................................................

গ. বিজয় দিবস ................................................................

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. মোস্তফা কামাল সমাহিত আছেন –

১. ব্রাহ্মণবাড়িয়া ২. দরুইন

৩. আখাউড়া ৪. কুমিল্লা

খ. এই যুদ্ধে কতজন মুক্তিযোদ্ধা নিহত হয়েছেন?

১. আটজন ২. নয়জন

৩. দশজন ৪. এগারোজন

গ. পাকিস্তানি হানাদার বাহিনীরা এগিয়ে আসছিল –

১. ঢাকার দিকে ২. দরুইনের দিকে

৩. ব্রাহ্মণবাড়িয়ার দিকে ৪. কুমিল্লার দিকে

ঘ. ১৮ ই এপ্রিল কয়টার সময়ে প্রচণ্ড বৃষ্টি হলো?

১. সকাল ৯টায় ২. বেলা ১১টায়

৩. দুপুর ১টায় ৪. দুপুর ২টায়



## ৬. প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

ক. কারা ব্রাহ্মণবাড়িয়ার দিকে এগিয়ে আসছিল?

খ. মুক্তিযোদ্ধারা কোথায় অবস্থান নিয়েছিলেন?

গ. মুক্তিযোদ্ধাদের সামনে কোন দুটি পথ খোলা ছিল?

ঘ. সঙ্গীদের জীবন বাঁচাতে মোস্তফা কামাল কী সিদ্ধান্ত নিলেন?

ঙ. একাই একটি দুর্গ-কাকে বোঝানো হয়েছে? কেন?

## ৭. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা ঘরে ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জীবন | মৃত্যু | শত্রু | মিত্র | কম | অনেক | হালকা | ভারী | বন্ধ | খোলা |

ক. আমাদের দেশে ................................... নদী আছে।

খ. মুক্তিযুদ্ধে অনেকেই ............................................... দিয়েছিলেন।

গ. পাকিস্তানি সেনাদের সাথে ছিল ................................... অস্ত্রশস্ত্র।

ঘ. ......................................... বাহিনী গোলাবর্ষণ শুরু করল।

ঙ. শুক্রবারে আমাদের স্কুল ................................... থাকে।

## ৮. বাক্যগুলো পড়ি। হাঁ বোঝানো এবং না বোঝানো বাক্য সম্পর্কে জেনে নিই।

ওদের মোকাবিলা করা যাবে। — হাঁ বোঝানো

ওদের মোকাবিলা করা যাবে না। — না বোঝানো

এবার নিচের বাক্যগুলোকে হাঁ বোঝানো/ না বোঝানো বাক্যে পরিবর্তন করি।

সকালে গোলাবর্ষণ শুরু হলো। ...................................................................

শত্রুরা এগোতে পারল না। ...................................................................

মুক্তিযোদ্ধারা পিছু হটবেন। ...................................................................

# একাই একটি দুর্গ
## পৃষ্ঠা ( ৪২ - ৪৭)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে।<br>৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে।<br>২.২.৩ গল্পের মূল বিষয় বুঝতে পারবে।<br>৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে।<br>২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে।<br>২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে।<br>৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়ে বুঝতে পারবে।<br>৩.১.২ অন্যের ( শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়ে বুঝতে পারবে।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসমগ্রী পড়তে পারবে। |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৪ গল্পসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনাসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড - ১৫**

## পিরিয়ড - ১

## পৃষ্ঠা : ৪২ (এপ্রিল ১৯৭১..........মোস্তফা কামাল।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ২.৩.৪
**উপকরণ :** পাঠ্যপুস্তক, বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালের ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন তৈরি।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। আজকের পাঠ সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন: শিক্ষক বীরশ্রেষ্ঠ মোস্তফা কামালের ছবি দেখিয়ে বলবেন, এটি কার ছবি? শিক্ষক শিশুদের বলতে সহায়তা করবেন। শিক্ষক বলবেন, আজকে আমরা তাঁর বীরত্বের কথা জানব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('এপ্রিল ১৯৭১..........মোস্তফা কামাল'।) অংশটুকু পড়ব।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৪২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।* প্রথমে পাঠসংশ্লিষ্ট ছবিগুলি শিশুদের দেখাবেন এবং আলোচনা করবেন।
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসাবেন। *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন।*
- দলে পড়ার কাজ, যুক্তবর্ণযুক্ত শব্দ খাতায় লেখা এবং পঠিত অংশ থেকে ৩টি প্রশ্ন তৈরি করে উত্তর বলবে ও লিখবে।
- দলের কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করে বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন- ব্রাহ্মণবাড়িয়া- হ্ম = হ+ম, মুক্তিযোদ্ধা ইত্যাদি।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে অজানা/নতুন শব্দগুলোর অর্থ এবং শব্দগুলো দিয়ে বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞাসা করবেন। যেমন- পাকিস্তানি, ব্রাহ্মণবাড়িয়া, মুক্তিযোদ্ধা ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি ও উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ২

## পৃষ্ঠা: ৪২ (এপ্রিল ১৯৭১...........মোস্তফা কামাল।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ২.৩.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে তৈরি বাক্য তালিকা।

| **পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *মুক্তিযোদ্ধারা কোথায় অবস্থান নিয়েছিলেন?*
  - *দলে কয়জন সৈন্য ছিলেন?*
  - *কয়েকজনকে পূর্বপাঠের বিষয়বস্তু নিজের ভাষায় বলতে বলবেন।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('এপ্রিল ১৯৭১.........মোস্তফা কামাল'।) অংশটুকু পড়ব। শিশুদের পাঠ্যপুস্তকের ৪২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে মোস্তফা কামালকে নিয়ে লেখা 'একাই একটি দুর্গ' গল্পের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক *আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।* প্রথমে পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখাবেন এবং আলোচনা করবেন।
- পড়া শেষে শিক্ষক শিশুদের পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখতে বলবেন। পঠিত অংশ থেকে ৫টি শব্দ বোর্ডে লিখে দিবেন, তা দিয়ে শিশুরা বাক্য তৈরি করবে।
- এরপর পঠিত অংশ থেকে ৩টি প্রশ্ন তৈরি করতে বলবেন।
- শিক্ষক পঠিত অংশ থেকে অজানা/নতুন শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- অবস্থান, অধিনায়ক, মোহাম্মদ মোস্তফা কামাল, সৈন্য ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন। তৈরিকৃত প্রশ্ন ৩টির উত্তর বাড়িতে লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠা- ৪২ (৭ই মার্চ.........ফুলে ওঠে।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১,

**উপকরণ :** পাঠ্যপুস্তক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের বানান, অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *পাকিস্তানি হানাদার বাহিনী কোন দিকে এগিয়ে আসছে?*

- *মুক্তিযোদ্ধাদের দলের অধিনায়ক কে ছিলেন? ইত্যাদি।*

- শিক্ষক আজকের অংশটুকু সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন– শিক্ষক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি দেখিয়ে বলবেন, এটি কার ছবি। শিশুরা ছবি দেখে বলবে। শিক্ষক বলবেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকেই শুরু হয়েছিল আমাদের মুক্তিযুদ্ধ। আমরা সে কথা আজ পড়ব।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('৭ই মার্চ.........ফুলে ওঠে'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। *আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।*
জোড়ায় পড়ার কাজ, যুক্তবর্ণযুক্ত শব্দ লেখা, পাঠ্যাংশ থেকে শিক্ষক ৫টি শব্দ বলবেন। শিশুরা শব্দগুলো প্রথমে লিখবে, তারপর শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করবে।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: স্বাধীনতা = স্ব স+ব ইত্যাদি।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে লিখিত শব্দগুলোর অর্থ এবং বাক্য মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- বঙ্গবন্ধু, ভাষণ, স্বাধীনতা, সংগ্রাম, চব্বিশ ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৪২ (৭ই মার্চ..........ফুলে ওঠে।)

### শিখনফল

**শোনা** : **১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১**
**বলা** : **১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৪.২, ২.৫.৩,**
**লেখা** : **১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে তৈরি বাক্য তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের বানান, অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *কার ভাষণ শুনে মোস্তফা কামালের বুক ফুলে ওঠে?*
    - *৭ই মার্চ কে ভাষণ দেন?*
    - *মোস্তফা কামালের বয়স তখন কত ছিল? ইত্যাদি।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('৭ই মার্চ..........ফুলে ওঠে'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিশুদের আজকের পঠিত অংশ থেকে *বঙ্গবন্ধু, ভাষণ, স্বাধীনতা, সংগ্রাম, চব্বিশ* ইত্যাদি শব্দগুলোর অর্থ এবং বাক্য মুখে মুখে জিজ্ঞেস করবেন। এরপর শব্দগুলো দিয়ে বাক্য লিখতে দেবেন।

- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্য তৈরি করেছি এবং পঠিত অংশটুকু নিজের ভাষায় বলতে শিখেছি।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৪২ (১৬ই এপ্রিল ১৯৭১..........সেনা সহায়তার জন্য।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, যুক্তবর্ণযুক্ত শব্দ তালিকা, শব্দ দিয়ে বাক্য গঠনের তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের বানান, অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *কে স্বাধীনতাসংগ্রামের ডাক দেন?*
  - *বঙ্গবন্ধু কত তারিখে ভাষণ দেন?*
  - *কেন বঙ্গবন্ধুর ভাষণ শুনে মোস্তফা কামালের বুক ফুলে ওঠে? ইত্যাদি।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('১৬ই এপ্রিল ১৯৭১..........সেনা সহায়তার জন্য') অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় বসিয়ে *আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।* যেমন- পড়ার কাজ, পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত লেখা, পঠিত অংশ থেকে ৩টি প্রশ্ন তৈরি করে উত্তর লেখা।
- জোড়ায় কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙ্গে দেখাবেন। যেমন: শক্তি- ক্ত = ক+ত ইত্যাদি।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- কুমিল্লা, আখাউড়া, গোলাবর্ষণ, শক্তি ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৬
## পৃষ্ঠাঃ ৪২ (কিন্তু বাড়তি সেনা..........হলো বন্ধ।)

### শিখনফল

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ২.২.৩
**বলা** : ১.১.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণযুক্ত শব্দ তালিকা, শব্দ দিয়ে বাক্য গঠনের তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের বানান, অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *মোস্তফা কামাল কী খবর পাঠালেন?*
  - *মোস্তফা কামাল ১৭ই এপ্রিল শত্রুর মোকাবেলার ক্ষেত্রে কী সমস্যার কথা ভেবেছিলেন।*
  - *গত ক্লাসের বিষয়বস্তু নিজের ভাষায় বলতে বলবেন।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('কিন্তু বাড়তি সেনা ..........হলো বন্ধ'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। ৪টি প্রশ্ন তৈরি করবে এবং উত্তর লিখবে।
  লেখা শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: অস্থির- স্থ = স+থ, আত্মরক্ষা। ইত্যাদি।
- পাঠ্যাংশ থেকে কী কী প্রশ্ন তৈরি করেছে তা শুনবেন।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- অস্থির, আত্মরক্ষা, পরিখা ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা, জানার জন্য প্রশ্ন করবেন। যেমন: ১. *মোস্তফা কামাল কেন অস্থির হয়ে উঠেছিলেন? ২. বাড়তি সৈন্যের সাথে আর কী আসল?*
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ৭
## পৃষ্ঠাঃ ৪৩ (১৮ই এপ্রিল ১৯৭১..........হলো না।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণযুক্ত শব্দ তালিকা, শব্দ দিয়ে বাক্য গঠনের তালিকা ।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, এবং ছোট প্রশ্ন ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন ।শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *সকলে কোথায় আত্মরক্ষা করলেন?*
    - *বাড়তি সৈন্য কখন এসে পৌঁছালেন?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে মোস্তফা কামালকে নিয়ে লেখা ‘একাই একটি দুর্গ’ গল্পের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন । আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘একাই একটি দুর্গ’ গল্পটির (১৮ই এপ্রিল ১৯৭১............হলো না ।) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু /মূলভাব আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসিয়ে *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন ।*
- দলে বসে পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লেখা, ৪টি শব্দ দিয়ে বাক্য লেখা ।
- দলের কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন । যেমন: বৃষ্টি– ষ্ট = ষ+ট ইত্যাদি ।
- দলের বাকি কাজগুলো শিক্ষার্থীদের কাছ থেকে জেনে নিবেন ।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে অজানা/নতুন শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন । যেমন- বৃষ্টি, দুশমন, নির্বিঘ্নে ইত্যাদি ।শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন ।
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি ।

## পিরিয়ড - ৮
## পৃষ্ঠা: ৪৩ (বেলা এগারোটা..........লাগলেন মেশিনগান। )

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের ৪৩ পৃষ্ঠার ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *কখন সারা আকাশ কালো মেঘে ছেয়ে গেল?*
  - *মুক্তিযোদ্ধারা কী ভাবলেন?*
  - *আজকের পঠিত অংশটুকুর মধ্যে কোথায় তোমার ভালো লেগেছে এবং কেন ভালো লেগেছে?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে মোস্তফা কামালকে নিয়ে লেখা 'একাই একটি দুর্গ' গল্পের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('বেলা এগারোটা..........লাগলেন মেশিনগান'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক এবার শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি বসিয়ে *আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।*
- *জোড়ায়* প্রথমে পড়ার কাজ, যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে লেখা এবং পঠিত অংশ থেকে ৩টি প্রশ্ন তৈরি করে উত্তর লিখবে। শিশুরা একে অন্যের খাতা দেখবে।
- *জোড়ায়* কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: প্রচন্ড- = ণ+ড ইত্যাদি। শিক্ষক শিক্ষার্থীদের জোড়ায় করা কাজগুলো দেখবেন।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- প্রচন্ড, আক্রমণ, তীব্র, পালটা, চালাচ্ছিলেন, বন্ধ, মুহূর্ত ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা জানার জন্য প্রশ্ন করবেন। যেমন: ১. *মোস্তফা কামাল মুহূর্ত দেরি না করে কেন মেশিনগান চালাতে লাগলেন? বৃষ্টি শুরু হওয়ার সাথে সাথে কী কী ঘটল?*
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুদের সহায়তা করবেন এবং উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

**পিরিয়ড - ৯**

**পৃষ্ঠা: ৪৪, (পাকিস্তানি সৈন্যরা.........এ দায়িত্ব কে নেবে ও অনুশীলনী ১, ২।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, যুক্তবর্ণযুক্ত শব্দ তালিকা, শব্দ দিয়ে বাক্য গঠনের তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন এবং শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *বিষয়বস্তু নিজের ভাষায় বলতে দেবেন?*
  - *শিক্ষক গত ক্লাসের পুনরালোচনা করবেন?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে মোস্তফা কামালকে নিয়ে লেখা 'একাই একটি দুর্গ' গল্পটির পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বলবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির ('পাকিস্তানি সৈন্যরা.........এ দায়িত্ব কে নেবে'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু /মূলভাব আলোচনা করবেন।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- অস্ত্র, যুদ্ধ, ততক্ষণ, দায়িত্ব, অবিরাম ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুদের সহায়তা করবেন এবং উৎসাহিত করবেন।
- শিক্ষক পাঠ শিখির ১ ও ২ নম্বর প্রশ্ন করাবেন।
- এবার শিশুদের বইয়ের ৪৫ পৃষ্ঠা খুলতে বলবেন এবং ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো গল্পের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। শব্দগুলোর অর্থ ও বাক্যসহ খাতায় লিখতে দেবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। লেখা শেষে শিশুরা একে অন্যের খাতা দেখবে। পরে শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের কয়েকজনের খাতা দেখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্ন তৈরি, উত্তর বলা এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি।

## পিরিয়ড - ১০

## পৃষ্ঠা: ৪৪ (এ সময় আরও.........সাবধানে পিছু হটলেন ও অনুশীলনী ৩, ৬। )

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকররণ :** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণযুক্ত শব্দের তলিকা,, বাক্য রচনার তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন যেমন:*
  - *কাদের সঙ্গে ভারী অস্ত্রশস্ত্র ছিল?*
  - *কারা সংখ্যায় অনেক কম ছিল?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে মোস্তফা কামালকে নিয়ে লেখা 'একাই একটি দুর্গ' গল্পের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির নির্ধারিত অংশ (পাকিস্তানি সৈন্যরা.............এ দায়িত্ব কে নেবে।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসিয়ে *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন।*
- দলে পড়বে এবং যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন- শত্রু, দ্রুত ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- এবার শিশুদের ৪৬ পৃষ্ঠা খুলতে বলবেন এবং ৩ ও ৬ নম্বর অনুশীলনীর কাজ করাবেন। ৬ নম্বর অনুশীলনীর (ক - গ) পর্যন্ত প্রশ্নগুলো করাবেন।
- শিশুরা প্রতিটি প্রশ্নের মুখে মুখে উত্তর দেবে এবং লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি এবং অনুশীলনী প্রশ্নের উত্তর লিখেছি।

## পিরিয়ড-১১
## পৃষ্ঠা: ৪৪, (অনবরত গুলি চালিয়ে.........মৃত্যুবরণ করলেন ও অনুশীলনী ৪।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণযুক্ত শব্দের তালিকা, বাক্য রচনার তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবে। যেমন:*
  - *পিছু না হটলে কী হতো?*
  - *কারা সবাইকে শেষ করে দেবে?*
  - *মোস্তফা কামাল সবাইকে সরে যেতে বললেন কেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘একাই একটি দুর্গ’ গল্পটির নির্ধারিত অংশ (অনবরত গুলি চালিয়ে.........মৃত্যুবরণ করলেন।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক *আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক এবার শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি বসিয়ে *আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।*
- জোড়ায় পড়বে, যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে এবং ৫টি শব্দ দিয়ে বাক্য তৈরি করবে।
- জোড়ায় কাজ শেষ হলে শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। যেমন-শত্রু, দ্রুত, পর্যন্ত ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুদের সহায়তা করবেন এবং উৎসাহিত করবেন।
- এবার শিশুদের ৪৫ পৃষ্ঠা খুলতে বলবেন এবং ৪ নম্বর অনুশীলনীর কাজ করাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য তৈরি, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা শিখেছি এবং অনুশীলনীর উত্তর লিখেছি।

## পিরিয়ড-১২
## পৃষ্ঠা: ৪৪ (দরুইনের মাটিতে..........'বীরশ্রেষ্ঠ' খেতাবে ভূষিত করেন।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, বাক্য রচনার তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন এবং গত দিনের পাঠ যাচাই করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে মোস্তফা কামালকে নিয়ে লেখা 'একাই একটি দুর্গ' গল্পের পঠিত অংশটুকু সংক্ষেপে আলোচনা করবেন।
- আজ আমরা পাঠ্যপুস্তকের 'একাই একটি দুর্গ' গল্পটির (দরুইনের মাটিতে..........'বীরশ্রেষ্ঠ খেতাবে ভূষিত করেন'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- পড়া শেষে শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে *আগের পাঠের মতো দলের কাজগুলো করাবেন।*
- দলের কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন।
- এ ছাড়া শিক্ষক শিশুদের আজকের পঠিত অংশ থেকে প্রয়োজনীয় শব্দগুলোর অর্থ এবং বাক্য বোর্ডে লিখে মুখে মুখে জিজ্ঞেস করবেন। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- আজকের পঠিত অংশটুকু কয়েকজনকে নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে প্রশ্নের উত্তর লিখেছি।

## পিরিয়ড-১৩
## পৃষ্ঠা: ৪৬ (অনুশীলনী ৫, ৬)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, বাক্য রচনার তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে প্রথমে কুশল বিনিময় করবেন। এরপর গত দিনের পাঠ থেকে যাচাই করবেন। আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৪৬ পৃষ্ঠা খুলতে বলবেন।
- প্রথমে অনুশীলনী ৫ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- 'ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।' শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন। শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: দলে সৈন্য ছিল মাত্র-

    ১. ২০ জন    ২. ৩০ জন

    ৩. ১০ জন    ৪. ১৫ জন

- এরপর শিশুদের উদ্দেশে জিজ্ঞাসা করবেন। তাদের দেওয়া ঠিক উত্তরটি লিখবেন।
- শিক্ষক এভাবে ৫ নম্বর অনুশীলনীর ক-ঘ প্রশ্নগুলো করাবেন ও শিশুদের লিখতে বলবেন।

- এরপর শিক্ষক ৬ নম্বর অনুশীলনীর 'প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি' (ক-ঙ) পর্যন্ত করাবেন। প্রথমে মুখে মুখে প্রশ্নগুলোর উত্তর বলবে। পরে শিশুরা প্রশ্নের উত্তর খাতায় লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা অনুশীলনী থেকে প্রশ্নের উত্তর লিখেছি।

**পিরিয়ড - ১৪**

**পৃষ্ঠা: ৪৭ (অনুশীলনী ৭, ৮ )**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তাক্ষরযুক্ত শব্দের তালিকা, বাক্য রচনার তালিকা।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, শব্দের অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দ, পঠিত অংশের মূল বক্তব্য এবং ছোট প্রশ্ন।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে প্রথমে কুশল বিনিময় করবেন। এরপর গত দিনের পাঠ থেকে যাচাই করবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৪৭ পৃষ্ঠা খুলতে বলবেন।
- এরপর শিক্ষক ৭ নম্বর অনুশীলনীর 'বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা ঘরে ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন।
- সবশেষে ৮ নম্বর প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন 'বাক্যগুলো পড়ি। হ্যাঁ বোঝানো এবং না বোঝানো বাক্য সম্পর্কে জেনে নিই'।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা অনুশীলনী থেকে বিপরীত শব্দ এবং হ্যাঁ ও না বোঝানো জেনেছি এবং লিখছি।

# পিরিয়ড-১৫
## পাঠ শেষে সামগ্রিক মুল্যায়ন

১. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি।

| |
|---|
| দলপতি, মুক্তিযুদ্ধে বীরত্বের জন্যে দেওয়া বিশেষ উপাধি, নিরাপদে, কবরে শায়িত |

ক বীরশ্রেষ্ঠ: .........................................................................................................

খ. অধিনায়ক: .........................................................................................................

গ. সমাহিত: .........................................................................................................

ঘ. নির্বিঘ্নে: .........................................................................................................

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| |
|---|
| পরিখা, বীরশ্রেষ্ঠ, অধিনায়ক, অকুতোভয় |

ক. ..........................................................................লড়াই চালিয়ে যেতে বললেন।

খ. সৈন্যরা ......................................................................ভেতর থেকে গুলি ছুঁড়ছে।


গ. তিনি একজন..................................................................মুক্তিযোদ্ধা।

ঘ. মোস্তফা কামাল একজন ............................................................. ।

৩. একজন মুক্তিযোদ্ধা সম্পর্কে তিনটি বাক্য লেখ।

৪. বিপরীত শব্দ দাগ টেনে মিলাই।

| | | |
|---|---|---|
| জীবন | | খোলা |
| বন্ধ | | মৃত্যু |
| শত্রু | | ভারী |
| হালকা | | মিত্র |





# আমার পণ

মদনমোহন তর্কালঙ্কার

সকালে উঠিয়া আমি মনে মনে বলি,
সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।
আদেশ করেন যাহা মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ করি ভালো মনে।

ভাইবোন সকলেরে যেন ভালোবাসি,
এক সাথে থাকি যেন সবে মিলেমিশি।
ভালো ছেলেদের সাথে মিশে করি খেলা,
পাঠের সময় যেন নাহি করি হেলা।

সুখী যেন নাহি হই আর কারও দুখে,
মিছে কথা কভু যেন নাহি আসে মুখে।
সাবধানে যেন লোভ সামলিয়ে থাকি,
কিছুতে কাহারে যেন নাহি দিই ফাঁকি।
ঝগড়া না করি যেন কভু কারও সনে,
সকালে উঠিয়া এই বলি মনে মনে।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

গুরুজন পাঠ হেলা আদেশ ফাঁকি কভু সামলিয়ে

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| কভু | পাঠ | হেলা | আদেশ | সামলিয়ে | গুরুজন | ফাঁকি |
|---|---|---|---|---|---|---|

ক. বড়দের ................................ মেনে চলা উচিত।

খ. আমরা ................................ শেষ করে খেলতে যাই।

গ. কাজে ................................ দেওয়া উচিত নয়।

ঘ. ................................ মিথ্যা বলব না।

ঙ. মা-বাবা, শিক্ষক আমাদের ................................ ।

চ. কাউকে ....................................... করব না।

ছ. লোভ ....................................... যেন চলতে পারি।

## ৩. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. কবিতাটি থেকে আমরা কী শিখলাম?

১. সবাই যেন সুখে বাস করতে পারি

২. সবাই মিলেমিশে জীবন কাটাতে পারি

৩. সবাই যেন সবাইকে ভালোবাসতে পারি

৪. সবাই সাবধানে সুখে জীবন কাটাতে পারি



## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. সারাদিন আমি কীভাবে চলব?
খ. কারা গুরুজন?
গ. পড়ার সময় আমি কী করব?
ঘ. কোন ধরনের কথা আমি বলব না?
ঙ. কাদের আমরা ভালোবাসব?
চ. অন্যের দুঃখে আমরা কী করব?



## ৫. ডান দিকের কথার সাথে বাম দিকের কথা মিলিয়ে পড়ি ও লিখি।

| | |
|---|---|
| আদেশ মেনে চলি | গুরুজনদের/ভালো ছেলেদের |
| ভালোবাসি | ভালো ছেলেদের/সবাইকে |
| কাজ করি | মনে মনে/ভালো মনে |
| পাঠের সময় | করি খেলা/নাহি হেলা |
| সামলে রাখি | দুঃখ/লোভ |

## ৬. গুরুজন সম্পর্কে জানি এবং তাঁদের সম্পর্কে একটি করে বাক্য লিখি।

| | | |
|---|---|---|
| বাবা | মা | ................................................................................ |
| দাদা | দাদি | ................................................................................ |
| নানা | নানি | ................................................................................ |
| চাচা | চাচি | ................................................................................ |
| মামা | মামি | ................................................................................ |
| শিক্ষক | | ................................................................................ |

## ৭. নিচের বাক্যগুলোর কাজ বোঝানো শব্দগুলো লিখি এবং তা দিয়ে বাক্য তৈরি করি।

| | | |
|---|---|---|
| আমি সকালে ঘুম থকে উঠি। | ওঠা | সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো। |
| কথাটা মনে মনে বললাম। | বলা | সবার সত্য কথা বলা উচিত। |
| ভালো হয়ে চলি | | ................................................ |
| ভালো মনে কাজ করি | | ................................................ |
| সকলেরে যেন ভালোবাসি | | ................................................ |
| একসাথে থাকি | | ................................................ |
| কারো দুঃখে সুখী যেন না হই | | ................................................ |

## ৮. কবিতাটি মুখস্থ বলি ও লিখি।

## ৯. আমার ইচ্ছে সম্পর্কে তিনটি বাক্য লিখি।

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

# আমার পণ
## পৃষ্ঠা ( ৪৮ - ৫১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে ।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে ।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে । | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে ।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে ।<br>২.১.৩ কবিতার মূলভাব বুঝতে পারবে । |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে ।যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>২.১ পাঠ্য ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে ।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে । | **বলা**<br>১. ১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে ।<br>২.১.৩ পাঠ্যপুস্তকের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.১.৪ পাঠ-বহির্ভূত কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.২.১ পাঠ্যপুস্তকের ছড়া কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে ।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে ।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে । |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে ।<br>৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে । | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে ।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>৩.১.২ অন্যের (শিক্ষক ও সহপাঠিদের) হতের লেখা পড়তে পারবে ।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে। | ২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.২ কবিতা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | ৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড ৭**

## পিরিয়ড -১

## পৃষ্ঠা: ৪৮ ( ১ম স্তবক: সকালে উঠিয়া----------------ভালো মনে)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২, ২.১.৩

**বলা** : ২.১.৩, ২.২.২

**পড়া** : ১.৪.১, ১.৫.১, ২.২.২

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** নতুন শব্দ, কবিতার মূলভাব। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতাসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন:*
  - তোমরা সকালে ঘুম থেকে ওঠার পর মনে মনে কী ভাবো?
  - কী ধরনের কাজের কথা ভাবো?
  - পরিবারের গুরুজন ভাইবোনদের সাথে কীভাবে চলবে বলে মনে মনে ভাবো।
  - শিশুদের উত্তরের সাথে মিল রেখে বলবেন এগুলো সবই আমরা মনে মনে শপথ করি।
  - এগুলোই হলো পণ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ “আমার পণ” কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (সকালে উঠিয়া-------------ভালো মনে) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা, তা লক্ষ করবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন, প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের পড়া পড়াবেন।
- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। সবাই মনোযোগসহকারে শুনছে কিনা, তা লক্ষ করবেন।
- ২/৩ জনকে আলোচ্য পাঠের মূলভাব জিজ্ঞেস করবেন।
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: পণ = মনে মনে শপথ করা, আদেশ = হুকুম, গুরুজন = সম্মানীয় ব্যক্তি ইত্যাদি। *শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।*

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি । কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ লেখা শিখেছি ।

## পিরিয়ড-২

## পৃষ্ঠা: ৪৮ (২য় স্তবক: ভাইবোন-----------------করি হেলা।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২, ২.১.৩
**বলা** : ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৪.১, ১.৫.১, ২.২.২,
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক ।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন শব্দ, কবিতার মূলভাব, প্রশ্নউত্তর । |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
  - *তুমি সকালে উঠে মনে মনে কী পণ কর?*
  - *তোমার পরিবারে গুরুজন কে কে আছেন?*
  - *তুমি সারাদিন কীভাবে চলবে?*
  - *পড়ার সময় আমরা কী করি?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজও আমরা “আমার পণ” কবিতার (ভাইবোন-----------------করি হেলা।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ পৃষ্ঠা খুলতে বলবেন । শিক্ষক আগের পাঠ পড়ানোর ধাপ অনুসরন করে কবিতাটির চরণ (১-৫) পড়াবেন ।
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন ।
- শিশুদের কবিতার অংশটি পড়তে ও দেখে দেখে লিখতে বলবেন । পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন ।
- *এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন, শব্দ লিখবেন । শিশুরা প্রশ্নের উত্তর ও বাক্য গঠন বলবে ও লিখবে ।*
- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন । শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন । *সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন ।*
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন । যেমন: আদেশ, গুরুজন, মিলেমিশে, পাঠের সময়, হেলা ইত্যাদি । (পাঠ্যপুস্তকের পিছনে দেওয়া শব্দ কীভাবে খুঁজে বের করতে হয় তা বুঝিয়ে দেবেন ।)
- প্রত্যেকে ২টি করে প্রশ্ন বানাবে ও উত্তর লিখবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি । কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ লেখা শিখেছি ।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠাঃ ৪৮ (৩য় স্তবকঃ সুখী যেন-----------------মনে মনে।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২, ২.১.৩

**বলা** :২.১.৩, ২.২.২

**পড়া** : ১.৪.১, ১.৫.১, ২.২.২, ৩.৩.১

**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, নতুন শব্দ, কবিতার মূলভাব। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
  - *ভাইবোন সবাই কীভাবে থাকার কথা কবি বলেছেন?*
  - *পাঠের সময় অবহেলা করলে কী ক্ষতি হবে?*
  - *আমরা সবাই কীভাবে থাকব?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা "আমার পণ" কবিতার (সুখী যেন-----------------মনে মনে।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠেরমত পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। দলে কীভাবে কবিতাটির চরণ পড়তে হবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এরপরের জন ৩য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। দলের মধ্যে পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়তে বলবেন। দলের পারগ শিশুকে প্রয়োজনে সংশোধন করতে বলবেন।
- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। সবাই মনোযোগসহকারে শুনছে কিনা তা লক্ষ করবেন।
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ আদেশ, গুরুজন, মিলেমিশে, পাঠের সময়, হেলা ইত্যাদি। (পাঠ্যপুস্তকের পিছনে দেওয়া শব্দ কীভাবে খুঁজে বের করতে হয় তা বুঝিয়ে দেবেন।)
- কবিতাটির শেষ স্তবক মুখস্থ লিখতে দেবেন। লেখা শেষে একজনের খাতা অন্যজনকে বইয়ের সাথে মিলিয়ে দেখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ লেখা শিখেছি।

## পিরিয়ড - ৪

## পৃষ্ঠা: ৪৮ (সকালে উঠিয়া----------------মনে মনে ও ৮ নম্বর অনুশীলনী।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২, ২.১.৩

**বলা** : ১.৩.২, ২.১.৩, ২.২.২

**পড়া** : ১.৪.১, ১.৫.১, ২.২.২, ৩.৩.১

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন শব্দ, কবিতার মূলভাব, মুখস্থ লেখা। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *যেমন:*
  - 'আমার পণ' কবিতার কয়েকটি শব্দ বোর্ডে লিখবেন। যেমন- বলি, জনে, ভালোবাসি, খেলা, দুখে, থাকি, সনে।
  - এবার শিশুদের শব্দগুলার সাথে মিল রেখে কবিতা থেকে অন্য শব্দ বলতে বলবেন এবং শিক্ষক শব্দগুলো পাশে লিখবেন। যেমন: বলি-চলি, জনে-মনে ইত্যাদি।
- শিক্ষক এবার 'আমার পণ' কবিতার বিষয়বস্তু বা মূলভাব বুঝিয়ে দেবেন ও নিজের ভাষায় লিখতে বলবেন।
- এরপর শিক্ষক শিশুদের ৮ নম্বর অনুশীলন অনুযায়ী কবিতাটি মুখস্থ লিখতে বলবেন। একে অন্যের খাতা দেখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতাটি লেখা শিখেছি।

## পিরিয়ড-৫

## পৃষ্ঠা: ৪৯-৫০ (অনুশীলনী ১,২, ৩, ৪ ও ৫।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪

**বলা** : ১.৩.২

**পড়া** : ১.৪.১, ১.৫.১, ২.২.২, ৩.৩.১

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

| **পাঠের আলোচ্য বিষয়** : নতুন শব্দ, পাঠশিখির প্রশ্ন উত্তর লেখা। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তক খুলতে বলবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৪৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক এরপর ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন।প্রয়োজনে সহায়তা করবেন।

- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন।
- এরপর অনুশীলনীর ৩ নম্বর ও ৪ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।
- বোর্ডে ৫ নম্বর প্রশ্নের উত্তর বুঝিয়ে দেবেন। তারা মুখে মুখে বলবে ও লিখবে।
- যাদের লেখা শেষ হয়ে যাবে তাদের খাতা দেখে যাচাই করবেন এবং প্রয়োজনে শুদ্ধ করে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৫০-৫১ (অনুশীলনী ৬, ৯।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪
**বলা** :১.৩.২
**পড়া** :১.৪.১, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

| **পাঠের আলোচ্য বিষয়:** পাঠশিখির প্রশ্ন উত্তর লেখা |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৪৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। তিনি বোর্ডে 'কাজ' বোঝায় এমন দুয়েকটি বাক্য লিখবেন। যেমন– আমি লেখি। সুমি পড়ে।
- বাক্যের মধ্যে 'কাজ' আছে এমন শব্দগুলো খুঁজে বের করতে বলবেন। অর্থাৎ লেখি (লেখা), পড়ে (পড়া) – এগুলো 'কাজ' বোঝানো শব্দ। পাঠ্যপুস্তকের ৭ নম্বর প্রশ্নে উঠি, বললাম, চলি, করি-এগুলো দিয়েই বাক্য তৈরি করা হয়েছে। এভাবে বই থেকে ৭ নম্বর প্রশ্নের উত্তর লিখতে বলবেন।
- বোর্ডে কতগুলো শব্দ লিখবেন। যেমন- মামা, মা, ছোট ভাই, বাবা, খালু, শিক্ষক, চাচা, বোন, চাচি, দাদা, বন্ধু, দাদি, ভাগিনা, নানা, খালা, মামি, নানি– শব্দগুলোর মধ্যে কারা তোমার গুরুজন তা চিহ্নিত করে বলতে ও লিখতে বলবেন। অতঃপর ৬ নম্বর অনুশীলনী করতে বলবেন।
- ৯ নম্বর প্রশ্নের উত্তর মুখে মুখে জিজ্ঞেস করবেন এবং নিজের ইচ্ছা সম্পর্কে খাতায় বাড়িতে লিখতে বলবেন।
- যাদের লেখা শেষ হয়ে যাবে তাদের খাতা দেখে যাচাই করবেন এবং প্রয়োজনে শুদ্ধ করে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৭
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. তুমি সারা দিন কীভাবে চলবে তা চারটি বাক্যে লেখ ।

২. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি ।

| |
|---|
| অবহেলা, সম্মানীয় ব্যক্তি, এড়িয়ে, পড়া |

ক. সামলিয়ে...........................................................................

খ. গুরুজন............................................................................

গ. পাঠ..................................................................................

ঘ. হেলা.................................................................................

৩. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি ।

| |
|---|
| ফাঁকি, আদেশ, কভু |

ক. বড়দের..............................................মেনে চলা উচিত ।

খ. কাজে................................................দেওয়া উচিত নয় ।

গ. .......................................................মিথ্যা বলব না ।

৪. তুমি তোমার গুরুজনদের কীভাবে সম্মান করো তিনটি বাক্যে লেখ?

# পাখিদের কথা

রোজ সকালে নানা রকম পাখির ডাকে আমাদের ঘুম ভাঙে। ওরা নানা সুরে ডাকাডাকি করে। তাতে মনটা খুশিতে ভরে ওঠে। পাখি আমাদের অনেক উপকার করে। পরিবেশ রক্ষা করে। তারা আমাদের প্রতিবেশীর মতো। পাখি আমাদের বন্ধু।


কাক

আমাদের খুব পরিচিত পাখি কাক। কালো পালকে ঢাকা শরীর তার। কাক কা কা করে ডাকে। এরা ঝাঁক বেঁধে ওড়ে। খুব চালাক বলে নাম আছে কাকের। তবে বোকামির কাণ্ডও করে সে। কোকিলের ডিমে তা দেয়। বাচ্চা ফুটিয়ে দেয়।


কোকিল

আমাদের চেনা পাখি কোকিল। এদের রঙও কালো। তবে কালোর ওপরে উজ্জ্বল নীল রঙের পোঁচ দেওয়া। ঠোঁট সবুজ ও বাঁকানো। চোখের রং টকটকে লাল। লম্বা লেজ আছে। কোকিল ডাকে উঁচু ও সুরেলা কণ্ঠে। কুউ–উ–উ, কুউ–উ–উ ডাক ঠিক গানের মতো মিষ্টি। কোকিল বসন্তকালে ডাকে।


ময়না

ময়না দেখতে যেমন সুন্দর তেমনি মিষ্টি তার গান। অন্য পাখির ডাক, মানুষের কথা অবিকল নকল করতে পারে সে। এ জন্য মানুষ তাকে শখ করে পোষে। ময়নার রং কালো। চোখের নিচে ও মাথার পিছন দিকে হলুদ চওড়া রেখা টানা। ঠোঁট কমলা লালে মেশানো। পা দুটি হলুদ।


বুলবুলি

ছোট পাখি বুলবুলি। মিষ্টি গানের কণ্ঠ তার। হালকা বাদামি আর কালো রঙের হয় বুলবুলি। লম্বা লেজের গোড়ায় আছে লাল টুকটুকে ছোপ। এরা পোষ মানে সহজে। মাথার ওপরে সামনে ঝুলে পড়া একটি ঝুঁটি আছে তার।

টিয়া সবুজ রঙের পাখি। সবুজ তার ডানা ও লম্বা লেজ। বাঁকানো ঠোঁট টুকটুকে লাল আর খুব শক্ত। গলায় আছে লাল ও কালো রঙের দাগ। তারা ঝাঁক বেঁধে চলে। টিয়াও পোষ মানে। মানুষের শেখানো কথা চমৎকার করে বলতে পারে।


টিয়া


দোয়েল

ছোট পাখি দোয়েল। দেশের সব জায়গায় দেখা যায় এদের। ঝোপে ঝাড়ে, গাছের কোটরে, দালানের ফাঁকে-ফোকরে থাকে। দোয়েলের মতো মিষ্টি গান গাইতে পারে খুব কম পাখি। নরম সুরে শিস দেয়। সাদা-কালোয় সাজানো তার পালকের পোশাক। ডানার ওপরে চওড়া দাগ টানা। এর লেজ বেশ লম্বা। **দোয়েল আমাদের জাতীয় পাখি।**

সবচেয়ে ছোট পাখি টুনটুনি। এরা বেশ চঞ্চল। কোথাও স্থির হয়ে বসে না। এরা ছোট ছোট গাছে নেচে বেড়ায়।


টুনটুনি



বাবুই

ছোট্ট পাখি বাবুই। এরা খুব সুন্দর করে বাসা বানাতে পারে। সরু সরু আঁশ দিয়ে তারা বাসা বোনে। সুন্দর বাসা বুনতে পারে বলে বাবুইকে বলা হয় তাঁতি পাখি। একে শিল্পী পাখিও বলা হয়।

আমাদের চেনা পাখি শালিক। চকচকে বাদামি পালকে ঢাকা শরীর। ঠোঁট ও চোখের পাশটা হলুদ রঙের। বাদামি দুই ডানার নিচে দুটি উজ্জ্বল সাদা দাগ টানা। খাটো দুটি পা হলুদ রঙের। এরা দল বেঁধে চলতে ভালোবাসে।



শালিক



মাছরাঙা

মাছরাঙা একটি সুন্দর পাখি। এর মাথা, ঘাড়, পেট ও পিঠের রং গাঢ় বাদামি। খয়েরি রঙেরও হয়। চিবুক, গলা ও বুকে থাকে নানা রং। ডানার পালক উজ্জ্বল নীল। পানিতে ঝাঁপ দিয়ে এরা দুই ঠোঁটে মাছ তুলে আনে।

আরও কত যে পাখি আছে আমাদের দেশে। আর কত যে তাদের নাম। চড়ুই, বক, খঞ্জনা, ঘুঘু, শঙ্খচিল, ডাহুক, শ্যামা, চিল, ঈগল, শকুন, কবুতর। এসব পাখির কথাও আমরা পরে জেনে নেব।













## অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

প্রতিবেশী পালক প্যাঁচ ছোপ ঝুঁটি শখ ঝাঁক তাঁতি

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| প্রতিবেশী | শখ | তাঁতিরা | ঝাঁক | ঝুঁটি | পালক | প্যাঁচ |

ক. বকের ............................ সাদা ।

খ. শীলা চাচি আমাদের ............................ ।

গ. গরমে মেয়েরা ............................ করে চুল বাঁধে ।

ঘ. সাঁঝের আকাশে অনেক রঙের ............................ ।

ঙ. ............................ খুব সুন্দর শাড়ি বোনে।

চ. বন্ধুদের ছবি জমানো রবির ............................ ।

ছ. এক ............................ পাখি উড়ছে।



৩. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. কোন কোন পাখি গান গাইতে পারে?

খ. মানুষের কথা নকল করতে পারে কোন কোন পাখি?

গ. কোন কোন পাখিকে ছোট পাখি বলা হয়?

ঘ. তাঁতি পাখি কোনটি? এদের তাঁতি পাখি বলা হয় কেন?

ঙ. আমাদের জাতীয় পাখির নাম কী?

চ. কোকিল কোন সময় ডাকে?

ছ. টুনটুনিকে চঞ্চল পাখি বলা হয় কেন?



## ৪. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কণ্ঠ | ণ্ঠ | ণ | ঠ | | গুণ্ঠন, কুণ্ঠা |
| উজ্জ্বল | জ্জ্ব | জ | জ | ব | প্রোজ্জ্বল |
| লম্বা | ম্ব | ম | ব | | খাম্বা, কম্বল |
| ছোট্ট | ট্ট | ট | ট | | ভুট্টা, খোট্টা |
| চঞ্চল | ঞ্চ | ঞ | চ | | অঞ্চল, কাঞ্চন |
| খঞ্জনা | ঞ্জ | ঞ | জ | | অঞ্জন, গঞ্জ |
| শঙ্খচিল | ঙ্খ | ঙ | খ | | শৃঙ্খলা, ময়ূরপঙ্খী |

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।



ক. গান গাইতে পারে কোন পাখি?

১. বাবুই ২. ময়না

৩. শালিক ৪. টিয়া

খ. ঝাঁক বেঁধে চলে কোন সারির পাখিরা?

১. কোকিল, বাবুই, ময়না ২. শালিক, বাবুই, বুলবুলি

৩. কাক, টিয়া, শালিক ৪. মাছরাঙা, টুনটুনি, দোয়েল

গ. কোন সারির সব শব্দের অর্থ এক?

১. ঝলক, ঝলমল, উজ্জ্বল ২. ঝাঁক, পাল, দল

৩. পালক, ঝলক, নকল ৪. আগ্রহ, দক্ষ, চালাক

ঘ. পাখিদের আমরা রক্ষা করব। কারণ–

১. পাখিরা আমাদের পরিচিত ২. পাখিরা আমাদের পড়শি

৩. পাখিরা দল বেঁধে চলে ৪. পাখিরা আমাদের উপকার করে

**৬. বাক্যগুলো পড়ি। ঠিক জায়গায় কমা, দাঁড়ি ও প্রশ্নচিহ্ন বসিয়ে খাতায় লিখি।**

ক. আমাদের দেশে আছে কত রকমের পাখি

খ. আর কত যে তাদের নাম

গ. মিষ্টি সুরে গান করে কোকিল ময়না ও দোয়েল

ঘ. রবি আমি অনেক পাখি দেখেছি

ঙ. মাছরাঙার পিঠের রং গার বাদামি পালক উজ্জ্বল নীল

চ. তুমি কী কী পাখি দেখেছ

**৭. শব্দ আছে পাতায় পাতায়। ঠিক শব্দ খুঁজে বের করি। নিচের খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**




ক. টিয়া ...................................... রঙের পাখি।

খ. দোয়েল নরম সুরে ...................................... দেয়।

গ. মিষ্টি সুরে গান গায় .................................. ও ..................................।

ঘ. মাথার সামনে ঝুঁটি আছে .................................. পাখির।

ঙ. সবচেয়ে ছোট পাখি ..........................................।

চ. বাবুই হচ্ছে ..........................................পাখি।

## ৮. শব্দগুলো ভালোভাবে দেখি। এগুলো পাখিদের রং ও গুণের কথা বোঝাচ্ছে। শব্দগুলো দিয়ে বাক্য লিখি।

সবুজ তাঁতি ছোট্ট নরম সুন্দর

সবুজ আমাদের খেলার মাঠটি সবুজ ঘাসে ভরা।

ছোট্ট ..........

নরম ..........

সুন্দর ..........

## ৯. ছবি দেখি। পাখি সম্পর্কে দুটি করে বাক্য লিখি।



..........

..........



..........

..........



..........

..........

# পাখিদের কথা
## পৃষ্ঠা ( ৫২-৫৮)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ৩.৩ পাখির বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.৩.১ পাখির বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা** | **বলা** |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৬ পাখির বর্ণনা করতে পারবে ও সংশ্লিষ্ট প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। | ২.৬.১ পরিচিত পাখি সম্পর্কে বলতে পারবে।<br>২.৬.২ পরিচিত পাখির বর্ণনা এবং সংশ্লিষ্ট প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| | |
|---|---|
| পড়া | পড়া |
| ১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। | ১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |
| ২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | ২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে। |
| ২.৬ পাখির বর্ণনা পড়তে পারবে ও এবং সংশ্লিষ্ট প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। | ২.৬.১ পরিচিত পাখি সম্পর্কে পড়তে পারবে।<br>২.৬.২ পাখির বর্ণনা এবং সংশ্লিষ্ট প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| লেখা | লেখা |
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ২.৪ পাখির বর্ণনা ও সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। | ২.৪.১ পরিচিত পাখি সম্পর্কে লিখতে পারবে।<br>২.৪.২ পরিচিত পাখি সম্পর্কে প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |

পাঠ বিভাজন: পিরিয়ড ১৪

## পিরিয়ড-১

## পৃষ্ঠা: ৫২ (রোজ সকালে--------------------- ফুটিয়ে দেয়।)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ৩.৩.১**

**বলা :১.১.১, ১.১.২, ২.৩.১, ২.৬.১, ২.৬.২, ৪.১.১**

**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.৪, ২.৬.১, ২.৬.২**

**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৪.১, ২.৪.২, ৩.২.১**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরানো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কাক, কোকিল)।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুরা পাখি চেনে কিনা জিজ্ঞাসা করবেন।*
  - *কী কী পাখি চেনে কয়েকজনের কাছে নাম জিজ্ঞেস করবেন।*
  - *শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছ থেকে পাখির নাম জিজ্ঞেস করবেন।*
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–

  বাংলাদেশে বিভিন্ন ধরনের পাখি আছে। আমাদের সকাল হয় পাখির ডাক শুনে। নাম জানা এবং নাম না জানা অনেক পাখি আমরা দেখতে পাই আমাদের চারদিকে। এদের মধ্যে কোনো কোনো পাখি নিজে বাসা বানাতে পারে আবার কোনো কোনো পাখি বাসা বানাতে পারে না, এরা অন্যের বাসায় ডিম পাড়ে। এ রকম নানা কাহিনী নিয়ে আজ আমরা পাখিদের কথা শুনব।
- শিক্ষক বিভিন্ন ধরনের পাখির ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন। *সেখানে শিশুরা কোন কোন পাখির ছবি দেখতে পাচ্ছে তা জানতে চাইবেন। শিশুরা ছবি দেখে পাখি চিনে পাখির নাম বলতে পারছে কিনা, তা যাচাই করবেন। তাদের প্রশংসা করবেন।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির নির্ধারিত অংশ (রোজ সকালে------- ---------- ফুটিয়ে দেয়) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শুরুতেই কোন পাখির ছবি রয়েছে তা জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন: প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: কান্ড-ন্ড = ণ+ড ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*
- শিশুদের দেখা পাখির কথা জানতে চাইবেন ও পাখির নাম লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-২
## পৃষ্ঠা: ৫২ (রোজ সকালে------------------------ ফুটিয়ে দেয়)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ৩.৩.১
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৩.১, ২.৬.১, ২.৬.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.৪, ২.৬.১, ২.৬.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরানো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কাক, কোকিল), যুক্তবর্ণযুক্ত চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, দেখা ঘটনার বর্ণনা

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *আজ শিশুরা কী কী পাখি দেখেছে তা জিজ্ঞাসা করবেন।*
  - *কোন পাখি বাসা বানাতে পারে না?*
  - *কাক কে কেন বোকা বলে?*
  - *তোমার চেনা কয়েকটি পাখির নাম বল।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (রোজ সকালে-------------------- ফুটিয়ে দেয়) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং জোড়ায় কী করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু ২ লাইন পড়বে অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের পড়তে সহায়তা করবেন এবং দলে পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।

- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। *শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে ও খাতায় লিখে নিতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন। যেমন: ভক্ত।*
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: পরিবেশ=চার পাশের অবস্থা, ঝাঁক= দল বেঁধে, পরিচিত = চেনা জানা আছে এমন, প্রতিবেশী–পড়শি বা কাছাকাছি বাস করে যারা। । শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক ৪/৫ জন শিশুকে তাদের দেখা পাখি সম্পর্কে বলতে বলবেন। অন্যরা শুনবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠা: ৫২ (আমাদের চেনা পাখি-------------------দুটি হলুদ।)

### শিখনফল

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১

**বলা** : ১.১.১, ১.১.২,২.৬.১, ২.৬.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১,২.৬.১, ২.৬.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরানো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কোকিল, ময়না)।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা। |

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুরা পাখি চেনে কিনা জিজ্ঞাসা করবেন।*
  - *কী কী পাখি চেনে কয়েকজনের কাছে নাম জিজ্ঞেস করবেন।*
  - *আমাদের চেনা কোন পাখি বাসা বানাতে পারে না?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘পাখিদের কথা’ গল্পটির (পাখি-----------------------------দুটি হলুদ) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু /মূলভাব আলোচনা করবেন।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: উজ্জ্বল–জ্জ্ব = জ+জ+ব, কণ্ঠে–ণ্ঠ = ন+ঠ ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।

- ময়না ও কোকিল কে কে দেখেছে? কোথায় দেখেছে তা জানতে চাইবেন। যারা দেখেনি সুযোগ থাকলে তাদের দেখার সুযোগ করে দিবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড- ৪

## পৃষ্ঠাঃ ৫২ ( আমাদের চেনা পাখি-------------------------------দুটি হলুদ ।)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১

**বলা** : ১.৩.২ , ২.৬.১, ২.৬.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২,

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৪.১, ২.৪.২, ৩.২.১

**উপকরণ**: পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কোকিল, ময়না)।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *আজ শিশুরা কী কী পাখি দেখেছে তা জিজ্ঞাসা করবেন।*
  - *কারো জীবনে পাখি নিয়ে কোনো ঘটনা থাকলে তা বলতে উৎসাহিত করবেন।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (আমাদের চেনা পাখি----------------------------দুটি হলুদ) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- দুটি কোকিল ও ময়না কোথায় দেখেছে ও পাখি দুটির বর্ণনা শিশুদের লিখতে বলবেন। লেখা শেষ হলে খাতা দেখে দিবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্য শিখেছি।

## পিরিয়ড-৫

### পৃষ্ঠা: ৫৩ (ছোট পাখি ----------------------------বলতে পারে।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** :১.১.১, ১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক,পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (বুলবুলি, টিয়া)

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুদের জিজ্ঞাসা করবেন এ পর্যন্ত কী কী পাখি সম্পর্কে জেনেছে?*
  - *কী কী জানতে পেরেছে? কয়েকজনের কাছে জিজ্ঞেস করবেন।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘পাখিদের কথা’ গল্পটির (ছোট পাখি--------------------বলতে পারে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৬

### পৃষ্ঠা: ৫৩ (ছোট পাখি --------------------------------বলতে পারে।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** :১.১.১, ১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (বুলবুলি, টিয়া)

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত নতুন শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *আজ শিশুরা কী কী পাখি দেখেছে তা জিজ্ঞাসা করবেন।*
  - *কারো জীবনে পাখি নিয়ে কোনো ঘটনা থাকলে তা বলতে উৎসাহিত করবেন।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (ছোট পাখি ----------------------------------বলতে পারে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। *পাশাপাশি যুক্তবর্ণযোগে আরেকটি নতুন শব্দ লিখতে বলবেন।*
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: উজ্জ্বল=চকচকে বা ঝলমল, অবিকল= একই রকম, নকল= অনুকরণ করা। শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৭

## পৃষ্ঠা: ৫৩ (ছোট পাখি দোয়েল----------------------- নেচে বেড়ায়।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** :১.১.১, ১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২, ৩.৩.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (দোয়েল, টুনটুনি)

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুদের জিজ্ঞাসা করবেন, এমন কোন পাখি আছে যে অবিকল মানুষের মতো কথা বলতে পারে?*
  - *কোন পাখি যে অন্যের বাসায় ডিম পাড়ে?*
  - *খুব সহজেই পোষ মানে কোন কোন পাখি?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (ছোট পাখি দোয়েল--------------------------- নেচে বেড়ায়।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।

- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: চঞ্চল–ঞ্চ = ঞ+চ ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লিখাবেন।
- যে শিশুদের কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের বই পড়তে উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ৫৩ (ছোট পাখি দোয়েল---------------------- নেচে বেড়ায়।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক,পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (টুনটুনি, দোয়েল)।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ, প্রশ্নের উত্তর লেখা, দেখা পাখির বর্ণনা লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *জিজ্ঞাসা করবেন, টুনটুনি পাখি দেখেছ কে কে?*
  - *ওরা কী করে?*
  - *দোয়েল পাখি সম্পর্কে কি বলতে পারবে?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘পাখিদের কথা’ গল্পটির (‘ছোট পাখি দোয়েল---------------------- নেচে বেড়ায়’) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: ফোকরে = গর্তে, চঞ্চল = ছটপটে, চপল পালকের পোশাক = পাখির পালক দিয়ে তৈরি জামাকাপড়। শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও লেখাবেন।

- টুনটুনি ও দোয়েল পাখি দেখতে কেমন ও তাদের আচরণ শিশুদের লিখতে বলবেন। লেখা শেষে খাতা দেখে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ ও বাক্য শিখেছি।

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৫৪ (ছোট পাখি বাবুই। -------------------------- চলতে ভালোবাসে।)

### শিখনফল

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** :১.১.১, ১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (বাবুই, শালিক)।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্ন তৈরি।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন: শিশুরা এ পর্যন্ত কোন কোন পাখি সম্পর্কে জেনেছে তা জিজ্ঞাসা করবেন।*
  - *আজ সকালে কী কী পাখি দেখেছে?*
  - *সেই পাখিরা কী করছিল?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (ছোট্ট পাখি বাবুই।------------------------- চলতে ভালোবাসে।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন। যেমন: দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। যেসব শিশু পড়া এ পিছিয়ে আছে তাদের পড়াবেন এবং যারা পারে তাদের পড়া শুনবেন। পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর লিখবে।
- দলের কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: ছোট্ট–ট্ট = ট+ট ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- যে শিশুদের কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের বই পড়তে উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-১০

### পৃষ্ঠাঃ ৫৪ (ছোট্ট পাখি বাবুই ।------------------চলতে ভালোবাসে এবং অনুশীলনী ১)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** :১.১.১, ১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২, ৩.৩.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৪.১, ২.৪.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কোকিল, ময়না)।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *কে কে বাবুই পাখির বাসা বুনতে দেখেছ?*
  - *ময়না পাখির পায়ের রং কেমন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (ছোট্ট পাখি বাবুই ।------------------চলতে ভালোবাসে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমনঃ তাঁতি = যে কাপড় বোনে; তাঁতি পাখি = যে পাখি বাসা বোনে, শিল্পী = কারিগর। শিশুদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শব্দের অর্থ প্রয়োজন অনুযায়ী শিশুদের লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-১১

## পৃষ্ঠা: ৫৪ (মাছরাঙা একটি------------পরে জেনে নেব। অনুশীলনী- ২)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.৪, ৩.৩.১
**বলা** : ১.১.১, ১.১.২,২.৬.১, ২.৬.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কাক, কোকিল, ময়না, বুলবুলি, টিয়া, দোয়েল, টুনটুনি, বাবুই, শালিক, মাছরাঙা), বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত বিশেষ শব্দ, শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *মুখে মুখে শব্দ দিয়ে বাক্য তৈরি করতে বলবেন-*
  - *অবিকল, টকটকে, ডাকাডাকি, পরিবেশ, কুউ-উ-উ, শিস, পালকের, চঞ্চল ইত্যাদি।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাখিদের কথা' গল্পটির (ছোট্ট পাখি বাবুই।-----------------চলতে ভালোবাসে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: খঞ্জনা–ঞ্জ = ঞ+জ, শঙ্খচিল–ঙ্খ = ঙ+খ ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. বকের..............সাদা। খালি জায়গায় কোন সঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-১২

## পৃষ্ঠা: ৫৫- ৫৬ (পুনরালোচনা এবং অনুশীলনী- ৩, ৪।)

**শিখনফল**

**শোনা** :১.৩.১, ১.৩.৪
**বলা** : ১.১.১,১.১.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৪.১, ২.৪.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা অথবা পুরনো ক্যালেন্ডার বা পেপার থেকে কাটা পাখির রঙিন ছবি (কাক, কোকিল, ময়না, বুলবুলি, টিয়া, দোয়েল, টুনটুনি, বাবুই, শালিক, মাছরাঙা), বিশেষ শব্দের চার্ট, যুক্তবর্ণযুক্ত চার্ট।

| **পাঠের আলোচ্য বিষয়** : প্রশ্নের উত্তর লেখা। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সংখ্যা অনুযায়ী দশটি দলে ভাগ করবেন। *প্রত্যেক দলে একটি করে পাখির ছবি দেবেন। ছবিটি কোন পাখির তা চিহ্নিত করে দলের মধ্যে আলোচনা করতে বলবেন। এখানে ২-৩ মিনিট সময় দেবেন।*
- *এরপর একে একে প্রতিটি দলের কাছে জানতে চাইবেন পাখিটি সম্পর্কে তারা কী আলোচনা করেছে। প্রতি দলের বলার পর যদি আরও অনেক কিছু অন্য দল জানে সেটাও অন্য দলকে বলতে বলবেন।*
- এভাবে প্রত্যেক দলের কাছ থেকে তাদের পাওয়া পাখির বর্ণনা জিজ্ঞেস করবেন।
- ৪ নম্বর অনুশীলনীর 'যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে কন্যা, বরকন্দাজ যুক্তবর্ণযুক্ত শব্দ দুটি লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন। যেমনঃ কণ্ঠ, উজ্জ্বল ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন। যেমনঃ ণ্ঠ = কণ্ঠ, জ্জ্ব = উজ্জ্বল ইত্যাদি।
- শিক্ষক হাতে বর্ণ কার্ড নিয়ে কীভাবে যুক্তবর্ণ তৈরি করা যায় দেখাবেন। যেমনঃ ক+ষ যোগ করলে হবে ক্ষ। এ রকমভাবে তিনি ্য (য-ফলা) যোগ করে কন্যা – ন্য ন ্য (য-ফলা) দেখাবেন এবার নতুন বা বিশেষ শব্দের চার্ট দেখিয়ে বলবেন, 'পাখিদের কথা' বিষয়টি থেকে কী কী নতুন বা বিশেষ শব্দ জেনেছ –
- শিক্ষক শব্দগুলো বলবেন, শিশুরা খাতায় লিখে নেবে। শব্দগুলো দিয়ে বইয়ের বাইরে আরেকটি করে বাক্য লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৩ নম্বর প্রশ্নের উত্তর খাতায় লিখতে বলবেন। ঘুরে ঘুরে শিশুদের লেখা যাচাই করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনী থেকে যুক্তবর্ণ ভেঙে লেখা এবং যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-১৩
## পৃষ্ঠাঃ ৫৬-৫৮ (পুনরালোচনা এবং অনুশীলনী- ৫, ৬,৭, ৮. ৯।)

**শিখনফল**

**শোনা** :১.৩.১, ১.৩.৪
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৬.১, ২.৬.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৬.১, ২.৬.২, ৩.৩.১
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৪.১, ২.৪.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাখির রঙিন ছবি (কাক, কোকিল, ময়না, বুলবুলি, টিয়া, দোয়েল, টুনটুনি, বাবুই, শালিক, মাছরাঙা), বিশেষ শব্দের চার্ট, যুক্তবর্ণযুক্ত চার্ট।

| **পাঠের আলোচ্য বিষয়ঃ** প্রশ্নের উত্তর লেখা। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- *শিক্ষক কয়েকজন শিশুকে সামনে ডেকে তাদের হাতে একটি করে পাখির ছবি দেবেন। শিশুদের ছবিটি এমনভাবে রাখতে বলবেন, যাতে অন্য শিশুরা দেখতে না পায়। যে শিশু যে পাখির ছবি পেয়েছে তার সম্পর্কে বলবে, অন্যারা শুনবে এবং বলতে হবে পাখিটির নাম কী। যে বর্ণনা শুনে পাখিটির নাম বলতে পারবে তাকে তালি দিয়ে উৎসাহিত করবেন।*
- *এভাবে প্রত্যেক শিশুই তার পাওয়া পাখির বর্ণনা দেবে এবং অন্য শিশুরা বর্ণনা শুনে বলবে পাখিটির নাম কী?*
- সব পাখির নাম বলা হলে ধন্যবাদ দিয়ে বসতে বলবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৫৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৫ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: ক. গান গাইতে পারে কোন পাখি?
  - ১. বাবুই ২. ময়না
  - ৩. শালিক ৪. টিয়া
- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন তার উত্তর বলবে।
- শিক্ষক এভাবে ৫ নম্বর অনুশীলনীর ক-ঘ প্রশ্নগুলো করাবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৬ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ঠিক জায়গায় কমা, দাঁড়ি ও প্রশ্নচিহ্ন ব্যবহার সম্পর্কে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৫৭ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৭ নম্বর অনুশীলনীর (ক-চ) পর্যন্ত ছবির পাতা থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে বাক্য তৈরি খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রথমে মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের বইয়ের ৫৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৮ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক বিভিন্ন পাখির রং ও গুণের কথা বোঝাচ্ছে এবং সেই শব্দগুলো দিয়ে বাক্য বোর্ডে লিখবেন।
- শিশুরা বোর্ড দেখে খাতায় লিখবে।
- এরপর শিক্ষক অনুশীলনী ৯ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- পাখিগুলোর ছবি দেখে তাদের সম্পর্কে দুটি করে বাক্য লিখি। শিশুদের নিজের ভাষায় বলতে বলবেন। শিশুদের বলতে সহায়তা করবেন। শিক্ষক খেয়াল রাখবেন শিশুরা যেন মুখস্থ না বলে।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক আপেক্ষকৃত পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্প থেকে কিছু শব্দের অর্থ এবং এবং গল্পটি নিজের ভাষায় বলতে শিখেছি।

## পিরিয়ড-১৪
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১। নিচের অনুচ্ছেদটির সঠিক স্থানে, দাঁড়ি, কমা এবং প্রশ্নবোধক বসাই।

পাখি কোথায় থাকে? গাছে গাছে যখন পাখি ডাকে তখন আমার খুব ভালো লাগে। আমাদের দেশে রয়েছে ময়না টিয়া চড়ুই বাবুই শালিক আরও কত না পাখি

২। নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি ঃ

| | | | |
|---|---|---|---|
| জানা | চতুর | আলোময় | হুবহু |

পরিচিত ..........................................................................................

চালাক ..........................................................................................

উজ্জ্বল ..........................................................................................

অবিকল ..........................................................................................

৩। বিপরীত শব্দ দাগ টেনে মিলাই ঃ

| | |
|---|---|
| কালো | খাটো |
| টক | সাদা |
| লম্বা | নিচে |
| ওপরে | মিষ্টি |

৪। কোকিল, দোয়েল, টিয়া পাখি সম্পর্কে দুটি করে বাক্য লিখি।

৫। পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৬। শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।



# আমাদের গ্রাম

বন্দে আলী মিঞা

আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই
একসাথে খেলি আর পাঠশালে যাই।
হিংসা ও মারামারি কভু নাহি করি,
পিতা-মাতা গুরুজনে সদা মোরা ডরি।

আমাদের ছোট গ্রাম মায়ের সমান,
আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে প্রাণ।
মাঠভরা ধান আর জলভরা দিঘি,
চাঁদের কিরণ লেগে করে ঝিকিমিকি।
আমগাছ জামগাছ বাঁশ ঝাড় যেন,
মিলে মিশে আছে ওরা আত্মীয় হেন।
সকালে সোনার রবি পুব দিকে ওঠে
পাখি ডাকে, বায়ু বয়, নানা ফুল ফোটে।

# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

সেথা পাঠশালা কিরণ আত্মীয় হেন

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| পাঠশালা | কিরণে | হেন | সেথা | আত্মীয় |
|---|---|---|---|---|

ক. ছুটিতে আমরা .................................. স্বজনের বাড়িতে বেড়াতে যাই।

খ. সেকালে শিশুদের পড়ার জন্য .............................. ছিল।

গ. থাকি ............................. সবে মিলে নাহি কেহ পর।

ঘ. এ .................................... কাজ করতে নেই।

ঙ. চাঁদের ............................. চারদিক আলোকিত।

## ৩. নিচের শব্দগুলো দিয়ে বাক্য লিখি

জলভরা ..........................................................................................

মাঠভরা ..........................................................................................

ঝিকিমিকি ..........................................................................................

বাঁশঝাড় ..........................................................................................

## ৪. এক শব্দের অনেক অর্থ জেনে নিই।

| | |
|---|---|
| চাঁদ | চন্দ্র, শশী, সুধাকর। |
| রবি | সূর্য, দিনমণি, দিবাকর। |
| বায়ু | বাতাস, হাওয়া, সমির। |

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. পাড়ার সকল ছেলে একসঙ্গে কী করে?

১. মাছ ধরে ২. বাজারে যায়

৩. বেড়াতে যায় ৪. খেলাধুলা করে

খ. কোন কাজ থেকে আমরা নিজেকে বিরত রাখব?

১. একসঙ্গে খেলা করা ২. মারামারি করা

৩. বিদ্যালয়ে যাওয়া ৪. গুরুজনকে ভয় করা

গ. গ্রামকে মায়ের সমান বলা হয়েছে কেন?

১. সবাই মিলে মিশে থাকে

২. সবাইকে মায়া মমতা দেয়

৩. সব গাছ আত্মীয়ের মতো

৪. সবকিছু মিলে গ্রামটি সুন্দর



## ৬. প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

ক. গাঁয়ের ঘরগুলো দেখতে কেমন?

খ. সেখানে লোকজন কীভাবে থাকে?

গ. ছেলেমেয়েরা একসাথে কোথায় যায়?

ঘ. গ্রামের গাছপালা দেখলে কী মনে হয়?

ঙ. সকালে গাঁয়ে কী কী ঘটে?

## ৭. কবিতাটি মুখস্থ বলি ও লিখি।

## ৮. আমার গ্রাম বা শহর সম্পর্কে চারটি বাক্য লিখি।

# আমাদের গ্রাম
## পৃষ্ঠা ( ৫৯-৬১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>১.৩.৯ অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে।<br>২.১.৩ কবিতার মূলভাব শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দ যুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.১.১ পাঠ্যবইয়ের ছড়া শ্রবনযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৩ পাঠবইয়ের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে। | ২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.২ কবিতা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-৭**

## পিরিয়ড-১

### পৃষ্ঠা: ৫৯ ( প্রথম চার চরণ: আমাদের-----------------------পাঠশালে যাই ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ১.৩.৯,২.১.২, ২.১.৩

**বলা** : ১.৩.২, ২.১.৩, ২.২.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২,১.৪.৩, ১.৫.১, ১.৬.২, ২.১.২,

**উপকরণ:** পাঠসংশ্লিষ্ট ছবি (গ্রামের); বিশেষ শব্দের অর্থতালিকা; যুক্তবর্ণের তালিকা; পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্ন তৈরি করা ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুরা গ্রাম চেনে কিনা জিজ্ঞাসা করবেন ।*
  - *কেমন গ্রাম তারা দেখেছে তা জিজ্ঞেস করবেন ।*
  - *শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছ থেকে জিজ্ঞেস করবেন ।*
- শিক্ষক কবিতাটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন । যেমন–
  - বাংলাদেশে অনেক গ্রাম রয়েছে । গ্রামে চারপাশে থাকে অনেক গাছ, পাখি । অনেক খোলামেলা থাকে বলে সবাই গ্রামে থাকতে খুব পছন্দ করে । অনেক সবুজ দেখা যায় গ্রামে । এ রকম নানা কাহিনী নিয়ে আজ আমরা গ্রামের কথা শুনব ।
- শিক্ষক গ্রামের ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন । *সেখানে ছবিতে গ্রামের কী কী দেখা যায়? গ্রামের আশপাশে কী কী থাকে? তোমরা কী দেখেছ ? এসব কথা শিশুরা বলতে পারছে কিনা তা যাচাই করবেন । তাদের প্রশংসা করবেন ।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'আমাদের গ্রাম' কবিতাটি নির্ধারিত অংশ (আমাদের ------------------------ পাঠশালে যাই ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- শিক্ষক পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট গ্রামের ছবিটি দেখাবেন । ছবিটি শিক্ষার্থীরা বুঝতে পারছে কিনা তা জিজ্ঞেস করবেন । ছবিতে কী কী দেখতে পাচ্ছে তা জিজ্ঞেস করবেন ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । ছবিতে কী কী দেখতে পাচ্ছে তা জিজ্ঞেস করবেন । শিশুদের জবাব দিতে উৎসাহিত করবেন । ছবি থেকে শিশুদের প্রশ্নের মাধ্যমে 'আমাদের গ্রাম' কথাটি তুলে আনবেন । শিক্ষক সম্পূর্ণ কবিতাটি একবার শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করে শোনাবেন । শিক্ষার্থীদের শুনতে বলবেন । কবিতাটি তিনটি স্তবকে বিভক্ত তা স্পষ্ট করে শিক্ষার্থীদের দেখিয়ে দেবেন ।
- এবার শিক্ষক কবিতার প্রথম চার চরণ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন ।*

- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন: প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। যেমন- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন এভাবে তারা আয়ত্ত করবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথা নিয়মে পড়তে সহায়তা করবেন। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। শিক্ষক দলের পিছেয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- এরপর কবিতার যে শব্দগুলো শিক্ষার্থীরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। শিক্ষার্থীরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: সেথা - সেখানে, পাঠশালা - বিদ্যালয়, গাঁয়ে - গ্রামে, পর - আরেকজন ইত্যাদি।
- *শব্দগুলো শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। এই সময় শিক্ষক যেসব শিক্ষার্থী পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন।* (এতে শিক্ষার্থীর পড়ার প্রতি ভয় থাকবে না।)
- *শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- থাকি সেথা সবে মিলে- সেখানে সবাই মিলে থাকি, নাহি কেহ পর - কেউ দূরের মানুষ নয়, পাঠশালে যাই - বিদ্যালয়ে যাই।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং মূলভাব শিখেছি।

## পিরিয়ড-২

### পৃষ্ঠা: ৫৯ (দ্বিতীয় চার চরণ: হিংসা ---------------------------- বাঁচাইছে প্রাণ ও ৬ অনুশীলনী।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা:** ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২
**লেখা:** ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, বিশেষ শব্দ ও বাক্যাংশের অর্থতালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা, ১, ২ ও ৬ নম্বর অনুশীলনী

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:
  - *গ্রামের ঘরগুলো কেমন?*
  - *পাড়ার সকলের সাথে সকলের সম্পর্ক কেমন?*
  - *শিশুদের মনে গ্রাম থাকা নিয়ে কী ইচ্ছা আছে তা জিজ্ঞেস করবেন।*

উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।

- শিক্ষক গ্রামের ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন। সেখানে শিশুরা কিসের ছবি দেখতে পাচ্ছে তা জানতে চাইবেন। কয়েকজন শিশুকে সেই সম্পর্কে কী জানে তা অল্প কথায় বলতে বলবেন। এরপর শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'আমাদের গ্রাম' কবিতাটি নির্ধারিত অংশ (হিংসা --------------- ------------------------------ বাঁচাইছে প্রাণ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন।*
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- শিশুদের কবিতার অংশটি পড়তে ও দেখে দেখে লিখতে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- এরপর কয়েকজন *শিক্ষার্থীর কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে খাতায় লিখতে বলবেন।*
- শব্দগুলো শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। এই সময় শিক্ষক যেসব শিক্ষার্থী পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন। (এতে শিক্ষার্থীর পড়ার প্রতি ভয় থাকবে না।)
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ৬ নম্বর অনুশীলনী প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠা: ৫৯ (শেষ ছয় চরণ: মাঠভরা------------------------- ফুল ফোটে।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২
**লেখা:** ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), যুক্তবর্ণ, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের অর্থ-তালিকা, বাক্যাংশের অর্থতালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা, ৬ নম্বর অনুশীলনী

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *গ্রামের সবাই কেমনভাবে বসবাস করে?*
    - *গ্রামে মজার কী আছে?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা 'আমাদের গ্রাম' কবিতার অংশ (মাঠভরা-------------------------------- ফুল ফোটে) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।

- শিশুদের পাঠ্যপুস্তকের ৫৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন।
- শিক্ষক পঠিত অংশটুকুর বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। দলে কীভাবে কবিতাটির চরণ পড়তে হবে তা বুঝিয়ে দেবেন। যেমন - প্রথমে একজন শিশু কবিতার চরণের ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এর পরের জন ৩য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। দলের মধ্যে পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়তে বলবেন। দলের পারগ শিশুকে প্রয়োজনে সংশোধন করতে বলবেন।
- দলের কাজ শেষে সবাইকে আগের মতো বসতে বলবেন। কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- এরপর কবিতার যে শব্দগুলো শিশুরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। শিশুরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ কিরণ - আলো, আত্মীয় - আপনজন, হেন- এরকম ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং কবিতাটির অংশবিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠাঃ ৬০ (১ এবং ২ নম্বর অনুশীলনী।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২,
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, বিশেষ শব্দ ও বাক্যাংশের অর্থ তালিকা।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, বাক্য গঠন, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা, ১ এবং ২ নম্বর অনুশীলনী।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক *শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *আকাশে ঘুড়িতে প্যাঁচ লাগলে কী হয়?*
    - *চিল ঘুড়িকে কেন নাগাল পায় না?*
- শিক্ষক গত ৩ দিনের পাঠ থেকে সংক্ষেপে আলোচনা করবেন। যেমন- কবিতা ও কবির নাম কী? কবি তাঁর কবিতায় কিসের কথা বলেছেন? ইত্যাদি।

- শিক্ষক 'আমাদের গ্রাম' কবিতাটি শিশুদের সাথে নিয়ে কয়েকবার পড়বেন। 'আমাদের গ্রাম' কবিতার কয়েকটি শব্দ বোর্ডে লিখবেন। যেমন- ঘর, ভাই, করি, মান, দিঘি, যেন, ওঠে । এবার শিশুদের শব্দগুলার সাথে মিল রেখে কবিতা থেকে অন্য শব্দ বলতে বলবেন এবং শিক্ষক শব্দগুলো পাশে লিখবেন। যেমন: ঘর-পর, ভাই-যাই ইত্যাদি।
- শিশুদের পাঠ্যপুস্তক বন্ধ রেখে কবিতাটি মুখস্থ লিখতে বলবেন। তারা না দেখে খাতায় লিখবে।
- শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের এক মিনিট করে পড়া পড়াবেন। ( যখন তারা কবিতাটি মুখস্থ লিখবে)
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক এরপর ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। যেমন: সেথা, পাঠশালা, গুরুজন শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন। প্রয়োজনে সহায়তা করবেন। এরপর শিক্ষক শব্দের অর্থ ও বাক্য প্রয়োজন অনুযায়ী লিখতে দেবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ এবং বাক্য লেখা শিখেছি।

## পিরিয়ড - ৫
## পৃষ্ঠা: ৬০ (৩, ৪ ও ৫ নম্বর অনুশীলনী।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, বাক্যাংশের অর্থতালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, কবিতার মূলভাব লেখা, পাঠ শিখির ৩, ৪ ও ৫ নম্বর অনুশীলনী।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক *শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *ছোট গ্রামটিকে মায়ের সমান বলা হয়েছে কেন?*
- *শিশুদের 'আমাদের গ্রাম'কবিতাটি ২ বার পড়তে বলুন।*
- যেকোনো একজন শিশুকে ডেকে বোর্ডে কবিতা ও কবির নাম লিখতে বলবেন।
- সবাইকে 'আমাদের গ্রাম' কবিতার মূলভাব বা বিষয়বস্তু খাতায় নিজের মতো করে লিখতে বলবেন।
- এরপর কয়েকজন শিশুর কাছ থেকে কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তক খুলতে বলবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৬০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *৩ নম্বর অনুশীলনী কীভাবে সমাধান করতে হবে তা বুঝিয়ে দিন।*

- এরপর ৩ নম্বর অনুশীলনী করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'নিচের শব্দগুলো দিয়ে বাক্য লিখি ' শিশুদের বলতে সহায়তা করবেন। এরপর কয়েকজনকে শব্দগুলো দিয়ে কয়েকটি বাক্য বলতে বলুন। ।কয়েকজনকে জিজ্ঞাসা করবেন ও বোর্ডে লিখতে দেবেন।
- এরপর ৪ নম্বর অনুশীলনী অনুযায়ী শিশুদের শব্দের অর্থ জেনে মুখে মুখে বলবেন এবং জিজ্ঞেস করবেন। বোর্ডে ৫ নম্বর ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি– বুঝিয়ে দেবেন। তারা খাতায় লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা ও বলা শিখেছি।

## পিরিয়ড-৬

## পৃষ্ঠা: ৬০ (৭, ৮ নম্বর অনুশীলনী।)

### শিখনফল

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১, ৩.৩.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, কবিতার নির্দিষ্ট অংশ লেখা, পাঠ শিখির ৬নম্বর ও ৮ নম্বর অনুশীলনী।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে কিছু প্রশ্ন করবেন।*
- *শিক্ষক গত ৫ দিনের পাঠ থেকে সংক্ষেপে আলোচনা করবেন এবং পূর্বপাঠের ওপর সংক্ষিপ্ত প্রশ্ন করে তাদের শিখনফল যাচাই করবেন। যেমন- কবিতা ও কবির নাম কী? কবি তাঁর কবিতায় কিসের কথা বলেছেন? ইত্যাদি।*
- যেকোনো একজন শিশুকে ডেকে বোর্ডে কবিতা ও কবির নাম লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। বোর্ডে ৭৭ নম্বর অনুশিলনী অনুযায়ী শিরোনাম বোর্ডে লিখবেন- 'কবিতাটি সবাই মিলে একসঙ্গে জোরে জোরে পড়ি।' এরপর কবিতাটি মুখস্থ লিখতে দিবেন। লেখা শেষে শিশুরা একে অন্যের খাতা দেখে মেলাবে।
- বোর্ডে ৮ নম্বর অনুশীলনী বুঝিয়ে দেবেন এবং শহর বা গ্রাম সম্পর্কে চারটি বাক্য লিখতে বলবেন।
- যাদের লেখা শেষ হয়ে যাবে তাদের খাতা দেখে যাচাই করবেন এবং প্রয়োজনে শুদ্ধ করে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৭
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১। দাগ টেনে অর্থ মিলাই।

| | |
|---|---|
| সবে | দূরের কেউ |
| বায়ু | ভয় পাওয়া |
| ডরি | সবাই |
| পর | বাতাস |

২। ঘরের ভেতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি :

| |
|---|
| সদা প্রাণ নাহি আত্মীয় |

ক. থাকি সেথা সবে মিলে________________ কেহ পর।
খ. পিতামাতা গুরুজনে ________________ মোরা ডরি।
গ. আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচাইছে ________________ ।
ঘ. মিলেমিশে আছে ওরা________________ হেন।

৩। নিচের অনুচ্ছেদটির সঠিক স্থানে দাঁড়ি এবং কমা বসাই।


গ্রাম অনেক সুন্দর গ্রামে অনেক খোলা মাঠ গাছ পুকুর পাখি ফুল ফল দেখা যায় গ্রাম অনেক খোলামেলা তাই আমাদের অনেক ভালো লাগে

৪। যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ তৈরি করে বাক্য লিখি :

| | |
|---|---|
| ত্ম | প্র |

৫। পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৬। শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।



# কানামাছি ভোঁ ভোঁ

গ্রামের নাম শীতলপুর। তপুর মামাবাড়ি। গ্রামখানি ছবির মতো সুন্দর। প্রতিবছর গ্রীষ্মের ছুটিতে তপু মামাবাড়ি যায়। সাথে মা-বাবা আর বড় বোন কান্তা। শহর ছেড়ে দূরে কয়েকটা দিন খুব আনন্দে সময় কাটে।

গ্রামে তপু আর কান্তার অনেক বন্ধু। মামাতো ভাইবোন রিতু, সোমা আর জিশান তো আছেই। আরও আছে পাশের বাড়ির কেয়া, কনক, শিহাব, সুবিমল, রাতুল এবং আরও অনেকে। সবাই একসাথে হইচই আর আনন্দে সময় কাটায়। দুপুরে বাগানে মিছামিছি বনভোজন হয়। বিকেলে হয় খেলা। আর রাতে উঠানে মাদুর পেতে গল্প।

এবার গ্রামে তপু একটা নতুন খেলা শিখল। নাম কানামাছি। কী যে মজার খেলা! অনেকে মিলে একসাথে খেলা যায়। সেদিন খেলার শুরুতে রাতুলের দুই চোখ কাপড় দিয়ে বেঁধে দিল সোমা। এমনটাই নিয়ম। তবে প্রথমে কার চোখ বাঁধা হবে সেটা নিজেদেরই ঠিক করে নিতে হয়। পলাশ পাশ থেকে বলল, রাতুল সব দেখতে পাচ্ছে। সোমা আপু, তুমি শক্ত করে বাঁধো নি।

সোমা রাতুলের চোখের সামনে একটা আঙুল উঁচিয়ে ধরে বলল, কয়টা আঙুল বলো তো? রাতুল বলল, পাঁচটা।

সবাই একচোট হেসে উঠল। বোঝা গেল, রাতুল কিছুই দেখতে পাচ্ছে না।

এরপর শুরু হলো আসল খেলা। রাতুলের চারদিকে ঘুরতে লাগল সবাই। একঝাঁক মাছির মতো। কেউ তাকে হালকাভাবে ধাক্কা দিচ্ছে, কেউ দিচ্ছে গায়ে টোকা। আর মুখে কাটছে মজার একটা ছড়া –

কানামাছি ভোঁ ভোঁ
যাকে পাবি তাকে ছোঁ।

খেলার নিয়মমতো রাতুল এদিক ওদিক হাত বাড়িয়ে কাউকে ধরার চেষ্টা করছে। সেও ছড়া কাটছে –

আনি মানি জানি না
পরের ছেলে মানি না।
আনি মানি জানি না।
পরের মেয়ে মানি না।



এমনি চলতে চলতে হঠাৎ করে রাতুল কান্তাকে ধরে ফেলল। বলল, এটা কান্তা আপু। ব্যস, রাতুলের মুক্তি। চোখ বাঁধা হলো কান্তার। এবার সবাই চোখ বাঁধা কান্তাকে ঘিরে ঘুরতে শুরু করল। মুখে সেই ছড়া। কান্তাও খুব অল্প সময়ে ছড়া শিখে নিয়েছে।

বাড়ির পিছনের ছোট্ট মাঠে খেলা চলছিল। এমন সময় ছোট মামা এলেন। বললেন, আমায় নেবে তোমাদের সঙ্গে? সবাই আনন্দে হইচই জুড়ে দিল। মামাও ছোটদের সঙ্গে তাঁর শৈশবে ফিরে গেলেন যেন। খেলা শেষে মামাকে ঘিরে গোল হয়ে বসল সবাই। তপু অবাক চোখে জিজ্ঞেস করল, মামা তুমিও এ খেলা জানো?

মামা হেসে উঠলেন। বললেন, জানি মানে? এ তো অনেক পুরানো খেলা।

## অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

গ্রীষ্ম মিছামিছি বনভোজন ঝাঁক ছড়া শৈশব

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| মিছামিছি | গ্রীষ্ম | বনভোজনে | ঝাঁকে | ছড়া | শৈশব |
|---|---|---|---|---|---|

ক. আমরা কাল ..................................... গিয়েছিলাম।

খ. বৈশাখ–জ্যৈষ্ঠ এই দুই মাস ............................ কাল।

গ. .................................... তিনি ছুটে এসেছেন।

ঘ. ......................................... ঝাঁকে পাখি উড়ছে।

ঙ. মা আমাকে .................................... শিখিয়েছেন।

চ. আমার ................................... কেটেছে মামার বাড়িতে।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রাম | গ্র | গ | ্র | (র–ফলা) | গ্রহ, অগ্র |
| গ্রীষ্ম | ষ্ম | ষ | ম | | উষ্ম |

## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. তপুর মামাবাড়ি কোথায়?

খ. সবাই কখন খেলা করে?

গ. নতুন শেখা খেলার নাম কী?

ঘ. রাতুলের চারপাশে সবাই কিসের মতো ঘুরতে লাগল?

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।



ক. প্রথমে কার চোখ কাপড় দিয়ে বাঁধা হয়েছিল?

১. শিহাবের ২. সুবিমলের

৩. কেয়ার ৪. রাতুলের

খ. রাতে উঠানে মাদুর পেতে সবাই কী করে?

১. খেলে ২. ঘুমায়

৩. পড়ে ৪. গল্প করে

গ. খেলার সময় রাতুলের সামনে আঙুল কে উঁচু করল?

১. সোমা ২. কান্তা

৩. তপু ৪. কনক

ঘ. মামা এসে কী করলেন?

১. বসতে চাইলেন ২. খেলতে চাইলেন

৩. বাড়ি ফিরে যেতে চাইলেন ৪. খেলতে মানা করলেন

## ৬. বিপরীত শব্দ জেনে নিই। খালি জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| বড় | ছোট |
|---|---|

| অনেক | অল্প |
|---|---|

| সামনে | পেছনে |
|---|---|

| আনন্দে | দুঃখে |
|---|---|

ক. পদ্মা একটি .................................. নদী।

খ. গ্রামে ছেলেমেয়েরা ........................... খেলাধুলা করে।

গ. সবাই ...................................... হইচই শুরু করল।

ঘ. আমাদের .................................... এগিয়ে যেতে হবে।

## ৭. বাক্যগুলো পড়ি। অবস্থান বোঝানো শব্দগুলো লিখি।

ক. আমরা বাগানে বনভোজন করছি। .......................বাগানে.......................

খ. ওরা উঠানে গল্প করছে। ..................................................

গ. মাঠে খেলা চলছিল। ..................................................

ঘ. সন্ধ্যার পর আকাশে চাঁদ উঠল। ..................................................

ঙ. গ্রামটি ছবির মতো সুন্দর। ..................................................

## ৮. শব্দ খুঁজি। মালা বানাই।

এটি একটি শব্দখেলা। দুজন বা কয়েকজন মিলে এটি খেলা যায়। খেলার নিয়ম এ রকম–প্রথম জন একটা শব্দ বলবে। যেমন: আম।

দ্বিতীয় জন আম শব্দটা বলে আমের শেষ বর্ণ দিয়ে একটা শব্দ তৈরি করবে। যেমন: আম, মশা।

তৃতীয় জন এই দুটি শব্দ উচ্চারণ করে নতুন শব্দের শেষ ব্যঞ্জনবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করবে। যেমন: আম–মশা–শামুক।

এভাবে শব্দের মালা তৈরির খেলা চলবে। শব্দমালার প্রতিটি শব্দ ধারাবাহিকভাবে বলতে হবে। কেউ না পারলে সে বাদ যাবে। তখন পরের জনের পালা আসবে। এভাবে এক একজন ঝরে পড়ার পর শেষ জন বিজয়ী হবে।

## ৯. ছবি দেখি এবং ইচ্ছেমতো বাক্য লিখি।



...........................................................................................

...........................................................................................

...........................................................................................

...........................................................................................

...........................................................................................

# কানামাছি ভোঁ ভোঁ
## পৃষ্ঠা (৬২-৬৭)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে। |
| ২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে। |
| ৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | ২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে।<br>২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে। |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | ২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |
| ২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | ২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৫ পাঠ ও পাঠ-বহির্ভূত পাঠসামগ্রী পড়ে মূলভাব বুঝতে পারবে। |
| ৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে। | ৩.১.১ নিজের হাতের লেখা (অনুচ্ছেদ) পড়তে পারবে।<br>৩.১.২ অন্যের (শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা (অনুচ্ছেদ) পড়তে পারবে। |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-৯**

## পিরিয়ড-১

### পৃষ্ঠাঃ ৬২ (গ্রামের নাম---------------------------পেতে গল্প)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ৩.১.২
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৪. ১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১,১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬, ৩.২.১

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি ।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*
  - *তোমরা বাড়িতে ভাই-বোনের সাথে, পাড়ায়/ এলাকায় বন্ধু,পাড়া-প্রতিবেশীদের সাথে কী ধরনের খেলা খেলে থাকো?*
  - *শিক্ষক কয়েকজনের কথা শুনবেন ।*
  - *এর মধ্য থেকে কানামাছি ভোঁ ভোঁ কথাটি উঠে এলে, খেলাটি কীভাবে খেলে তা জিজ্ঞেস করবেন ।*
- শিক্ষক শিশুদের উদ্দেশে কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবিটি দেখাবেন । ছবিতে কী কী দেখা যাচ্ছে তা একে একে জিজ্ঞেস করবেন । আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কানামাছি ভোঁ ভোঁ' গল্পটির নির্ধারিত অংশ (গ্রামের নাম----- পেতে গল্প) পড়ব এবং আলোচনা করব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । এবার শিক্ষক নির্ধারিত অংশটুকু প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন ।
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন ।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- এরপর পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো খুঁজে বের করে খাতায় লিখবে এবং পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে । শিক্ষক ফলাবর্তন দেবেন ।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন । যেমনঃ প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে । এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে । শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন । শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়া পড়াবেন । পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে । পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে ।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন । যেমনঃ গ্রামের–গ্র = গ+্র র-ফলা, গ্রীষ্মের–ষ্ম = ষ+ম ইত্যাদি । শিক্ষক বারবার ব্যবহৃত যুক্তবর্ণযুক্ত শব্দগুলো দেখাবেন । *শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও খাতায় লিখে নিতে বলবেন ।*

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি ।

## পিরিয়ড-২

### পৃষ্ঠা: ৬২ (গ্রামের নাম ------------------------পেতে গল্প ।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ২.২.১, ৩.১.২
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *তপুর মামাবাড়ির নাম কী?*
  - *সেখানে মামাতো ভাইবোন ছাড়া আর কে কে আছে?*
  - *মামাবাড়ি গেলে তারা কীভাবে সময় কাটাত?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কানামাছি ভোঁ ভোঁ' গল্পটির (গ্রামের নাম----- পেতে গল্প) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- এরপর শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন ।
- প্রত্যেক শিশুকে নিজ নিজ মামাবাড়িতে কী কী করে তা নিজের ভাষায় লিখতে বলবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি শিখেছি ।

## পিরিয়ড-৩

### পৃষ্ঠা: ৬২-৬৩ (এবার গ্রামে---------------- দেখতে পাচ্ছে না ।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.৩, ৩.১.২
**বলা** :১.১.১, ১.১.২, ১.১.৩ , ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি ।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো *করবেন: শীতলপুর কার বাড়ি?*
    - *সেখানে রিতু, সোমা ও জিশান কে?*
    - *সেখানে এরা ছাড়া আর কে কে আছে? মামাবাড়ি গেলে তারা কীভাবে সময় কাটাত?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কানামাছি ভোঁ ভোঁ ' গল্পটির (এবার গ্রামে------ দেখতে পাচ্ছে না) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬২ ও ৬৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিশুদের দলের কাজ শেষ হলে বিশেষ শব্দ বা নতুন শব্দগুলো বলতে বলবেন, শিক্ষক শব্দগুলো বোর্ডে লিখবেন এবং এর অর্থ বুঝিয়ে দেবেন। যেমন: গ্রীষ্মকাল = গরমকাল, বনভোজন = চড়ুইভাতি, মিছেমিছি = কোনো কারন ছাড়া, অকারনে। শিশুদের শব্দগুলো খাতায় লিখে নিতে বলবেন। *খাতার কাজগুলো সঠিকভাবে করেছে কিনা, তা যাচাই করবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড- ৪

## পৃষ্ঠা: ৬২-৬৩ (এবার গ্রামে--------------- দেখতে পাচ্ছে না।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.১.৪, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *কানামাছি ভোঁ ভোঁ খেলার নিয়ম- কয়েকজনকে জিজ্ঞেস করবেন।*
    - *সেখানে মামাতো ভাইবোন ছাড়া আর কে কে আছে?*
    - *কানামাছি ভোঁ ভোঁ খেলায় প্রথমে কার চোখ বাঁধা হলো?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কানামাছি ভোঁ ভোঁ' গল্পটির (এবার গ্রামে------ দেখতে পাচ্ছে না) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬২ ও ৬৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখতে বলবেন।

- শিক্ষক নতুন/অজানা শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৫

## পৃষ্ঠা: ৬৩ (এরপর শুরু হলো----------------------------শিখে নিয়েছে।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.৫, ১.১.২, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৩.১, ১.৩.২, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *রাতুল কেন দেখতে পেল না?*
  - *সবাই কেন একসাথে হেসে উঠল?*
  - *কানামাছি ভোঁ ভোঁ খেলাটি কতজন মিলে খেলতে হয়?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কানামাছি ভোঁ ভোঁ' গল্পটির (এরপর শুরু ------ শিখে নিয়েছে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬৩ ও ৬৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: ধাক্কা–ক্ক = ক+ক ইত্যাদি। যুক্তবর্ণযুক্ত শব্দগুলো বারবার উচ্চারণ করে দেখাবেন।
- শিক্ষক শিশুদের কাছে নতুন বা বিশেষ শব্দগুলো জানতে চাইবেন এবং অর্থ বুঝিয়ে দেবেন। যেমন: ছড়া– মিল করে বলা ছোট কবিতা, ঝাঁক–পাখি, মাছি, মশা ইত্যাদির দল, মুক্তি– রেহাই, বন্ধন থেকে উদ্ধার ইত্যাদি। শিশুদের খাতায় শব্দসহ অর্থগুলো খাতায় লিখে নিতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড -৬

### পৃষ্ঠা: ৬৩ (এরপর শুরু হলো----------------------মানি না, অনুশীলনী ১, ২।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ২.২.৩, ৩.১.২**

**বলা :১.১.২, ১.১.৬, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২**

**পড়া : ১.১.৪,১.৩.১, ১.৩.২, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২**

**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ৩.২.১**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *কানামাছি ভোঁ ভোঁ খেলার ছড়াটি কয়েকজন শিক্ষার্থীকে মুখস্থ বলতে বলবেন ।*
    - *রাতুল কাকে ধরে ফেলল?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘কানামাছি ভোঁ ভোঁ’ গল্পটি ৪র্থ অনুচ্ছেদ নিয়ে আলোচনা করব এবং পড়ব ।বোর্ডে লেখা পাঠের শিরোনাম পড়ে শোনাবেন।শিক্ষার্থীরা সমস্বরে পাঠের শিরোনামটি পড়বে।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘কানামাছি ভোঁ ভোঁ’ গল্পটির নির্ধারিত অংশ (এরপর শুরু ----- শিখে নিয়েছে) পড়ব এবং আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬৩ ও ৬৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *গল্পের ছবিতে খেলা ছাড়া আর কী কী দেখা যাচ্ছে তা জিজ্ঞেস করবেন।শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নীচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন।১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন।এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শব্দের অর্থ প্রয়োজন অনুযায়ী শিশুদের লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- ‘ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।’ প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. আমরা কাল .................. গিয়েছিলাম। খালি জায়গায় কোন সঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের কাছে নতুন বা বিশেষ শব্দগুলো জানতে চাইবেন এবং অর্থ বুঝিয়ে দেবেন। যেমন: ছড়া– মিল করে বলা ছোট কবিতা, ঝাঁক–পাখি, মাছি, মশা ইত্যাদির দল, মুক্তি– রেহাই, বন্ধন থেকে উদ্ধার ইত্যাদি।শব্দগুলো দিয়ে নতুন বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-৭

### পৃষ্ঠাঃ ৬৪ (বাড়ির পিছনে-------------------------পুরানো খেলা, অনুশীলনী ৪, ৫।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ৩.১.২
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬, ৩.২.১

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠসংক্রান্ত কানামাছি ভোঁ ভোঁ খেলার ছবি।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *কানামাছি ভোঁ ভোঁ খেলার ছড়াটি কয়েকজন শিশুকে মুখস্থ বলতে বলবেন।*
    - *রাতুলের হাতে কে ধরা পড়ল?*
    - *এ তো অনেক পুরানা খেলা - কথাটি কে বলেছিলেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'কানামাছি ভোঁ ভোঁ' গল্পটির (বাড়ির পিছনের ------ পুরানো খেলা।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৬৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- এরপর শিক্ষক অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের মুখে মুখে প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন এবং প্রশ্নের সমাধান করে খাতায় লিখবে ।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৬৫ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৫ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমনঃ ক. প্রথমে কার চোখ কাপড় দিয়ে বাঁধা হয়েছিল? -
  ১. শিহাবের ২. সুবিমলের
  ৩. কেয়ার ৪. রাতুলের
- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন তার উত্তর বলবে।
- শিক্ষক এভাবে ৫ নম্বর অনুশীলনীর ক - ঘ প্রশ্নগুলো করাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠাঃ ৬৬ (অনুশীলনী ৬,৭, ৮,৯।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ২.২.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১,৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২,১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, বিশেষ শব্দের চার্ট, যুক্তবর্ণযুক্ত চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - কয়েকটি প্রশ্ন করে আগের পড়ার বিষয় মনে আছে কিনা তা যাচাই করে নেবেন।
  - মামা খেলাটি সম্পর্কে কি জানেন?
- ৮ নং অনুশীলনী বের করে শিশুদের বুঝিয়ে বলবেন।
- শিক্ষক কয়েকজন শিশুদের বলবেন, আজ আমরা একটা মজার শব্দখেলা খেলব। খেলাটা আগে কীভাবে খেলতে হবে তা শিখে নিতে বলবেন, যেমন–১ম জন একটি শব্দ বলবে যেমন-আম। ২য় জন আম-এর শেষ বর্ণ ম দিয়ে একটি শব্দ তৈরি করবে। যেমন–মশা। ৩য় জন শ দিয়ে বলবে শসা। এভাবে শব্দের মালা তৈরির খেলা চলবে। শিক্ষক সব শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৬৬ পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৬ নম্বর অনুশীলনীর (ক-ঘ) পর্যন্ত ফাঁকা ঘরে সঠিক বিপরীত শব্দ খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৭ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের অবস্থান বুঝে শব্দ লিখতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৯ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন-'ছবি দেখি এবং ইচ্ছেমতো বাক্য লিখি।'। শিশুদের নিজের ভাষায় লিখতে বলবেন। শিশুদের লিখতে সহায়তা করবেন। শিক্ষক খেয়াল রাখবেন শিশুরা যেন মুখস্থ না লিখে।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক আপেক্ষকৃত পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড - ৯
## পাঠ শেষে সামগ্রিক মুল্যায়ন

১। ছবিটি দেখে দুটি বাক্য লিখি:



২। বিপরীত শব্দ দাগ টেনে মিলাই :

| | |
|---|---|
| সুন্দর | ভাই |
| হাসি | বাঁধা |
| খোলা | অসুন্দর |
| বোন | কান্না |

৩। বাক্যগুলো পড়ি। অবস্থান বোঝানো শব্দগুলো লিখি।

ক. আমরা মাঠে খেলা করছি। ______________________

খ. নদীর পাড়ে হাঁটতে ভালো লাগে। ______________________

গ. সবাই গ্রামে বেড়াতে গেল। ______________________

ঘ. আমরা সবাই ঘরে গেলাম। ______________________


৪। তুমি এ রকম আরও কোনো খেলা জানো? তাহলে তা তিনটি বাক্যে লেখ।

৫। পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৬। শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।

# আদর্শ ছেলে

## কুসুমকুমারী দাশ



আমাদের দেশে সেই ছেলে কবে হবে
কথায় না বড় হয়ে কাজে বড় হবে?
মুখে হাসি বুকে বল, তেজে ভরা মন
'মানুষ হতেই হবে' এই যার পণ।
বিপদ আসিলে কাছে হও আগুয়ান
নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ?
হাত পা সবারই আছে, মিছে কেন ভয়?
চেতনা রয়েছে যার, সে কি পড়ে রয়?
সে ছেলে কে চাই বল, কথায় কথায়
আসে যার চোখে জল, মাথা ঘুরে যায়?
মনে প্রাণে খাটো সবে, শক্তি কর দান,
তোমরা 'মানুষ' হলে দেশের কল্যাণ।

## অনুশীলনী

### ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

আদর্শ কবে বল তেজ পণ চেতনা খাটা কল্যাণ

### ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| কল্যাণ | কবে | বল | তেজ | আদর্শ | পণ | চেতনা | খাটা |
|---|---|---|---|---|---|---|---|

ক. ............................ তুমি বাড়ি যাবে?

খ. আমাদের ............................ মানুষ হতে হবে।

গ. কঠিন কাজে মনের ............................ দরকার।

ঘ. আমরা দেশের ............................ করতে চাই।

ঙ. দেশের ভালোর জন্য আমদের ............................ করা উচিত।

চ. মানুষের ............................ আছে, পাথরের নেই।

ছ. যখন তখন ............................ দেখানো ভালো নয়।

জ. খুব ............................ হয়েছে, এখন বিশ্রাম নাও।

### ৩. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. আমাদের ছেলেরা কিসে বড় হবে?

খ. আমাদের ছেলেরা কী পণ করবে?

গ. বিপদ এলে ছেলেরা কী করবে?

ঘ. কেমন ছেলেকে কেউ চায় না?

ঙ. ছেলেদের কীভাবে খাটতে হবে?

চ. কেমন করে দেশের কল্যাণ হবে?



## ৪. ডান দিক থেকে শব্দ বেছে নিয়ে বাম দিকের শব্দের সঙ্গে মিলাই।

| | |
|---|---|
| ছেলে | ছোট |
| বড় | মেয়ে |
| হাসি | পা |
| বিপদ | বিদেশ |
| দেশ | আপদ |
| চোখ | কান্না |
| হাত | কান |



## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. দেশের জন্য কী রকম ছেলে চাই?

১. কাজে নয় কথায় বড় ২. কথায় নয় কাজে বড়

৩. কথা বেশি কাজ কম ৪. কথা কম কাজ কম

খ. হাত পা সবারই আছে মিছে কেন ভয়–কবি কেন এ কথা বলছেন?

১. সাহস জোগাবার জন্য ২. শক্তি অর্জনের জন্য

৩. বুদ্ধি দেওয়ার জন্য ৪. চরিত্রবান হওয়ার জন্য

গ. কবি কোন ধরনের ছেলে প্রত্যাশা করেন?

১. কথায় কথায় যার চোখে জল আসে

২. অল্পতেই যার মাথা ঘুরে যায়

৩. যার চেতনা রয়েছে

৪. সবার সামনে যে সংকুচিত থাকে



৬. নিচের শব্দগুলোতে প্রয়োজনমতো দাঁড়ি, কমা বসিয়ে লিখি ও পড়ি।

ক. হাত পা মুখ বুক কান নাক পিঠ কোমর

খ. আমার নাম আলো


গ. তুমি কোন শ্রেণিতে পড়

ঘ. আমি রোজ বিদ্যালয়ে যাই আমার বিদ্যালয়ে যেতে ভালো লাগে

৭. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা করি।

মানুষ বিপদ শরীর চেতনা কল্যাণ

৮. ছবি দেখি এবং ইচ্ছেমতো বাক্য লিখি।



..............................................................................................

..............................................................................................

..............................................................................................

৯. কবিতাটি মুখস্থ বলি ও লিখি।

# আদর্শ ছেলে
## পৃষ্ঠা ( ৬৮-৭১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও বর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>১.৩.৯ অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে।<br>২.১.৩ কবিতার মূলভাব শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দ যুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | **বলা**<br>১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.১.১ পাঠ্যবইয়ের ছড়া শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৩ পাঠবইয়ের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.৩ পাঠ্যপুস্তকের মানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |

| | |
|---|---|
| লেখা<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | লেখা<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে। | ২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.২ কবিতাসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড -৮**

## পিরিয়ড-১

### পৃষ্ঠা: ৬৮ ( আমাদের দেশে -----------------এই যার পণ ।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ১.৩.৯,২.১.২, ২.১.৩

বলা : ১.৩.২, ২.২.২

পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২

লেখা : ১.৪.১, ১.৪.২,১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২,

**উপকরণ:** পাঠ্যপুস্তক, মূলভাব পড়া,একটি ছেলের ছবি, বিশেষ শব্দ ও বাক্যাংশের অর্থ তালিকা,যুক্তবর্ণের চার্ট ।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণ, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্ন তৈরি করা । |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন ।শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতাসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন ।* যেমন-
  - তোমাদের কি মনে হয়? আদর্শ ছেলে বা মেয়ে কীভাবে হওয়া যায়?
  - কী ধরনের কাজ তারা করে?
  - তারা সবার সাথে কীভাবে কথা বলে মনে মনে ভাবো ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ 'আদর্শ ছেলে' কবিতাটি পড়ব । শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন । প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও *শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন ।*
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার অংশ (আমাদের দেশে -------------------------- এই যার পণ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৬৮ পৃষ্ঠা খুলতে বলবেন ।শুরুতে কী কী ছবি আছে তা জানতে চাইবেন ।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করে শোনাবেন । এরপর কবিতাটির নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়বেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । *শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা লক্ষ করবেন ।*
- *শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন ।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/ মূলভাব আলোচনা করবেন ।

  শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন । দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন ।
  যেমন: প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে । এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে । যেমন- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন এভাবে তারা আয়ত্ত করবে । শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথা নিয়মে পড়তে সহায়তা করবেন । এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন । শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়া পড়াবেন । পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে । পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে ।

  এরপর কবিতার যে শব্দগুলো শিক্ষার্থীরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন । শিক্ষার্থীরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন । যেমন: আদর্শ- মেনে চলার যোগ্য, কবে- কখন, বল- শক্তি, তেজ - জোর, পণ - শপথ ইত্যাদি ।

  শব্দগুলো শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন । এই সময় শিক্ষক যেসব শিক্ষার্থী পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়া পড়াবেন ।

- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- কাজে বড়ো হবে - কাজকে গুরুত্ব বেশি দেবে; তেজে ভরা মন-যার মনে জোর আছে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং অংশটুকুর মূলভাব শিখেছি।

## পিরিয়ড-২

## পৃষ্ঠা: ৬৮ (আমাদের দেশে------------------এই যার পণ ও অনুশীলনী ২, ৩।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, বিশেষ শব্দ ও ব্যাকাংশের অর্থতালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়াপড়া , নতুন শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা, ২ ও ৩ নম্বর অনুশীলনী।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:
  - *আদর্শ ছেলের পণ কী?*
  - *তাদের মন কেমন হবে?*
  - *কাজে কেমন হবে?* উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এরপর শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা কবিতার (আমাদের দেশে -------------------------- এই যার পণ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৬৮ পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।*
- *এরপর কয়েকজন শিক্ষার্থীর কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে খাতায় লিখতে বলবেন।*
- এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন লিখবেন। শিক্ষার্থীরা খাতায় উত্তর লিখবে। পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: আদর্শ, কবে, বল, তেজ, পণ শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৬৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। এরপর শিক্ষক ২নং অনুশীলনীর ‘ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি’ কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন এবং অনুশীলনীর ৩ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠা: ৬৮ (বিপদ আসিলে---------------------- পড়ে রয়।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২**

**বলা : ১.১.৩, ১.৩.২, ২.২.২**

**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২**

**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, ব্যাকাংশের অর্থতালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা।

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
    - *আদর্শ ছেলের পণ কী?*
    - *তাদের মন কেমন হবে?*
    - *কাজে কেমন হবে?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজও আমরা 'আদর্শ ছেলে' কবিতার (বিপদ আসিলে -------------------------------- পড়ে রয়) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৬৮ পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন।*
- শিক্ষক পঠিত অংশটুকুর বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এবার শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এরপরের জন ৩য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। দলের মধ্যে পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়তে বলবেন। দলের পারগ শিশুকে প্রয়োজনে সংশোধন করতে বলবেন।
- এরপর কবিতার যে শব্দগুলো শিশুরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। শিশুরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: চেতনা = জ্ঞান ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণ শব্দটি স্পষ্টভাবে উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন। বোর্ডে শব্দটি ভেঙে দেখাবেন। যেমন- রক্ত - ক্ত = ক +ত।
- শব্দগুলো শিশুদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। এই সময় শিক্ষক যেসব শিশু পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়া পড়াবেন। যেসব শিশু পড়া পড়তে পারে

তাদের পড়া শুনবেন। শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- নাই কি শরীরে তব রক্ত, মাংস, প্রাণ- শরীরে কী কোনো চেতনা নেই?

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং কবিতাটির অংশবিশেষ লেখা শিখেছি।

## পিরিয়ড-৪

## পৃষ্ঠা: ৬৮ (বিপদ আসিলে--------------------- পড়ে রয়।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২**

**বলা : ১.৩.২, ২.১.৩, ২.২.২,**

**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১**

**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (তালগাছের), যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, বিশেষ শব্দ ও ব্যাকাংশের অর্থ তালিকা।

| **পাঠের আলোচ্য বিষয়:** পড়া, শব্দের অর্থ। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
    - *বিপদ আসলে কি করবে?*
    - *যার চেতনা রয়েছে সে কোথায় পড়ে থাকে?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা 'আদর্শ ছেলে' কবিতার (বিপদ আসিলে ----------- -------------------- পড়ে রয়) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৬৮ পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (৬-৮) পড়াবেন।*
- *পড়া শেষে শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। আগের পাঠের মতো জোড়ায় কাজগুলো করাবেন।*
- জোড়ায় কাজ শেষে কবিতার অংশ না দেখে অর্থাৎ মুখস্থ লিখতে বলবেন। কবিতা মুখস্থ ও যতিচিহ্ন সঠিকভাবে কবিতায় ব্যবহার হয়েছে কিনা তা দেখবেন। খাতায় সংশোধন করার পরও ভুলগুলো বোর্ডে সংশোধন করে দিবেন।
- এরপর কবিতার যে শব্দগুলো শিশুরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। শিশুরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: খাটা - পরিশ্রম করা, কল্যাণ - মঙ্গল ইত্যাদি। (পাঠ্যপুস্তকের পিছনে দেওয়া শব্দ কীভাবে খুঁজে বের করতে হয় তা বুঝিয়ে দেবেন।)
- শিক্ষক 'আদর্শ ছেলে' কবিতাটি শিশুদের সাথে নিয়ে কয়েকবার পড়বেন। 'আদর্শ ছেলে' কবিতার কয়েকটি শব্দ বোর্ডে লিখবেন। যেমন- কবে, মন, যান, ভয়, রয়, কথায়, দান। এবার শিশুদের শব্দগুলার সাথে মিল রেখে কবিতা থেকে অন্য শব্দ বলতে বলবেন এবং শিক্ষক শব্দগুলো পাশে লিখবেন। যেমন: কবে-হবে, মন-পণ ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং কবিতাটির অংশবিশেষ যতিচিহ্ন ব্যবহার করে লেখা শিখেছি।

## পিরিয়ড-৫

## পৃষ্ঠা: ৬৮ (সে ছেলে------------- দেশের কল্যাণ ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২

**বলা** : ১.৩.২, ২.১.৩, ২.২.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, বাক্যাংশের অর্থ তালিকা ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, কবিতার নির্দিষ্ট অংশ লেখা, পাঠ শিখির ২ নম্বর ও ৩ নম্বর অনুশীলনী ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন । যেমন:*
  - *আদর্শ ছেলের পণ কী?*
  - *বিপদ আসলে আদর্শ ছেলে কী করে?*
- শিক্ষক আদর্শ একটি ছেলে বা মেয়ের ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন । *সেখানে শিশুরা কোন ছবি দেখতে পাচ্ছে তা জানতে চাইবেন । কয়েকজন শিশুকে সেই সম্পর্কে কী জানে তা অল্প কথায় বলতে বলবেন । তাদের বলা শুনে প্রশংসা করবেন ।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার (সে ছেলে------------------------------- দেশের কল্যাণ ।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৬৮ পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ (৯-১৪) পড়াবেন ।*
- এরপর কয়েকজন শিশুর কাছ থেকে কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে খাতায় লিখতে বলবেন ।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের খুলতে বলবেন । শিশুদের পাঠ্যপুস্তকের ৬৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন । শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন ।
- ৩ নম্বর প্রশ্নের উত্তর মুখে মুখে জিজ্ঞেস করবেন এবং এরপর শিক্ষক অনুশীলনীর উত্তর লেখার কৌশল শিখাবেন । শিশুরা খাতায় উত্তর লিখবে ।
- বোর্ডে দুই সারিতে কতগুলো শব্দ লিখবেন । যেমন- এক সারিতে ছেলে, বড়, হাসি, বিপদ, দেশ, চোখ, হাত এবং অন্য সারিতে ছোট, মেয়ে, পা, বিদেশ, আপদ, কান্না, কান লিখবেন । তারপর শিশুদের সবাইকে জিজ্ঞেস করবেন কোন শব্দের সাথে কোন শব্দ কবিতা অনুযায়ী মেলে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি । কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি ।

## পিরিয়ড-৬

## পৃষ্ঠাঃ ৬৮ (সে ছেলে ---------------------- দেশের কল্যাণ, ৫ ,৬ অনুশীলনী ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চাট ।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা, পাঠ শিখির ৫,৬ অনুশীলনী ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*
  - *আদর্শ ছেলের পণ কী?*
  - *বিপদ আসলে আদর্শ ছেলে কী করে?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বলবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন ।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার (সে ছেলে------------------------------- দেশের কল্যাণ) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৬৮ পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটির চরণ পড়াবেন ।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- এরপর শিশুদের বইয়ের ৭০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । অনুশীলনীর ৫ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন । এ সময় শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের খাতা যাচাই করবেন । পরে উত্তরগুলো সবার উদ্দেশ্যে বলে দিবেন ।
- এরপর ৬ নম্বর অনুশীলনী অনুযায়ী শিশুদের কবিতাটি যতিচিহ্নের ব্যবহার করে না দেখে লিখতে বলবেন ।
- যাদের লেখা শেষ হয়ে যাবে তাদের খাতা দেখে যাচাই করবেন এবং প্রয়োজনে শুদ্ধ করে দেবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি ।

## পিরিয়ড-৭

## পৃষ্ঠাঃ ৭০-৭১ (অনুশীলনী ৭,৮,৯)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.৩.২, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- *শিশুদের আদর্শ ছেলে কবিতাটি ২ বার পড়তে বলুন।*
- *শিক্ষক গত ৬ দিনের পাঠ থেকে সংক্ষেপে আলোচনা করবেন এবং পূর্বপাঠের ওপর সংক্ষিপ্ত প্রশ্ন করে তাদের শিখনফল যাচাই করবেন। যেমন- কোন ছেলের কথা বলা হয়েছে? তাদের দেশের জন্য কেন প্রয়োজন? ইত্যাদি।*
- সবাইকে কবিতার মূলভাব বা বিষয়বস্তু খাতায় নিজের মতো করে লিখতে বলবেন।
- শিক্ষক যেকোনো একজন শিশুকে ডেকে বোর্ডে কবিতা ও কবির নাম লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৭১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। এরপর ৭ নম্বর অনুশীলনী অনুযায়ী শিশুদের বাক্য রচনা করতে বলবেন।
- বোর্ডে ৮ নম্বর অনুশীলনী বুঝিয়ে দেবেন এবং নিজের ইচ্ছা সম্পর্কে খাতায় লিখতে বলবেন।
- এরপর ৯ নম্বর অনুশীলনী অনুযায়ী আদর্শ ছেলে কবিতাটি মুখস্থ লিখতে বলবেন।
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ শব্দ দিয়ে অ্যাকটিভিটি কার্ড বানিয়ে শ্রেণিকক্ষে কর্নারে রাখবেন এবং কার্ডের নির্দেশনা অনুযায়ী শিশুদের সমাধান করতে বলবেন।
- যাদের লেখা শেষ হয়ে যাবে তাদের খাতা দেখে যাচাই করবেন এবং প্রয়োজনে শুদ্ধ করে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড- ৮
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১। নিচের অনুচ্ছেদটির সঠিক স্থানে দাঁড়ি এবং কমা বসাই।

আমার নাম আলী আমি তৃতীয় শ্রেণিতে পড়ি আমার স্কুলে যেতে ভালো লাগে আমার বন্ধুরা হলো মিতা রীতু অনিক সুজন আর অলি।

২। দাগ টেনে অর্থ মিলাই।

| | |
|---|---|
| আগুয়ান | ভুল |
| ভরা | পানি |
| জল | সামনের দিকে |
| মিছে | পূর্ণ |

৩। যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ তৈরি করে বাক্য লিখি :

| | |
|---|---|
| ক্ত | প্র |

৪। 'আদর্শ ছেলে' কবিতাটির কোন জায়গাটি তোমার ভালো লেগেছে? তিনটি বাক্যে লিখ।

৫। পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৬। শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।

# একজন পটুয়ার কথা



১৯৪৫ সাল। পত্রিকায় প্রকাশিত হয়েছে সারা বাংলায় ব্যায়াম ও শরীরচর্চা প্রতিযোগিতার খবর। তাতে প্রথম হয়েছেন একজন শিল্পী। ছবি আঁকার স্কুলে পড়েন তিনি। তিনি 'মিস্টার বেঙ্গল' হয়েছেন। পত্রিকায় ছবি বের হলো। চারদিকে হইচই পড়ে গেল। এভাবে যিনি সবাইকে তাক লাগিয়ে দিয়েছিলেন। তিনি আর কেউ নন। তিনি শিল্পী কামরুল হাসান।

তারপর অনেক দিন কেটে গেছে।

১৯৭১ সাল। মুক্তিযুদ্ধের বছর। পাকিস্তানি সেনাশাসক ইয়াহিয়া ক্ষমতায়। তার হুকুমেই বাংলাদেশে নির্মম গণহত্যা হয়। তার চেহারাকে দানবের মতো করে আঁকলেন তিনি। বাংলাদেশের মানুষ আবার তাঁকে নতুনভাবে জানতে পারল। ইনি সেই শিল্পী কামরুল হাসান। বাংলাদেশের জাতীয় পতাকার চূড়ান্ত নকশা করেছেন তিনি।

তাঁর জন্ম কলকাতায়। বাড়ি বর্ধমান জেলার নারেঙ্গা গ্রামে। বাবার নাম মোহাম্মদ হাশিম। মায়ের নাম আলিয়া খাতুন।



নাইওর



উঁকি



তিন কন্যা

ছোটবেলায় তিনি যে স্কুলে পড়তেন সেখানে ছবি আঁকা শেখানো হতো। এভাবে আঁকার প্রতি ঝোঁক সৃষ্টি হলো। বাবা তাঁকে ভর্তি করে দিলেন কলকাতা মাদরাসায়। কিন্তু তাঁর ইচ্ছা ছবি আঁকার স্কুলে পড়বেন। বাবা শেষে বাধ্য হয়ে তাঁকে ছবি আঁকার স্কুলে ভর্তি করালেন। বললেন, পড়ার খরচ তিনি দেবেন না।

পড়ার খরচ জোগাতে তিনি কাজ করেছেন পুতুলের কারখানায়।

তবে কামরুল কেবল ছবি আঁকা নিয়েই ব্যস্ত ছিলেন না। পাশাপাশি শরীরচর্চা করেছেন। দেশসেবক তরুণদের সংগঠন ব্রতচারীদের দলে যুক্ত হয়েছেন। তাঁদের কাছ থেকে পেয়েছেন খাঁটি বাঙালি হওয়ার শিক্ষা।
শ্রদ্ধা করেছেন গ্রামের সাধারণ ছবি আঁকিয়েদের। এঁদের 'পটুয়া' বলা হয়। নিজেকে 'পটুয়া' বলে পরিচয় দিতে তাঁর গর্ব হতো। ব্রতচারীদের নিয়মনীতি তিনি মেনে চলেছেন। এর মধ্যে ছিল –

খিচুড়ি ভাষায় বলিব না।
ভুলেও ভুঁড়ি বাড়াইব না।
খিদে না থাকিলে খাইব না।
বিপদ বাধায় ডরিব না।
বিলাসিতা ভাব পুষিব না।
রাগ পাইলেও রুষিব না।
দুঃখেও হাসিতে ভুলিব না।
দেমাগেতে মনে ফুলিব না।
অসত্য চাল চালিব না।
দৈবে ভরসা রাখিব না।
চেষ্টা না করে থাকিব না।
বিফল হলেও ভাগিব না।
ভিক্ষা জীবিকা মাগিব না।
কথা দিয়ে কথা ভাঙ্গিব না।

ব্রতচারীদের এসব শিক্ষা তাঁর মনে গেঁথে গিয়েছিল। সব সময় তিনি সহজ সরল জীবনযাপন করেছেন। কামরুল হাসান যুক্ত হয়েছিলেন শিশু-কিশোর সংগঠনের সঙ্গে। মুকুল ফৌজের নায়ক ছিলেন। কিশোরদের তিনি ব্যায়াম শেখাতেন। সহজ সরল জীবনের কথা তাদের বলেছেন। শিখিয়েছেন সততা। শিখিয়েছেন দেশকে ভালোবাসতে, মানুষকে ভালোবাসতে।

মানুষ ও দেশকে ভালোবাসতেন তিনি। সে জন্য ১৯৭১ সালে তিনি মুক্তিযুদ্ধে গিয়েছিলেন। 'তিন কন্যা', 'নাইওর', 'উঁকি' ইত্যাদি তাঁর ছবির নাম। আমরাও তাঁর মতো দেশকে ভালোবাসব। ছবিকে ভালোবাসব। মানুষকে ভালোবাসব।

## অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

ব্যায়াম হইচই সেনাশাসক নকশা মাদরাসা দানব কারখানা
ব্রতচারী সততা পটুয়া সংগঠন মুকুল ফৌজ কিশোর নাইওর নায়ক

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| | | | | |
|---|---|---|---|---|
| নকশা | মুকুল ফৌজের | সেনাশাসক | দানব | সংগঠনে |

ক. ইয়াহিয়া ............................................ ছিলেন।

খ. ছবিতে ফুলপাতার ........................................ আঁকা হয়েছে।

গ. খারাপ কাজ করে মানুষও ................................ হয়ে ওঠে।

ঘ. আমরা শিশু ......................................... কাজ করি।

ঙ. মিতু ......................................... সদস্য।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | |
|---|---|---|---|---|
| বেঙ্গাল | ঙ্গা | ঙ | গ | অঙ্গা, বঙ্গা |
| ব্যস্ত | স্ত | স | ত | সমস্ত, তিস্তা |

## ৪. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. কামরুল হাসান 'মিস্টার বেঙ্গাল' হয়েছিলেন কোন প্রতিযোগিতায়?

১. ছবি আঁকা
২. ব্যায়াম ও শরীরচর্চা
৩. গান রচনা
৪. ব্রতচারী নৃত্য

খ. কামরুল হাসান কার চেহারাকে দানবের মতো করে এঁকেছিলেন?

১. আইয়ুবের ২. ইয়াহিয়ার
৩. ভুট্টোর ৪. মোনায়েম খাঁর

গ. কোনটি কামরুল হাসানের চিত্র?

১. সংগ্রাম ২. রোপণ
৩. নাইওর ৪. কবুতর

## ৫. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

ক. চারদিকে ......................... পড়ে গেল।

খ. বাংলাদেশের জাতীয় পতাকার চূড়ান্ত ......................... করেছেন তিনি।

গ. নিজেকে ...................... বলে পরিচয় দিতে তাঁর গর্ব হতো।

ঘ. তিনি ......................... জীবনযাপন করতেন।

নকশা
পটুয়া
সহজ সরল
হইচই

## ৬. মুখে মুখে উত্তর বলি ও লিখি ।

ক. কামরুল হাসানের জন্ম কোথায়?
খ. কামরুল হাসানের গ্রামের নাম কী?
গ. পড়ার খরচ জোগাতে কামরুল হাসান কোথায় কাজ করেছেন?
ঘ. কোন সংগঠনে যুক্ত হয়ে কামরুল হাসান দেশসেবার দীক্ষা নিয়েছেন?
ঙ. বাংলাদেশের জাতীয় পতাকার চূড়ান্ত নকশা এঁকেছেন কে?
চ. কামরুল হাসান নিজেকে পটুয়া পরিচয় দিতে গর্ববোধ করতেন কেন?
ছ. ব্রতচারীদের নিয়মনীতির মধ্যে তিনটি লিখি।
জ. কামরুল হাসানের তিনটি ছবির নাম লিখি।

## ৭. বিপরীত শব্দ জেনে নিই। খালি জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | |
|---|---|
| খাঁটি | নকল |

ক. ..................................... জিনিস বর্জন করা উচিত।

## ৮. কি, কী, কে, কোন, কখন, কোথায় ইত্যাদি প্রশ্নশব্দ ব্যবহার করে প্রশ্নবাক্য তৈরি হয়। বাক্যে প্রশ্নশব্দের ব্যবহার দেখি।

ক. কামরুল হাসান কি ছবি আঁকার স্কুলে পড়তেন?
খ. তাঁর বাবা কী করতেন?
গ. কে বাংলাদেশের জাতীয় পতাকার চূড়ান্ত নকশা করেছেন?
ঘ. কোন শহরে কামরুল হাসানের জন্ম?
ঙ. কখন তিনি 'মিস্টার বেঙ্গল' হন?
চ. কামরুল হাসানের বাড়ি কোথায়?

## ৯. কি, কী, কে, কোন, কখন, কোথায় প্রশ্নশব্দগুলো ব্যবহার করে একটি করে বাক্য লিখি।

# একজন পটুয়ার কথা
## পৃষ্ঠা (৭২-৭৬)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ১.৩.৬ ঘোষণা শুনে বুঝতে পারবে। |
| | ২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে। |
| ৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ২.২.৩ গল্পের মূল বিষয় বুঝতে পারবে |
| | ৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে |
| **বলা** | **বলা** |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| | ২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে। |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | ২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে। |
| | ২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে। | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| পড়া | পড়া |
|---|---|
| ১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তকের ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |
| ২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | ২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৫ পাঠ ও পাঠ বহির্ভূত পাঠ সামগ্রী পড়ে মূলভাব বুঝতে পারবে। |
| ৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে। | ৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে।<br>৩.১.২ অন্যের (শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে। |
| ৩.২ বিভিন্ন ধরনের সহজ সংকেত/ নির্দেশ, ব্যক্তি ও প্রতিষ্ঠানের নামফলক পড়তে পারবে। | ৩.২.৩ ব্যক্তির নামফলক পড়তে পারবে।<br>৩.২.৪ প্রতিষ্ঠানের নামফলক পড়তে পারবে। |
| ৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| **লেখা** | **লেখা** |
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জন সহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | ৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড ১১**

## পিরিয়ড -১

## পৃষ্ঠা: ৭২ (১৯৪৫ সাল। পত্রিকার ---------------আলিয়া খাতুন)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.৩.১
**লেখা** :১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৭.১, ২.৩.৪,২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - যারা ছবি আঁকেন, তাঁদের শিল্পী বলে। আমাদের বাংলাদেশে এমন কয়েকজন ব্যক্তি আছেন, যারা ছবি আঁকেন। তাঁরা আমাদের দেশের জন্য বিভিন্ন সময়ে অনেক বড় বড় কাজ করেছেন। *এমন কয়েকজন ব্যক্তির নাম কি তোমরা বলতে পারবে?*
  - আজ এমন একজন ব্যক্তির জীবনকাহিনী তোমাদের শোনাব যার নাম শিল্পী কামরুল হাসান। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিরোনামটি লেখা হলে শিক্ষক স্পষ্ট, শুদ্ধ শ্রবণযোগ্য স্বরে পড়বেন। শিশুরা তাঁর সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের উদ্দেশে শিল্পীকে নিয়ে লেখা গল্পটি সংক্ষেপে আলোচনা করবেন। শিল্পী কামরুল হাসান একজন বড় মাপের ছবি আঁকার শিল্পী ছিলেন। তিনি ছোটবেলায় আঁকার স্কুলে পড়াশোনা করেছেন। ছবি আঁকার পাশাপাশি শরীরচর্চা করতেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পেটির নির্ধারিত অংশ (১৯৪৫ সাল। পত্রিকার---------------আলিয়া খাতুন) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শুরুতেই কার ছবি রয়েছে তা জানতে চাইবেন। শিল্পীর আঁকা ছবি দেখিয়ে প্রশ্ন করবেন, তিনি কী ধরনের ছবি এঁকেছেন? শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন। যেমন: প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।

দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেনও ভেঙে দেখাবেন।* যেমন: পত্রিকা−ত্র = ত+্র র-ফলা, প্রকাশিত−প্র = প+্র র-ফলা, মিস্টার−স্ট = স+ট, বেঙ্গল−ঙ্গ = ঙ+গ, নির্মম−র্ম = র+ম ইত্যাদি। *শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।*

শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-২

## পৃষ্ঠা: ৭২ (১৯৪৫ সাল। পত্রিকার-------------------- আলিয়া খাতুন।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, শিল্পীর আঁকা ছবি, নাইওর, উঁকি, তিনকন্যা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শি ক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:
    - *বাংলাদেশের জাতীয় পতাকার নকশা কে করেছেন?*
    - *কার হুকুমে বাংলাদেশে গণহত্যা হয়েছিল?*
    - *বাংলাদেশের মানুষ কেন তাকে নতুন করে জানতে পারল?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পটির (১৯৪৫ সাল। পত্রিকার---------------আলিয়া খাতুন) অংশটুকু পড়ব।
- শিশুদেরকে পাঠ্যপুস্তকের ৭২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যেকোনো ৫টি শব্দ লিখে তা দিয়ে বাক্য তৈরি করে খাতায় লিখবে।
- শিক্ষক শিল্পীর আঁকা ছবি তিনটির মধ্য থেকে ১টি ছবি দেখে তার বিষয়বস্তু লিখতে বলবেন। কয়েকজনকে পড়ে শোনাতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: ব্যায়াম = স্বাস্থ্য রক্ষার জন্য শারীরিক কসরত, হইচই = গোলমাল/সাড়া, সেনাশাসক = দেশের শাসক হিসাবে সেনাবাহিনীর কর্মকর্তা, গণহত্যা = একসাথে অনেক লোককে মেরে ফেলা, নকশা = চিত্রের কাঠামো, ডিজাইন ইত্যাদি। *শিশুদের নতুন বা অপরিচিত শব্দ পড়াবেন ও লেখাবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ এবং বাক্য লেখা শিখেছি।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠাঃ ৭২-৭৩ (তাঁর জন্ম -------------------------পুতুলের কারখানায় ।)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২**
**বলা :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২**
**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.৩.১**
**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি, যুক্তবর্ণযুক্ত শব্দের চার্ট ।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*
  - *কামরুল হাসান কে ছিলেন?*
  - *তাঁর আঁকা একটি ছবির নাম বল ।*
  - *কার হুকুমে বাংলাদেশে নির্মম গণহত্যা হয়?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন । শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘একজন পটুয়ার কথা’ গল্পটির (তার জন্ম ---------পুতুলের কারখানায়) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭২ ও ৭৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।

  শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন । দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন । যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে । শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন । শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন । পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে । এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে ।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন । শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন । যেমনঃ জন্ম–ন্ম = ন+ম ইত্যাদি । শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি ।

## পিরিয়ড-৪

## পৃষ্ঠাঃ ৭২-৭৩ (তাঁর জন্ম-----------------------পুতুলের কারখানায় ।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২**
**বলা :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২**
**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২**
**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *বাংলাদেশের জাতীয় পতাকার নকশা কে করেছেন?*
    - *শিল্পী কামরুল হাসানের বাবা-মায়ের নাম কী ছিল?*
    - *তিনি পুতুলের কারকানায় কেন কাজ করতেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পটির (তাঁর জন্ম----------------------পুতুলের কারখানায়) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭২ ও ৭৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিক্ষক শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: মাদরাসা = ইসলামি শিক্ষা কেন্দ্র, ঝোঁক = ইচ্ছা/ আকাঙ্খা, জোগাতে = জোগাড় করতে, কারখানায় = যেখানে দ্রব্য সামগ্রী তৈরি হয় ইত্যাদি। শিশুদের নতুন বা অপরিচিত শব্দ পড়াবেন ও লেখাবেন।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৫

## পৃষ্ঠা: ৭৩ (যেমন, ব্রতচারীদের----------------------ভাঙিব না।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২ , ১.৩.৪, ১.৩.৬

**বলা** : ১.১.২, ১.৩.২, ২.২.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.৪, ২.৫.৫, ৩.১.১

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। গত দিনের পাঠ থেকে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
  - *কীভাবে শিল্পীর আকার প্রতি ঝোঁক সৃষ্টি হলো?*
  - *তাঁর ইচ্ছা কী ছিল?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পটির (তবে কামরুল---------ভাঙিব না।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠেরমতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- এরপর শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। জোড়ায় গল্পটি কীভাবে পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন- প্রথমে একজন শিশু গল্পটির ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন পড়বে। জোড়ার অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে কয়েকবার তাদের গল্পটির অংশটি পড়তে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়াবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর লিখবে। একে অন্যের খাতা দেখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৬

## পৃষ্ঠা: ৭৩ (তবে কামরুল--------------------ভাঙিব না)

### শিখনফল

**শোনা** :১.১.১, ১.১.২, ১.৩.৪, ১.৩.৬,
**বলা** : ১.১.৪, ১.৩.২, ২.২.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.৪, ২.৫.৫, ৩.১.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি।

**পাঠের আলোচ্য বিষয়** : পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *বাংলাদেশের জাতীয় পতাকার নকশা কে করেছেন?*
  - *কার হুকুমে বাংলাদেশে গণহত্যা হয়েছিল?*
  - *বাংলাদেশের মানুষ কেন তাঁকে নতুন করে জানতে পারল?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পটির "তবে কামরুল---------ভাঙিব না।" অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠেরমতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিক্ষক ব্রত-বিষয়ক ছড়াটি তাল-ছন্দ বজায় রেখে মজা করে দুই-তিনবার পড়বেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।

- *শিক্ষক শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।*
- *শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: ব্রতচারী =দেশ সেবায় যারা ব্রত পালন করে, সততা= সাধুতা,* পটুয়া = যে পট বা ছবি আঁকে বা গ্রামের সাধারণ ছবি আঁকিয়ে, সংগঠন= কিছু লোক মিলে গড়ে তোলা দল ইত্যাদি। *শিশুদের নতুন বা অপরিচিত শব্দ পড়াবেন ও লেখাবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা সহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ৭৪ (ব্রতচারীদের এসব শিক্ষা----------------মানুষকে ভালোবাসব)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪,২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:
    - ব্রতচারী কারা?
    - পটুয়া কাদের বলে?
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পটির (এত রকমের ..........সীমা রইল না।) অংশটুকু পড়ব।
- শিশুদেরকে পাঠ্যপুস্তকের ৭৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠেরমতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে তৈরি যুক্তবর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৮

## পৃষ্ঠা: ৭৪ (ব্রতচারীদের এসব শিক্ষা---------------মানুষকে ভালোবাসব ও ১ নম্বর অনুশীলনী)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ৩.৩.১,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা শিল্পীর ছবি, শিল্পীর আঁকা ছবি, যুক্তবর্ণযুক্ত শব্দের চার্ট, নতুন বা অপরিচিত শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
    - *শিল্পীর মা-বাবা নাম কী ছিল?*
    - *কার হুকুমে বাংলাদেশে গণহত্যা হয়েছিল?*
    - *বাংলাদেশের কিশোরদের তিনি কী শেখাতেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'একজন পটুয়ার কথা' গল্পটির (ব্রতচারীদের-------ভালোবাসব।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠেরমতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের বের করা নতুন বা বিশেষ শব্দ বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি নতুন শব্দ দিয়ে বাক্য লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৭৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ১নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন। শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: মুকুল ফৌজ = শিশু-কিশোর সংগঠনের নাম, কিশোর=১১-১৫ বছর বয়সী ছেলে ইত্যাদি। *শিশুদের নতুন বা অপরিচিত শব্দ পড়াবেন ও লেখাবেন। এখানে ১১-১৫ বছর* বয়সী মেয়েকে কিশোরী বলে দিবেন।
- এরপর শিক্ষক ১নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদেরকে মুখে মুখে জিজ্ঞাসা করবেন।প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শব্দের অর্থ প্রয়োজন অনুযায়ী শিশুদের লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৭৪-৭৫ (অনুশীলনী- ২, ৩, ৪, ৫, ৭ ও ৮)

### শিখনফল

**শোনা** : ১.৩.৪
**বলা** : ১.৩.২
**পড়া** : ৩.১.১
**লেখা** : ২.৩.৪,২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, প্রয়োজনীয় শিখন-উপকরণ।

**পাঠের আলোচ্য বিষয়:** খালি জায়গা পূরণ, যুক্তবর্ণ চেনা, ঠিক উত্তর বাছাই করে লেখা, বিপরীত শব্দ।

### শিখন শেখানো কার্যাবলি

- শুরুতেই গত দিনের পাঠ থেকে যাচাই করবেন।
- 'একজন পটুয়ার কথা' গল্পের বিষয়বস্তু কয়েকজন শিশুকে জিজ্ঞেস করবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. ইয়াহিয়া............ছিলেন। খালি জায়গায় কোন সঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- ৩ নম্বর অনুশীলনীর যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দিবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে বেঙ্গল, ব্যস্ত যুক্তবর্ণযুক্ত শব্দ দুটি লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক তাঁর প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন। শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৭৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: ক) কামরুল হাসান 'মিস্টার বেঙ্গল' হয়েছিলেন কোন প্রতিযোগিতায়?

  | | |
  |---|---|
  | ১. ছবি আঁকা | ২. ব্যায়াম ও শরীরচর্চা |
  | ৩. গান রচনা | ৪. ব্রতচারী নৃত্য |

- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন, তার উত্তর বলবে।
- শিক্ষক এভাবে ৪ নম্বর অনুশীলনীর ক-ঘ প্রশ্নগুলো করাবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৫ নম্বরপ্রশ্ন করাবেন। শিশুদের ডান দিক থেকে সঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৭৬ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৭ নম্বর অনুশীলনীর (ক-খ) পর্যন্ত ফাঁকা ঘরে সঠিক বিপরীত শব্দ খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের পড়া পড়াবেন।
- যেসব শিশুর কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের বই থেকে পড়তে উৎসাহিত করবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ৭৬ (অনুশীলনী ৬ ও ৯)

**শিখনফল**

**শোনা** : ১.৩.৪
**বলা** : ১.৩.২
**পড়া** : ৩.১.১
**লেখা** : ২.৩.৪,২.৩.৬
**উপকরণ:** পাঠ্যপুস্তক, শিখন-উপকরণ।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** ৬,৭,৮, ৯ নম্বর প্রশ্নের উত্তর। |

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। এরপর গত দিনের পাঠ থেকে যাচাই করবেন।
- 'একজন পটুয়ার কথা' গল্পের বিষয়বস্তু কয়েকজন শিশুকে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৭৬ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৬নং নম্বর অনুশীলনীর (ক-জ) পর্যন্ত প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের প্রশ্নের উত্তরগুলো কীভাবে করতে হবে তা বুঝিয়ে দেবেন। শিশুরা খাতায় লিখবে।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। খাতা দেখে দিবেন, ভুল হলে সংশোধন করে দিবেন।
- যেসব শিশুদের কাজ শেষ হয়ে যাবে তাদের এবার ৯ নম্বর অনুশীলনীর প্রশ্নশব্দের ব্যবহার বুঝিয়ে দিবেন। যতটুকু ক্লাসে করতে পারে করবে, বাকি অংশ বাড়িতে করবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্প থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর বলা ও লেখা শিখেছি।

## পিরিয়ড-১১
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. বিপরীত শব্দ দাগ টেনে মিলাই

| | |
|---|---|
| যুদ্ধ | নকল |
| খাঁটি | শান্তি |

২. দাগ টেনে অর্থ মিলাই

| | |
|---|---|
| ব্রতচারী | কিছু লোক মিলে গড়ে তোলা দল |
| সংগঠন | ১১ থেকে ১৫ বছর বয়সী মেয়ে |
| মুকুল ফৌজ | য স্থানে দ্রব্যসামগ্রী তৈরি হয় |
| কিশোরী | শিশু-কিশোর সংগঠনের নাম |
| কারখানা | দশ সেবায় যারা ব্রত পালন করে |

৩. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ লিখি।

ক. স্ত........................................ ..................................................................

খ. ক্ত........................................ ..................................................................

গ. দ্ধ........................................ ..................................................................

ঘ. ক্ষ........................................ ..................................................................

৪. গল্পটি পড়ে তুমি কী শিখেছ তা তিনটি বাক্যে লেখ।



# ঘুড়ি

আবুল হোসেন

ঘুড়িরা উড়িছে বন মাথায়
হলদে সবুজে মন মাতায়
গোধূলির ঝিকিমিকি আলোয়
লাল সাদা আর নীল কালোয়,
ঘুড়িরা উড়িছে হালকা বায়।

ঘুড়িরা উড়িছে হালকা বায়,
একটু বাড়িলে টান সুতায়,
আকাশে ঘুড়িরা হোঁচট খায়
সামলে তখন রাখা যে দায়
উঠিছে নামিছে টালমাটাল

ভারি যে কঠিন ঘুড়ির চাল,
সাধ্যি কি চিল পায় নাগাল।
প্যাঁচ লেগে ঘুড়ি কেটে পালায়
আকাশের কোথা কোন কোনায়
ঘুড়িরা পড়েছে হাতেতে কার,
খবর রেখেছে কেউ কি তার?

# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

গোধূলি　　হোঁচট　　চাল

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| চাল | হোঁচট | গোধূলি |
|---|---|---|

ক. সাবধানে চলো, ভাঙা রাস্তায় ................................ খেয়ে পড়বে।

খ. ঘুড়ি ওড়াতে নানা ......................... খাটাতে হয়।

গ. ......................... বেলায় আকাশ নানা রঙে রঙিন হয়ে ওঠে।

## ৩. কথাগুলো বুঝে নিই।

বন মাথায় – বনের মাথায়।

মন মাতায় – মনকে মাতায়।

হালকা বায় – হালকা বাতাসে।

টালমাটাল – টলমল অবস্থা। পড়ে যাওয়ার মতো অবস্থা।

নাগাল পাওয়া – ধরতে পারা। কাছে যেতে পারা।

## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. কবি কত রঙের ঘুড়ির কথা বলেছেন?

খ. ঘুড়ি কোথায় উড়ে যায়?

গ. ঘুড়ি যখন অনেক ওপরে ওঠে, তখন কেমন অবস্থা হয়?

ঘ. ঘুড়ি কেটে যাওয়ার পরে কোথায় যায়?

## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. আকাশে ঘুড়িরা কী করে?

১. ঘুরে বেড়ায়  ২. প্যাঁচ লাগায়

৩. হোঁচট খায়  ৪. ছুটে পালায়

খ. কখন ঘুড়ির অবস্থা টালমাটাল হয়?

১. সন্ধ্যার অল্প আলোয়  ২. সুতার টান বাড়লে

৩. বাতাসের বেগ বাড়লে  ৪. প্যাঁচ লেগে কেটে গেলে

গ. চিলেরা ঘুড়ির নাগাল পায় না। কারণ –

১. বাতাসে ঘুড়ি টালমাটাল হয়

২. চিলের চেয়ে ঘুড়ি উঁচুতে ওড়ে

৩. ঘুড়ি কৌশলে ওড়ানো হয়

৪. ঘুড়ি কেটে অনেক দূরে যায়



## ৬. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

| | | |
|---|---|---|
| ক. হলুদে সবুজে | .............................. | নীল কালোয়/মন মাতায় |
| খ. একটু বাড়িলে | .............................. | টান সুতায়/হোঁচট খায় |
| গ. উঠিছে নামিছে | .............................. | ঘুড়ির চাল/টালমাটাল |
| ঘ. প্যাঁচ লেগে ঘুড়ি | .............................. | কোথায় যায়/কেটে পালায় |

# ঘুড়ি
## পৃষ্ঠা (৭৭-৭৯)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>১.৩.৯ অনুরোধ শুনে বুঝতে পারবে। |
| ২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে।<br>২.১.৩ কবিতার মূলভাব শুনে বুঝতে পারবে। |
| **বলা** | **বলা** |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দ যুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে। | ২.১.১ পাঠ্য বইয়ের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৩ পাঠ্য বইয়ের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে। |
| ২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে। | ২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |
| **পড়া** | **পড়া** |
| ১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। | ১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৪ পাঠ্যপুস্তকের ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | ২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |
| ৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে। | ৩.১.১ নিজের হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে।<br>৩.১.২ অন্যের (শিক্ষক ও সহপাঠীদের) হাতের লেখা অনুচ্ছেদ পড়তে পারবে। |
| ৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |

| | |
|---|---|
| লেখা | লেখা |
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে শব্দ দিয়ে নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে। | ২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা,রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.২ কবিতা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |

## পাঠ বিভাজন: পিরিয়ড ৯

## পিরিয়ড-১

## পৃষ্ঠা: ৭৭ (প্রথম স্তবক: ঘুড়িরা --------------------- বায়।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ১.৩.৯,২.১.২,২.১.৩

বলা : ১.৩.২, ২.১.৩, ২.২.২

পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২

লেখা : ১.৪.১, ১.৪.২,১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২,

**উপকরণ:** পাঠ্যপুস্তক, বিশেষ শব্দ ও বাক্যাংশের অর্থ তালিকা, যুক্তবর্ণের চার্ট, রঙিন ঘুড়ি, ঘুড়ির ছবি, পোস্টার পেপারে মার্কার দিয়ে লেখা কবিতার প্রথম পাঁচ চরণ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্ন তৈরি করা।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতাসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন।* **যেমন-**
  - ***শিশুরা ঘুড়ি চেনে কিনা জিজ্ঞাসা করবেন।***
  - ***কী কী রঙের এবং কেমন ঘুড়ি তারা দেখেছে তা জিজ্ঞেস করবেন।***
  - ***শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছে জিজ্ঞেস করবেন।***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ 'ঘুড়ি' কবিতাটি পড়ব। শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার (ঘুড়িরা -------------- বায়।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৭৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শুরুতে কী কী ছবি আছে তা জানতে চাইবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করে শোনাবেন। এরপর কবিতাটির নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়বেন। এই সময় শিশুদেরকে নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা লক্ষ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এরপর শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন। জোড়ায় কবিতাটি কীভাবে পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন পড়বে। জোড়ার অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়াবেন।
- পড়া শেষে সবাইকে আগের মতো বসতে বলবেন। কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- এরপর কবিতার যে শব্দগুলো শিক্ষার্থীরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। *শিক্ষার্থীরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: মাতায় - মাতাল করে, গোধূলি - সূর্য ডোবার সময়, বায় - বয় ইত্যাদি।*

- শব্দগুলো শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। এসময় শিক্ষক যেসব শিক্ষার্থী পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন।
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- বন মাথায় - বনের মাথায়, হালকা বায়- হালকা বাতাস বয়।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য, এবং অংশটুকুর মূলভাব শিখেছি।

## পিরিয়ড-২

### পৃষ্ঠা: ৭৭ (প্রথম স্তবক: ঘুড়িরা------------------------------- বায়।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ২.১.২
বলা : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
পড়া : ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১, ৩.৩.২
লেখা : ১.৪.৩, ১.৫.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি (ঘুড়ির), যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট, রঙিন কাগজ দিয়ে বানানো নতুন আকৃতির (যেমন - মাছের মতো বা অন্য কোনো কিছুর মতো।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া , নতুন শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। **যেমন:**
    - ***শিশুরা কেমন ঘুড়ি দেখেছে তা জিজ্ঞাসা করবেন।***
    - ***তোমরা কি ঘুড়ি বানাতে পারো?***

  এরপর শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা কবিতার (ঘুড়িরা---------------------------------------------- বায়।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৭৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।*
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- শিশুদের কবিতার অংশটি পড়তে ও দেখে দেখে লিখতে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- *এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন, শব্দ লিখবেন। শিশুরা প্রশ্নের উত্তর ও বাক্য গঠন বলবে ও লিখবে।*
- *এরপর কয়েকজন শিক্ষার্থীর কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে খাতায় লিখতে বলবেন।*
- লেখা শেষ হলে শিক্ষক খাতা দেখে দেবেন।

- পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: গোধূলি = গোধূলির সময় পাখিরা ঘরে ফিরে যায়। ঘুড়ি, লাল, সাদা, নীল শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং *শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে অন্য বাক্য তৈরি করতে বলবেন।*
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশের ওপর ব্যাখ্যা জিজ্ঞেস করবেন। যেমন- মন মাথায়, মন মাতায়, হালকা বায়-বলতে কি বুঝায়? ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য লেখা শিখেছি।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠা: ৭৭ (২য় স্তবক: ঘুড়িরা উড়িছে হালকা বায়---------------------টালমাটাল।)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.১.২, ২.১.২
বলা : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১,
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।* ***যেমন:***
    - ***ঘুড়িরা উড়ে কোথায় বায়?***
    - ***কী কী রঙের ঘুড়ি ছিল?***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন,আজও আমরা 'ঘুড়ি' কবিতার (ঘুড়িরা উড়িছে হালকা বায়--------------------- টালমাটাল।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- সবাইকে পাঠ্যপুস্তকের ৭৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।*
- শিক্ষক পঠিত অংশটুকুর বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এরপরের জন ৩য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন।
- এরপর কবিতার যে শব্দগুলো শিশুরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। শিশুরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন।

- শব্দগুলো শিশুদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। এই সময় শিক্ষক যেসব শিশু পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন। যেসব শিশু পড়া পড়তে পারে তাদের পড়া শুনবেন।
- শিশুরা শুনে শুনে বিষয়বস্তু বুঝতে পারছে কিনা, শিক্ষক দুই/একটি প্রশ্ন করে জেনে নেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ লেখা শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৭৭ (২য় স্তবক : ঘুড়িরা উড়িছে হালকা বায়------------টালমাটাল।)

### শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
বলা : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২,
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১, ৩.৩.২
লেখা : ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, প্রশ্নের উত্তর লেখা, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।* ***যেমন:***
    - ***আজ শিশুরা কয় ধরনের ঘুড়ি দেখেছে তা জিজ্ঞাসা করবেন।***
    - ***কারো জীবনে ঘুড়ি নিয়ে কোনো ঘটনা থাকলে তা বলতে উৎসাহিত করবেন।***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা 'ঘুড়ি' কবিতার (ঘুড়িরা উড়িছে হালকা বায়------------------ টালমাটাল।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৭৭নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- এরপর কয়েকজন শিশুর কাছ থেকে কবিতার অংশটুকু মুখস্থ শুনবেন এবং সবাইকে কবিতার অংশটুকু না দেখে খাতায় লিখতে বলবেন।
- পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: আকাশ = আকাশ অনেক বড়। ঘুড়ি = আমার ঘুড়ি ওড়াতে ভালো লাগে। শিক্ষার্থীদের আকাশ ও ঘুড়ি শব্দ দুটি দিয়ে অন্য রকম আরও দুটি করে বাক্য লিখতে বলবেন।
- এরপর ২য় স্তবক না দেখে সবাইকে লিখতে বলবেন। লেখা শেষে শিশুরা নিজের লেখা বইয়ের সাথে মিলাবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য লেখা শিখেছি।

**পিরিয়ড-৫**

**পৃষ্ঠা: ৭৭ (৩য় স্তবক: ভারি-----------------------------------কেউ কি তার, ১, ২ নম্বর অনুশীলনী।)**

**শিখনফল**

শোনা : ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
বলা : ১.১.৩, ১.৩ .২, ২.১.৩, ২.২.২
পড়া : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.১.১, ৩.১.২
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, কবিতার নির্দিষ্ট অংশ লেখা, পাঠ শিখির ১ ও ২ নম্বর অনুশীলনী।

## শিখন-শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:*
  - ***আকাশে ঘুড়ি কীভাবে ওড়ে?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বলবেন এবং শিশুদের বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন,আজ আমরা কবিতার (ভারি---- কেউ কি তার।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৭৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।*
- কবিতার নির্ধারিত অংশের মূলভাব আলোচনা করবেন।
- কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতার নির্ধারিত অংশটুকু আবৃত্তি করতে বলবেন।
- এরপর কবিতার যে শব্দগুলো শিশুরা বুঝতে পারে না তা চিহ্নিত করতে বলবেন। শিশুরা চিহ্নিত করতে না পারলে শিক্ষক নিজেই তা বোর্ডে লিখে দেবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: গোধূলি, হোঁচট, চাল ইত্যাদি।
- শব্দগুলো শিশুদের খাতায় লিখে নিতে বলবেন এবং কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। এসময় শিক্ষক যেসব শিশু পাঠে পিছিয়ে আছে তাদের কাছে গিয়ে কবিতার অংশটুকু একবার করে পড়াবেন। যেসব শিশু পড়া পড়তে পারে তাদের পড়া শুনবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৭৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক এরপর ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। এরপর শিক্ষক শব্দের অর্থ ও বাক্য প্রয়োজন অনুযায়ী লিখতে দেবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তক খুলতে বলবেন। এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন।
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ বাক্যাংশ ব্যাখ্যা করবেন। যেমন- ঘুড়ি কেটে পালায়, খবর রেখেছে কেউ কি তার? ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতা থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৬

### পৃষ্ঠা: ৭৭ (৩য় স্তবক: ভারি------------------------কেউ কি তার।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১ ১.১.২, ১.৩.১ ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.১.৩, ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২ , ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, কবিতার নির্দিষ্ট অংশ না দেখে লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক *শিশুদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***আকাশে ঘুড়িতে প্যাঁচ লাগলে কী হয়?***
    - ***চিল ঘুড়িকে কেন নাগাল পায় না?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বলবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৭৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন লিখবেন। শিক্ষার্থীরা খাতায় উত্তর লিখবে।
- শিক্ষক পাঠ্যাংশের বিশেষ বিশেষ শব্দ দিয়ে অ্যাকটিভিটি কার্ড বানিয়ে শ্রেণিকক্ষে কর্নারে রাখবেন এবং কার্ডের নির্দেশনা অনুযায়ী শিশুদের সমাধান করতে বলবেন।
- বোর্ডে ছোট ছোট প্রশ্ন লিখে দেবেন এবং শিশুদের খাতায় উত্তর লিখতে বলবেন।
- শিক্ষক ৩ নম্বর অনুশীলনী বুঝিয়ে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্য লেখা শিখেছি।

## পিরিয়ড-৭

## পৃষ্ঠা: ৭৮,৭৯ (অনুশীলনী ৪, ৫।)

**শিখনফল**

**শোনা** : ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৪.২
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, কবিতার নির্দিষ্ট অংশ লেখা, পাঠ শিখির ৩, ৪ ও ৫ অনুশীলনী।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে কিছু প্রশ্ন করবেন।*
- *শিক্ষক গত ৬ দিনের পাঠ থেকে সংক্ষেপে আলোচনা করবেন এবং পূর্বপাঠের ওপর সংক্ষিপ্ত প্রশ্ন করে তাদের শিখনফল যাচাই করবেন। যেমন- কবিতা ও কবির নাম কী? কবি তাঁর কবিতায় কিসের কথা বলেছেন? ইত্যাদি।*
- যেকোনো একজন শিশুকে ডেকে বোর্ডে কবিতা ও কবির নাম লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তক খুলতে বলবেন।
- এরপর শিশুদের বইয়ের ৭৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। অনুশীলনীর *৪* নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৭৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ৫ নম্বর অনুশীলনী ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি বুঝিয়ে দেবেন। তারা খাতায় লিখবে। শিক্ষক খাতা দেখে দেবেন।
- পরবর্তী ক্লাসে ঘুড়ি বানানোর সরঞ্জাম আনতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড- ৮

## পৃষ্ঠা: ৭৮, ৭৯ (অনুশীলনী ৩ ও ৬।)

**শিখনফল**

**শোনা** : ১.৩.৪, ২.১.২
**বলা** : ১.৩.২, ২.১.৩, ২.২.২
**পড়া** : ১.৪.২
**লেখা** : ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, ঘুড়ি বানানোর উপযোগী কাঠি, কাগজ, সুতা, গাম।

**পাঠের আলোচ্য বিষয়:** পাঠ শিখির ৬ অনুশীলনী, ঘুড়ি বানানো।

**শিখন শেখানো কার্যাবলি**

- *শিশুদের ঘুড়ি কবিতাটি ২ বার পড়তে বলুন।*
- সবাইকে ঘুড়ি কবিতার মূলভাব বা বিষয়বস্তু খাতায় নিজের মতো করে লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৭৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। বোর্ডে ৩ নম্বর অনুশীলনী বুঝিয়ে দেবেন শব্দগুলোর অর্থ বুঝিয়ে দেবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৭৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। বোর্ডে ৬ নম্বর অনুশীলনী বুঝিয়ে দেবেন এবং খাতায় লিখতে বলবেন।
- যাদের লেখা শেষ হয়ে যাবে তাদের খাতা দেখে যাচাই করবেন এবং প্রয়োজনে শুদ্ধ করে দেবেন।
- এবার শিশুদের নিয়ে শিক্ষক ঘুড়ি বানাবেন। ঘুড়ি বানানো শেষ হলে পুনরায় শিক্ষক ঘুড়ি বানানোর বিষয়টি মুখে মুখে বলবেন। শিশুদের বাড়িতে ঘুড়ি কীভাবে বানাতে হয় লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড- ৯
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. ছবিটি দেখে দুটি বাক্য লিখি :



২. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি :

| |
|---|
| আকাশে ভাসা দল বাধ্যবাধকতা ধরাছোঁয়া |

দায় ................................................................................................
উড়ছে ................................................................................................
বাকি ................................................................................................
নাগাল ................................................................................................

৩. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি :

| |
|---|
| টাল হালকা মাথায় নীল |

ক. ঘুড়িরা উড়িছে বন .................................. ।
খ. উঠিছে নামিছে .................................. মাটাল ।
গ. ঘুড়িরা উড়িছে .................................. বায় ।
ঘ. লাল সাদা আর .................................. কালোয় ।

৪. ঘুড়ি কবিতাটি পড়ে তোমার কেন ভালো লেগেছে? তিনটি বাক্যে লিখ ।

৫. পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন ।

৬. শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন ।

# স্টিমারের সিটি

বার্ষিক পরীক্ষা শেষ। অনেক দিন স্কুল ছুটি। মা-বাবা এই ছুটিতে ঢাকার বাইরে কোথাও বেড়ানোর কথা বললেন। আমরা আনন্দে নেচে উঠলাম। ঠিক হলো, আমরা নদীপথে চাঁদপুরে যাব। নদীপথে ভ্রমণের নতুন অভিজ্ঞতা লাভ করব। বাবা জানালেন, আমাদের ভ্রমণ হবে রকেট স্টিমারে। এটিও আমাদের সকলের জন্য খুবই খুশির খবর। অনেকের কাছে গল্প শুনেছি, রকেট স্টিমারে চড়ার মজাই আলাদা।

শীতের সকাল। আটটার মধ্যে আমরা পৌঁছে গেলাম ঢাকার সদরঘাটে। মা–বাবার সঙ্গে আমার ছোট ভাই তনু ও ছোট বোন নিনা। সাড়ে আটটায় ছাড়বে স্টিমার। স্টিমার ছাড়ার আগেই আমরা নিচতলা ও দোতলায় ডেকে ঘুরে বেড়ালাম।

এর মধ্যে হঠাৎ ভোঁ করে স্টিমারের সিটি বাজল। স্টিমার ছাড়ার সময় হলো। স্টিমারের দুই পাশে চাকা। চাকার অর্ধেকটা পানির মধ্যে, বাকিটা ওপরে। দুটি চাকা ঘুরে স্টিমারকে সচল করে তুলল। এটি দেখার মতো একটি দৃশ্য।




স্টিমার ক্রমশ সদরঘাট পেরিয়ে এগিয়ে চলছে। দেখলাম বুড়িগঙ্গা নদীর ওপর ব্রিজ। তার নিচ দিয়ে আমাদের স্টিমার যাচ্ছে। সেও এক সুন্দর দৃশ্য।

যেতে যেতে বুড়িগঙ্গার দুই পাড়ের দৃশ্য দেখছি আমরা। তারপর একসময় স্টিমার এলো মুন্সিগঞ্জে। দেখা গেল ধলেশ্বরী নদীর মোহনা। তারপর আরও একটু এগিয়ে দেখা গেল নারায়ণগঞ্জ। পৌঁছে গেলাম শীতলক্ষ্যা নদীর মোহনায়। স্টিমার একসময় মেঘনা নদীতে পড়ল। দুই তীরের দৃশ্যে আমাদের চোখ জুড়িয়ে গেল। একদিকে শ্যামল শস্যের বিস্তীর্ণ মাঠ, আরেক দিকে দূরে গাছপালায় ঘেরা গ্রাম। মাঝখানে নদীর বিপুল জলধারা।

স্টিমার যতই এগোচ্ছে নদী ততই প্রশস্ত হচ্ছে। নদীর পানির ওপরে সাদা গাঙচিল উড়ে বেড়াচ্ছে। তারা কখনো ঝাঁক বেঁধে স্টিমারের পিছনে পিছনে উড়ে চলেছে। নদীতে দেখা গেল এক ধরনের প্রাণী। পানির ওপর একটু উঠেই আবার ডুবে যাচ্ছে। বাবা বললেন, এগুলোর নাম শুশুক।

নদীতে চলাচল করছে নানা আকারের নৌকা ও লঞ্চ। নৌকায় করে জেলেরা মাছ ধরছে। লঞ্চে চড়েছে যাত্রীরা। তরতর করে এগিয়ে চলে স্টিমার।



তনু বাইনোকুলার দিয়ে নদী ও নদীতীরের দৃশ্য দেখছে। আর নিনা ক্যামেরা দিয়ে ছবি তুলছে। স্টিমার থেকে তীরের ঘরবাড়িগুলো খালি চোখেই দেখা যাচ্ছে। দেখা যাচ্ছে নদীর ঘাটে মানুষ গোসল করছে। কোথাও মহিলারা কাপড় ধুচ্ছে। কোনো ঘাটে আবার যাত্রীবাহী নৌকা ভেড়ানো। যাত্রীরা তাতে ওঠানামা করছে।

আমি, তনু ও নিনা একসময় উঠে গেলাম স্টিমারের ছাদে। ছাদে রয়েছে কাপ্তানের একটি ছোট ঘর। সেখান থেকেই তিনি স্টিমারের সিটি বাজাচ্ছেন।

মেঘনা নদী যেখানে পদ্মার সঙ্গে মিশেছে সেখানে একসময় এসে গেল স্টিমার। সেখানে এক তীর থেকে আরেক তীর আর দেখা যায় না। শুধু পানি আর পানি। এর কাছেই চাঁদপুর। স্টিমার চলে এলো চাঁদপুরের কাছে। চাঁদপুর ইলিশ মাছ ও নদীবন্দরের জন্য বিখ্যাত। মেঘনা নদী থেকে স্টিমার ঢুকবে একটি ছোট নদীতে। নদীটির নাম ডাকাতিয়া। নদীতে খুবই স্রোত। স্টিমারের গতি কমে গেল। আবার বেজে উঠল স্টিমারের সিটি। ধীরে ধীরে ঘাটে এসে ভিড়ল স্টিমার। এর মধ্যে শুরু হলো লাল জামা পরা কুলিদের হইচই। এবার আমাদের নামার পালা। শেষ হলো আমাদের আনন্দ ভ্রমণ।



## অনুশীলনী

### ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

বার্ষিক ভ্রমণ অভিজ্ঞতা প্রশস্ত শ্যামল শস্য কাপ্তান

### ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| অভিজ্ঞতা | ভ্রমণে | প্রশস্ত | কাপ্তানের | শ্যামল | শস্য |
|---|---|---|---|---|---|

ক. নতুন নতুন জায়গা দেখলে ..................................... হয়।

খ. ................................আনন্দ হয়।

গ. বাংলার প্রকৃতির রূপ ................................ ।

ঘ. মাঠে ............................... ফলে।

ঙ. ছাদে রয়েছে ................................. একটি ছোট ঘর।

চ. মেঘনা নদী অনেক ............................... ।

### ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | |
|---|---|---|---|---|
| বার্ষিক | র্ষ | ̷ | ষ | বর্ষ, হর্ষ |
| অভিজ্ঞতা | জ্ঞ | জ | ঞ | বিজ্ঞ, বিজ্ঞান |
| স্টিমার | স্ট | স | ট | পোস্টার, ডাস্টার |
| কাপ্তান | প্ত | প | ত | সপ্ত, দীপ্ত |

## ৪. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. নদীপথে কোথায় যাওয়া ঠিক হলো?

১. বরিশাল ২. খুলনা

৩. চাঁদপুর ৪. মুন্সিগঞ্জ

খ. তনু সাথে করে কী নিয়ে এসেছিল?

১. বই ২. ক্যামেরা

৩. খাবার ৪. বাইনোকুলার

গ. হঠাৎ করে পানির ভিতর থেকে কী লাফ দিল?

১. শুশুক ২. মাছ

৩. কুমির ৪. ইলিশ মাছ

ঘ. পদ্মা এবং মেঘনা যেখানে মিশেছে সেখানে দেখা যায় না–

১. পানি ২. নৌকা

৩. তীর ৪. লঞ্চ

## ৫. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. চাঁদপুর কিসের জন্য বিখ্যাত?

খ. তনু ও নিনা নদীতীরে কী দেখেছিল?

গ. মেঘনা ও পদ্মার সংযোগস্থল দেখতে কেমন?

ঘ. স্টিমারের পিছনে ঝাঁক বেঁধে ওড়ে কোন পাখি?

ঙ. স্টিমারের সিটি বাজে কেমন করে?

## ৬. নদীপাড়ের দৃশ্য সম্পর্কে তিনটি বাক্য লিখি।

## ৭. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

ক. স্টিমারের সিটিটা হঠাৎ ........................ করে বেজে উঠল।
খ. নদীপথে ভ্রমণের নতুন .................................. লাভ করব।
গ. ...................... মধ্যে আমরা পৌঁছে গেলাম ঢাকার সদরঘাটে।
ঘ. নদীর পানির ওপরে সাদা ........................... উড়ে বেড়াচ্ছে।
ঙ. চাঁদপুর ................................ ও নদীবন্দরের জন্য বিখ্যাত।

| |
|---|
| ইলিশ মাছ |
| আটটার |
| গাঙচিল |
| ভোঁ |
| অভিজ্ঞতা |

## ৮. জোড় লাগানো শব্দগুলো আলাদা করে পড়ি ও লিখি।

| | | |
|---|---|---|
| নদীপথ | নদী | পথ |
| নীচতলা | ................... | ................... |
| জলধারা | ................... | ................... |
| ঘরবাড়ি | ................... | ................... |
| ছেলেমেয়ে | ................... | ................... |
| নদীবন্দর | ................... | ................... |

## ৯. দুটি বাক্য জুড়ে একটি বাক্য তৈরি করি ও লিখি।

ক. আমরা ডিম পরোটা খেলাম।
খ. আমরা চা খেলাম।

আমরা ডিম, পরোটা ও চা খেলাম।

ক. চাঁদপুর ইলিশ মাছের জন্য বিখ্যাত।
খ. চাঁদপুর নদীবন্দরের জন্য বিখ্যাত।

..........................................

ক. নদীর ঘাটে ছেলেমেয়েরা সাঁতার কাটছে।
খ. নদীর ঘাটে মহিলারা কাপড় ধুচ্ছে।

..........................................

# স্টিমারের সিটি

## পৃষ্ঠা ( ৮০-৮৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| শোনা | শোনা |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| | ১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে। |
| | ২.২.৩ গল্পের মূল বিষয় বুঝতে পারবে। |
| ৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| বলা | বলা |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| | ১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.১ অনুরোধ করতে পারবে। |
| | ১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | ২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে। |
| | ২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে। |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | ২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| ৩.১ শ্রেণিকক্ষে নিজের ও সহপাঠীদের পরিচয় নিতে পারবে। | ৩.১.২ সহপাঠীদের পরিচয় নিতে পারবে। |
| ৩.২ বিনয়ের সঙ্গে সম্বোধন করে অনুমতি চাইতে ও কথা বলতে পারবে। | ৩.২.১ বিনয়ের সঙ্গে সম্বোধন করবে। |
| | ৩.২.২ বিনয়ের সঙ্গে অনুমতি চাইবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে। | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| পড়া | পড়া |
|---|---|
| ১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। | ১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |
| ২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | ২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৫ পাঠ ও পাঠ-বহির্ভূত পাঠসামগ্রী পড়ে মূলভাব বুঝতে পারবে। |
| ৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| **লেখা** | **লেখা** |
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ করতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জন সহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | ৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |

**পাঠ বিভাজন:** পিরিয়ড ১৩

## পিরিয়ড-১

### পৃষ্ঠা: ৮০ (বার্ষিক পরীক্ষা---------------------------------ঘুরে বেড়ালাম।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ২.৩.৪,২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি, যুক্তবর্ণ ভেঙে দেখানো ও তৈরি শব্দের তালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত ভেঙে পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ, প্রশ্ন তৈরি করা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***শিশুরা স্টিমার চেনে কিনা জিজ্ঞাসা করবেন।***
    - ***তারা স্টিমারে করে কোথায় গিয়েছে জিজ্ঞেস করবেন।***
    - ***শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছে জিজ্ঞেস করবেন।***
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
    - **নদীপথ নামটি আমাদের মাথায় এলে প্রথমে আমাদের কী মনে আসে? তোমরা কি কখনো নদীপথে কোথাও ভ্রমণ করেছ? পানি দেখতে কেমন লাগে? তোমারা কি কেউ সাঁতার কাটতে পারো? তোমাদের মধ্যে কেউ কী আমদের সাথে তার অভিজ্ঞতার কথা বলতে চায়? তাই আমরা আজকে নদীপথে ভ্রমণের একটি গল্প পড়ব।**
- শিক্ষক বিভিন্ন ধরনের নদীপথের ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন। *সেখানে শিশুরা কী কী ছবি দেখতে পাচ্ছে তা জানতে চাইবেন। শিশুরা ছবি দেখে স্টিমার বা নদীর যানের নাম বলতে পারছে কিনা তা যাচাই করবেন। তাদের প্রশংসা করবেন এবং নামটি বোর্ডে লিখবেন।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের গল্পেটির নির্ধারিত অংশ (বার্ষিক পরীক্ষা------------------------ঘুরে বেড়ালাম।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন।
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল দিতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন লিখবেন। শিক্ষার্থীরা খাতায় উত্তর লিখবে।
  পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: ভ্রমণ, অভিজ্ঞতা শিক্ষার্থীদের
- খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-২

## পৃষ্ঠা: ৮০ (বার্ষিক পরীক্ষা------------------------ঘুরে বেড়ালাম )

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট পোস্টারে স্টিমারের ছবি ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ***ওরা আনন্দে কেন নেচে উঠল?***
  - ***ওরা কিসে করে ভ্রমণ করবে?***
  - ***এটা ওদের জন্য কেমন খবর ছিল?***
  - ***স্টিমার কখন ছাড়বে?***
  - ***ওরা কোথায় কোথায় ঘুরে বেড়ালো?***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির ('বার্ষিক পরীক্ষা ---------------------ঘুরে বেড়ালাম'।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং জোড়ায় কী করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু ২ লাইন পড়বে অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের পড়তে সহায়তা করবেন এবং দলে পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি শব্দটি দিয়ে বাক্য তৈরি করবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন। *শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও খাতায় লিখে নিতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন। যেমন: বিজ্ঞ।*
- এবার পোস্টারের ছবি দেখে শিশুদের ৫/৬টি অর্থপূর্ণ বাক্য লিখতে দেবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য শিখেছি।

## পিরিয়ড -৩

## পৃষ্ঠা: ৮০ (এর মধ্যে------------------- নদীর মোহনায়)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২**

**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১**

**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪**

**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠ সংশিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - **ওরা সদরঘাটে কখন পৌঁছে গেল?**
  - **স্টিমার ছাড়বে কোন সময়?**
  - **সাথে কে কে ছিল?**
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (এর মধ্যে ------------------- নদীর মোহনায়।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথা নিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- দলে শিশুরা কী প্রশ্ন তৈরি করেছে তা প্রতিটি দলকে জিজ্ঞেস করবেন এবং প্রশ্নপত্রটি শিক্ষক নিজের কাছে রাখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৪

### পৃষ্ঠাঃ ৮০ (এর মধ্যে------------------------------- নদীর মোহনায়।)

**শিখনফল**

শোনা :১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

বলা : ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১

পড়া : ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

লেখা :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, সম্ভাব্য ক্ষেত্রে নদীচিহ্নিত বাংলাদেশের মানচিত্র।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - **ওরা কী কী নদী দেখতে গেল তা জিজ্ঞাসা করবেন।**
    - **ওরা কোন নদীর মোহনায় পৌঁছে গেল?**
    - **কারো জীবনে নদী নিয়ে কোনো ঘটনা থাকলে তা বলতে উৎসাহিত করবেন।**
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (এর মধ্যে.........নদীর মোহনায়।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শব্দের অর্থ আলোচনা করবেন যেমন- মোহনা, শ্যামল, শস্য।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৫

### পৃষ্ঠাঃ ৮১ (স্টিমার এক সময়--------------------চলে স্টিমার।)

**শিখনফল**

শোনা :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৪.৩, ২.৫.২, ৩.২.২, ৪.১.১

পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ৩.১.১, ৩.২.১

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট ইত্যাদি।

পাঠের আলোচ্য বিষয়: পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***শিশুদের জিজ্ঞাসা করবেন, স্টিমারে সিটি কীভাবে বেজে উঠল?***
    - ***স্টিমারের চাকাগুলো কোথায় ছিল? জিজ্ঞেস করবেন।***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (স্টিমার একসময় --------------------------- চলে স্টিমার) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: শ্যামল, শস্য, প্রশস্ত শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন। খাতা দেখে দেবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৬

## পৃষ্ঠা: ৮১ (স্টিমার একসময়----------------------চলে স্টিমার)

শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ২.৩.৪, ২.৩.৬

উপকরণ: পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট ইত্যাদি।

পাঠের আলোচ্য বিষয়: পড়া, যুক্তবর্ণ ভেঙে পড়া, প্রশ্ন তৈরি করা।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***পানির ওপরে সাদা কী উড়ে বেড়াচ্ছিল?***
    - ***নদীতে কী ডুব দিচ্ছিল?***
    - ***শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছে জিজ্ঞেস করবেন।***

- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (স্টিমার একসময় ---------------------- চলে স্টিমার।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- কয়েকজন শিশুকে (যাদের এর আগে জিজ্ঞেস করা হয়েছে তাদের বাদে নতুন কয়েকজনকে প্রশ্ন করবেন) পাঠের বিষয়বস্তু জিজ্ঞেস করবেন এবং বলতে উৎসাহিত করবেন।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্তবর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। *পাশাপাশি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৭

পৃষ্ঠা: ৮২ (তনু ---------------------------------সিটি বাজাচ্ছেন।)

### শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১
পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ৩.৩.১
লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চাট থেকে যুক্তবণযুক্ত পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***নদীর ওপর কী উড়ে বেড়াচ্ছিল?***
    - ***নদীতে কী কী ছিল?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (তনু ---------------------------------সিটি বাজাচ্ছেন।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: কাপ্তান প্ত = প + ত ইত্যাদি।
- দলে শিশুরা কী প্রশ্ন তৈরি করেছে তা প্রতিটি দলকে জিজ্ঞেস করবেন এবং প্রশ্নপত্রটি শিক্ষক নিজের কাছে রাখবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৮

### পৃষ্ঠা: ৮২ (তনু --------------------------------সিটি বাজাচ্ছেন।)

শিখনফল

শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১

পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫

লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ৩.১.১

উপকরণ: পাঠ্যপুস্তক, পোস্টারে একটি ভ্রমণের ছবি ইত্যাদি।

পাঠের আলোচ্য বিষয়: পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব*জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***জিজ্ঞাসা করবেন, তনু কী দিয়ে নদীর দৃশ্য দেখছিল?***
    - ***নিনা ক্যামেরা দিয়ে কিসের ছবি তুলছিল?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (তনু -------------------------------- সিটি বাজাচ্ছেন।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- পোস্টারের ছবির বর্ণনা লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৯

## পৃষ্ঠা: ৮২ (মেঘনা------------------------- ভ্রমণ ।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১
**লেখা** : ১.৪.১, ১.৪.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্ন তৈরি ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । গত দিনের পাঠ থেকে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করবেন ।
    - ***ছাদে কার ঘর রয়েছে?***
    - ***সেখান থেকে কী বাজাচ্ছেন?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন । শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (মেঘনা------------------------- ভ্রমণ ।) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে ।
- শিক্ষক কয়েকজন শিশুকে সামনে ডেকে তাদের হাতে একটি করে নদীর বা নদীর যানের ছবি দেবেন । শিশুদের ছবিটি এমনভাবে রাখতে বলবেন, যাতে অন্য শিশুরা দেখতে না পায় । *কী কী নদীর বা নদীর যানের ছবি দেখতে পাচ্ছে তা জানতে চাইবেন । শিশুদের মধ্যে কেউ যে নদীর বা নদীর যানের ছবি পেয়েছে তার সম্পর্কে বলবে, অন্যরা শুনবে এবং বলতে হবে নদীর বা নদীর যানের নাম কী ।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন । আজ মাছরাঙা পাখি নিয়ে আলোচনা করবেন তা বলবেন ।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন । দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন । যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে । শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন । শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন । পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে । এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি ।

## পিরিয়ড-১০

### পৃষ্ঠা: ৮২ (মেঘনা ------------------- ভ্রমণ।)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২**

**বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২**

**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪**

**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১**

**উপকরণ:** পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্ব *জ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***নদীর ঘাটে মানুষ কী করছিল?***
    - ***তনু, নিনা কোথায় উঠল?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'স্টিমারের সিটি' গল্পটির (মেঘনা ------------------- ভ্রমণ।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- কয়েকজন শিশুকে (যাদের এর আগে জিজ্ঞেস করা হয়েছে তাদের বাদে নতুন কয়েকজনকে প্রশ্ন করবেন ) পাঠের বিষয়বস্তু জিজ্ঞেস করবেন এবং বলতে উৎসাহিত করবেন।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও *শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-১১

### পৃষ্ঠা: ৮৩ (পুনরালোচনা এবং অনুশীলনী ১, ২, ৩, ৪।)

**শিখনফল**

**শোনা :১.২.১, ১.৩.৪**

**বলা :১.৩.২**

**পড়া :১.৪.২**

**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬**

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** অনুশীলনী, পুনারোলোচনা। |

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *- এ পাঠ থেকে শেখা ইংরেজি শব্দগুলো খুঁজে বের করে লেখ।*
- এভাবে প্রত্যেক শিশুই তার পাওয়া নদীর বা নদীর যানের বর্ণনা দেবে এবং অন্য শিশুরা বর্ণনা শুনে বলবে নদীর যানের নাম কী। *শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- সব নদীর বা নদীর যানের নাম বলা হলে ধন্যবাদ দিয়ে বসতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৮৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদেরকে মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. নতুন নতুন জায়গা দেখলে........... হয়। খালি জায়গায় কোন সঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- অনুশীলনী ৩ নম্বর প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- ৩ নম্বর অনুশীলনীর 'যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে অভিজ্ঞতা, স্টিমার যুক্তবর্ণযুক্ত শব্দ দুটি লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক তাঁর প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন।
- শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৮৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: ক. নদীপথে কোথায় যাওয়া ঠিক হলো?
  ১. বরিশাল  ২. খুলনা
  ৩. চাঁদপুর  ৪. মুন্সিগঞ্জ
- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন এবং শিশুরা তার উত্তর বলবে।
- শিক্ষক এভাবে ৪ নম্বর অনুশীলনীর ক-ঘ প্রশ্নগুলো করাবেন।
- যেসব শিশুর কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের বই থেকে পড়তে উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-১২
## পৃষ্ঠা: ৮৩ (পুনরালোচনা এবং অনুশীলনী ৫, ৬, ৭, ৮ ও ৯।)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ১.৩.৪

**বলা** :১.৩.২

**পড়া** :১.৪.২

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** অনুশীলনী। |

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সংখ্যা অনুযায়ী দশটি দলে ভাগ করবেন। *প্রতিটি দলে একটি করে যানের ছবি দেবেন। ছবিটি কোন যানের তা চিহ্নিত করে দলের মধ্যে আলোচনা করতে বলবেন। এখানে ২-৩ মিনিট সময় দেবেন।*
- এই গল্পে তাদের কী সবচেয়ে ভালো লেগেছে? আরও কী থাকলে ভালো হতো? গল্পের শেষ এ রকম না হয়ে অন্য কীরকম হতে পারত? সব যানের নাম বলা হলে ধন্যবাদ দিয়ে বসতে বলবেন।
- সব নদীর বা নদীর যানের নাম বলা হলে ধন্যবাদ দিয়ে বসতে বলবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৮৪ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৫ নম্বর অনুশীলনীর (ক-ঙ) পর্যন্ত প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের বইয়ের ৮৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৬ নম্বর বের করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের লিখতে সহায়তা করবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৮৪ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৭ নম্বর অনুশীলনীর (ক-ঙ) পর্যন্ত প্রশ্নগুলোর উত্তর ডান দিক ঠিক শব্দটি বেছে খালি জায়গায় লিখতে বলবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৮৪ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৮ নম্বর অনুশীলনীর জোড়া লাগানো শব্দগুলো লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ৩/২ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৮৪ নম্বর পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। ৯ নম্বর অনুশীলনীর দুটি বাক্য জোড়া দিয়ে একটা বাক্য তৈরি করে লিখতে বলবেন। শিক্ষক প্রথমে প্রশ্নগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন। অপারগ শিশুদের সহায়তা করবেন।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্প থেকে অনুশীলনীর প্রশ্নগুলোর উত্তর বলা ও লেখা শিখেছি।

# পিরিয়ড-১৩

## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. নিচের ঘর থেকে সঠিক অর্থ নিয়ে শব্দের পাশে লিখি :

| |
|---|
| অবশিষ্ট দল সংবাদ ভ্রমণকারী |

খবর ......................................................................................................

যাত্রী ......................................................................................................

বাকি ......................................................................................................

ঝাঁক ......................................................................................................

২. বিপরীত শব্দ দাগ টেনে মিলাই :

| | |
|---|---|
| আনন্দ | পিছিয়ে |
| বাইরে | দুঃখ |
| শহর | গ্রাম |
| এগিয়ে | ভিতরে |

৩. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ তৈরি করে বাক্য লিখি :

| | |
|---|---|
| স্ট | ন্দ |

৪. তুমি যদি স্টিমারে ভ্রমণ করতে তাহলে কী কী করতে? তিনটি বাক্যে লেখ ।

৫. পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন ।

৬. শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন ।

# পাল্লা দেওয়ার খবর

ক্লাসে পড়াচ্ছিলেন সাহানা আপা। এমন সময় একটি বিজ্ঞপ্তি এলো। আপা বললেন, একটা পাল্লা দেওয়ার খবর আছে। আপা খবরটি পড়লেন।

**নীলগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়**
**বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা**

আগামী পঁচিশ তারিখে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা হবে। দুটি বিভাগে ছাত্রছাত্রীরা নাম দিতে পারবে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির ছাত্রছাত্রীরা 'ক' বিভাগে নাম দিবে। আর চতুর্থ ও পঞ্চম শ্রেণির ছাত্রছাত্রীরা 'খ' বিভাগে নাম দিবে।

খেলার বিষয়:

১. ৫০ মিটার দৌড়
২. ১০০ মিটার দৌড়
৩. বিস্কুট দৌড়
৪. মারবেল দৌড়
৫. বস্তা দৌড়
৬. মোরগ লড়াই
৭. অঙ্ক দৌড়
৮. মনে রাখার খেলা

নিয়ম: ১. প্রত্যেকে সর্বমোট তিনটি খেলায় অংশগ্রহণ করতে পারবে।
২. যে কেউ 'যেমন খুশি তেমন সাজো' বিষয়ে অংশ নিতে পারবে।

সকল শ্রেণিতে ছক দেওয়া হলো। তাতে প্রতিযোগিতার নাম, বিভাগ, শ্রেণি, রোল, খেলার নাম লিখে ছক পূরণ করবে। আগামী তেইশ তারিখের মধ্যে শ্রেণি শিক্ষকের কাছে ছক জমা দিতে হবে।

মাকসুদা বেগম
প্রধান শিক্ষক
নীলগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়

ঘোষণা শোনার পর শানু ও কবির হাত তুলল। আপা জিজ্ঞাসা করলেন, কী হলো? একজন বলো। শানু বলল, কীভাবে ছক পূরণ করব আপা?



আপা বললেন, ঘোষণাটি আমি বিজ্ঞাপন বোর্ডে লাগিয়ে দিচ্ছি। আর আমি একটা ছক আমার নামে বোর্ডে পূরণ করে দেখিয়ে দিই। তোমরা সেটা অনুসরণ করো।

**খেলায় নাম দেওয়ার ছক**

নাম: সাহানা হক

শ্রেণি: তৃতীয় রোল নম্বর: ৩ বিভাগ: ক

যে খেলা খেলতে ইচ্ছুক তার নাম:

১. ৫০ মিটার দৌড়
২. মোরগ লড়াই
৩. মনে রাখার খেলা
৪. যেমন খুশি তেমন সাজো

**১. ঘোষণা পড়ে নিজে নিজে ছকটি পূরণ করি।**

নামঃ

শ্রেণিঃ রোল নম্বরঃ বিভাগঃ

যে খেলা খেলতে ইচ্ছুক তার নামঃ

১.
২.
৩.
৪.

**২. খেলায় অংশগ্রহণ সম্পর্কে তিনটি বাক্য লিখি।**



.................................................................................................

.................................................................................................

.................................................................................................

## ৩. ক্রমবাচক শব্দগুলো পড়ি ও লিখি।

প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ পঞ্চম ষষ্ঠ

সপ্তম অষ্টম নবম দশম

## ৪. ক্রমবাচক শব্দ দিয়ে বাক্য তৈরি করে বলি ও লিখি।

প্রথম – শিমুল মোরগ লড়াই খেলাতে প্রথম হয়েছে।

দ্বিতীয় – ..............................................................................

তৃতীয় – ..............................................................................

চতুর্থ – ..............................................................................

পঞ্চম – ..............................................................................

ষষ্ঠ – ..............................................................................

সপ্তম – ..............................................................................

অষ্টম – ..............................................................................

## ৫. ক্রমবাচক শব্দ লিখে নিচের ছকটি পূরণ করি।

নিচে আমার বন্ধুদের নাম এবং তাদের ফলাফল ধারাবাহিকভাবে সাজিয়ে লিখি:

| ফলাফল | বন্ধুদের নাম |
|---|---|
| প্রথম | |
| | |
| | |
| | |
| | |

## পাল্লা দেওয়ার খবর
### পৃষ্ঠা (৮৬ - ৮৯)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে।<br>২.২.৩ গল্পের মূল বিষয় বুঝতে পারবে। |
| ৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| ৩.৫ প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক শব্দ শুনে বুঝতে পারবে। | ৩.৫.১ প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক শব্দ শুনে বুঝতে পারবে। |
| **বলা** | **বলা** |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.১ অনুরোধ করতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | ২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে।<br>২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | ২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| ২.৮ প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক শব্দ শুদ্ধভাবে বলতে পারবে। | ২.৮.১ প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক শব্দ বলতে পারবে। |
| ৩.১ শ্রেণিকক্ষে নিজের ও সহপাঠীদের পরিচয় নিতে পারবে। | ৩.১.২ সহপাঠীদের পরিচয় নিতে পারবে। |
| ৩.২ বিনয়ের সঙ্গে সম্বোধন করে অনুমতি চাইতে ও কথা বলতে পারবে। | ৩.২.১ বিনয়ের সঙ্গে সম্বোধন করবে।<br>৩.২.২ বিনয়ের সঙ্গে অনুমতি চাইবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে। | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| পড়া | পড়া |
|---|---|
| ১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। | ১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৪ পাঠ্যপুস্তকের ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |
| ২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | ২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৫ পাঠ ও পাঠ-বহির্ভূত পাঠসামগ্রী পড়ে মূলভাব বুঝতে পারবে। |
| ২.৮ পাঠে ব্যবহৃত প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক শব্দ পড়তে পারবে। | ২.৮.১ পাঠে ব্যবহৃত প্রথম থেকে পঞ্চম পর্যন্ত ক্রমবাচক শব্দ পড়তে পারবে। |
| ৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| **লেখা** | **লেখা** |
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ ককরতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন শব্দ লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ১.৭ প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক শব্দ কথায় লিখতে পারবে। | ১.৭.১ প্রথম থেকে দশম পর্যন্ত ক্রমবাচক শব্দ কথায় লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.৪ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | ৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |
| ৪.৩ সহজ ফরম পূরণ করতে পারবে। | ৪.৩.১ সহজ ফরম পূরণ করতে পারবে। |

## পাঠ বিভাজন: পিরিয়ড ৭

## পিরিয়ড-১
## পৃষ্ঠা: ৮৬ (ক্লাসে----------------প্রাথমিক বিদ্যালয়।)

শিখনফল

**শোনা** :১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ৩.১.২, ৩.৫.১

**বলা** :১.৩.১, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ২.৮.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১

**পড়া** :১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ২.৮.১

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৭.১, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক, প্রধান শিক্ষকের প্রেরিত যেকোনো বিজ্ঞপ্তির অনুলিপি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে লেখা, প্রশ্ন তৈরি করা।

## শিখন-শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - *শিশুরা পাল্লা কী জানে কিনা, জিজ্ঞাসা করবেন?*
  - *পাল্লা চেনে, এমন কয়েকজনের কাছে নাম জিজ্ঞেস করবেন।*
  - *শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছ থেকে নাম জিজ্ঞেস করবেন।*
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন−
  - পাল্লা দেওয়ার খবর কখনো শুনেছ? তোমরা কখনো কোনো পাল্লায় অংশগ্রহণ করেছ? কেমন লাগে অংশগ্রহণ করার পর? তোমাদের কি কোনো অভিজ্ঞতা আছে? এ রকম নানা কাহিনী নিয়ে আজ আমরা পাল্লা দেওয়ার কথা শুনব ।
- শিক্ষক বিভিন্ন ধরনের বিজ্ঞপ্তির ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন। *সেখানে শিশুরা কিসের ছবি দেখতে পাচ্ছে তা জানতে চাইবেন। শিশুরা ছবি দেখে চিনে নাম বলতে পারছে কিনা, তা যাচাই করবেন। তাদের প্রশংসা করবেন।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাল্লা দেওয়ার খবর' গল্পেটির নির্ধারিত অংশ (ক্লাসে--------- ---------------------প্রাথমিক বিদ্যালয়।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শুরুতেই কিসের ছবি রয়েছে তা জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এ সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন।যেমন: পাল্লা − ল্ল = ল + ল ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও লেখাবেন।*

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি করেছি শিখেছি।

## পিরিয়ড-২

### পৃষ্ঠা: ৮৬ (ক্লাসে------------------------প্রাথমিক বিদ্যালয়।)

**শিখনফল**

শোনা :৩.১.২, ৩.৫.১

বলা :২.৫.২, ২.৮.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২ ৪.১.১

পড়া :২.৮.১, ৩.৩.১

লেখা :৩.২.১, ৪.৩.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সূচিপত্র।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, অনুশীলন ক্লাস।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ***শিশুরা বিজ্ঞপ্তি পড়ে কী কী শিখেছে তা জিজ্ঞাসা করবেন।***
  - ***শিক্ষক নির্দিষ্ট পাঠটি বিজ্ঞপ্তি পড়ার ঢঙে দুই বার পড়বেন।***
  - ***ক্রমবাচক শব্দের প্রথম পাঁচটি মুখে মুখে বলবেন।***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘পাল্লা দেওয়ার খবর’ গল্পটির অংশ (ক্লাসে------------------------প্রাথমিক বিদ্যালয়।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং জোড়ায় কী করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু ২ লাইন পড়বে অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের পড়তে সহায়তা করবেন এবং দলে পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- সূচিপত্রের নিয়ম অনুযায়ী সবকিছু শিশুরা করতে পারছে কিনা, শিক্ষক দেখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং প্রশ্ন তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-৩

### পৃষ্ঠা: ৮৭ (ঘোষণা-------------------তেমন সাজো।)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২, ৩.৫.১**

**বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৪.৩, ২.৫.২, ২.৮.১**

**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ২.৮.১**

**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৭.১, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, প্রথম থকে দশম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা কথায় লেখা তালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা।

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - ***খেলার বিষয়গুলো কীভাবে লেখা ছিল? জিজ্ঞাসা করবেন।***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'পাল্লা দেওয়ার খবর' গল্পটির (ঘোষণা -------------------তেমন সাজো।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৪

### পৃষ্ঠা: ৮৭ (ঘোষণা--------------------------------তেমন সাজো।)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২, ৩.৫.১**

**বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ২.৮.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১**

**পড়া :২.৫.৩, ২.৫.৪, ২.৮.১**

**লেখা :৩.১.১, ৩.২.১**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, প্রথম থকে দশম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা কথায় লেখা তালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, ফরম পূরণ।

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ***শিশুদের প্রথম থকে দশম পর্যন্ত ক্রমবাচক সংখ্যার তালিকা কতটুকু মনে রেখেছে, তা জিজ্ঞাসা করবেন।***
  - ***বইয়ের ছকে লেখা খেলার নামগুলো কী কী?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘পাল্লা দেওয়ার খবর’ গল্পটির (ঘোষণা -------------------তেমন সাজো।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৮৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিক্ষক শিশুদের ৫টি প্রশ্ন (ফরম পূরণের) লিখতে দেবেন। লেখা শেষে খাতা দেখে দেবেন।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৮৮ (পুনরালোচনা এবং অনুশীলনী ১, ২,৩।)

শিখনফল

**শোনা** :১.৩.১, ১.৩.২
**বলা** :২.৮.১
**পড়া** :২.৫.৩, ২.৫.৪
**লেখা** :৩.২.১, ৪.৩.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, প্রথম থকে দশম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা কথায় লেখা তালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, অনুশীলনী ১, ২ ও ৩ নম্বর প্রশ্ন।

## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*

- ***শিক্ষক ক্রমবাচক সংখ্যার চার্টটি টাঙাবেন এবং স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়বেন এবং জিজ্ঞেস করবেন। ছক পূরণ করতে হলে শ্রেণি, বিভাগের নাম, রোল নম্বর- এ চারটির কোনটি আগে কোনটি পরে গুছিয়ে লিখতে বলবেন।***

সব ক্রমবাচক সংখ্যার নাম বলা হলে ধন্যবাদ দিয়ে বসতে বলবেন।

এরপর শিক্ষক অনুশীলনী ১ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ঘোষণা পড়ে নিজে নিজে ছকটি পূরণ করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। ২/৩ জনের কাছ থেকে জানবেন।

- এরপর শিক্ষক অনুশীলনীর ২ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- 'খেলায় অংশগ্রহণ সম্পর্কে তিনটি বাক্য লিখি।'। গল্পটি শিশুদের নিজের ভাষায় লিখতে বলবেন। শিশুদের লিখতে সহায়তা করবেন। শিক্ষক খেয়াল রাখবেন শিশুরা যেন মুখস্থ না লিখে ।
- এরপর শিক্ষক অনুশীলনী ৩ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের মুখে মুখে ক্রমবাচক শব্দগুলো জিজ্ঞাসা ও লিখতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দিবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৮৯ (পুনরালোচনা এবং অনুশীলনী ৪, ৫।)

**শিখনফল**

**শোনা** :৩.১.২, ৩.৫.১
**বলা** : ২.৮.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ২.৮.১
**লেখা** : ১.৭.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, প্রথম থকে দশম পর্যন্ত ক্রমবাচক সংখ্যা কথায় লেখা তালিকা।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, প্রশ্নের উত্তর লেখা, এসো পাঠ শিখি ৪, ৫।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ***শিক্ষক ক্রমবাচক সংখ্যার চার্টটি টাঙাবেন এবং স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়বেন ও জিজ্ঞেস করবেন । ১ থেকে ৫ পর্যন্ত সংখ্যাগুলো আমরা কীভাবে লিখতে শিখেছি তা লিখে দেখাও।***
- এই গল্পে তারা নতুন কী শিখল? এমন কিছু কি তারা পেয়েছে, যা তাদের কাছে মজার মনে হয়েছে?
- সব ক্রমবাচক সংখ্যার নাম বলা হলে ধন্যবাদ দিয়ে বসতে বলবেন।
- শিক্ষক অনুশীলনীর ৪ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ক্রমবাচক শব্দ দিয়ে বাক্য তৈরি করে লিখতে ও বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এরপর শিক্ষক অনুশীলনীর ৫ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ক্রমবাচক শব্দ লিখে নিচের ছকটি পূরণ করতে বলবেন । প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-৭
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি কর :

| সাহানা | হাত | ছক পূরণ | অনুসরণ |
|---|---|---|---|

ক. ক্লাসে পড়াচ্ছিলেন................................ আপা।
খ. ঘোষণা শোনার পর শানু ও কবির................................ তুলল।
গ. শানু বলল, কীভাবে................................ করব আপা?
ঘ. তোমরা সেটা................................ করো।

২. খালি ঘরে সঠিক ক্রমবাচক শব্দ লিখ :

| সংখ্যা | ক্রমবাচক সংখ্যা |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |
| ৫ | |

৩. তুমি যদি এমন কোনো পাল্লায় যোগ দিতে তাহলে কিসে অংশগ্রহণ করবে? তোমার অনুভূতি কী হতো? দুটি বাক্যে লিখ।

৪. শিক্ষক বইয়ের অনুরূপ একটি ফরম বোর্ডে লিখে দেবেন। তারপর শিশুদের সাথে সেটা বোর্ডে পূরণ করবেন এবং পরে প্রত্যেকের খাতায় নিজে নিজে একই ফরম পূরণ করতে বলবেন।

৫. পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৬. শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।

# বড় কে?

হরিশ্চন্দ্র মিত্র

আপনারে বড় বলে,
বড় সে নয়,
লোকে যারে বড় বলে,
বড় সে হয়।
বড় হওয়া সংসারেতে
কঠিন ব্যাপার,
সংসারে সে বড় হয়,
বড় গুণ যার।
গুণেতে হইলে বড়,
বড় বলে সবে,
বড় যদি হতে চাও,
ছোট হও তবে।

# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

কঠিন ব্যাপার

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

ব্যাপার কঠিন

ক. কখনো কখনো আমাদের .............................. কাজ করতে হয়।

খ. সে জিজ্ঞেস করল, .............................. কী?



## ৩. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. বড় কে?

খ. সংসারে কীভাবে বড় হওয়া যায়?

গ. কাকে সকলে বড় মনে করে?

## ৪. বানান ও অর্থের পার্থক্য মনে রাখি।

গুণ–ভালো বৈশিষ্ট্য। ছেলেটির অনেক গুণ আছে।

গুন– নৌকা টানার দড়ি। মাঝি গুন টানছে।

## ৫. পরের চরণটি বলি ও লিখি।

গুণেতে হইলে বড়,
..............................
বড় যদি হতে চাও
..............................।

## ৬. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. প্রকৃত বড় কে?

১. যে অনেক ধনসম্পদের মালিক

২. লোকে যারে ছোট বলে

৩. যে ধনসম্পদ চায় না

৪. যার বড় গুণ আছে

খ. সত্যিকারের বড় হতে হলে কী গুণ থাকা দরকার?

১. নিজেকে ছোট করে দেখা

২. সব কাজে নিজেকে প্রকাশ করা

৩. অন্যকে তুচ্ছ জ্ঞান করা

৪. শক্তি ও ক্ষমতা প্রকাশ করা

## ৭. বুঝে নিই।

সংসারেতে – পৃথিবীতে। জীবনে।

বড় যদি হতে চাও – জীবনে সফল হতে হলে।

ছোট হও – বিনয়ী হও। অহংকার করো না।

## ৮. কবিতাটি লিখি।

## ৯. সবাই মিলে কবিতাটি আবৃত্তি করি।

## ১০. বাক্য রচনা করি।

বড় – গাছটি অনেক বড়।

ছোট ..........................................................................................

কঠিন ..........................................................................................

ব্যাপার ..........................................................................................

গুণ ..........................................................................................

## ১১. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

| | |
|---|---|
| ক. আপনারে .................................. বলে বড় সেই নয়। | বড়/ছোট/খাটো |
| খ. বড় হওয়া সংসারেতে ............................ব্যাপার। | দুঃখের/সহজ/কঠিন |
| গ. সংসারে সে বড় হয়, বড় ............................ যার। | রাগ/গুণ/মন |



# বড় কে?

## হরিশ্চন্দ্র মিত্র

পৃষ্ঠা (৯০-৯৩)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| শোনা<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে<br>২.১ ছড়া ও কবিতা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | শোনা<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে।<br>২.১.৩ কবিতার মূলভাব বুঝতে পারবে। |
| বলা<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ্য ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতার মূল বিষয় বলতে পারবে।<br>৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে | বলা<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে।<br>২.১.৩ পাঠ্যপুস্তকের কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.১.৪ পাঠ-বহির্ভূত কবিতা শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ পাঠ্য কবিতার মূল বিষয় নিজের ভাষায় বলতে পারবে।<br>৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |
| পড়া<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | পড়া<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধউচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |
| লেখা<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | লেখা<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে।<br>২.৩.২ কবিতা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড- ৬**

## পিরিয়ড-১

## পৃষ্ঠাঃ ৯০ (আপনাকে বড়--------------------------গুণ যার।)

শিখনফল

শোনা :১.৩.৪, ২.১.২, ২.১.৩

বলা :১.৩.২, ২.২.২

পড়া :১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.২.২

লেখা :২.১.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, কবিতাংশের মূলভাব, কবিতায় ব্যবহৃত নতুন শব্দ।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতাসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন।* **যেমন-**
  - **সংসারে এমন অনেক ব্যক্তি আছে যারা নিজেকে অনেক বড় মনে করে। কিন্তু দেখা যায় পিছনে বা আড়ালে অনেকেই তাদের পছন্দ করে না।**
  - **কেন পছন্দ করে না তোমরা বলতে পারো? তাদের মনে অনেক অহংকার।**
  - **আবার এমন ব্যক্তি আছে, যারা অনেক জানে, যাদের অনেক গুণ থাকলেও তারা সব সময় বিনয়ী ভাব দেখায়। অন্যকে অনেক বেশি প্রাধান্য দেয়। প্রকৃতভাবে সংসারে তারাই ভালো মানুষ।**
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ 'বড় কে?' কবিতাটি পড়ব। শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও *শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।*
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার (আপনাকে বড়--------------------------গুণ যার।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৯০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন, শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন, প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন– এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন।
- দলের কাজ শেষ হলে সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন।
- কয়েকজনকে কবিতার বিষয়বস্তুতে কী বলা হয়েছে, তা দাঁড়িয়ে বলতে বলবেন।

- এরপর কবিতার যে শব্দগুলো শিশুদের বুঝিয়ে দিতে হবে তা বোর্ডে লিখবেন। যেমনঃ কঠিন, ব্যাপার ইত্যাদি। শব্দগুলোর অর্থ পাঠ্যপুস্তকের পিছনে দেওয়া আছে তা খুঁজে বের করতে বলবেন এবং সেখান থেকে অর্থ বলতে বলবেন এবং বোর্ডে লিখবেন। *শিশুদের শব্দগুলো* পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং ছবি নিয়ে আলোচনা করেছি।

## পিরিয়ড-২

## পৃষ্ঠাঃ ৯০ (হিতাহিত না--------------------------হও তবে।)

**শিখনফল**

**শোনা** :২.১.২, ২.১.৩
**বলা** :১.৩.২, ২.১.২, ২.২.২
**পড়া** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.২.২
**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, কবিতাংশের মূলভাব, কবিতায় ব্যবহৃত নতুন শব্দ।

**শিখন শেখানো কার্যাবলি**

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। **যেমনঃ**
    - ***কারা বেশি অহংকার করে?***
    - ***কে বা কারা সংসারে বড় বলে পরিচিত?***
    - ***সংসারে কোন কাজটি সবচেয়ে কঠিন?***
- এরপর শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা কবিতার (হিতাহিত না--------------হও তবে।) অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৯০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- পড়া শেষে কয়েকজন শিশুকে সামনে এনে প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- শিশুদের কবিতার অংশটি পড়তে ও দেখে দেখে লিখতে বলবেন। পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।
- এরপর শিশুদের কবিতার নতুন শব্দগুলো বুঝিয়ে দেবেন। যেমনঃ হিতাহিত, অহংকার, গুণ ইত্যাদি। শব্দগুলোর অর্থ পাঠ্যপুস্তকের পিছনে দেওয়া আছে তা খুঁজে বের করতে বলবেন এবং সেখান থেকে অর্থ বলতে বলবেন এবং বোর্ডে লিখবেন। শব্দসহ অর্থগুলো শিশুদের পড়তে ও লিখতে বলবেন।
- এরপর কবিতার অংশটুকু দেখে দেখে লিখতে বলবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পড়াবেন।
- পাঠ্যপুস্তকের ২ নম্বর প্রশ্নের উত্তর লেখার কৌশল বুঝিয়ে দেবেন।
- যেসব শিশুদের পড়া ও লেখার কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের সহায়ক বই পড়তে বলবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে শব্দগুলোর অর্থ, বাক্যসহ লেখা শিখেছি।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠা: ৯০ (আপনাকে বড়---------------------------হও তবে এবং অনুশীলনী ৩।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২

**বলা** :১.৩.২, ২.১.৩, ২.২.২

**পড়া** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.২.২

**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, কবিতাংশের মূলভাব, কবিতায় ব্যবহৃত নতুন শব্দ, কবিতা দেখে লেখা।

### শিখন শেখানো কার্যাবলি

- প্রথমে শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।* ***যেমন:***
  - ***কারা বা কে অহংকার করে না?***
  - ***কে বা কারা সংসারে বড় বলে পরিচিত?***
  - ***বড় হতে হলে কী হতে হবে?***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজও আমরা ‘বড় কে?’ কবিতার (আপনাকে বড়---------------------------হও তবে ।)অংশটুকু পড়ব এবং আবৃত্তি করা শিখব ।
- সবাইকে পাঠ্যপুস্তকের ৯০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো পড়ানোর ধাপ অনুসরণ করে কবিতাটি পড়াবেন।
- শিক্ষক পঠিত অংশটুকুর বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন এবং এরপরের জন ৩য় লাইন পড়বে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন। পঠিত অংশ থেকে যে সমস্ত শব্দ অজানা/নতুন মনে হবে তা আলোচনা করে খাতায় লিখবে। কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন। দলের মধ্যে পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়তে বলবেন। দলের পারগ শিশুকে প্রয়োজনে সংশোধন করতে বলবেন।
- পাঠ্যপুস্তকের ৪ নম্বর প্রশ্নের উত্তর লেখার কৌশল বুঝিয়ে দেবেন এবং অনুশীলনীর ৩ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।
- যেসব শিশুদের পড়া ও লেখার কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের সহায়ক বই পড়তে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি, কবিতা থেকে শব্দগুলোর অর্থ, প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠাঃ ৯১ (অনুশীলনী ১,২,৫ ও ৬।)

**শিখনফল**

**শোনা** :১.৩.৪, ২.১.২, ২.১.৩
**বলা** :১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
**পড়া** :১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.২.২
**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২ , ২.১.২, ২.৩.২

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট, নতুন বা বিশেষ শব্দের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, প্রশ্ন উত্তর বলা ও লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। *শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।* ***যেমনঃ***
    - ***কারা বেশি অহংকার করে?***
    - ***কে বা কারা সংসারে বড় বলে পরিচিত?***
    - ***সংসারে কোন কাজটি সবচেয়ে কঠিন?***
    - ***বড় হতে হলে কী হতে হবে?***

- শিক্ষক আলোচনার প্রাসঙ্গিকতায় শিশুদের উদ্দেশে পাঠের শিরোনাম 'বড় কে?' ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও *শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।*
- শিক্ষক এরপর ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। শিক্ষক শিশুদের শব্দের অর্থ ও বাক্য প্রয়োজন অনুযায়ী লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন।
- শিক্ষক এরপর ৫ নম্বর অনুশীলনী 'পরের চরণটি বলি ও লিখি' বুঝিয়ে দেবেন।
- এরপর শিক্ষক ৬ নম্বর প্রশ্ন মুখে মুখে উত্তর জিজ্ঞেস করবেন এবং খাতায় উত্তর লিখতে বলবেন।
- শিশুদের কবিতাটির নিজের ভাষায় লিখতে বলবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের পড়াবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৯২ (অনুশীলনী ৪, ৭ এবং ৮।)

শিখনফল

শোনা :১.৩.৪, ২.১.২
বলা :১.৩.২, ২.১.৩, ২.১.৪, ২.২.২
পড়া :১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.২.২
লেখা :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক, শিখন-উপকরণ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, প্রশ্ন উত্তর বলা ও লেখা।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  **যেমন;**
  - ***কারা বেশি অহংকার করে?***
  - ***কে বা কারা সংসারে বড় বলে পরিচিত?***
  - ***সংসারে কোন কাজটি সবচেয়ে কঠিন?***
  - ***বড় হতে হলে কী হতে হবে?***

- শিক্ষক সব শিশুদের পাঠ্যপুস্তকের ৯০ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। কবিতাটি সবাইকে একবার প্রশ্নচিহ্ন, দাড়ি, কমাসহ পড়তে বলবেন।
- শিক্ষক *শিশুদের কবিতাটি লেখাবেন। শিক্ষক একটি করে লাইন বলবেন এবং লাইনটি শুনে শিশুরা খাতায় প্রশ্নচিহ্ন, দাড়ি, কমা ব্যবহার করে লিখতে পারছে কিনা, তা লক্ষ করবেন।* শিক্ষক একটি লাইন সর্বোচ্চ ৩ বার বলবেন।
- শিশুদের *পাঠ্যপুস্তকের ৪, ৭ এবং ৮ নম্বর প্রশ্নের উত্তর লিখতে বলবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন।*
- যেসব শিশুর পড়া ও লেখার কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের সহায়ক বই পড়তে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা কবিতাটির নির্ধারিত অংশটুকু পড়েছি। কবিতা থেকে প্রশ্নগুলোর উত্তর লেখা শিখেছি।

## পিরিয়ড-৬
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. নিচের ঘর থেকে সঠিক অর্থটি নিয়ে শব্দের পাশে লিখি :

| |
|---|
| ক্ষুদ্র দম্ভ ভালো মন্দ বৈশিষ্ট্য |

হিতাহিত ..............................

অহংকার ..............................

গুণ ..............................

ছোট ..............................

২. বিপরীত শব্দ দাগ টেনে মিলাই :

| | |
|---|---|
| গুণ | ছোট |
| কঠিন | নিরহংকার |
| বড় | নির্গুণ |
| অহংকার | সহজ |

৩. শিক্ষক বোর্ডে বড় করে “গুণ” লিখবেন এবং দুটি করে বাক্যের মাধ্যমে তারা কী বোঝে তা লিখতে বলবেন।

৪. তোমাদের পরিবারে এমন কি বড় গুরুজন আছেন, যাঁকে সবাই মান্য করেন। তাঁর সম্পর্কে দুটি বাক্য লেখ।


৫. পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৬. শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।

# নিরাপদে চলাচল

পরীক্ষা শেষ। ছবি আর ইজাজ মায়ের সঙ্গে ঢাকা এলো। ওদের ছোট মামা জামিল। তাঁর বাসায় উঠল। বায়না ধরল শিশুপার্ক, চিড়িয়াখানা সবকিছু দেখাতে হবে। মামাতো বোন টিয়ার বয়স পাঁচ বছর। সে বলল, আমিও যাব। জামিল বললেন, শুক্রবারে নিয়ে যাব।

শুক্রবার দুপুরের পর সবাই জামা-জুতো পরে তৈরি হলো। মামা ওদের নিয়ে নিজের ছোট্ট গাড়িতে চড়লেন। শুক্রবার হলে কী হবে। ওদের মতো আরও অনেকেই বেরিয়েছে। রাস্তায় বেশ ভিড়। খামারবাড়ি থেকে বের হয়ে ফার্মগেট পার হলো গাড়ি। বাংলা মটরের সামনেই গাড়ি থামালেন জামিল। ছবি জানতে চাইল, গাড়ি কেন থামল মামা? জামিল বললেন, ডান



দিকে তাকাও। ওই যে লালবাতি জ্বলছে। একে বলে ট্রাফিক বাতি। লালবাতি জ্বললে গাড়ি সম্পূর্ণ থেমে যাবে। তখন পথচারীরা যেতে পারবে। তারপরে সবুজ বাতি জ্বললে আমরা যেতে পারব।

জামিল রাস্তার এপার থেকে ওপার পর্যন্ত একটি উঁচু সেতু দেখালেন। বললেন, ওটাকে বলে ফুটওভারব্রিজ। লোকজন ওটা দিয়ে হেঁটে রাস্তার এপার থেকে ওপার যাচ্ছে দেখ। এখানে রাস্তা পার হওয়া বিপজ্জনক। ফুটওভারব্রিজ দিয়ে যাওয়াই নিরাপদ।




হঠাৎ টিয়া চিৎকার করে সামনের দিকে দেখাল। সবাই সেদিক তাকাল। আড়াআড়ি পথ দিয়ে দ্রুতগতিতে গাড়ি চলছিল। সেখান দিয়ে সাদা ছড়ি হাতে একজন বৃদ্ধ লোক রাস্তা পার হতে যাচ্ছিলেন। একজন ট্রাফিক পুলিশ লোকটিকে রাস্তার কিনারে নিয়ে এলেন। জামিল আবার গাড়ি চালাতে শুরু করলেন। সেটা চলল শাহবাগের দিকে। বললেন, নিরাপদে রাস্তা পার হওয়ার জন্য নির্দিষ্ট জায়গা আছে। একটু সামনে গেলেই দেখতে পাবে।

কয়েক মিনিটের মধ্যেই গাড়ি শাহবাগে থামল। আবার ট্রাফিক সিগন্যালে লালবাতি জ্বলে উঠেছে। রাস্তার দুই দিকের সব যানবাহন থেমে গেল। সামনের রাস্তাতেই চওড়া জায়গায় সাদা-কালো রং করা। সেখান দিয়ে অনেক পথচারী রাস্তা পার হচ্ছেন। জামিল বললেন, ইজাজ দেখেছ, এখানে নিরাপদে রাস্তা পার হওয়া যায়। এটাকে বলা হয় জেব্রাক্রসিং।

শিশুপার্কে অনেক কিছু দেখল সবাই। ইজাজ, ছবি, টিয়াকে জামিল ট্রেনে, ঘোড়ায়, নাগরদোলায় চড়ালেন। বেলুন, বাঁশি কিনে গাড়িতে ফিরে চলল ওরা। রমনা পার্কের পাশ দিয়ে একটু সামনে এগোল গাড়ি। রাস্তার এপার ওপারজুড়ে বেশ উঁচুতে একটা অনেক বড় বোর্ড। বোর্ডটি সবুজ রঙের, তাতে সাদা তীরচিহ্ন দিয়ে স্থানের নাম লেখা–ওরা বাঁ দিকের রাস্তায় এগোল। মগবাজারের দিকে যাবে।

মগবাজার পেরোতেই একটানা ঘণ্টাধ্বনি শোনা গেল। কান পেতে ইজাজ সেটা শুনল। তারপর জানতে চাইল, এটা কিসের শব্দ মামা? জামিল বললেন, সামনেই লেভেলক্রসিং। লেভেলক্রসিংয়ে রাস্তার দুই পাশে গেট থাকে। রেলগাড়ি যাওয়ার সময় দুই দিকের গেট বন্ধ করে দেওয়া হয়।

বলতে বলতেই ঝকঝক শব্দ করে একটি রেলগাড়ি ওদের সামনে দিয়ে চলে গেল। ছবি ও ইজাজ খুব আগ্রহ নিয়ে দেখল। রেললাইন পার হয়ে বেশ তাড়াতাড়ি তেজগাঁও ফ্লাইওভারে চলে এলো গাড়ি। উড়ালসেতুর ওপর দিয়ে যাওয়ার সময় খুব আনন্দ পেল ছবি, টিয়া, ইজাজ। তারপর তাড়াতাড়ি খামারবাড়িতে জামিলের বাসায় চলে এলো। মজা করে খাওয়া হলো। একসময় ইজাজ বলল, ঢাকায় অনেক ভিড়। আমাদের ছোট শহরে ভিড় নেই। যখন যেখানে ইচ্ছে সেখানে যাওয়া যায়।

## অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

ব্রিজ বোর্ড সতর্ক সরব নির্দিষ্ট নাগরদোলা

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| ব্রিজ | ট্রাফিক | নির্দিষ্ট | নাগরদোলায় |
|---|---|---|---|

ক. নিরাপদে পথ চলতে .................................. নিয়ম মানা দরকার।

খ. প্রতিদিন .................................. জায়গা থেকে বাস ছাড়ে।

গ. বৈশাখী মেলায় .............................. চড়েছিলাম।

ঘ. গাঁয়ের রেলপথে খালের ওপর রেল .................................. থাকে।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পার্ক | র্ক | ´ | ক | | অর্ক, তর্ক |
| ব্রিজ | ব্র | ব | ্র | (র–ফলা) | ব্রত, তীব্র |
| নির্দিষ্ট | ষ্ট | ষ | ট | | নষ্ট, কষ্ট |
| ঘণ্টাধ্বনি | ণ্ট | ণ | ট | | কণ্টক, বণ্টন |


## ৪. প্রশ্নগুলোর উত্তর মুখে বলি ও লিখি।

ক. ছবি ও ইজাজের ছোট মামার নাম কী?

খ. ট্রাফিক পুলিশ কীভাবে বৃদ্ধকে সাহায্য করলেন?

গ. জেব্রাক্রসিং কেন ব্যবহার করা হয়?

ঘ. লেভেলক্রসিং কী?



## ৫. ঠিক উত্তরটি বাছাই করে বলি ও লিখি।

ক. ট্রাফিক লাইটে লালবাতি দেখা গেলে পথচারীরা –

১. সম্পূর্ণ থেমে যাবে     ২. একটু পরে চলবে

৩. রাস্তা পার হবে     ৪. ডান দিকে যাবে

খ. পায়ে হেঁটে নিরাপদে রাস্তা পার হওয়া যায় –

১. ফ্লাইওভার দিয়ে     ২. সামনে পিছনে দেখে

৩. ট্রাফিক লাইট মেনে     ৪. ফুটওভারব্রিজ দিয়ে

গ. রাস্তার ওপর সাদা-কালো দাগই –

১. লেভেলক্রসিং     ২. ফুটওভারব্রিজ

৩. জেব্রাক্রসিং     ৪. ফ্লাইওভার

ঘ. উড়ালসেতুর ওপর দিয়ে যাওয়ার সময় –

১. মজা পেল     ২. আনন্দ পেল

৩. দুঃখ পেল     ৪. কষ্ট পেল

## ৬. ছবি দেখি। কোনটি কি নির্দেশ করে মিলাই।









ট্রাফিক লাইট – নিয়মমাফিক যানবাহন চলাচলের জন্য বাতি।

জেব্রাক্রসিং – রাস্তা পারাপারের জন্য সাদা-কালো দাগকাটা জায়গা।

লেভেলক্রসিং – রেলপথ ও সড়কপথের সংযোগস্থল ।

ফ্লাইওভার – উড়ালসেতু। রাস্তার ওপর দিয়ে যানবাহন চলাচলের সেতু।

## ৭. আরও কিছু সংকেত চিনে নিই।



সামনে হাসপাতাল
ভেপু বাজানো নিষেধ







## ৮. ছবি দুটি মনোযোগ দিয়ে দেখি। কী লেখা আছে বুঝে পড়ে সবাইকে শোনাই।






# নিরাপদে চলাচল
## পৃষ্ঠা ( ৯৪-৯৮ )

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| শোনা | শোনা |
| ১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বর্ণ ও যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দযুক্ত বাক্য শুনে স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.২ পরিচিত ও পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে গঠিত বাক্য শুনে বুঝবে। | ১.২.১ পরিচিত ও অধীত শব্দ দিয়ে গঠিত বর্ণনামূলক বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ, ঘোষণা শুনে বুঝবে। | ১.৩.১ আদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ নির্দেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ উপদেশ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৪ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ২.২ গল্প ও উপকথা শুনে মূল বিষয় বুঝতে পারবে। | ২.২.১ গল্পের বিষয় বুঝতে পারবে।<br>২.২.৩ গল্পের মূল বিষয় বুঝতে পারবে |
| ৩.১ পরিচিত বিষয়ে কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ পরিচিত বিষয়ে বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| বলা | বলা |
| ১.১ যুক্তবর্ণসহযোগে তৈরি শব্দ ও শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দ স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ যুক্তবর্ণ দিয়ে গঠিত শব্দযুক্ত বাক্য স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.১ অনুরোধ করতে পারবে।<br>১.৩.২ প্রশ্ন করতে ও উত্তর দিতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথার মূল বিষয় বলতে পারবে। | ২.৪.১ গল্পের বিষয় বলতে পারবে।<br>২.৪.৩ গল্পের মূল বিষয় বলতে পারবে |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে এবং বিষয় বর্ণনা করতে পারবে। | ২.৫.২ সহজ বিষয় বর্ণনা করতে পারবে। |
| ৩.১ শ্রেণিকক্ষে নিজের ও সহপাঠীদের পরিচয় নিতে পারবে। | ৩.১.২ সহপাঠীদের পরিচয় নিতে পারবে। |
| ৩.২ বিনয়ের সঙ্গে সম্বোধন করে অনুমতি চাইতে ও কথা বলতে পারবে। | ৩.২.১ বিনয়ের সঙ্গে সম্বোধন করবে।<br>৩.২.২ বিনয়ের সঙ্গে অনুমতি চাইবে। |
| ৪.১ দেখা ঘটনা সম্পর্কে কথা বলতে পারবে। | ৪.১.১ সংঘটিত দেখা ঘটনা বর্ণনা করতে পারবে। |

| | |
|---|---|
| পড়া | পড়া |
| ১.৩ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। | ১.৩.১ যুক্তব্যঞ্জন স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৪ পাঠ্যপুস্তকের ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে। | ১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠে ব্যবহৃত বাক্য শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শ্রবণযোগ্য স্পষ্ট স্বরে ও শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| ১.৫ বিভিন্ন বিরামচিহ্ন চিনে বাক্য ও চরণ পড়তে পারবে। | ১.৫.১ বিভিন্ন বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) চিনে সাবলীলভাবে বাক্য ও চরণ পড়তে পারবে। |
| ২.৪ গল্প ও উপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ প্রমিত উচ্চারণে গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |
| ২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | ২.৫.৩ সহজ বিষয়ের বর্ণনা প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.৫.৪ সহজ বিষয়ের বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৫ পাঠ ও পাঠ-বহির্ভূত পাঠসামগ্রী পড়ে মূলভাব বুঝতে পারবে। |
| ৩.১ নিজের ও অন্যের লেখা পড়তে পারবে। | ৩.১.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| ৩.২ বিভিন্ন ধরনের সহজ সংকেত/নির্দেশ, ব্যক্তি ও প্রতিষ্ঠানের নামফলক পড়তে পারবে। | ৩.২.১ বিভিন্ন ধরনের সহজ সংকেত/নির্দেশমূলক শব্দ পড়তে পারবে।<br>৩.২.২ বিভিন্ন ধরনের সহজ সংকেত/ নির্দেশমূলক বাক্য পড়তে পারবে। |
| ৩.৩ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | ৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমানসম্পন্ন শিশুতোষ পাঠসামগ্রী পড়তে পারবে। |
| লেখা | লেখা |
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ গঠন করতে ও বাক্যে প্রয়োগ ককরতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৪.৩ যুক্তব্যঞ্জনসহযোগে গঠিত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন শব্দ লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে নতুন নতুন বাক্য লিখতে পারবে। |
| ১.৬ পাঠ্যপুস্তকে ব্যবহৃত বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য ও চরণ লিখতে পারবে। | ১.৬.১ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ বিরামচিহ্ন (দাঁড়ি, কমা, প্রশ্নচিহ্ন) ব্যবহার করে চরণ লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা, রূপকথা, গল্প, কথোপকথন, বর্ণনা ইত্যাদি প্রশ্নের উত্তর শুদ্ধভাবে লিখতে পারবে। | ২.৩.৪ গল্প–সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৬ বর্ণনা–সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |
| ৩.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। | ৩.১.১ ছবিতে দেখা ঘটনা সহজ বর্ণনায় লিখতে পারবে। |
| ৩.২ দেখা ঘটনা লিখে প্রকাশ করতে পারবে। | ৩.২.১ দেখা ঘটনা লিখতে পারবে। |



**পাঠ বিভাজন: পিরিয়ড ১৫**

## পিরিয়ড-১

### পৃষ্ঠা: ৯৪ (পরীক্ষা--------------------- গাড়ি কেন থামল মামা?)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২**

**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১**

**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ৩.৩.১, ৩.২.২, ৩.৩.১**

**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পোস্টারে আঁকা পাঠসংশ্লিষ্ট ছবি, বিশেষ ও কঠিন শব্দের অর্থ তালিকা, লেগো/হাতে লেখা শব্দকার্ড ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, গল্পে ব্যবহৃত নতুন শব্দ, প্রশ্ন তৈরি করা ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের *জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***শিশুরা রাস্তা চেনে কিনা জিজ্ঞাসা করবেন ।***
    - ***কী কী নিয়মকানুন মানতে হয়, কয়েকজনের কাছে জিজ্ঞেস করবেন ।***
    - ***শিক্ষক কমপক্ষে ১০ জন শিশুর কাছে জিজ্ঞেস করবেন ।***
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন । যেমন–
    - আমরা ঘরের বাইরে যখন বের হই তখন প্রথমে কী করি? আমরা রাস্তায় বের হই । এবং তারপর সেই রাস্তা ধরে আমরা আমাদের গন্তব্যে পৌঁছে যাই । রাস্তায় চলাচলের সময় কিছু নিয়মকানুন মানতে হয় । না মানলে আমাদের বিভিন্ন সমস্যায় পড়তে হয় । তাই আমরা আজকে রাস্তায় কীভাবে নিরাপদে চলালচল করা যায় তাই পড়ব ।
- শিক্ষক বিভিন্ন ধরনের রাস্তার সংকেতের চিহ্ন ছবি বোর্ডে বা শ্রেণিকক্ষের দেয়ালে টাঙিয়ে দেবেন । *সেখানে শিশুরা কী ছবি দেখতে পাচ্ছে, তা জানতে চাইবেন । শিশুরা ছবি দেখে চিনে সংকেতগুলোর নাম বলতে পারছে কিনা, তা যাচাই করবেন । তাদের প্রশংসা করবেন ।* আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পেটির নির্ধারিত অংশ (পরীক্ষা --------------------- গাড়ি কেন থামল মামা?) পড়ব ও আলোচনা করব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন ।*
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । এ সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা, শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন ।*
- এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন লিখবেন । শিক্ষার্থীরা খাতায় উত্তর লিখবে । পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (অনুশীলনীসহ) । যেমন: বার্ষিক শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন ।
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন । শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন ।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-২
## পৃষ্ঠা: ৯৪ (পরীক্ষা------------------------ গাড়ি কেন থামল মামা?)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৪.২, ১.৪.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৪

**লেখা** : ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১

**উপকরণ:** পাঠের অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, পাঠ্যপুস্তক ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***ছবি ও ইজাজ কখন মামাবাড়ি এলো?***
    - ***মামার কাছে তাদের কী কী বায়না ছিল?***
    - ***তুমি কি চিড়িয়াখানা বা কোনো মেলা দেখেছ?***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির অংশ (পরীক্ষা ------------------------ গাড়ি কেন থামল মামা?) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং জোড়ায় কী করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রথমে একজন শিশু ২ লাইন পড়বে অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। ঠিক একইভাবে জোড়ার আরেকজন ২য় লাইন পড়বে। এভাবে সবাই কমপক্ষে ২/৩ বার পড়বে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের পড়তে সহায়তা করবেন এবং দলে পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। *শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন ও খাতায় লিখে নিতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।*
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখা এবং প্রশ্ন তৈরি শিখেছি।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠা: ৯৪ (জামিল বললেন------------------- যাওয়াই নিরাপদ।)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ৩.২.২

**লেখা** : ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১

**উপকরণ:** পোস্টারে আঁকা পাঠসংশ্লিষ্ট ছবি, বিশেষ শব্দের অর্থ তালিকা, পাঠ- অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, লেগো/ হাতে লেখা শব্দকার্ড, পাঠ্যপুস্তক ইত্যাদি ।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা, ফুটওভারব্রিজের সুবিধা জানা ।

শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *শিশুরা কী কী সংকেত বা চিহ্ন চেনে, কয়েকজনের কাছে নাম জিজ্ঞেস করবেন ।*
  - *আমাদের চেনা কোনো সংকেত বা চিহ্ন আঁকতে পারে কিনা?*
  - *শুক্রবারেও কখন সবাই তৈরি হলো?*
  - *মামা গাড়ি থামালেন কে ওদের নিয়ে কিসে উঠলেন?*
  - *রাস্তায় কী ছিল?*
  - *জামিল কোথায় গাড়ি থামালেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন । শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (জামিল বললেন ------------------- যাওয়াই নিরাপদ) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন ।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন । যেমন: দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে । এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে । শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন । আগের দিনের মতো কয়েকজনকে পড়াবেন । পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে । পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে ।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন । যেমন: ট্রাফিক – ট্র = ট +র , রাস্তা – স্ত = স + ত ইত্যাদি ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি ।

## পিরিয়ড-৪

### পৃষ্ঠা: ৯৪ (জামিল বললেন -------------------------যাওয়াই নিরাপদ)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৪.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.২.২

**লেখা** : ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি, বিশেষ শব্দের অর্থ তালিকা, পাঠ অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *আজ শিশুরা রাস্তায় নতুন কি কিছু দেখেছে, তা জিজ্ঞাসা করবেন।*
  - *কারো জীবনে রাস্তা নিয়ে কোনো ঘটনা থাকলে তা বলতে উৎসাহিত করবেন।*
  - *ফুটওভারব্রিজ কী?*
  - *ফুটওভারব্রিজ দিয়ে পথচারীদের রাস্তা পারাপার নিরাপদ কেন?*
  - *তুমি কি কখনো ফুটওভারব্রিজে উঠেছ?*
  - *তখন চারদিকে তাকালে কী মনে হয় বল?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (জামিল বললেন-------------------------------যাওয়াই নিরাপদ) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- পাঠটি পড়ে বুঝেছে কিনা তা জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৫

### পৃষ্ঠা: ৯৫ (হঠাৎ টিয়া ----------------------গেলেই দেখতে পাবে)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** : ১.৪.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.২.২

**লেখা** : ২.৩.৪,২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** বিশেষ ও কঠিন শব্দের অর্থ তালিকা, যুক্তবর্ণের তালিকা, পোস্টার, অন্ধ ব্যক্তির হাতে সাদাছড়ি, পাঠ্যপুস্তক ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, নিরাপদে সবাই কীভাবে রাস্তা পারাপার হতে পারে তা জানা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  *-শিশুদের জিজ্ঞাসা করবেন, এ পর্যন্ত কী কী সংকেত বা চিহ্ন সম্পর্কে জেনেছে?*
  *-কী কী জানতে পেরেছে? কয়েকজনের কাছে জিজ্ঞেস করবেন।*
  *-শহরে লোকজন ফুটওভারব্রিজ দিয়ে রাস্তা পারাপার করে কেন?*
  *-ট্রাফিক বাতিতে লাল আর সবুজ আলো জ্বললে তুমি কী করবে?*
  *-নিরাপদে রাস্তা কীভাবে পার হওয়া যায়?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (হঠাৎ টিয়া ----------------------------গেলেই দেখতে পাবে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- এরপর শিক্ষক পাঠের বিষয়বস্তু/মূলভাব আলোচনা করবেন।
- শিশুদের ৪-৫ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন। যেমন- প্রত্যেকে ২/৩ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের পড়াবেন। পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে। এরপর পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- এসময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন লিখবেন। শিক্ষার্থীরা খাতায় উত্তর লিখবে।
- পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: নির্দিষ্ট শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- কয়েকজন শিশুকে গাড়ির হর্নের মতো করে আওয়াজ করতে বলবেন।
- পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- পড়া শেষ হলে একটি কাগজে পাঠ্যাংশ থেকে নিজেরা ৫টি প্রশ্ন তৈরি করবে।
- শিশুরা কী প্রশ্ন তৈরি করেছে প্রতিটি দলকে তা জিজ্ঞেস করবেন এবং প্রশ্নপত্রটি শিক্ষক নিজের কাছে রাখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি এবং গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর শিখেছি।

## পিরিয়ড-৬

## পৃষ্ঠাঃ ৯৫ (হঠাৎ টিয়া ------------------------------গেলেই দেখতে পাবে ।)

### শিখনফল

**শোনা** :১.২.১, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** :১.৪.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.২.২

**লেখা** :২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১

**উপকরণঃ** পাঠের অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয়ঃ** পড়া, নিরাপদে রাস্তা পারাপার হওয়া, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*
    - আজ শিশুরা কী কী দেখেছে রাস্তায় তা জিজ্ঞাসা করবেন ।
    - টিয়া চিৎকার করছিল কেন?
    - একজন বৃদ্ধ লোককে বাঁচাতে গাড়ি কী করল?
    - ট্রাফিক পুলিশ আমাদের কীভাবে সাহায্য করে?
    - নিরাপদে রাস্তা কীভাবে পার হওয়া যায়?
    - লালবাতি জ্বললে কি করা উচিত?
    - কারো জীবনে রাস্তায় চলাচল নিয়ে কোনো ঘটনা থাকলে তা বলতে উৎসাহিত করবেন ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন । শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (হঠাৎ টিয়া ------------------------------গেলেই দেখতে পাবে) অংশটুকু পড়বো ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে ।
- এরপর শিক্ষক শিশুদের জোড়ায় জোড়ায় মুখোমুখি ঘুরে বসতে বলবেন । জোড়ায় গল্পটি কীভাবে পড়তে হবে তা বুঝিয়ে বলবেন । যেমন- প্রথমে একজন শিশু গল্পটির ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন পড়বে । জোড়ার অন্যজন শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে । এভাবে কয়েকবার তাদের গল্পটির অংশটি পড়তে বলবেন । পিছিয়ে পড়া শিশুদের পুনরায় পড়াবেন ।
- শিশুদের মধ্যে থেকে কেহ অন্ধ লোকের রাস্তা পারাপার দেখেছে কিনা, জানতে চাইবেন ।
- নিরাপদে কীভাবে রাস্তা পার হওয়া যায় লিখতে বলবেন ।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন । পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি ।

## পিরিয়ড-৭

## পৃষ্ঠা: ৯৫ (কয়েক মিনিটের ----------------------- জেব্রাক্রসিং)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ৩.২.২
**লেখা** : ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, বিশেষ বিশেষ শব্দের অর্থ তালিকা, পাঠ অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, শিশুপার্ক/রমনা পার্কের ছবি ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্নের উত্তর লেখা, ছবির বর্ণনা লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *শিশুদের জিজ্ঞাসা করবেন, ছবি দেখে কী ভয় পেয়েছিল?*
    - *সবুজ বাতি জ্বলে উঠলে জামিল কী করলেন?*
    - *সাদাছড়ি হাতে বৃদ্ধ লোকটি রাস্তা পার হওয়ার সময় কী ঘটল?*
    - *কীভাবে সে বেঁচে গেল?*
    - *অন্ধ লোককে তুমি কীভাবে সাহায্য করবে? তা নিয়ে চারটি বাক্য লেখ।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (কয়েক মিনিটের ----------------------- জেব্রাক্রসিং)অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিক্ষক জিজ্ঞেস করবেন, গাড়ি ছাড়া অন্য কোন গাড়ির আওয়াজ করতে পার কিনা, যেমন- পুলিশের গাড়ি, এম্বুলেন্স, ঘোড়ার গাড়ি ইত্যাদি।
- এবার শিক্ষক পড়বেন,শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।
- পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- পড়া শেষ হলে পোস্টারের ছবির বর্ণনা লিখবে।
- দলে শিশুরা কী প্রশ্ন তৈরি করেছে, তা প্রতিটি দলকে জিজ্ঞেস করবেন এবং প্রশ্নপত্রটি শিক্ষক নিজের কাছে রাখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-৮

## পৃষ্ঠা: ৯৫ (কয়েক মিনিটের ---------------------- জেব্রাক্রসিং)

### শিখনফল

**শোনা** : ২.২.৩, ৩.১.২
**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২
**পড়া** : ২.৪.২, ২.৫.৩ , ২.৫.৪
**লেখা** : ১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠের অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা ।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা ।

### শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *জিজ্ঞাসা করবেন, ট্রাফিক সিগনালে লালবাতি জ্বলে উঠলে কী হয়?*
    - *পথচারীদের কোথা দিয়ে পার হওয়া উচিত?*
    - *রাস্তায় কী কী রঙের দাগ টানা ছিল?*
    - *জেব্রাক্রসিং কাকে বলে?*
    - *জেব্রাক্রসিং দিয়ে রাস্তা পারাপার নিরাপদ কেন?*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন । শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (কয়েক মিনিটের ---------------------- জেব্রাক্রসিং) অংশটুকু পড়ব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন ।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে ।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন । পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন । *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি ।

## পিরিয়ড-৯

### পৃষ্ঠা: ৯৫ (শিশুপার্কে ------------------------ বন্ধ করে দেওয়া হয়)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** :২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২

**পড়া** :২.৪.২, ২.৫.৩, ২.৫.৪

**লেখা** :১.৬.১, ২.৩.৪, ২.৩.৬

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি, বিশেষ ও কঠিন শব্দের অর্থ তালিকা, যুক্তবর্ণের তালিকা, লেগো/হাতে লেখা শব্দকার্ড ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, প্রশ্ন তৈরি।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - *শিশুরা এ পর্যন্ত কী কী জেনেছে, তা জিজ্ঞাসা করবেন।*
    - *জামিল শাহবাগে গাড়ি থামালেন কেন?*
    - *রাস্তায় চওড়া জায়গায় সাদা-কালো রং করা দাগ দেওয়া হয় কেন? ইত্যাদি।*
    - *কোন প্রাণীর শরীরে সাদা-কালো দাগ কাটা থাকে?*
    - *পায়ে হেটেঁ সবচেয়ে নিরাপদে কীভাবে রাস্তা পার হওয়া যায়? চারটি বাক্যে লেখ।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (শিশুপার্কে ------------------------ দিকে যাবে) অংশটুকু পড়বে।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- এ সময় শিক্ষক বোর্ডে নির্দিষ্ট পাঠের ওপর ছোট ছোট প্রশ্ন লিখবেন। শিক্ষার্থীরা খাতায় উত্তর লিখবে।
- পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন (পাঠ শিখিসহ)। যেমন: বোর্ড শিক্ষার্থীদের খাতায়
- লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: ঘণ্টাধ্বনি – ণ্ট = ণ + ট ইত্যাদি।
- দলে শিশুরা কী প্রশ্ন তৈরি করেছে তা প্রতিটি দলকে জিজ্ঞেস করবেন এবং প্রশ্নপত্রটি শিক্ষক নিজের কাছে রাখবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। যেমন- আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-১০

### পৃষ্ঠা: ৯৫ (শিশুপার্কে ------------------ বন্ধ করে দেওয়া হয়। অনুশীলনী ১, ২)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.১.২, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ২.৫.৫, ৩.২.১ ৩.২.২, ৩.৩.১

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠসংশ্লিষ্ট ছবি পাঠ অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানোকার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - *শিশুপার্কে ভাইবোনেরা কী কিনল?*
  - *পার্ক থেকে বেরিয়ে তারা কোন দিকে এগোল?*
  - *ইজাজ, ছবি, টিয়া শিশুপার্কে কী কী করেছে?*
  - *সবুজ রঙের বোর্ডে কোন স্থানের নাম লেখা ছিল?*
  - *তুমি কোনো শিশুপার্কে বা মেলায় গিয়েছ? সেখানে কী কী দেখছ বুঝিয়ে বল।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (শিশুপার্কে ------------------ দিকে যাবে) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- গত দিনে শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ তৈরি যুক্ত বর্ণের চার্ট বোর্ডে ঝুলিয়ে দেবেন ও শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন। শিশুদের চার্ট দেখে খাতায় লিখতে বলবেন। পাশাপাশি আরেকটি যুক্তবর্ণযোগে নতুন শব্দ লিখতে বলবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৯৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ১ নম্বর অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১ নম্বর অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শব্দের অর্থ প্রয়োজন অনুযায়ী শিশুদের লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নম্বর অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। যেমন: ক. নিরাপদে পথ চলতে.............. নিয়ম মানা দরকার। খালি জায়গায় কোন সঠিক শব্দটি হবে, তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন। এরপর শিশুরা বাক্যের খালি জায়গায় সঠিক শব্দ ব্যবহার করে খাতায় লিখবে।
- প্রতিটি ক্ষেত্রে শিক্ষক অপারগ শিশুকে সহায়তা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনীর শব্দগুলোর অর্থ এবং বাক্য তৈরি করা শিখেছি।

## পিরিয়ড-১১

### পৃষ্ঠা: ৯৫ (বলতে বলতে-------------------------সেখানে যাওয়া যায়।)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১
**পড়া** : ১.৪.২, ১.৪.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৪
**লেখা** : ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** পাঠসংশ্লিষ্ট ছবি, বিশেষ ও কঠিন শব্দের অর্থ তালিকা, যুক্তবর্ণের তালিকা, লেগো/হাতে লেখা শব্দকার্ড, পাঠ্যপুস্তক, ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত বিশেষ শব্দ, শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ***মুখে মুখে শব্দ দিয়ে বাক্য তৈরি করতে বলবেন-***
  - ***অবিকল, টকটকে, ডাকাডাকি, পরিবেশ, কুউ-উ-উ, শিস, পালকের, চঞ্চল ইত্যাদি।***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির অংশ (বলতে বলতে-----------------সেখানে যাওয়া যায়।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের বের করা যুক্তবর্ণযুক্ত শব্দ কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: ফ্লাইওভার – ফ্ল = ফ + ল ইত্যাদি।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-১২

### পৃষ্ঠা: ৯৫ (বলতে বলতে---------------------- সেখানে যাওয়া যায়।)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১
**পড়া** : ১.৪.২, ১.৪.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৪, ৩.২.২, ৩.৩.১
**লেখা** : ১.৬.১, ১.৬.২, ২.৩.৪, ২.৩.৬, ৩.১.১

**উপকরণ:** পাঠসংশ্লিষ্ট ছবি, পাঠ অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, পাঠ্যপুস্তক ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয় :** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা।

## শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
    - ***রেলগাড়ি আসার আগে দুই পাশের কীভাবে সাবধান করে দেওয়া হয়?***
    - ***এভাবে সাবধান করা হয় কেন? বিশেষ শব্দ থেকে অর্থ জিজ্ঞেস করবেন ও মুখে মুখে বাক্য তৈরি করতে বলবেন।***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নিরাপদে চলাচল' গল্পটির (বলতে বলতে---------------সেখানে যাওয়া যায়।) অংশটুকু পড়ব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৯৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শিক্ষক আগের পাঠের মতো ছবির বর্ণনা এবং পড়ানোর ধাপ অনুসরণ করে পড়াবেন।*
- পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিক্ষক শিশুদের সংখ্যা অনুযায়ী দশটি দলে ভাগ করবেন। প্রতিটি দলে একটি করে বিভিন্ন সংকেত বা চিহ্নের ছবি দেবেন। ছবিটি কিসের তা চিহ্নিত করে দলের মধ্যে আলোচনা করতে বলবেন। এখানে ২-৩ মিনিট সময় দেবেন।
- এরপর একে একে প্রতিটি দলের কাছে জানতে চাইবেন, তারা কী আলোচনা করেছে। প্রত্যেক দলের বলার পর যদি আরো অনেক কিছু অন্য দল জানে সেটাও অন্য দলকে বলতে বলবেন।
- এভাবে প্রতিটি দলের কাছ থেকে তাদের পাওয়া বর্ণনা জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা গল্পটির নির্ধারিত অংশটুকু পড়েছি, গল্পটি থেকে শব্দগুলোর অর্থ, বাক্য এবং যুক্তবর্ণযুক্ত শব্দগুলো ভেঙে লেখাসহ প্রশ্নের উত্তর বলতে শিখেছি।

## পিরিয়ড-১৩
## পৃষ্ঠা: ৯৬ (পুনরালোচনা এবং অনুশীলনী ৩, ৪, ৫।)

### শিখনফল

**শোনা** :১.২.১, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২
**বলা** :২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১
**পড়া** :২.৫.৪, ৩.২.২
**লেখা** :২.৩.৪, ২.৩.৬

**উপকরণ :** পাঠসংশ্লিষ্ট ছবি, পাঠ অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, পাঠ্যপুস্তক ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ পড়া ও লেখা, নতুন বা অপরিচিত বিশেষ শব্দ, শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, অনুশীলনী ৩, ৪, ৫।

## শিখন শেখানো কার্যাবলি

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। গত দিনের পাঠ থেকে পাঠসংশ্লিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করবেন।
    - ***রেলগাড়ি আসার আগে দুই পাশের কীভাবে সাবধান করে দেওয়া হয়?***
    - ***এভাবে সাবধান করা হয় কেন?***
    - ***ইজাজরা কোথায় এসে লেভেলক্রসিংয়ের সামনে পড়ল?***
    - ***লেভেলক্রসিংয়ের গেট কী দিয়ে বন্ধ করা হয়?***
    - ***রেলগাড়ি যাওয়ার সময় লেভেলক্রসিংয়ের দুই পাশে গেট বন্ধ করা হয় কেন? চারটি বাক্য লেখ।***

- শিক্ষক কয়েকজন শিশুকে সামনে ডেকে তাদের হাতে একটি করে সংকেত বা চিহ্নের ছবি দেবেন। শিশুদের ছবিটি এমনভাবে রাখতে বলবেন, যাতে অন্য শিশুরা দেখতে না পায়। যে শিশু যে সংকেত বা চিহ্নের ছবি পেয়েছে তার সম্পর্কে বলবে, অন্যরা শুনবে এবং বলতে হবে সংকেত বা চিহ্নের নাম কী। যে বর্ণনা শুনে নাম বলতে পারবে তাকে তালি দিয়ে উৎসাহিত করবেন।
- এভাবে প্রত্যেক শিশুই তার পাওয়া সংকেত বা চিহ্নের বর্ণনা দেবে এবং অন্য শিশুরা বর্ণনা শুনে বলবে সংকেতটি কি।
- ৩ নম্বর অনুশীলনীর যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দিবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে ব্রিজ যুক্তবর্ণযুক্ত শব্দটি লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- এরপর শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী আরও শব্দ শিশুদের ভেঙে লিখতে দেবেন। শিক্ষক যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৪ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের মুখে মুখে প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৯৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৫ নম্বর প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক প্রথমে নিজে একটি প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখবেন। যেমন: ক. ট্রাফিক লাইটে লাল বাতি দেখা গেলে পথচারীরা-

  ১. সম্পূর্ণ থেমে যাবে ২. একটু পরে চলবে

  ৩. রাস্তা পার হবে ৪. ডান দিকে যাবে
- শিক্ষক শিশুদের প্রশ্ন করবেন, তারা উত্তর বলবে।
- শিক্ষক এভাবে ৫ নম্বর অনুশীলনীর ক-ঘ প্রশ্নগুলো করাবেন।
- যেসব শিশুদের কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের বই থেকে পড়তে উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুর উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন-* আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-১৪
## পৃষ্ঠা: ৯৬ (পুনরালোচনা এবং অনুশীলনী ৬, ৭, ৮।)

### শিখনফল

**শোনা** :১.২.১, ১.৩.৪, ২.২.১, ২.২.৩, ৩.১.২

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৪.১, ২.৪.৩, ২.৫.২, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৪.১.১

**পড়া** :২.৫.৪

**লেখা** :২.৩.৪, ২.৩.৬, ৩.১.১, ৩.২.১

**উপকরণ:** পাঠসংশ্লিষ্ট ছবি, পাঠ অন্তর্ভুক্ত যুক্তবর্ণের তালিকা, পাঠ্যপুস্তক ইত্যাদি।

**পাঠের আলোচ্য বিষয়:** পড়া, চার্ট থেকে যুক্তবর্ণযুক্ত পড়া ও লেখা, নতুন বা অপরিচিত শব্দের অর্থ ও বাক্য তৈরি, প্রশ্নের উত্তর লেখা, অনুশীলনী ৬, ৭, ৮।

### শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - ***রেলগেট বন্ধ করার পাইপগুলো কী দিয়ে তৈরি?***

- ***এগুলো কোন কোন রং দিয়ে রাঙানো হয়?***

- *শিক্ষক শিশুদের জিজ্ঞেস করুন, তারা এই গল্প থকে নতুন কী শিখল ? এমন কিছু কি তারা শিখেছে, যা তারা পরবর্তীতে রাস্তা পারাপারের সময় খেয়াল রাখবে? তাদের কি মনে হয় নিরাপদে চলাচলের প্রয়োজন রয়েছে?*
- এরপর শিক্ষক অনুশীলনী ৬ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ছবি দেখে নির্দেশ মেলাতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৭ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ছবি দেখে সংকেত বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তাদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- এরপর শিক্ষক অনুশীলনী ৭ নম্বর প্রশ্ন করাবেন। শিশুদের ছবি দেখে মনোযোগসহকারে পড়ে সবাইকে শোনাতে বলবেন। প্রয়োজনে শিক্ষক সহায়তা দেবেন। উত্তর জানার জন্য কে কে উত্তর বলবে তদের হাত তুলতে বলবেন। প্রশ্ন ২/৩ জনের কাছ থেকে জানবেন।
- শিশুরা প্রশ্নের উত্তর লেখার সময় শিক্ষক আপেক্ষকৃত পিছিয়ে পড়া শিশুদের পড়া পড়াবেন।
- যেসব শিশুর কাজ শেষ হয়ে যাবে তাদের সমমানের বই থেকে পড়তে উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। প্রথমে শিশুদের কাছে শুনবেন, তারপর নিজে বলবেন। *যেমন*- আজ আমরা অনুশীলনী থেকে ঠিক উত্তরটি বাছাই করে লেখা এবং ছোট প্রশ্নের উত্তর মুখে মুখে বলা শিখেছি।

## পিরিয়ড-১৫
## পাঠ শেষে সামগ্রিক মূল্যায়ন

১. নিচের ঘর থেকে সঠিক শব্দ নিয়ে শব্দের পাশে লিখি ও বাক্য লিখি :

| |
|---|
| ঝুঁকিপূর্ণ   বিপদমুক্ত   পরিবহন   ব্রিজ |

সেতু ..........................................................................................................

বিপজ্জনক ..........................................................................................................

নিরাপদ ..........................................................................................................

যানবাহন ..........................................................................................................

২. লাল বাতি দেখলে তুমি কী করবে?

3. যুক্তবর্ণ ভেঙে দেখাই ও শব্দ তৈরি করে বাক্য লিখি :

| | |
|---|---|
| স্ত | ব্র |

৪. ‘লেভেলক্রসিং’ সম্পর্কে কী কী জানো? তিনটি বাক্যে লেখ।

৫. পথচারীদের রাস্তা পার হওয়ার ২টি নিয়ম লেখ।

৬. পাঠ থেকে শিশুদের অর্জিত শিখনফল শিক্ষক যাচাই করার ক্ষেত্রে ওপরের কাজগুলো ব্যবহার করবেন।

৭. শিক্ষক অনুরূপ একটি কাজ নিজে তৈরি করবেন এবং ক্লাসে ব্যবহার করবেন।